দ্বাত্রিংশৎ পুত্তলিকা।

চতুর্ম্মুখমুখাম্ভোজবনহংসবধূর্মম।
মানসে রমতাং নিত্যং সর্ব্বশুক্লা সরস্বতী ॥ ১ ॥

চতুর্ম্মুখমুখাম্ভোজবনহংসবধূঃ সর্ব্বশুক্লা সরস্বতী মম মানসে নিত্যং রমতাম্ ॥ ১ ॥

শ্রীপুরাণপুরুষং পুরাতনং পদ্মসম্ভবমুমাসুতং ময়া।
সুপ্রণম্য সুভগাং সরস্বতীং বিক্রমার্কচরিতং বিরচ্যতে ॥ ২ ॥

শ্রীপুরাণপুরুষং পুরাতনং পদ্মসম্ভবং উমাসুতং সুভগাং সরস্বতীং সুপ্রণম্য ময়া বিক্রমার্ক-[illegible]রিতং বিরচ্যতে ॥ ২ ॥

শ্রীকৈলাসশৈলশিখরে সমাসীনং
পরমেশ্বরং জগদম্বিকা সমবদৎ।

বেদশাস্ত্রবিবাদেন কালো গচ্ছতি ধীমতাম্।
ইতরেষাং তু মূর্খাণাং নিদ্রয়া কলহেন বা ॥ ৩ ॥

ধীমতাং কালঃ বেদশাস্ত্রবিবাদেন গচ্ছতি তু ইতরেষাং মূর্খাণাং নিদ্রয়া কলহেন বা ॥ ৩ ॥

যিনি চতুর্ম্মুখ ব্রহ্মার মুখরূপ পদ্মবনের হংসীস্বরূপা, সেই শুদ্ধসত্ত্বস্বরূ-পিণী সরস্বতী মদীয় মানসে নিত্য বিহার করুন ॥ ১ ॥

শ্রীসহিত পুরাণ পুরুষ বাসুদেব, সকলের পূর্ব্বে সমুদ্ভূত মহাদেব, পদ্ম-[illegible]নি ব্রহ্মা, পার্ব্বতীনন্দন গণেশ এবং সকল লোকের মনোহারিণী সরস্বতী, [illegible]দিগকে বিশিষ্ট বিধানে প্রণাম করিয়া, বিক্রমাদিত্যের চরিতকথা [illegible]র্ত্তন করিতেছি ॥ ২ ॥

জগতের জননীস্বরূপা ভগবতী পার্ব্বতী পরমশোভমান কৈলাসগিরির [illegible]রদেশে সুখে উপবিষ্ট পরমেশ্বর মহাদেবকে কহিতে লাগিলেন,

ধীমান্ ব্যক্তিগণ বেদশাস্ত্রের আলোচনা করিয়া, কালযাপন করেন। ইতরপ্রকৃতি মূর্খগণের কলহ অথবা নিদ্রা দ্বারা সময় অতিবাহিত [illegible] থাকে ॥ ৩ ॥

ইত্যুক্তা কালাপনয়নার্থং কাপি সকললোকচিত্তচমৎকারিণী কথা কথনীয়েতি। ততঃ পরমেশ্বরঃ পার্ব্বতীং প্রত্যাহ ভো প্রাণেশ্বরি শ্রূয়তাম্।

সকলহৃদয়হারিণী কথা ময়া কথ্যতে।

অস্তি সমস্তবস্তুবিস্মিতদেবা গুণপরাভূতপুরন্দরনিবাসা উজ্জয়িনী নাম নগরী। তত্র সামন্তসীমন্তিনীসিন্দূরারুণিতচরণকমলযুগলো ভর্ত্তৃহরির্নাম রাজাভূৎ সকলকলাপ্রবীণঃ সমস্তশাস্ত্রাভিজ্ঞশ্চ। তস্যা-নুজো বিক্রমাদিত্যনামা বিক্রমপরিভূতবৈরিবিক্রমোঽভূৎ।

তস্য ভ্রাতুর্ভর্ত্তৃহরের্ভার্য্যা রূপলাবণ্যাদিগুণবিনির্জিতসুরাঙ্গনা অনঙ্গসেনা নামাভূৎ।

তস্মিন্নগরে ব্রাহ্মণঃ কশ্চিৎ সকলশাস্ত্রবিচক্ষণঃ বিশেষতো মন্ত্র-শাস্ত্রবিৎ পরং দরিদ্রো মন্ত্রানুষ্ঠানেন ভুবনেশ্বরীমতোষয়ৎ।

এইপ্রকার কহিয়া, তিনি সকল লোকের চিত্তচমৎকারিণী কথা বলিবার জন্য অনুরোধ করিলে, পরমেশ্বর মহাদেব তাঁহাকে সম্বোধন পূর্ব্বক কহিলেন, অয়ি প্রাণেশ্বরি! শ্রবণ কর, আমি সকলের হৃদয়হারি কথা কীর্ত্তন করিতেছি।

উজ্জয়িনীনাম্নী এক নগরী আছে। তত্রত্য বস্তুমাত্রেই দেবগণে বিস্ময় সমুৎপাদন করে। উহার গুণে পুরন্দরপুরী অমরাবতীও পর হইয়াছে। তথায় ভর্ত্তৃহরি নামে রাজা ছিলেন। তিনি যাবতীয় সবিশেষ ব্যুৎপন্ন ও সকল শাস্ত্রের অভিজ্ঞ এবং তাঁহার চরণ [illegible] সীমন্তিনীগণের সিন্দূরে অরুণবর্ণ। তাঁহার অনুজের নাম বিক্রম [illegible] তিনি স্বকীয় বিক্রমে বৈরিগণের বিক্রম পরিহৃত করিয়াছিলেন। [illegible] ভ্রাতা ভর্ত্তৃহরির ভার্য্যার নাম অনঙ্গসেনা। তিনি স্বকীয় রূপল[illegible] গুণপরম্পরায় সুরাঙ্গনাদিগকেও বিশেষ রূপে জয় করিয়াছিলেন। [illegible]

সেই নগরে কোন ব্রাহ্মণ বাস করিতেন। তিনি সকল শাস্ত্রে, মন্ত্রশাস্ত্রে বিশেষরূপ পারদর্শী ও বিচক্ষণ এবং অতিমাত্র দরিদ্র [illegible] তিনি মন্ত্রসাধনপুরঃসর ভগবতী ভুবনেশ্বরীকে সন্তুষ্ট করিয়াছিলেন [illegible]

তুষ্টা সা ব্রাহ্মণমবাদীৎ ভো ব্রাহ্মণ তব মন্ত্রানুষ্ঠানেন ভক্ত্যা চ প্রসন্নাস্মি বরং বৃণীষ্ব।

ব্রাহ্মণেনোক্তম্ যদি মে প্রসন্নাসি তর্হি মাং জরামরণবর্জ্জিতং কুরুষ্বেতি।

তত দেব্যা দিব্যমেকং ফলং দত্ত্বা ভণিতঞ্চ।

ভো পুত্র ফলং ভক্ষয়। জরামরণরহিতো ভবিষ্যসীতি।

তদা ব্রাহ্মণস্তৎ ফলং গৃহীত্বা ভবনং প্রত্যাগত্য দেবতার্চ্চনাদিকং বিধায় যাবৎ ফলং ভক্ষয়তি তাবৎ মনস্যেবং বুদ্ধিরভূৎ কিমিতি অহং তাবদ্দরিদ্রঃ অমরো ভূত্বা কস্যোপকারং করিষ্যামি। পরং বহুকালং জীবিনাপি ভিক্ষাটনমেব কার্য্যম্। অতঃ পরোপকারিণঃ পুরুষস্য তৎ ফলং শ্রেয়সে ভবতি। যতঃ যস্তু বিজ্ঞানবিভবাদিগুণৈর্যুক্তঃ ক্ষণমপি জীবতি তস্যৈব জীবিতং সফলং ভবতি। তথা চোক্তম্।

দেবী পরিতুষ্টা হইয়া তাঁহাকে কহিলেন, অয়ি ব্রাহ্মণ! তোমার মন্ত্রানুষ্ঠান ও ভক্তি, এই উভয় দ্বারা আমি প্রসন্না হইয়াছি। বর বরণ কর।

ব্রাহ্মণ কহিলেন, যদি আমার প্রতি প্রসন্না হইয়া থাকেন, তাহা হইলে, আমাকে অজর ও অমর করুন।

তখন দেবী তাঁহাকে একটী দিব্য ফল দান করিয়া, কহিলেন, অয়ি বৎস! এই ফল ভক্ষণ কর, জরা মৃত্যু পরিহার করিবে।

অনন্তর ব্রাহ্মণ সেই ফল গ্রহণ করিয়া, স্বভবনে প্রত্যাগত হইয়া, দেবতার অর্চ্চনাদিসমাধানানন্তর যেমন উহা ভক্ষণ করিবার উপক্রম করিলেন, তৎক্ষণাৎ তাঁহার মনে এইপ্রকার বুদ্ধির সঞ্চার হইল, এ কি! আমি সম্পূর্ণরূপে দরিদ্র। অমর হইয়া, কাহার কি উপকার করিব? পরন্তু, বহুকাল জীবিত থাকিলে, আমাকে ইতস্ততঃ ভিক্ষা করিয়া, জীবিকা নির্ব্বাহ করিতে হইবে। অতএব, যে ব্যক্তি সর্ব্বদাই পরের উপকার করে, এই ফল ভক্ষণ করিলে, তাহার সর্ব্বাঙ্গীন মঙ্গললাভ হইবে। যেহেতু, যে ব্যক্তি বিজ্ঞানবিভবাদিগুণযুক্ত হইয়া, ক্ষণমাত্রও জীবিত থাকে, তাহারই জীবন সফল। তথাহি, বলিয়াছেন,

যজ্জীবতি ক্ষণমপি প্রথিতো মনুষ্যো
বিজ্ঞানশৌর্য্যবিভবাদিগুণৈঃ সমেতঃ।
তৎ তস্য জীবিতফলং প্রবদন্তি সন্তঃ
কাকোঽপি জীবতি চিরঞ্চ বলিঞ্চ ভুঙ্‌ক্তে ॥ ৪ ॥

মনুষ্যঃ বিজ্ঞানশৌর্য্যবিভবাদিগুণৈঃ সমেতঃ প্রথিতঃ ক্ষণং অপি জীবতি যৎ সন্তঃ তৎ ত জীবিতফলং প্রবদন্তি কাকঃ অপি চিরং জীবতি বলিং ভুঙ্‌ক্তে ॥ ৪ ॥

যজ্জীব্যতে যশোধর্ম্মসহিতং তদ্ধি জীবিতম্।
বলিং কবলয়ন্ ক্লিশ্যন্ চিরঞ্জীবতি বায়সঃ ॥ ৫ ॥

যশোধর্ম্মসহিতং জীব্যতে যৎ তৎ হি জীবিতং বায়সঃ বলিং কবলয়ন্ ক্লিশ্যন্ চি জীবতি ॥ ৫ ॥

অপিচ।

যস্মিঞ্জীবতি জীবন্তি বহবঃ স তু জীবতি।
বয়াংসি কিন্ন কুর্ব্বন্তি চঞ্চা স্বোদরপূরণম্ ॥ ৬ ॥

যস্মিন্ জীবতি বহবঃ জীবন্তি স তু জীবতি বয়াংসি চঞ্চা স্বোদরপূরণং কিং ন কুর্ব্বন্তি ॥

কিঞ্চ।

ক্ষুদ্রাঃ সন্তু সহস্রশঃ স্বভরণব্যাপারপূর্ণোদরাঃ
স্বার্থো যস্য পরার্থ এব স পুমানেকঃ সতামগ্রণীঃ।

মনুষ্য বিজ্ঞান, শৌর্য্য ও বিভবাদি গুণযুক্ত হইয়া, সর্ব্বত্র প্রসিদ্ধিলা সহকারে ক্ষণকালও যদি জীবিত থাকে, তাহাই তাহার জীবনের সাধুগণ এইপ্রকার নির্দ্দেশ করেন। দেখ, কাকও জীবিত থাকে চিরকাল পরদত্ত অন্ন ভোজন করে। ফলতঃ, ঐরূপে ন প্রক আত্মোদর পূরণ করিয়া, যদি জীবিত থাকা যায়, তাহা হইলে, মনুষ ইতর প্রাণীতে পার্থক্য কি ? ॥ ৪ ॥

যশ ও ধর্ম্মের সহিত যে জীবন ধারণ করা যায়, তাহাই সার্থক জীব কেননা, কাকও অতিক্লেশে বলি ভক্ষণ করিয়া, জীবন ধারণ করে ॥ ৫ ॥

পুনশ্চ, যাহার জীবনের উপরি বহু লোকের জীবন নির্ভর করে, তাহ জীবন সার্থক। কেননা, পক্ষী সকলও কি চঞ্চু দ্বারা আত্মোদর করে না ? ॥ ৬ ॥

দুষ্পূরোদরপূরণায় পিবতি স্রোতঃপতিং বাড়বা
জীমূতস্তু নিদাঘসংহৃতজগৎসন্তাপবিচ্ছিত্তয়ে ॥ ৭ ॥

স্বভরণব্যাপারপূর্ণোদরাঃ ক্ষুদ্রাঃ সহস্রশঃ সন্তু যস্য পরার্থ এব স্বার্থঃ একঃ সঃ পুমান্ সতাং অগ্রণীঃ বাড়বা দুষ্পূরোদরপূরণায় স্রোতঃপতিং পিবতি তু জীমূতঃ নিদাঘসংহৃতজগৎসন্তাপবিচ্ছিত্তয়ে পিবতি ॥ ৭ ॥

ইতি বিচার্য্য এতৎ ফলং রাজ্ঞে দীয়তে চেৎ স রাজা জরামরণবর্জ্জিতো ভূত্বা সর্ব্বোপকারকর্ত্তা ভবিষ্যতীতি সঞ্চিন্ত্য তৎ ফলং গৃহীত্বা রাজসমীপমাগত্য

অহীনাং মালিকাং বিভ্রৎ তথা পীতাম্বরং দধৎ।
হরো হরিশ্চ ভূপাল করোতু তব মঙ্গলম্ ॥ ৮ ॥

ভূপাল অহীনাং মালিকাং বিভ্রৎ হরঃ তথা পীতাম্বরং দধৎ হরিঃ চ তব মঙ্গলং করোতু ॥৮॥

ইত্যাশীর্ব্বাদপূর্ব্বকং রাজহস্তে ফলং দত্ত্বাব্রবীৎ ভো রাজন্

অপিচ, যাহারা আত্মভরণরূপ ব্যাপার দ্বারা উদর পূর্ণ করে, তাদৃশ সহস্র সহস্র ক্ষুদ্র জনের কথা ছাড়িয়া দাও। যাহার স্বার্থই একমাত্র পরার্থ, অর্থাৎ পরের কোনরূপে প্রয়োজনাদি পূরণ করিতে পারিলেই, যিনি নিজের বিশিষ্টরূপ ইষ্টসিদ্ধি বোধ করেন, সেই এক পুরুষই কেবল সাধুগণের অগ্রগণ্য। দেখ, বাড়বানল, যাহা অতি কষ্টে পূর্ণ হইয়া থাকে, সেই উদর পূরণ করিবার জন্য সরিৎপতির সলিল পান করে; কিন্তু মেঘ নিদাঘ কর্ত্তৃক বিনষ্টপ্রায় জগতের সন্তাপশান্তিকরণ জন্য, তাহার জল সংগ্রহ করিয়া থাকে। ক্ষুদ্র ও মহতে এইরূপই পার্থক্য ॥ ৭ ॥

এইপ্রকার বিচার করিয়া, তিনি চিন্তা করিতে লাগিলেন, এই ফল যদি রাজাকে দেওয়া যায়, তাহা হইলে, তিনি জরামরণবর্জ্জিত হইয়া, সকলের উপকার করিবেন। ইত্যাকার-বিচার-পুরঃসর তিনি সেই ফল গ্রহণ করিয়া, রাজাকে গিয়া, বলিতে লাগিলেন,

রাজন্! যিনি সর্পমালা ধারণ ও যিনি পীতবসন পরিধান করেন, সেই হর ও হরি আপনার মঙ্গল করুন ॥ ৮ ॥

এইরূপ আশীর্ব্বাদ প্রয়োগ পুরঃসর রাজার হস্তে ফল দান করিয়া, তিনি

দেবতাবরপ্রসাদলব্ধমিদমপূর্ব্বফলং ভক্ষয়। জরামরণবর্জিতো ভবিষ্যসি।

রাজা তৎ ফলং গৃহীত্বা তস্মৈ বহূন্যগ্রহরাণি দত্ত্বা বিসৃজ্য বিচারয়তি স্ম অহো মমৈতৎফলভক্ষণাদমরত্বং ভবিষ্যতি। মম অনঙ্গসেনায়াং অতীব প্রীতিঃ। সা ময়ি জীবত্যেব মরিষ্যতি তদা তস্যা বিয়োগদুঃখং সোঢ়ুং ন শক্নোমি। তস্মাদিদং ফলং মম প্রাণপ্রিয়ায়ৈ অনঙ্গসেনায়ৈ দাস্যামীত্যনঙ্গসেনাং আহূয় দত্তবান্।

তস্যা অনঙ্গসেনায়াঃ কশ্চিন্মাথুরিকঃ প্রিয়তমো দাসোঽভূৎ সা চ বিচার্য্য তস্মৈ ফলং দদৌ। তস্য মাথুরিকস্য কাচিদ্দাসী প্রিয়তমা তস্যৈ স প্রাদাৎ। তস্যা অপি কস্মিংশ্চিদ্গোপালকে প্রীতিঃ সা তস্মৈ দত্তবতী। তস্যাপি কস্যাঞ্চিদ্গোময়ধারিণ্যাং প্রীতিঃ সোঽপি তস্যৈ প্রাযচ্ছৎ।

ততঃ সা গোময়ধারিণী গ্রামাদ্বহির্গোময়ং ধৃত্বা গোময়ভাজনং

বলিতে লাগিলেন, মহারাজ! এই অপূর্ব্ব ফল দেবতার বরপ্রসাদে লাভ করিয়াছি। ইহা ভক্ষণ করুন। জরামরণবিহীন হইবেন।

রাজা সেই ফল গ্রহণ করিয়া, তাঁহাকে বিবিধ উৎকৃষ্ট বস্তুজাত প্রদানপূর্ব্বক বিদায় দিয়া বিচার করিতে লাগিলেন, আহা, এই ফল ভক্ষণ করিলে, আমি অমর হইব। অনঙ্গসেনাকে আমি অতীব প্রীতি করিয়া থাকি। আমি জীবিত থাকিতেই, তাঁহার মৃত্যু হইবে। তখন তাঁহার বিয়োগদুঃখ সহ্য করিতে কোনমতেই সমর্থ হইব না। অতএব এই ফল আমার প্রাণপ্রিয়া অনঙ্গসেনাকেই প্রদান করিব। এইপ্রকার অবধারণানন্তর তিনি অনঙ্গসেনাকে আহ্বান করিয়া, সেই ফল দিলেন।

সেই অনঙ্গসেনার কোন মাথুরিক প্রিয়তম দাস ছিল। তিনি বিচারপূর্ব্বক তাহাকে সেই ফল প্রদান করিলেন। সেই মাথুরিকের আবার কোন দাসী প্রিয়তমা ছিল। সে তাহাকে সেই ফল দিল। সেই দাসীর আবার কোন গোপালকে প্রীতি ছিল। সে তাহাকে প্রদান করিল। সেই গোপালক আবার কোন গোময়ধারিণীর প্রতি প্রীতিমান্ ছিল। সে তাহাকে ঐ ফল দিল।

অনন্তর সেই গোময়ধারিণী গ্রামের বহির্ভাগে গোময় সংকলন ও গোময়-

শিরসি নিধায় তদুপরি তৎ ফলং নিক্ষিপ্য যাবদ্রাজবীথ্যামাগচ্ছতি তাবদ্রাজা ভর্ত্তৃহরিঃ রাজকুমারৈঃ সহ বিহারার্থং বহির্গতঃ তস্যাঃ শিরসি গোময়াগ্রে স্থিতং ফলং দৃষ্ট্বা গৃহীত্বা গৃহমাগতঃ। ততো ব্রাহ্মণমাকার্য্য অবাদীৎ ভো ব্রাহ্মণ ত্বয়া যৎ ফলং দত্তং তাদৃশমন্যৎ ফলমস্তি কিং।

ব্রাহ্মণেনোক্তম্ ভো রাজন্ তৎ ফলং দেবতাবরপ্রসাদলভ্যং দিব্যং তাদৃশমন্যন্নাস্তি। রাজা তু সাক্ষাদীশ্বরঃ। তস্যাগ্রে অনৃতং ন বাচ্যম্। স দেবতেব নিরীক্ষণীয়ঃ। তথাচোক্তম্,

সর্ব্বদেবময়ো রাজা ঋষিভিঃ পরিকীর্ত্তিতঃ।
তস্মাৎ তং দেববৎ পশ্যন্ অলীকং ন বদেৎ সুধীঃ॥ ৯॥

রাজা সর্ব্বদেবময়ঃ ঋষিভিঃ পরিকীর্ত্তিতঃ তস্মাৎ সুধীঃ তং দেববৎ পশ্যন্ অলীকং ন বদেৎ ॥৯॥

ততো রাজ্ঞা ভণিতম্ তাদৃশং ফলং দর্শয়তি কাচিৎ তৎ কথং সম্ভবতি।

ভাজন মস্তকে স্থাপন এবং তাহার উপরি সেই ফল নিক্ষেপ করিয়া, রাজপথে যেমন আগমন করিল, তৎক্ষণাৎ রাজা ভর্ত্তৃহরি রাজকুমারগণের সহিত বিহারার্থ বহির্গত হইয়াছিলেন। তাহার মস্তকে গোময়াগ্রে প্রতিষ্ঠিত সেই ফল দর্শন ও গ্রহণ করিয়া গৃহে সমাগত হইলেন। অনন্তর সেই ফলদাতা ব্রাহ্মণকে আহ্বান করিয়া, কহিলেন, হে বিপ্র! আপনি যে ফল দিয়াছিলেন, তাহার সদৃশ অন্য ফল আছে কি না?

ব্রাহ্মণ কহিলেন, রাজন্! সেই ফল পৃথিবীর সামগ্রী নহে, স্বর্গে সমুদ্ভূত হইয়াছে। দেবগণের বরপ্রসাদেই লাভ করা যায়। সুতরাং, তাহার সদৃশ অন্য-বিধ ফল নাই। দেখুন, রাজা সাক্ষাৎ ঈশ্বর। তাঁহার অগ্রে মিথ্যা বলা উচিত নহে। তাঁহাকে সাক্ষাৎ দেবতার ন্যায়, নিরীক্ষণ করা কর্ত্তব্য। তথাহি, বলিয়াছেন,

ঋষিগণ বিশেষরূপে নির্দ্দেশ করেন, রাজা সর্ব্বদেবময়। সেইজন্য, সুবোধ পুরুষ তাঁহাকে দেববৎ দর্শন করিয়া, তাঁহার সমক্ষে অলীক বাক্য প্রয়োগ করিবেন না॥ ৯॥

তখন রাজা বলিলেন, তবে, কোন স্ত্রীলোক তৎসদৃশ ফল দেখাইতেছে, ইহা কিরূপে সম্ভব হইতে পারে?

ব্রাহ্মণোঽব্রবীৎ। তৎ ফলং ভক্ষিতং বা ন বা।

রাজাভণৎ ন ময়া ভক্ষিতং মম প্রাণবল্লভায়ৈ অনঙ্গসেনায়ৈ দত্তং। ব্রাহ্মণেনোক্তম্ তাং পৃচ্ছত তৎ ফলং কিং কৃতমিতি।

ততো রাজা তামাকার্য্য তৎ ফলং কিং কৃতমিতি শপথং কারয়িত্বাপৃচ্ছত। তয়োক্তম্ মাথুরিকায় দত্তমিতি। ততঃ সঃ আকারিতঃ পৃষ্টঃ দাস্যৈ দত্তমিতি অকথয়ৎ। দাসী গোপালকায় গোপালকঃ গোময়ধারিণ্যৈ। ততো রাজা চ প্রলপ্য পরমবিষাদং গত্বা পরং শ্লোকমপঠৎ।

রূপে মনোহারিণি যৌবনে চ বৃথৈব পুংসামভিমানবৃদ্ধিঃ।
নতভ্রুবাং চেতসি চিত্তজন্মা প্রভুর্যদেবেচ্ছতি তৎ করোতি॥১০॥

মনোহারিণি রূপে যৌবনে চ পুংসাং বৃথা এব অভিমানবৃদ্ধিঃ নতভ্রুবাং চেতসি প্রভুঃ চিত্তজন্মা যৎ ইচ্ছতি তৎ এব করোতি॥১০॥

ব্রাহ্মণ কহিলেন, আপনি সেই ফল ভক্ষণ করিয়াছেন, কি, না?

রাজা বলিলেন, আমি ভক্ষণ করি নাই। আমার প্রাণবল্লভা অনঙ্গসেনাকে প্রদান করিয়াছি।

ব্রাহ্মণ কহিলেন, তাঁহাকে জিজ্ঞাসা করুন, সেই ফল তিনি কি করিলেন?

তখন রাজা অনঙ্গসেনাকে আহ্বান করিয়া, শপথকারপুরঃসর জিজ্ঞাসা করিলেন, তুমি সেই ফল লইয়া কি করিলে?

অনঙ্গসেনা কহিলেন, আমি মাথুরিককে সেই ফল দিয়াছি।

তখন মাথুরিককে আহ্বান করিয়া, জিজ্ঞাসা করা হইলে সে কহিল, আমি দাসীকে দিয়াছি। দাসীকে জিজ্ঞাসা করাতে, কহিল, গোপালককে প্রদান করিয়াছি। গোপালক কহিল, গোময়ধারিণীকে দিয়াছি।

তখন রাজা প্রলাপপ্রয়োগপুরঃসর পরমবিষাদসহকারে এই শ্লোক পাঠ করিলেন,

মনোহারী রূপ ও মনোহর যৌবন এই উভয়ে পুরুষের বৃথা অভিমান বর্দ্ধিত হইয়া থাকে। কেননা, রমণীগণের চিত্তে চিত্তজন্মা মদনই একমাত্র প্রভু; যখন যাহা ইচ্ছা, তাহাই করিয়া থাকে॥১০॥

অহো স্ত্রীচিত্তং কেনাপি হর্ত্তুং ন শক্যতে। তথাচোক্তম্,

অশ্বপ্লুতং মাধবগর্জ্জিতং চ স্ত্রীণাং চরিত্রং পুরুষস্য ভাগ্যম্।
অবর্ষণং চাপ্যতিবর্ষণং চ দেবো ন জানাতি কুতো মনুষ্যঃ ॥১১॥

অশ্বপ্লুতং মাধবগর্জ্জিতং স্ত্রীণাং চরিত্রং পুরুষস্য ভাগ্যং চ অবর্ষণং অপিচ অতিবর্ষণং দেবঃ ন জানাতি মনুষ্যঃ কুতঃ ॥ ১১ ॥

গৃহ্নন্তি বিপিনে ব্যাধা বিহঙ্গং চলতাস্থিতম্।
সরিদ্ধৃতবতী নাবং ন স্ত্রীণাং চপলাঙ্গতিম্ ॥ ১২ ॥

ব্যাধা বিপিনে চলতাস্থিতং বিহঙ্গং গৃহ্নন্তি সরিৎ নাবং ধৃতবতী স্ত্রীণাং চপলাঙ্গতিং ন ॥ ১২ ॥

কিঞ্চ।

বন্ধ্যাপুত্রস্য রাজ্যশ্রীঃ পুষ্পশ্রীর্গগনস্য চ।
স্যাদ্দৈবান্ন তু নারীণাং মনঃশুদ্ধির্ম্মনাগপি ॥ ১৩ ॥

বন্ধ্যাপুত্রস্য রাজ্যশ্রীঃ গগনস্য চ পুষ্পশ্রীঃ দৈবাৎ স্যাৎ তু নারীণাং মনাক্ অপি মনঃশুদ্ধিঃ ন ॥ ১৩ ॥

অপিচ।

সুখদুঃখজয়ং জীবিতং যে হি জীবন্তি যোগিনঃ সদা।
মুহ্যন্তি তেঽপি হি নূনং ন বিদুশ্চেষ্টিতং স্ত্রীণাম্ ॥ ১৪ ॥

যে যোগিনঃ সদা সুখদুঃখজয়ং জীবিতং জীবন্তি হি তে অপি হি নূনং মুহ্যন্তি স্ত্রীণাং চেষ্টিতং ন বিদুঃ ॥ ১৪ ॥

অহো, স্ত্রীর চিত্তহরণে কাহারই ক্ষমতা নাই। তথাহি, বলিয়াছেন,

অশ্বের গতি, মাধবের গর্জ্জন, স্ত্রীজাতির চরিত্র ও পুরুষের ভাগ্য এবং বর্ষণ ও অবর্ষণ, দেবতারাও জানেন না, মানুষের কথা আর কি বলিব?॥১১॥

ব্যাধগণ বিপিনমধ্যে বিহঙ্গদিগকে উড্ডয়নসময়েও গ্রহণ ও নদী নিজ বক্ষে অতীব চপল নৌকাকেও ধারণ করিতে পারে, কিন্তু স্ত্রীর চপল গতির নিয়মন করা দুর্ঘট ॥ ১২ ॥

পুনশ্চ, বন্ধ্যাপুত্রের রাজ্যসম্পত্তি এবং আকাশের কুসুমশোভা দৈবাৎ সিদ্ধ হইতে পারে; কিন্তু স্ত্রীগণের মনঃশুদ্ধি কিয়দংশেও কখনই সম্ভবপর নহে॥১৩॥

অপিচ, যে সকল যোগী সর্ব্বদা সুখ দুঃখ জয় করিয়া, জীবন ধারণ করেন, তাঁহারাও নিশ্চয়ই স্ত্রীচরিত্র অবগত নহেন, পদে পদেই তদ্বিষয়ে মুগ্ধ হইয়া থাকেন ॥ ১৪ ॥

অন্যচ্চ।

স্মরোৎসর্গমনুপ্রাপ্য বাঞ্ছন্তি পুরুষান্তরম্।
নার্য্যঃ সর্ব্বাঃ স্বভাবেন বদন্তীত্যমলাশয়াঃ॥ ১৫॥

সর্ব্বাঃ নার্য্যঃ স্বভাবেন স্মরোৎসর্গং অনুপ্রাপ্য পুরুষান্তরং বাঞ্ছন্তি ইতি অমলাশয়াঃ বদন্তি॥ ১৫॥

তথা।

বিনাঞ্জনেন মন্ত্রেণ তন্ত্রেণ বিনয়েন চ।
বঞ্চয়ন্তি নরং নার্য্যঃ প্রজ্ঞাধনমপি ক্ষণাৎ॥ ১৬॥

নার্য্যঃ অঞ্জনেন মন্ত্রেণ তন্ত্রেণ বিনয়েন চ বিনা প্রজ্ঞাধনং নরং ক্ষণাৎ অপি বঞ্চয়ন্তি॥ ১৬॥

কুলজাতিপরিভ্রষ্টং নিকৃষ্টং দুষ্টচেষ্টিতম্।
অস্পৃশ্যং মরণপ্রাপ্তং মন্যে স্ত্রীণাং প্রিয়ং বরম্॥ ১৭॥

কুলজাতিপরিভ্রষ্টং নিকৃষ্টং দুষ্টচেষ্টিতং অস্পৃশ্যং মরণপ্রাপ্তং স্ত্রীণাং বরং প্রিয়ং মন্যে॥ ১৭॥

গৌরবেষু প্রতিষ্ঠাসু গুণেষু সাধুগোষ্ঠিষু।
ধৃতা নাপি বিসৃজ্যন্তি দোষমঙ্কে স্বয়ং স্ত্রিয়ঃ॥ ১৮॥

স্ত্রিয়ঃ গৌরবেষু প্রতিষ্ঠাসু গুণেষু সাধুগোষ্ঠিষু অঙ্কে স্বয়ং ধৃতাঃ অপি দোষং ন বিসৃজ্যন্তি॥১৮॥

কিঞ্চ, এক পুরুষের সহিত বিহার করিয়া, কামের উৎসর্গ হইলে, স্ত্রীজাতি তৎক্ষণাৎ অন্য পুরুষের কামনা করে। ইহা তাহাদের স্বভাবসিদ্ধ ধর্ম্ম। নির্ম্মলাশয় সাধুগণ ঐরূপ নির্দ্দেশ করিয়া থাকেন॥ ১৫॥

তথাচ, স্ত্রীজাতি তন্ত্র, মন্ত্র, অঞ্জন ও বিনয়, এই সকলের সাহায্য ব্যতিরেকেই, তৎক্ষণে পুরুষদিগকে প্রতারিত করিয়া, তাহাদের প্রজ্ঞারূপ ধন গ্রহণ করে॥ ১৬॥

যাহার কুল নাই, যে ব্যক্তি জাতিভ্রষ্ট, নিকৃষ্ট ও দুষ্টস্বভাববিশিষ্ট এবং অস্পৃশ্য ও মুমূর্ষুভাবাপন্ন, সেই স্ত্রীলোকের পরম প্রিয় হইয়া থাকে॥ ১৭॥

গৌরব, প্রতিষ্ঠা, গুণ, সাধুগোষ্ঠী এই সকলের মধ্যে থাকিলেও এবং সর্ব্বদা ক্রোড়গত করিয়া রাখিলেও, স্ত্রীজাতি কখন দোষ ত্যাগ করে না॥ ১৮॥

নার্য্যো হসন্তি চ রুদন্তি চ বিত্তহেতো-
র্বিশ্বাসয়ন্তি চ নরং ন তু বিশ্বসন্তি।
তস্মান্নরেণ কুলশীলবতা সদৈব
নার্য্যঃ শ্মশানকুসুমা ইব বর্জনীয়াঃ ॥ ১৯ ॥

নার্য্যঃ বিত্তহেতোঃ হসন্তি চ রুদন্তি চ নরং বিশ্বাসয়ন্তি চ তু বিশ্বসন্তি ন তস্মাৎ কুলশীল-বতা নরেণ শ্মশানকুসুমা ইব নার্য্যঃ সদা এব বর্জ্জনীয়াঃ ॥ ১৯ ॥

ন বৈরাগ্যাৎ পরং ভাগ্যং ন বোধাৎ পরমং সখা।
ন হরেরপরস্ত্রাতা ন সংসারাৎ পরো রিপুঃ ॥ ২০ ॥

বৈরাগ্যাৎ পরং ভাগ্যং ন বোধাৎ পরমঃ সখা ন হরেঃ অপরত্রাতা ন সংসারাৎ পরঃ রিপুঃ ন ॥ ২০ ॥

ইত্যেতানি পদ্যানি পঠিত্বা পরমং বৈরাগ্যং গতো বিক্রমার্কং রাজ্যে অভিষিচ্য স্বয়ং বনং জগাম।

ইতি ভর্ত্তৃহরের্বৈরাগ্যকথা।

ইহারা বিত্তের জন্য কখন রোদন ও কখন হাস্য করিয়া থাকে এবং পুরুষের বিশ্বাস সমুৎপাদন করে; কিন্তু তাহাকে বিশ্বাস করে না। সেই-জন্য কুলশীলবিশিষ্ট ব্যক্তিগণ সর্ব্বদাই শ্মশানস্থ পুষ্পের ন্যায়, স্ত্রীজাতিকে বর্জ্জন করিবেন ॥ ১৯ ॥

বৈরাগ্য অপেক্ষা উৎকৃষ্ট ভাগ্য নাই, আত্মজ্ঞান অপেক্ষাও পরম সখা নাই, হরি অপেক্ষাও অপর উদ্ধারকর্ত্তা নাই এবং সংসার অপেক্ষাও পরম শত্রু নাই ॥ ২০ ॥

এইপ্রকার শ্লোক সকল পাঠ করিয়া, তিনি পরম বৈরাগ্য আশ্রয় পুরঃ-সর, বিক্রমাদিত্যকে রাজ্য দিয়া, স্বয়ং অরণ্যগামী হইলেন।

ভর্ত্তৃহরির বৈরাগ্যকথা সমাপ্ত।

ততঃ রাজা বিক্রমাদিত্যঃ দেবব্রাহ্মণানাথদীনার্ত্তকুব্জপঙ্গ্বাদীনাং মনোরথান্ পূরয়ন্ প্রজাঃ সম্যগপালয়ৎ। পরিচারকাদীনাং সন্তোষমুৎপাদয়ন্ মন্ত্রিসামন্তাদীনাং বচনপরিপালনেন মনোঽহরৎ। এবং সকলানুরঞ্জনেন রাজা রাজ্যং করোতিস্ম।

ততঃ একদা কশ্চিদ্দিগম্বরো রাজসমীপমাগত্য

লীলয়া মণ্ডলীকৃত্য ভুজঙ্গান্ ধারয়ন্ হরঃ।
দেয়াদ্দেবো বরাহশ্চ তুভ্যমভ্যধিকাং শ্রিয়ম্ ॥ ১ ॥

লীলয়া মণ্ডলীকৃত্য ভুজঙ্গান্ ধারয়ন্ হরঃ দেবঃ বরাহঃ চ তুভ্যং অভ্যধিকাং শ্রিয়ং দেয়াৎ ॥১॥

ইত্যাশীর্ব্বাদপূর্ব্বকং রাজ্ঞো হস্তে ফলং দত্ত্বা অব্রবীৎ ভো রাজন্ অহং কৃষ্ণচতুর্দ্দশ্যাং মহাশ্মশানে অঘোরমন্ত্রেণ হবনং করিষ্যামি। তত্র ত্বয়া উত্তরসাধকেন ভবিতব্যম্। রাজ্ঞা চ প্রতিজ্ঞাতম্। তস্মিন্ তেন প্রসঙ্গেন রাজ্ঞো বেতালঃ প্রসন্নো জাতঃ অষ্টৌ মহাসিদ্ধ-

---

বিক্রমাদিত্য রাজপদে অভিষিক্ত হইয়া, দেব, ব্রাহ্মণ, অনাথ, দীন, আর্ত্ত, কুব্জ ও পঙ্গু প্রভৃতির মনোরথ পূরণ সহকারে প্রজালোকের সম্যগ্‌বিধানে পালন করিতে লাগিলেন এবং পরিচারক প্রভৃতির পরিতোষসমুৎপাদনপুরঃসর, মন্ত্রী ও সামন্ত প্রভৃতির বচন পরিপালন সহকারে মনোহরণে প্রবৃত্ত হইলেন। এইরূপে সকলের অনুরঞ্জন দ্বারা প্রকৃত রাজা হইয়া, রাজ্য করিতে লাগিলেন।

অনন্তর একদা এক দিগম্বর রাজসমীপে আগমনপূর্ব্বক কহিতে লাগিলেন, যিনি লীলাবিস্তারসহকারে ভুজঙ্গদিগকে মণ্ডলীকৃত করিয়া, ধারণ করেন, সেই হর এবং ভগবান্ বরাহরূপী বিষ্ণু আপনাকে সর্ব্বতোভাবে সমধিক সমৃদ্ধি প্রদান করুন ॥ ১ ॥

এইপ্রকার আশীর্ব্বাদ প্রয়োগ পূর্ব্বক তিনি রাজার হস্তে ফল দান করিয়া, কহিতে লাগিলেন, রাজন্! আমি কৃষ্ণপক্ষীয় চতুর্দ্দশীতে মহাশ্মশানে অঘোরমন্ত্রানুসারে হোম করিব। সেখানে আপনাকে উত্তরসাধকস্বরূপ থাকিতে হইবে। রাজা এবিষয়ে অঙ্গীকারবদ্ধ হইলেন। এই উপলক্ষে বেতাল তাঁহার প্রতি প্রসন্ন এবং অণিমাদি অষ্ট মহাসিদ্ধি তাঁহার হস্তগত হইল।

য়শ্চ প্রাপ্তাঃ। ভূতলে বিক্রমস্য সাদৃশ্যং ন কোঽপি বভার। ত্রিভুবনে অস্য কীর্ত্তিরনর্গলা গঙ্গেব প্রবহতিস্ম।

অত্রান্তরে সুরলোকে দেবেন্দ্রো বিশ্বামিত্রতপোভঙ্গকরণায় রম্ভামুর্ব্বশীং চাহূয় অবাদীৎ ভবত্যোর্ম্মধ্যে নৃত্যে গীতে যা চাতিপ্রবীণা সা বিশ্বামিত্রতপোভঙ্গকরণায় তত্তপোবনং গচ্ছতু। যা বিশ্বামিত্রতপোবিনাশিনী তস্যৈ পারিতোষিকং অহং দাস্যামি।

ইত্যেতদ্বচঃ শ্রুত্বা রম্ভয়া ভণিতং, অহং নৃত্যে প্রবীণা। উর্ব্বশ্যা ভণিতং দেব যথাশাস্ত্রদৃষ্টং নৃত্যং জানামীতি। তয়োর্ব্বিবাদে জাতে নির্ণয়ার্থং দেবসভা সমাহূতা আসীৎ। প্রথমং রম্ভানৃত্যমভূৎ। দ্বিতীয়দিবসে উর্ব্বশ্যা নৃত্যমভূৎ। ততঃ সর্ব্বোঽপি দেবগণঃ উভয়োর্নৃত্যং দৃষ্ট্বা সন্তোষমগমৎ। ইয়মত্যন্তং নৃত্যে কুশলেতি ন কশ্চিৎ নির্ণয়ং চকার।

তাহাতে, ভূতলে আর কেহই তাঁহার সমান রহিল না। তদীয় কীর্ত্তি, গঙ্গার ন্যায়, ত্রিভুবনে অনর্গল প্রবাহিত হইল।

এই সময়ে সুরলোকে দেবরাজ ইন্দ্র বিশ্বামিত্রের তপোভঙ্গকরণবাসনায় রম্ভা ও উর্ব্বশী উভয়কে আহ্বান করিয়া, কহিলেন, তোমাদের দুই জনের মধ্যে যে নৃত্য ও গীত উভয় বিষয়েই অতিমাত্র প্রবীণা, সে বিশ্বামিত্রের তপস্যা ভঙ্গ করিবার জন্য তদীয় তপোবনে গমন করুক। যে বিশ্বামিত্রের তপোবিনাশে সমর্থ হইবে, আমি তাহাকে পারিতোষিক প্রদান করিব।

তাঁহার এই কথা কর্ণগোচর করিয়া, রম্ভা কহিল, আমি নৃত্যবিষয়ে প্রবীণা। উর্ব্বশী কহিল, দেব! আমিও শাস্ত্রদৃষ্টির অনুসারী নৃত্য অবগত আছি। উভয়ে এইরূপ বিবাদে প্রবৃত্ত হইলে, তাহার নির্ণয়ার্থ দেবসভার আহ্বান করা হইল। প্রথমে রম্ভা নৃত্য করিল। দ্বিতীয় দিবসে উর্ব্বশীর নৃত্য হইল। তখন সমুদয় দেবগণ উভয়ের নৃত্য দর্শন করিয়া, সন্তোষ লাভ করিলেন। কিন্তু কেহই তাহাদের মধ্যে তারতম্যভাবের নির্ণয় করিতে পারিলেন না। উভয়কেই সমান বলিয়া, সকলের বোধ হইল।

তস্মিন্নবসরে নারদেনোক্তং ভো দেবরাজ ভূতলে বিক্রমাদিত্যোঽস্তি। স সকলকলাভিজ্ঞো বিশেষতঃ সঙ্গীতনৃত্যবিদ্যাবিচক্ষণঃ স এবৈতয়োর্ব্বিবাদনির্ণয়ং করিষ্যতি।

ততো মহেন্দ্রেণ বিক্রমাদিত্যাহ্বানার্থং উজ্জয়িনীং প্রতি মাতলিঃ প্রেষিতঃ। ততো বিক্রমস্তেনাহূতো নমস্কৃত্য সম্মানপূর্ব্বকমুপবেশিতঃ। তদনন্তরং পুনরপি নৃত্যাবসরো মণ্ডিতঃ। প্রথমং রম্ভা রঙ্গে স্থিতা নৃত্যমকরোৎ।

দ্বিতীয়দিবসে উর্ব্বশী রঙ্গমধিষ্ঠিতা যথাশাস্ত্রং নৃত্যমকরোৎ। ততঃ বিক্রমাদিত্যেন উর্ব্বশী প্রশংসিতা জয়োঽপি দত্তঃ।

ইন্দ্রেণ ভণিতং কথমস্যৈ জয়ো দত্তঃ। বিক্রমেণ ভণিতং দেব নৃত্যে প্রথমমঙ্গসৌষ্ঠবং প্রধানম্। তথাচোক্তম্ নৃত্যশাস্ত্রে।

অনুচ্চনীচং চরতামঙ্গানাং চলপাদতা।
কটিকূর্পরশীর্ষাক্ষিকর্ণানাং সমরূপতা।

অনুচ্চনীচং চরতাঃ অঙ্গানাঃ চলপাদতা কটিকূর্পরশীর্ষাক্ষিকর্ণানাঃ সমরূপতা রম্যা প্রশিত বিন্যস্তিঃ উরসঃ চ সমুন্নতিঃ অভ্যাসাগহিতে নৃত্যবেদিনাঃ পাদসৌষ্ঠবঃ ॥ ২ ॥

এই অবসরে দেবর্ষি নারদ কহিলেন, দেবরাজ! পৃথিবীতে বিক্রমাদিত্য আছেন। তিনি সকল কলার অভিজ্ঞ। বিশেষতঃ তিনি সঙ্গীত ও নৃত্যশাস্ত্রে বিচক্ষণ। তিনিই ইহাদের উভয়ের বিবাদের মীমাংসা করিবেন।

তখন মহেন্দ্র বিক্রমার্কের আহ্বানার্থ মাতলিকে উজ্জয়িনীতে প্রেরণ করিলেন। বিক্রম তৎকর্ত্তৃক আহূত হইয়া, স্বর্গে আগমন করিয়া, দেবরাজকে প্রণাম করিলেন। দেবরাজ সম্মানসৎকারে তাঁহার উপবেশন করাইলেন। তদনন্তর পুনরায় নৃত্যকাণ্ড প্রবর্ত্তিত হইল। প্রথমে রম্ভা রঙ্গে অবস্থিতি করিয়া, নৃত্য করিতে লাগিল।

দ্বিতীয় দিবসে উর্ব্বশী রঙ্গে অধিষ্ঠানপূর্ব্বক যথাশাস্ত্র নৃত্য করিল। বিক্রমাদিত্য উর্ব্বশীকেই প্রশংসা করিলেন এবং জয়ও দান করিলেন।

ইন্দ্র জিজ্ঞাসা করিলেন, কিজন্য ইহাকে জয়দান করা হইল? বিক্রমাদিত্য কহিলেন, দেব! নৃত্যে প্রথমে অঙ্গসৌষ্ঠবই প্রধান। তথাহি, নৃত্যশাস্ত্রে বলিয়াছেন,

অঙ্গ সকলকে উচ্চও নয়, নীচও নয়, এই ভাবে অবস্থাপিত করিয়া,

রম্যা প্রথিতবিশ্রান্তিরুরসশ্চ সমুন্নতিঃ।
অভ্যাসাগর্হিতে পাদসৌষ্ঠবং নৃত্যবেদিনাম্ ॥ ২ ॥

কিং বহুনো ক্তন।

অন্যচ্চ। নর্ত্তক্যা রঙ্গোচিতাবস্থানবিশেষঃ প্রকাশনীয়ঃ। উক্তং চাবস্থানবিশেষো নৃত্যশাস্ত্রে।

চতুরস্রত্বসহিতৌ সমপাদৌ লতাকরৌ।
প্রারম্ভে সর্ব্বনৃত্যানামেতৎ সামান্যমুচ্যতে।
যথা হ্যন্যৈর্ন বা দৃশ্যন্তথা হ্যস্যা বপুর্ভবেৎ ॥ ৩ ॥

সর্ব্বনৃত্যানাং প্রারম্ভে চতুরস্রত্বসহিতৌ সমপাদৌ লতাকরৌ এতৎ সামান্যং উচ্যতে যথা হি অন্যৈঃ ন বা দৃশ্যং তথা হি অস্যা বপুঃ ভবেৎ ॥ ৩ ॥

দীর্ঘাক্ষং শরদিন্দুকান্তি বদনং বাহূ লতেবাংশয়োঃ
সংক্ষিপ্তং নিবিড়োন্নতস্তনমুরঃ পার্শ্বৌ প্রবিষ্টাবিব।
মধ্যঃ পাণিমিতো নিতম্বজঘনং পাদাবতারাঙ্গুলীঃ
ছন্দো নর্ত্তয়িতুং যথৈব মনসাশ্লিষ্টং তথা স্বং বপুঃ ॥ ৪ ॥

দীর্ঘাক্ষং শরদিন্দুকান্তি বদনং বাহূ লতা ইব অংশয়োঃ সংক্ষিপ্তং নিবিড়োন্নতস্তনং উরঃ পার্শ্বৌ প্রবিষ্টৌ ইব মধ্যঃ পাণিমিতঃ নিতম্বজঘনং পাদাবতারাঙ্গুলীঃ ছন্দঃ নর্ত্তয়িতুং যথা এব মনসাশ্লিষ্টং তথা স্বং বপুঃ ॥ ৪ ॥

পদদ্বয় চালনা করিবে। কটি, কনুই, মস্তক, অক্ষি ও নেত্র এই সকলের সমরূপতা রক্ষা ও বক্ষঃস্থল উন্নত করিতে হইবে ॥ ২ ॥

আরও, নর্ত্তকীকে রঙ্গসমুচিত অবস্থানবিশেষ প্রকাশ করিতে হইবে। নৃত্যশাস্ত্রে তৎসম্বন্ধে এইরূপ নির্দ্দেশ করিয়াছেন, চতুরস্রতার সহিত পাদ-দ্বয়কে সমভাব ও হস্তযুগলকে লতাকার করিতে হইবে। যাবতীয় নৃত্যের প্রারম্ভে এইরূপ অনুষ্ঠানকে সামান্যশব্দে নির্দ্দেশ করে। নর্ত্তকীর দেহ লোকমাত্রেরই দর্শনীয় হওয়া আবশ্যক ॥ ৩ ॥

তাহার লোচনযুগল দীর্ঘ, বদনমণ্ডল শরৎকালীন চন্দ্রের ন্যায় কান্তি-সম্পন্ন, বাহুযুগল লতার ন্যায়, স্কন্ধদেশ সংক্ষিপ্ত, স্তনযুগ্ম নিবিড় ও উন্নত, পার্শ্বদ্বয় প্রবিষ্টবৎ, মধ্যদেশ করমিত এবং নিতম্ব, জঘন, পাদ ও অঙ্গুলী

বামং সন্ধিস্তিমিতবলয়ং ন্যস্য হস্তং নিতম্বে
তন্বী শ্যামা বিটপসদৃশং ত্রস্তমুক্তং দ্বিতীয়ম্।
পাদাঙ্গুল্যাং ললিতকুসুমে কুট্টিমে পাতিতাক্ষং
নৃত্যাদ্বামা স্থগয়তিতরাং কান্তিভৃৎ পাদযুগ্মম্ ॥ ৫ ॥

তন্বী শ্যামা বামা সন্ধিস্তিমিতবলয়ং বিটপসদৃশং বামং হস্তং নিতম্বে ন্যস্য দ্বিতীয়ং ত্রস্তমুক্তং পাদাঙ্গুল্যাং কুট্টিমে ললিতকুসুমে পাতিতাক্ষং কান্তিভৃৎ পাদযুগ্মং নৃত্যাৎ স্থগয়তিতরাম্ ॥ ৫ ॥

নৃত্যাবস্থানবিশেষঃ স্মরণীয়ঃ।

অথবা কিং বহুনোক্তেন।

অঙ্গৈরন্তর্নিহিতবচনৈঃ সূচিতঃ সম্যগর্থঃ
পাদন্যাসো লয়মনুগতস্তন্ময়ত্বং রসেষু।
শাখাযোনিম্মৃদুরতিবিনয়স্তদ্বিকল্পানুবৃত্তো
ভাবো ভাবাদতিমতিবিষয়াদ্রাগবন্ধঃ স এব ॥ ৬ ॥

অন্তর্নিহিতবচনৈঃ অঙ্গৈঃ সম্যক্ অর্থঃ সূচিতঃ পাদন্যাসঃ লয়ং অনুগতঃ রসেষু তন্ময়ত্বং শাখাযোনিঃ মৃদুঃ অতিবিনয়ঃ তদ্বিকল্পানুবৃত্তঃ ভাবঃ ভাবাৎ অতিমতিবিষয়াৎ স এব রাগবন্ধঃ ॥ ৬ ॥

এবং নৃত্যশাস্ত্রোক্তলক্ষণযুক্তা নর্ত্তকী প্রশংসিতা ময়োর্ব্বশী।

সকল লোকের মনোহারী হওয়া চাই। এইরূপে, লোকমাত্রেরই চিত্তাকর্ষক হইতে পারে, তদনুরূপ গুণে তাহার দেহ যেন অলঙ্কৃত হয় ॥ ৪ ॥

সেই ক্ষীণদেহা শ্যামা নর্ত্তকী নিতম্বদেশে বামহস্ত ন্যস্ত করিয়া, অন্য হস্ত বিটপাকারে ত্রস্তভাবে মুক্ত করিবে। তদবস্থায় পাদাঙ্গুলিতে ও কুট্টিমে অক্ষি পাতিত করিয়া, কান্তিশালী পদদ্বয় নৃত্য হইতে অতিমাত্র স্থগিত করিয়া রাখিবে ॥ ৫ ॥

নৃত্যাবস্থানবিশেষ স্মরণ করা কর্ত্তব্য।

অথবা, আর অধিক বলিয়া, কি হইবে? নৃত্যসময়ে অঙ্গ সকল দ্বারাই সম্যগ্রূপে অর্থ সূচিত হয়, বাক্য অন্তরে নিহিত থাকে। লয়ের অনুসারে পাদ ন্যস্ত করিতে হয়। রস সকলে তন্ময়তা হওয়া আবশ্যক। লোকে বুঝিতে পারে, এরূপ ভাবে ভাব সকলের যেন আবির্ভাব হয়। কেননা, উহাই সাক্ষাৎ রাগবন্ধ ॥ ৬ ॥

ততো মহেন্দ্রঃ সন্তুষ্টঃ সন্ বিক্রমার্কং বস্ত্রাদিনা সম্ভাব্য মহার্ঘং বররত্নখচিতং সিংহাসনং তস্মৈ দদৌ।

তৎ সিংহাসনে খচিতা দ্বাত্রিংশৎ পুত্তলিকাঃ সন্তি। তাসাং শিরসি পদং দত্ত্বা তৎ সিংহাসনমধ্যাসিতব্যম্। তদতিমনোহরং সিংহাসনমিন্দ্রাজ্ঞাং চ গৃহীত্বা বিক্রমার্কো নিজাং পুরীমগমৎ। তদনন্তরং শুভে মুহূর্ত্তে শুভে লগ্নে সিংহাসনমধিষ্ঠায় রাজ্যং করোতিস্ম।

ততোঽনন্তরং বর্ষেষু বহুষু গতেষু প্রতিষ্ঠানগরে শালিবাহনঃ সার্দ্ধবর্ষদ্বয়কন্যায়াং শেষনাগেন্দ্রাদুৎপন্নঃ। উজ্জয়িন্যাং ভূকম্পধূমকেতুদিগ্দাহাদ্যুৎপাতা রাজ্ঞা জনৈশ্চ দৃষ্টাঃ। ততো বিক্রমাদিত্যো দৈবজ্ঞানাহূয়াবাদীৎ ভো দৈবজ্ঞাঃ কিমেতদুৎপাতা রাজ্ঞা জনৈশ্চ প্রতিদিনং দৃষ্টা ভবন্তি। এতেষাং ফলং কিং কস্য অনিষ্টং কথয়ত।

নৃত্যশাস্ত্রে নর্ত্তকীর এইরূপে যে যে লক্ষণ নির্দ্দিষ্ট আছে, উর্ব্বশী তৎসমুদায়ে ভূষিতা। সেইজন্যই আমি ইহার প্রশংসা করিলাম।

দেবরাজ এই কথায় সন্তুষ্ট হইয়া, বিক্রমাদিত্যকে বস্ত্রাদি দ্বারা সম্মানিত করিয়া, উৎকৃষ্ট-রত্ন-খচিত মহামূল্য সিংহাসন প্রদান করিলেন।

সেই সিংহাসনে দ্বাত্রিংশৎ পুত্তলিকা খচিত আছে। তাহাদের মস্তকে পদপ্রদানপূর্ব্বক ঐ সিংহাসনে অধিরোহণ করিতে হয়। বিক্রমাদিত্য সেই অতিমনোহর সিংহাসন ও দেবরাজের আজ্ঞা গ্রহণ করিয়া, নিজ নগরে প্রত্যাগত হইলেন। তদনন্তর শুভ মুহূর্ত্তে ও শুভ লগ্নে সিংহাসনে অধিষ্ঠান করিয়া, রাজ্য শাসন করিতে লাগিলেন।

অনন্তর বহু বর্ষ পর্য্যবসিত হইলে, প্রতিষ্ঠানামক নগরে শেষ নাগের ঔরসে সার্দ্ধদ্বয়বর্ষীয়া কন্যার গর্ভে শালিবাহন সমুৎপন্ন হইলেন। তন্নিবন্ধন, রাজা ও লোক সকল উজ্জয়িনীতে ভূমিকম্প, ধূমকেতু, দিগ্দাহ প্রভৃতি উৎপাত সকল অবলোকন করিল। তদ্দর্শনে বিক্রমার্ক দৈবজ্ঞদিগকে আহ্বান করিয়া, জিজ্ঞাসা করিলেন, দৈবজ্ঞগণ! রাজা ও লোক সকল প্রতিদিন উৎপাতপরম্পরা পরিদর্শন করিতেছে। ইহার কারণ কি? ইহাদের ফলই বা কি? এবং ইহাতে কাহারই বা অনিষ্ট সূচিত হইতেছে?

দৈবজ্ঞৈরুক্তং দেব অয়ং ভূকম্পঃ সন্ধ্যাকালে জাতঃ অতঃ রাজ্ঞোঽনিষ্টং সূচয়তি। তথা চ নারদীয়ে।

অনিষ্টদঃ ক্ষিতীশানাং ভূকম্পঃ সন্ধ্যয়োর্দ্বয়োঃ।
রাজ্ঞাং বিনাশপিশুনো ধূমকেতুরুদাহৃতঃ।
দিগ্দাহঃ পীতবর্ণশ্চেৎ ক্ষিতীশানাং ভয়প্রদঃ ॥ ৭ ॥ ইতি

দ্বয়োঃ সন্ধ্যয়োঃ ভূকম্পঃ ক্ষিতীশানাং অনিষ্টদঃ ধূমকেতুঃ রাজ্ঞাং বিনাশপিশুনঃ উদাহৃতঃ দিগ্দাহঃ পীতবর্ণঃ চেৎ ক্ষিতীশানাং ভয়প্রদঃ ॥ ৭ ॥

দৈবজ্ঞবচনং শ্রুত্বা রাজা তু পুনরব্রবীৎ।

রাজা দৈবজ্ঞবচনং শ্রুত্বা তু পুনঃ অব্রবীৎ।

ভো দৈবজ্ঞ ময়া তপসা সন্তোষিত ঈশ্বরঃ প্রাহ ভো রাজন্ প্রসন্নোঽস্মি পর্য্যায়েণামরত্বং যাচয়েতি।

তদা ময়া ভণিতং ভো দেব সার্দ্ধবর্ষদ্বয়কন্যায়াং পুত্রো ভবিষ্যতি। তস্মাৎ মম মরণমস্তু নান্যেন। ঈশ্বরেণ তথাস্ত্বিতি ভণিতম্।

তর্হি তাদৃশং কুত্র জনিষ্যতি দৈবজ্ঞৈরুক্তম্। দেব দৈবী

দৈবজ্ঞেরা কহিল, দেব! এই ভূমিকম্প সন্ধ্যাসময়ে সমাগত হইয়াছে। অতএব, রাজারই অনিষ্ট সূচনা করিতেছে। তথাহি, নারদীয়ে লিখিত আছে,

উভয় সন্ধ্যায় ভূমিকম্প হইলে, রাজাদের অনিষ্ট সম্পাদন করে। ধূমকেতুও এইরূপে নরপতিগণের বিনাশ সূচনা করিয়া থাকে। দিগ্দাহ পীতবর্ণ হইলে, নরপতিগণের ভয় সংঘটন করে ॥ ৭ ॥

দৈবজ্ঞগণের কথা শুনিয়া, রাজা পুনরায় কহিলেন, আমি তপশ্চরণ সহকারে ঈশ্বরের সন্তোষ সমুৎপাদন করিলে, তিনি কহিয়াছিলেন, রাজন্! আমি তোমার প্রতি প্রসন্ন হইয়াছি। তুমি পর্য্যায়ক্রমে অমরত্ব প্রার্থনা কর।

তখন আমি কহিলাম, ভগবন্! সার্দ্ধবর্ষদ্বয়বয়স্কা কন্যার গর্ভে পুত্র জন্মিলেই, যেন আমার মৃত্যু হয়, নতুবা, অন্য প্রকারে নহে। ঈশ্বরও তাহাই হইবে, বলিলেন।

দৈবজ্ঞেরা বলিল, তবে তাদৃশ কোথাও জন্মিবে। দেখুন, দেবতার সৃষ্টি

সৃষ্টিরচিন্ত্যা তাদৃশঃ কস্মিন্নপি দেশে উৎপন্নো ভবিষ্যতি। তথা চ দৃশ্যতে।

ততো রাজা বেতালমাহুয়ৈতৎ সর্ব্বং তস্মৈ নিবেদ্যাব্রবীৎ ভো যক্ষ ত্বং সর্ব্বত্র পৃথ্বীমধ্যে পরিভ্রমন্নেবংবিধঃ কস্মিন্ দেশে কস্মিন্নগরে সমুৎপন্ন ইতি নিশ্চিত্য স্থানং জ্ঞাত্বা ঝটিতি সমাগচ্ছ। ততো বেতালো মহাপ্রসাদ ইতি বীটিকাং গৃহীত্বা কুশদ্বীপাদি দ্বীপানালোক্য জম্বুদ্বীপং প্রত্যাগত্য প্রতিষ্ঠানগরং প্রবিশ্য কুম্ভকারগেহে কঞ্চিন্মাণবকং কাঞ্চন কন্যকাং ক্রীড়মানৌ দৃষ্ট্বা অপৃচ্ছৎ অহো যুবাং পরস্পরং কিং প্রভবতঃ। তদা কন্যয়োক্তং অয়ং মম পুত্রঃ। বেতালেনোক্তং তব পিতা কঃ। তদা কোঽপি ব্রাহ্মণো দর্শিতঃ। ততো ব্রাহ্মণমপৃচ্ছৎ কেয়মিতি। ব্রাহ্মণেনোক্তং ইয়ং মম কন্যা অস্যাঃ পুত্রোঽয়ম্।

চিন্তার অতীত। কোন স্থানে তাদৃশ কেহ অবশ্য উৎপন্ন হইবে। তাহারই পূর্ব্ব সূচনা হইতেছে।

রাজা এই কথায় বেতালকে আহ্বান করিয়া, সমস্ত ঘটনা তাহার গোচরে নিবেদন করত কহিলেন, অহে যক্ষ! তুমি পৃথিবীমধ্যে সর্ব্বস্থলপরিভ্রমণপুরঃসর, এবংবিধ কেহ কোন দেশে বা কোন নগরে সমুৎপন্ন হইয়াছে, ইহা নিশ্চয় করিয়া, স্থান অবগত হইয়া, ঝটিতি সমাগত হও।

বেতাল এই কথায় মহাপ্রসাদস্বরূপ বীটিকা গ্রহণ করিয়া, কুশদ্বীপাদি যাবতীয় দ্বীপ অবলোকন ও জম্বুদ্বীপে প্রত্যাগমন পূর্ব্বক প্রতিষ্ঠানগরে প্রবিষ্ট হইয়া, কুম্ভকারগৃহে কোন শিশু ও এক কন্যাকে পরস্পর ক্রীড়া করিতে দেখিয়া, জিজ্ঞাসা করিল, অহে, তোমরা দুই জনে কিরূপে জন্মগ্রহণ করিলে? তখন কন্যা কহিল, এই শিশু আমার পুত্র। বেতাল কহিল, তোমার পিতা কে? তখন কন্যা কোন ব্রাহ্মণকে দেখাইয়া দিল।

তদ্দর্শনে বেতাল সেই ব্রাহ্মণকে জিজ্ঞাসা করিল, এই কন্যা কে? ব্রাহ্মণ কহিলেন, ইনি আমার কন্যা। আর, ঐ শিশু এই কন্যার পুত্র।

তচ্ছ্রুত্বা বিস্ময়ঙ্গতো বেতালঃ পুনর্ব্রাহ্মণমব্রবীৎ ভো ব্রাহ্মণ কথমেতৎ।

দেবানাং চরিতমগোচরম্। অস্যাং শেষনাগেন্দ্রঃ সঙ্গমমকরোৎ। তস্মাদস্যাং জাতঃ পুত্রোঽয়ং শালিবাহনঃ। তচ্ছ্রুত্বা বেতালঃ সত্বরং উজ্জয়িনীং আগত্য রাজ্ঞে বিক্রমাদিত্যায় সর্ব্বমপি বৃত্তান্তমকথয়ৎ। রাজা পারিতোষিকং দত্বা খড়্গামাদায় প্রতিষ্ঠানগরঙ্গতঃ। যাবৎ খড়্গেন শালিবাহনং হর্ত্তুং প্রবৃত্তস্তাবত্তেন দণ্ডেন তাড়িতঃ প্রতিষ্ঠা-নগরাদুজ্জয়িন্যাং পতিতঃ বেদনামসহমানঃ শরীরং বিসসর্জ্জ। তস্য রাজ্ঞঃ সর্ব্বা স্ত্রিয়োঽগ্নিং প্রবেশং কর্ত্তুং প্রবৃত্তাঃ। তদা মন্ত্রিভির্ব্বিচারিতং রাজা অয়মপুত্রঃ। কিং কর্ত্তব্যম্। ভট্টিনোক্তং বিচার্য্যতাম্। আসাং স্ত্রীণাং মধ্যে কাচিদ্যদি গর্ভিণী ভবিষ্যতি। ততো বিচার্য্যমাণে একা সপ্তমাসগর্ভিণী সমভবৎ।

বেতাল শ্রবণ করিয়া, বিস্ময়াবিষ্ট হইয়া, পুনরায় ব্রাহ্মণকে বলিল, অহে বিপ্র! কিরূপে ইহা সম্ভাবিত হইল?

ব্রাহ্মণ উত্তর করিলেন, দেবগণের চরিত বুঝা দুর্ঘট। শেষ নাগেন্দ্র এই কন্যাতে সঙ্গত হইয়াছিলেন। তাহাতেই ইহার গর্ভে এই পুত্র শালিবাহন জন্মিয়াছে।

বেতাল এই কথা শুনিয়া, সত্বরে উজ্জয়িনীনগরে সমাগত হইয়া, রাজা বিক্রমার্ককে সমুদয় বৃত্তান্ত আমূলতঃ কহিল। রাজা তাহাকে পারিতোষিক প্রদান করিয়া, খড়্গাগ্রহণপূর্ব্বক প্রতিষ্ঠাপুরে পদার্পণ করিলেন। অনন্তর শালিবাহনকে খড়্গাঘাতে বধ করিবার জন্য যেমন উদ্যত হইলেন, তৎক্ষণে সেই দণ্ডে স্বয়ং তাড়িত ও প্রতিষ্ঠানগর হইতে উজ্জয়িনীতে পতিত হইয়া, অসহ্য বেদনায় কলেবর পরিহার করিলেন। তদ্দর্শনে তাঁহার সমুদায় পত্নীই অগ্নিপ্রবেশে সমুদ্যত হইলেন। তখন মন্ত্রীরা পরস্পর বিচার করিতে লাগিলেন, এই রাজা অপুত্রক। অতএব উপস্থিত ক্ষেত্রে কিরূপ অনুষ্ঠান করা যুক্তিযুক্ত?

তাঁহাদের মধ্যে ভট্টি কহিলেন, বিচার করিয়া দেখুন, এই সকল রাজ-পত্নীগণের মধ্যে কেহ যদি গর্ভবতী থাকেন। অনন্তর বিচার করাতে, স্থির হইল, একজন সপ্তমাস গর্ভিণী আছেন। তখন মন্ত্রিবর্গ সকলে

তদা সর্ব্বৈর্ম্মন্ত্রিভির্ম্মিলিত্বা গর্ভাভিষেকঃ কৃতঃ মন্ত্রিণঃ স্বয়ং রাজ্যং পালয়িতুং প্রবৃত্তাঃ।

তদিন্দ্রদত্তং সিংহাসনং তথৈব শূন্যমাসীৎ। একদা সভামধ্যে অশরীরিণী বাগাসীৎ ভো মন্ত্রিণঃ স্বয়ং রাজ্যং পালয়িতুমেতস্মিন্ সিংহাসনে উপবেষ্টুং চ যোগ্যস্তাদৃশো রাজা নাস্তি। তর্হি সুক্ষেত্রে নিক্ষিপ্যতামিদং সিংহাসনং।

তচ্ছ্রুত্বা সর্ব্বৈর্ম্মন্ত্রিভিরতিপবিত্রক্ষেত্রে তৎ সিংহাসনং নিক্ষিপ্তম্। নিক্ষেপানন্তরং বহূনি বর্ষাণি গতানি। ভোজরাজো রাজ্যং প্রাপ। তস্মিন্ রাজ্যং কুর্ব্বতি একদা কশ্চিদ্‌ব্রাহ্মণো যত্র সিংহাসনং নিক্ষিপ্তং তৎ ক্ষেত্রং কৃত্বা যাবনালানবপৎ। তস্মিন্ ক্ষেত্রে মহৎ ফলমভূৎ। স ব্রাহ্মণঃ যত্র তৎ সিংহাসনং নিক্ষিপ্তং তদুচ্চস্থানমিতি মত্বা পক্ষিণামুত্থাপনার্থং তদুপরি মঞ্চং কৃত্বোপবিশ্য পক্ষিণ উত্থাপয়তি।

সংমিলিত হইয়া, গর্ভাভিষেক সমাধান করিলেন। অনন্তর তাঁহারা স্বয়ংই রাজ্য পালন করিতে লাগিলেন।

এদিকে, সেই ইন্দ্রের দত্ত সিংহাসন শূন্য পড়িয়া রহিল। একদা সভামধ্যে অদৃশ্য আকারে এইরূপ বাণী সমুত্থিত হইল, অহে মন্ত্রিবর্গ! স্বয়ং রাজ্য পালন ও এই সিংহাসনে উপবেশন করিবার উপযুক্ত তাদৃশ রাজা নাই। অতএব কোন পবিত্র প্রদেশে এই সিংহাসন নিক্ষেপ করা হউক।

মন্ত্রিগণ সকলে এই কথা শ্রবণ করিয়া, পবিত্র ক্ষেত্রে সেই সিংহাসন নিক্ষেপ করিলেন। নিক্ষেপ করিবার পর বহুবর্ষ অতীত হইলে, ভোজরাজ রাজ্য প্রাপ্ত হইলেন। তিনি রাজ্যশাসনে প্রবৃত্ত হইলে, একদা কোন ব্রাহ্মণ, যেথানে ইন্দ্রদত্ত সিংহাসন নিক্ষিপ্ত হইয়াছিল, তাহাকে ক্ষেত্র করিয়া, যাবনাল রোপণ করিলেন। তাহাতে, সেই ক্ষেত্রে প্রচুর ফল উৎপন্ন হইল। অনন্তর, ঐ ব্রাহ্মণ, যেথানে সেই সিংহাসন নিক্ষেপ করা হইয়াছিল, তাহা উচ্চস্থান, বিবেচনা করিয়া, পক্ষিগণের সমুত্থাপনার্থ তাহার উপরি মঞ্চনির্ম্মাণপূর্ব্বক উপবিষ্ট হইয়া, পক্ষিগণের সমুত্থাপনে প্রবৃত্ত হইলেন।

ততঃ একদা ভোজরাজো বৈ বিহারং কর্ত্তুং সকলরাজকুমারৈঃ সমবেতস্তৎক্ষেত্রসমীপং যাবদ্গচ্ছতি তাবন্মঞ্চোপরিস্থিতেন তেন ব্রাহ্মণেনোক্তং ভো রাজন্ এতৎ ক্ষেত্রং সম্যক্ ফলিতমস্তি সসৈন্যঃ সমাগত্য যথেচ্ছং ভুজ্যতাম্। অশ্বেভ্যশ্চণকা দীয়ন্তাম্। অদ্য মজ্জন্ম সফলমভূৎ। যতো ভবান্মমাতিথির্জাতঃ যত ঈদৃশঃ প্রস্তাবঃ সম্পদ্যতে তচ্ছ্রুত্বা স রাজা সসৈন্যঃ ক্ষেত্রমধ্যে প্রবিষ্টঃ। অথ ব্রাহ্মণোঽপি মঞ্চকাদবরুহ্য রাজানং ক্ষেত্রমধ্যে স্থিতং ভণতি ভো রাজন্ কিমর্থমধর্ম্মঃ ক্রিয়তে। ইদং ব্রাহ্মণক্ষেত্রং বিনশ্যতে ত্বয়া। যদ্যন্যায়ঃ ক্রিয়তে চেৎ তুভ্যং নিবেদ্যতে ত্বমেবান্যায়ং কর্ত্তুং প্রবৃত্তঃ। ইদানীং কো বা নিবারয়িষ্যতি।

উক্তঞ্চ

গজে কণ্ডুগরীয়ে চ রাজ্ঞি জারিণি বা পুনঃ।
পাপকৃৎসু চ বিদ্বৎসু নিয়ন্তা জন্তুরত্র কঃ॥ ৮॥

বা গজে কণ্ডুগরীয়ে পুনঃ রাজ্ঞি জারিণি চ বিদ্বৎসু পাপকৃৎসু চ কঃ জন্তুঃ অত্র নিয়ন্তা॥ ৮॥

অনন্তর একদা ভোজরাজ বিহারবাসনায় সমুদায় রাজকুমারের সহিত সমবেত হইয়া, ক্ষেত্রসমীপে যাবন্মাত্র গমন করিলেন, তৎক্ষণাৎ ব্রাহ্মণ মঞ্চের উপরি থাকিয়া, তাঁহাকে কহিতে লাগিলেন, রাজন্! এই ক্ষেত্র সম্যগ্রূপে ফলিত হইয়াছে। অতএব সসৈন্যে সমাগত হইয়া, ইচ্ছানুসারে ভোগ ও অশ্বদিগকে চণক সকল প্রদান করুন। অদ্য আমার জন্ম সফল হইল। কেননা, অদ্য আপনি আমার অতিথি হইয়াছেন এবং অদ্য আমি আপনার সমীপে ঈদৃশ প্রস্তাব করিতে সমর্থ হইতেছি। রাজা এই কথা শুনিয়া ক্ষেত্রমধ্যে প্রবেশ করিলেন।

তখন ব্রাহ্মণ মঞ্চক হইতে অবরোহণ করিয়া, ক্ষেত্রমধ্যস্থ রাজাকে সম্বোধনপূর্ব্বক বলিতে লাগিলেন, রাজন্! কিজন্য ঈদৃশ অধর্ম্মানুষ্ঠানে প্রবৃত্ত হইয়াছেন? দেখুন, এই ব্রাহ্মণের ক্ষেত্র আপনি নষ্ট করিতেছেন। লোকে যদি অন্যায় করে, আপনার গোচর করা হইয়া থাকে। কিন্তু আপনি নিজে অন্যায় করিতে প্রবৃত্ত হইয়াছেন। এক্ষণে কে আপনাকে প্রতিষেধ করিবে?

শাস্ত্রকারেরা বলিয়াছেন, হস্তীর অতিমাত্র কণ্ডু উপস্থিত হইলে, রাজা

ভবান্ ধর্ম্মশাস্ত্রাভিজ্ঞশ্চ ব্রাহ্মণদ্রব্যং কথং নাশয়তি ব্রহ্মস্বমেতদ্বিষমং তথাহি।

ন বিষং বিষমিত্যাহুর্ব্রহ্মস্বং বিষমুচ্যতে।
বিষমেকাকিনং হন্তি ব্রহ্মস্বং পুত্রপৌত্রকম্॥ ৯॥

বিষং ন বিষং ইতি আহুঃ ব্রহ্মস্বং বিষং উচ্যতে বিষং একাকিনং হন্তি ব্রহ্মস্বং পুত্রপৌত্রকং হন্তি॥ ৯॥

ইতি তেনোক্তং শ্রুত্বা রাজা যাবৎ ক্ষেত্রাদ্বহিঃ সপরিবারো নির্গচ্ছতি তাবৎ পক্ষিণঃ সমুত্থাপ্য পুনঃ মঞ্চমারূঢো বদতি ভো রাজন্ কিমিতি গম্যতে। ক্ষেত্রং সাধু ফলিতমস্তি। যাবনালকদণ্ডানশ্বাদয়ো ভক্ষয়ন্তু। উর্ব্বারুকফলানি সন্তি উপভুজ্যন্তাম্।

পুনর্ব্রাহ্মণবচনমাকর্ণ্য সপরিবারো রাজা যাবৎ ক্ষেত্রমধ্যে প্রবিশতি তাবৎ পক্ষ্যুত্থাপনার্থং মঞ্চাদবরুহ্য পুনস্তথৈবাভণৎ। ততো রাজা

নিরতিশয় অত্যাচারী হইলে এবং বিদ্বান্ ব্যক্তিবর্গ পাপাচারপরায়ণ হইলে, কে তাহার নিয়মন করিতে পারে?॥ ৮॥

আপনি বিশেষরূপে ধর্ম্মশাস্ত্র অবগত আছেন। তবে, কিরূপে ব্রাহ্মণের দ্রব্য বিনাশ করিতেছেন? দেখুন, ব্রহ্মস্ব বিষম পদার্থ। তথাহি, শাস্ত্রকারেরা বলিয়াছেন,

বিষকে বিষ বলে না, ব্রহ্মস্বকেই বিষ বলিয়া থাকে। কেননা, বিষ কেবল এক জনকেই বিনষ্ট করে। কিন্তু ব্রহ্মস্ব পুত্র পৌত্রকে নিহত করিয়া থাকে॥ ৯॥

রাজা এই কথা শুনিয়া, সপরিবারে ক্ষেত্র হইতে যাবৎ বহির্গত হইলেন, তাবৎ ব্রাহ্মণ পক্ষিদিগকে সমুত্থিত করিয়া, পুনরায় মঞ্চে অধিরূঢ় হইয়া, বলিতে লাগিলেন, রাজন্! কিজন্য চলিয়া যাইতেছেন? এই ক্ষেত্রে যথেষ্ট ফল জন্মিয়াছে। অতএব আপনার অশ্ব সকল যাবনালদণ্ডসমষ্টি ভক্ষণ করুক। উর্ব্বারুকফল সকল আছে। তাহাও উপভোগ করা হউক।

রাজা পুনরায় ব্রাহ্মণের বাক্য শ্রবণ করিয়া, যাবৎ সপরিবারে ক্ষেত্রমধ্যে প্রবেশ করিলেন, তাবৎ ব্রাহ্মণ পক্ষিগণের উত্থাপনার্থ মঞ্চ হইতে অবরোহণ করিয়া, পুনরায় উক্তরূপ বাক্যপ্রয়োগে প্রবৃত্ত হইলেন। তদ্দর্শনে

স্বমনসি বিচারয়তি। অহো আশ্চর্য্যং যদা অয়ং ব্রাহ্মণো মঞ্চমারোহতি তদাস্য চেতসি দাতব্যং ভোক্তব্যমিতি বুদ্ধিরুৎপদ্যতে। যদা অবতরতি তদা দীনবুদ্ধির্ভবতি তদহং মঞ্চমারুহ্য পশ্যামীতি মঞ্চমারুরোহ। ভোজরাজস্য চেতসি তদা বাসনা এবমভূৎ বিশ্বস্যার্ত্তিঃ পরিহরণীয়া সর্ব্বস্য লোকস্যাপি দারিদ্র্যং সম্যক্ নিবারণীয়ং দুষ্টা দণ্ডনীয়াঃ সজ্জনাঃ পালনীয়াঃ প্রজা ধর্ম্মেণ রক্ষণীয়াঃ। কিং বহুনা। অস্মিন্ সময়ে যদি কশ্চিচ্ছরীরমপি প্রার্থয়িষ্যতি তদপি দেয়মিতি আনন্দপরিপূর্ণঃ পুনর্ব্বিচারয়তি অহো এতৎ ক্ষেত্রমস্য এবংবিধাং বুদ্ধিমুৎপাদয়তি।

উক্তঞ্চ

জলে তৈলং খলে গুহ্যং পাত্রে দানং মনাগপি।
প্রাজ্ঞে শাস্ত্রং স্বয়ং যাতি বিস্তারং বস্তুশক্তিতঃ॥ ১০॥

জলে তৈলং খলে গুহ্যং পাত্রে দানং প্রাজ্ঞে শাস্ত্রং মনাক্ অপি স্বয়ং বস্তুশক্তিতঃ বিস্তারং যাতি॥ ১০॥

রাজা আপনার মনে বিচার করিতে লাগিলেন, আহা, কি আশ্চর্য্য! এই ব্রাহ্মণ মঞ্চে আরোহণ করিলেই, ইহার চিত্তে, দান করিব, ভোগ করিব, এইপ্রকার বুদ্ধির উদয় হইয়া থাকে। আবার, মঞ্চ হইতে অবরোহণ করিলেই, বিপরীত বুদ্ধি উপস্থিত হয়। অতএব, আমি মঞ্চে আরোহণ করিয়া দেখিব। এইপ্রকার অবধারণানন্তর তিনি মঞ্চে আরোহণ করিলেন। তৎক্ষণাৎ তাঁহার অন্তর্হৃদয়ে এইপ্রকার বাসনার সঞ্চার হইল, সমুদায় সংসারের যাবতীয় দুঃখবিপদ ও ব্যথা ব্যামোহ ইত্যাদি দূর করিব; সকল লোকেরই দারিদ্র্য সম্যগ্রূপে নিবারণ করিব; দুষ্টগণের দণ্ড ও সাধুগনের পালন করিব এবং ধর্ম্মানুসারে প্রজা সকলের রক্ষা করিব। অধিক কি, এই সময়ে যদি কেহ শরীরও প্রার্থনা করে, তাহাও তাহাকে প্রদান করিব। এইপ্রকার বাসনাবিস্তার সহকারে আনন্দে পরিপূর্ণ হইয়া, পুনরায় বিচার করিতে লাগিলেন, আহা, এই ক্ষেত্রই এই ব্রাহ্মণের এইপ্রকার সাধীয়সী বুদ্ধি সঞ্চারিত করে। শাস্ত্রে বলিয়াছেন,

জলে তৈল, খলে গুহ্যবিষয়, পাত্রে দান এবং প্রাজ্ঞে শাস্ত্র, নিতান্ত স্বল্প হইলেও, বস্তুশক্তিপ্রভাবে স্বয়ং বিস্তার লাভ করে। অর্থাৎ জলে একটুমাত্র

কথমেতৎ ক্ষেত্রস্য মাহাত্ম্যং জ্ঞায়ত ইতি বিচার্য্য ব্রাহ্মণমাহূয়াবাদীৎ ভো ব্রাহ্মণ তবৈতস্মাৎ ক্ষেত্রাৎ কিয়ল্লাভো ভবতি।

ব্রাহ্মণেনোক্তং ভো রাজন্ সকলকুশলেন ত্বয়া অবিদিতং কিমপি নাস্তি। যদর্হতি তৎ করোতু। রাজা নাম সাক্ষাদ্বিষ্ণোরবতারভূতঃ তস্য দৃষ্টির্যস্যোপরি পততি তস্য দৈন্যদুর্ভিক্ষাদয়ো নশ্যন্তি। রাজা নাম সাক্ষাৎ কল্পবৃক্ষঃ। স ত্বং মম দৃষ্টের্গোচরোঽভূঃ অদ্য মম দৈন্যদরিদ্রতাদীনামবসানং জাতম্। ক্ষেত্রং কিয়ৎ।

ততো রাজা তং ব্রাহ্মণং ধনধান্যাদিনা পরিতোষ্য তৎ ক্ষেত্রং গৃহীত্বা মঞ্চকাধঃ খানয়িতুং প্রারম্ভমকার্ষীৎ। পুরুষপ্রমাণে গর্ত্তে জাতে শিলৈকা সুমনোহরা অবলোকিতা। তদধঃ চন্দ্রকান্তশিলাবিনি-

---

তৈল নিক্ষেপ করিলেই, তাহা বহুমাত্রায় বিস্তৃত হইয়া থাকে ; খলের নিকট কোন গোপনীয় বিষয় কণামাত্রে বলিলেই, সে তাহা চতুর্দ্দিকেই ব্যক্ত করিয়া ফেলে ; সৎপাত্রে সামান্য দান করিলে, সে তাহা অসামান্য রূপে লোকের নিকট প্রখ্যাত করে ; এইরূপ, প্রাজ্ঞ পুরুষও সামান্য শাস্ত্রবলে অসামান্য বিষয়ের আবিষ্কার করিয়া থাকেন ॥ ১০ ॥

কিরূপে এই ক্ষেত্রের মাহাত্ম্য জানা যাইতে পারে, এইপ্রকার বিচার করিয়া, তিনি ঐ ব্রাহ্মণকে আহ্বান করিয়া, কহিতে লাগিলেন, বিপ্র! আপনার এই ক্ষেত্র হইতে কিয়ৎপরিমাণ লাভ হইয়া থাকে ?

ব্রাহ্মণ কহিলেন, রাজন্! আপনি সকল বিষয়েই সুদক্ষ। আপনার অবিদিতইবা কি আছে ? যাহা উপযুক্ত বিবেচনা করেন, বিধান করুন। রাজা সাক্ষাৎ বিষ্ণুর অবতার স্বরূপ। তাঁহার দৃষ্টি যাহার উপরে পতিত হয়, তাহার দৈন্য দুর্ভিক্ষাদি তৎক্ষণে দূর হইয়া থাকে। রাজা মাত্রেই সাক্ষাৎ কল্পবৃক্ষ। সেই রাজা আপনি আমার অক্ষিগোচরে উপস্থিত হইয়াছেন। অদ্য আমার দৈন্য দরিদ্রতাদির অবসান হইল। এই ক্ষেত্র লইয়া আমার আর কি হইবে ?

তখন রাজা ঐ ব্রাহ্মণকে ধন ও ধান্যাদি প্রদান পূর্ব্বক পরিতুষ্ট করিয়া, সেই ক্ষেত্র গ্রহণানন্তর মঞ্চের অধোভাগ খনন করাইতে আরম্ভ করিলেন। পুরুষপরিমাণ গর্ত্ত খনন করা হইলে, অতীবমনোহারিণী এক শিলা

র্ম্মিতং নানারত্নখচিতং দ্বাত্রিংশৎপুত্তলিকাভির্যুক্তং অতিরমণীয়ং দিব্যমেকং সিংহাসনমপশ্যৎ। তৎ সিংহাসনং দৃষ্ট্বা ভোজরাজঃ পরমানন্দলহরীপরিপূর্ণহৃদয়ো ভূত্বা সিংহাসনং গ্রামং প্রতি নেতুং যাবদুচ্চালয়তি তাবদধিকং গুরু ভবতি নোচ্চলতি চ।

ততো মন্ত্রিণমবদৎ ভো মন্ত্রিন্ কিমর্থমেতৎ সিংহাসনং নোচ্চলতি। মন্ত্রিণোক্তং রাজন্ এতৎ সিংহাসনং দিব্যমপূর্ব্বং চ বলিহোমপূজাদিকং বিনা নোচ্চলিষ্যতি তব সাধ্যং চ ন ভবিষ্যতি।

তস্য বচনং শ্রুত্বা রাজা ব্রাহ্মণান্ আহূয় তৈঃ সর্ব্বমপি বিধানং কারিতবান্। ততস্তৎ সিংহাসনং লঘু ভূত্বা স্বয়মেবোচ্চলতিস্ম। তৎ দৃষ্ট্বা রাজা মন্ত্রিণমুবাচ ভো মন্ত্রিন্ এতৎ সিংহাসনং প্রথমং মমাসাধ্যমভবৎ। পরন্তু ইদানীং তব বুদ্ধিপ্রভাবেণ মম হস্তগতমাসীৎ। অহো বুদ্ধিমতাং সংসর্গো লাভায় সুখায় চ ভবতি।

দেখিতে পাওয়া গেল। তাহার নিম্নদেশে তিনি চন্দ্রকান্তশিলায় নির্ম্মিত, বিবিধরত্নখচিত, দ্বাত্রিংশৎপুত্তলিকাযুক্ত, অতিরমণীয়, স্বর্গীয় এক সিংহাসন অবলোকন করিলেন। সেই সিংহাসন দর্শন করিয়া, তদীয় হৃদয় পরমানন্দলহরীতে পরিপূর্ণ হইয়া উঠিল। তখন তিনি সিংহাসনকে গ্রামে লইয়া যাইবার জন্য যেমন উচ্চলিত করিলেন, তেমনি উহা অতিশয় ভার হইয়া উঠিল, আর উঠাইতে পারা গেল না।

তখন তিনি মন্ত্রীকে কহিলেন, মন্ত্রিন্! কিজন্য এই সিংহাসন উচ্চলিত হইতেছে না? মন্ত্রী কহিলেন, রাজন্! এই সিংহাসন অলৌকিকস্বভাববিশিষ্ট। পূর্ব্বে কখন এরূপ দেখা যায় নাই। সুতরাং, বলি, হোম ও পূজাদি ব্যতিরেকে উচ্চলিত হইবে না। এ বিষয়ে আপনারও সাধ্য হইবে না।

তাঁহার কথা শুনিয়া, রাজা ব্রাহ্মণদিগকে আহ্বান করিয়া, তাঁহাদের দ্বারা যাবতীয় বিধান সমাহিত করিলেন। তখন সেই সিংহাসন লঘুভার হইয়া, স্বয়ংই উচ্চলিত হইল। তদ্দর্শনে রাজা মন্ত্রীকে কহিলেন, মন্ত্রিন্! এই সিংহাসন প্রথমে আমার অনায়ত্ত ছিল। পরন্তু, ইদানীং ত্বদীয় বুদ্ধিবলে আমার হস্তগত হইয়াছে। অহো! বুদ্ধিমান্দিগের সংসর্গ সুখ ও লাভের জন্যই হইয়া থাকে।

ততো মন্ত্রিণা ভণিতং ভো রাজন্ শ্রূয়তাং যঃ স্বয়ং বুদ্ধিমান্ ভবতি অন্যেষামপি বুদ্ধিং ন শৃণোতি স সর্ব্বথা নাশং প্রাপ্নোতি। ত্বং তথাবিধো ন ভবসি। বুদ্ধিমানপি আপ্তবচনং শৃণোষি অতস্তব সকলকার্য্যেষ্বন্তরায়ো নাস্তি।

রাজা অব্রবীৎ যোঽনর্থকার্য্যং নিবারয়তি আগাম্যর্থং সাধয়তি চ স এব মন্ত্রী। তথাচোক্তম্।

স্থিতস্য কার্য্যস্য সমুদ্ভবার্থং
আগামিনোঽর্থস্য চ সম্ভবার্থম্।
অনর্থকার্য্যপ্রতিঘাতনার্থং
যো মন্যতেঽসৌ পরমো হি মন্ত্রী॥ ১১॥

স্থিতস্য কার্য্যস্য সমুদ্ভবার্থং আগামিনঃ অর্থস্য চ সম্ভবার্থং অনর্থকার্য্যপ্রতিঘাতনার্থং যঃ মন্যতে অসৌ পরমঃ মন্ত্রী হি॥ ১১॥

মন্ত্রিণোক্তং ভো রাজন্ মন্ত্রিণা স্বামিহিতকার্য্যং কর্ত্তব্যম্।
মন্ত্রঃ কার্য্যানুগো যেষাং কার্য্যং স্বামিহিতানুগম্।
ত এব মন্ত্রিণো রাজ্ঞাং নতু যে গল্লপুদ্গলাঃ॥ ১২॥

যেষাং মন্ত্রঃ কার্য্যানুগঃ কার্য্যং স্বামিহিতানুগং ত এব রাজ্ঞাং মন্ত্রিণঃ তু যে গল্লপুদ্গলাঃ ন॥ ১২॥

তখন মন্ত্রী কহিলেন, রাজন্! শ্রবণ করুন, যে ব্যক্তি স্বয়ং বুদ্ধিমান্ হয়, অন্যের বুদ্ধি শ্রবণ করে না, সে সর্ব্বথা বিনষ্ট হইয়া থাকে। আপনি সেরূপ নহেন। আপনি বুদ্ধিমান্ হইলেও, আপ্তবাক্য শ্রবণ করিয়া থাকেন। এই-জন্য আপনার কোন কার্য্যেই কখন কোনরূপ বিঘ্নসংঘটন হয় না।

রাজা কহিলেন, যে ব্যক্তি অনর্থ কার্য্য নিবারণ ও ভবিষ্যৎ অর্থ সাধন করিতে পারে, তাহাকেই প্রকৃত মন্ত্রী বলে। তথাহি, নির্দ্দিষ্ট আছে,

যে ব্যক্তি স্থিত কার্য্যের সমুদ্ভবার্থ, ভবিষ্য কার্য্যের সম্ভবার্থ ও অনর্থ কার্য্যের প্রতিঘাতার্থ মনন করিতে সমর্থ, তিনিই পরম মন্ত্রী॥ ১১॥

মন্ত্রীও উত্তর করিলেন, রাজন্! যাহাতে প্রভুর হিত হইতে পারে, তাদৃশ কার্য্যের সাধন করা মন্ত্রীর সর্ব্বথা বিধেয়। শাস্ত্রকারেরা বলিয়াছেন,

যাহাদের মন্ত্র কার্য্যের অনুসারী এবং কার্য্য স্বামিহিতের অনুগত, তাহা-

অন্যচ্চ।

যন্মন্ত্রিণা বিনা রাজ্যং গৃহং ধান্যাদিকং বিনা।
বিনা তারুণ্যং সৌভাগ্যং বিনা জ্ঞানং বিরাগতা ॥ ১৩ ॥

মন্ত্রিণা বিনা রাজ্যং যৎ তৎ ধান্যাদিকং বিনা গৃহং তারুণ্যং বিনা সৌভাগ্যং জ্ঞানং বিনা বিরাগতা ॥ ১৩ ॥

দুর্জ্জনানাং শান্তিঃ পাষণ্ডিনাং মতিঃ বেশ্যানাং প্রীতিঃ খলানাং মৈত্রী পরাধীনস্য স্বাতব্যং নির্ধনস্য রোষঃ সেবকস্য কোপঃ স্বামিনঃ স্নেহঃ কৃপণস্য গৃহং ব্যভিচারিণ্যাঃ পুরুষ-ভক্তিঃ তস্করাণাং যুক্তিঃ মূর্খাণাং সম্মতিঃ ইত্যেতৎ সর্ব্বং কার্য্যং নিষ্ফলং জ্ঞাতব্যম্।

অন্যচ্চ। রাজ্ঞা মহতাং সেবা কর্ত্তব্যা আপ্তানাং বচঃ শ্রোতব্যং দেবব্রাহ্মণাঃ প্রতিপালনীয়াঃ ন্যায়মার্গেণ বর্ত্তিতব্যম্। ভো রাজন্ রাজলক্ষণোক্তা গুণাঃ সর্ব্বে ত্বয়ি বিদ্যন্তে। ত্বং সকলরাজরাজোত্তমঃ। মন্ত্রিণাপি এবংবিধগুণগরিষ্ঠেন ভবিতব্যম্।

রাই রাজার মন্ত্রী। কিন্তু যাহারা গল্প অর্থাৎ যাহার পর যে কার্য্য করিতে হয়, তাহা না করে এবং পুদ্গল অর্থাৎ পুরুষকারপরিবর্জ্জিত, তাহাদিগকে কখন মন্ত্রী বলে না ॥ ১২ ॥

অপিচ বলিয়াছেন,

ধান্যাদি বিনা গৃহ, সৌন্দর্য্য বিনা তারুণ্য এবং জ্ঞান বিনা বৈরাগ্য যেমন শোচনীয়, মন্ত্রী বিনা রাজ্যও তদ্রূপভাবাপন্ন হইয়া থাকে ॥ ১৩ ॥

দুর্জ্জনের শান্তি, পাষণ্ডীর মতি, বেশ্যার প্রীতি, খলের মৈত্রী, পরাধীনের স্থিতি, নির্দ্ধনের রোষ, সেবকের কোপ, স্বামির স্নেহ, কৃপণের গৃহ, ব্যভিচারিণীর পুরুষভক্তি, তস্করের যুক্তি, মূর্খের সম্মতি, ইত্যাদি কার্য্য-মাত্রেই সর্ব্বথা ফলশূন্য, জানিবে।

অপিচ, মহতের সেবা করা নরপতিগণের কর্ত্তব্য, আপ্তগণের বচন শ্রবণ করা বিধেয়, দেব ও ব্রাহ্মণবর্গের প্রতিপালন করা কর্ত্তব্য এবং ন্যায়মার্গে প্রবৃত্ত হওয়া সর্ব্বথা সমুচিত। রাজন্! রাজলক্ষণোক্ত যাবতীয় গুণই আপনাতে বিদ্যমান আছে। আপনি সকল রাজরাজের মধ্যে শ্রেষ্ঠ। মন্ত্রিগণেরও এবংবিধগুণগৌরববিশিষ্ট হওয়া আবশ্যক। যে ব্যক্তি

যঃ কুলক্রিয়াতঃ কামন্দকচাণক্যপঞ্চতন্ত্রাদিসকলশাস্ত্রকলাভিজ্ঞশ্চ। গুণাঃ—স্বামিকার্য্যার্থং উদ্যমঃ পাপাদ্ভয়ং প্রজানাং সঙ্গোপনীয়ম্ পরিচারকাণাং সংযোজনীয়ং রাজ্ঞঃ চিত্তবৃত্ত্যনুসরণং সময়োচিত-পরিজ্ঞানঞ্চ অপায়কার্য্যাদ্রাজা নিবারণীয়ঃ। এবংবিধগুণযুক্তো মন্ত্রিপদযোগ্যো ভবতি। যথা নন্দরাজমন্ত্রিণা বহুশ্রুতেন রাজ্ঞো ব্রহ্মহত্যা নিবারিতা।

ভোজরাজেনোক্তং কথমেতৎ।

মন্ত্রী বদতি

ভো রাজন্! শ্রূয়তাং কথয়ামি।

বিশালায়াং নগর্য্যাং নন্দো নাম রাজা মহাশৌর্য্যসম্পন্নোঽভূৎ। নিজভুজবলেন সর্ব্বান্ প্রত্যর্থিনৃপতীন্ পাদপদ্মোপজীবিনো বিধায় একচ্ছত্রেণ রাজ্যং করোতি স্ম। তস্য রাজ্ঞঃ জয়পালো নাম পুত্রঃ ষড়্বিধদণ্ডায়ুধসাধনাভিজ্ঞো নাম মন্ত্রী বহুশ্রুতো ভার্য্যা ভানুমতী নাম আসীৎ। সা রাজ্ঞোঽতিপ্রিয়া। ভূপতিঃ সর্ব্বদা তস্যামনু-

---

কুলক্রিয়াবিশিষ্ট এবং কামন্দক, চাণক্য ও পঞ্চতন্ত্রাদি সকল শাস্ত্রকলায় অভিজ্ঞ এবং যে ব্যক্তি প্রভুর কার্য্যার্থ উদ্যম, পাপ হইতে ভয়, প্রজাগণের সংগোপন, পরিচারকগণের সংযোজন, রাজার চিত্তবৃত্তির অনুসরণ, সময়োচিত পরিজ্ঞান এবং নিন্দনীয়কার্য্য হইতে রাজার নিবৃত্তিকরণ, ইত্যাদি গুণবিশিষ্ট, সেই, মন্ত্রিপদের উপযুক্ত হইয়া থাকে। যেমন নন্দরাজার বহুশ্রুত মন্ত্রী রাজাকে ব্রহ্মহত্যা হইতে নিবৃত্ত করিয়াছিলেন।

ভোজরাজ কহিলেন, ইহা কিপ্রকার?

মন্ত্রী কহিলেন, রাজন্! শ্রবণ করুন, বলিতেছি।

বিশালানাম্নী নগরীতে নন্দ নামে বিপুলবিক্রমবিশিষ্ট রাজা ছিলেন। তিনি নিজ ভুজবলে সমুদায় প্রতিপক্ষ নরপতিকে আপনার পাদপদ্মের উপজীবী করিয়া, একচ্ছত্র রাজ্য করিয়াছিলেন। তাঁহার পুত্রের নাম জয়পাল। তাঁহার মন্ত্রীর নাম বহুশ্রুত। তিনি ষড়্বিধ দণ্ড, আয়ুধ ও সাধনাভিজ্ঞ এবং তাঁহার ভার্য্যার নাম ভানুমতী। তিনি রাজার পরম প্রেয়সী ছিলেন। ভূপতি সর্ব্বদা তাঁহাতে অনুরক্ত থাকিয়া, সুরতসুখ

রক্তঃ সুরতসুখমনুভবন্ তিষ্ঠতি স্ম। যদা সিংহাসনে উপবিশতি তদা অর্দ্ধাঙ্গে ভানুমতীমুপবেশয়তি। ক্ষণমপি তস্যা বিয়োগং ন সহতে। একদা মন্ত্রিণা মনসি বিচারিতং অয়ং রাজা নির্লজ্জো ভূত্বা সভামধ্যে সিংহাসনে স্ত্রিয়মুপবেশয়তি। সর্ব্বোঽপি জনস্তাং পশ্যতি মহদেতদনুচিতং যঃ কামী স উচিতানুচিতং ন জানাতি।

তথাহি

কিমু কুবলয়নেত্রাঃ সন্তি নো নাকনার্য্য-
স্ত্রিদশপতিরহল্যাং তাপসীং যৎ সিষেবে।
হৃদয়তৃণকুটীরে দহ্যমানে স্মরাগ্নৌ
উচিতমনুচিতং বা বেত্তি কঃ পণ্ডিতোঽপি ॥ ১৪ ॥

কুবলয়নেত্রাঃ নাকনার্য্যঃ নো সন্তি কিমু যৎ ত্রিদশপতিঃ তাপসীং অহল্যাং সিষেবে হৃদয়তৃণকুটীরে স্মরাগ্নৌ দহ্যমানে পণ্ডিতঃ অপি কঃ উচিতং অনুচিতং বা বেত্তি ॥ ১৪ ॥

যঃ স্ত্রীণাং কটাক্ষবাণৈর্যাবন্ন ভিদ্যতে তাবদেব প্রতিষ্ঠাং ধৈর্য্যং চ বহতি।

অনুভব করত কালযাপন করিতেন। এমন কি, যে সময়ে সিংহাসনে উপবিষ্ট হইতেন, ভানুমতীকে অর্দ্ধাঙ্গে উপবেশন করাইতেন। এক ক্ষণও তাঁহার বিয়োগ সহ্য করিতে পারিতেন না।

একদা মন্ত্রী বহুশ্রুত মনে মনে বিচার করিতে লাগিলেন, এই রাজা নির্লজ্জ হইয়া, সভাসমক্ষে সিংহাসনে স্ত্রীকে উপবেশন করাইয়া থাকেন। সকল লোকেই রাজমহিষীকে অবলোকন করে। ইহা অতি অনুচিত। যে ব্যক্তি কামের পরতন্ত্র, তাহার উচিতানুচিত জ্ঞান নাই। তথাহি. শাস্ত্রে বলিয়াছেন,

স্বর্গলোকে কি কুবলয়নেত্রা রমণী সকলের অভাব হইয়াছে; সেই-জন্যই ত্রিদশপতি ইন্দ্র তাপসী অহল্যারে হরণ করিলেন? অথবা, স্মররূপ হুতাশনে হৃদয়রূপ তৃণকুটীর দহ্যমান হইলে, পণ্ডিতেরও উচিতানুচিত জ্ঞান ভ্রষ্ট হইয়া থাকে ॥ ১৪ ॥

স্ত্রীর কটাক্ষশরে যাবৎ বিদীর্ণ না হয়, তাবতই লোকের প্রতিষ্ঠা ও ধৈর্য্য থাকে।

তথাচোক্তম্

তাবদ্ধত্তে প্রতিষ্ঠাং প্রশময়তি মনশ্চাপলং তাবদেব
তাবৎ সিদ্ধান্তসূত্রং স্ফুরতি হৃদি পরং বিশ্বলোকৈকদীপম্।
ক্ষীরাব্ধেঃ পারবেলাবলয়বিলসিতৈর্মানিনীনাং কটাক্ষৈ-
র্যাবন্নো হন্যমানং কলয়তি হৃদয়ং দীর্ঘলোলায়তাক্ষৈঃ ॥১৫॥

তাবৎ প্রতিষ্ঠাং ধত্তে তাবৎ এব মনঃ চাপলং প্রশময়তি তাবৎ হৃদি বিশ্বলোকৈকদীপং পরং সিদ্ধান্তসূত্রং স্ফুরতি যাবৎ ক্ষীরাব্ধেঃ পারবেলাবলয়বিলসিতৈঃ দীর্ঘলোলায়তাক্ষৈঃ মানিনীনাং কটাক্ষৈঃ হন্যমানং হৃদয়ং নো কলয়তি ॥ ১৫ ॥

অহো মদনস্য মাহাত্ম্যং কালজ্ঞমপি বিকলয়তি।

উক্তঞ্চ

বিকলয়তি কলাকুশলং
হসতি শুচিং পণ্ডিতং বিড়ম্বয়তি।
অধীরয়তি ধীরং পুরুষং
ক্ষণেন মকরধ্বজো দেবঃ ॥ ১৬ ॥

দেবঃ মকরধ্বজঃ ক্ষণেন কলাকুশলং বিকলয়তি শুচিং হসতি পণ্ডিতং বিড়ম্বয়তি ধীরং পুরুষং অধীরয়তি ॥ ১৬ ॥

তথাহি, বলিয়াছেন,

মানিনীগণ দীর্ঘ, চঞ্চল ও আরক্তলোচনে যে কটাক্ষ বিক্ষেপ করে, তদ্দ্বারা হৃদয় যাবৎ আহত না হয়, তাবতই লোকের প্রতিষ্ঠা থাকে; তাবতই লোকের মন চঞ্চলতা পরিহার করে এবং তাবতই লোকের হৃদয়ে বিশ্বলোকের একমাত্র প্রকাশক সিদ্ধান্তসূত্র প্রস্ফুরিত হইয়া থাকে ॥ ১৫ ॥

অহো, মদনের কি মাহাত্ম্য! দেখ, কালজ্ঞ পুরুষকেও তৎপ্রভাবে বিকৃতভাবাপন্ন হইতে হয়। শাস্ত্রে বলিয়াছেন,—

কাম যথার্থই দেব অর্থাৎ আপনার অনন্যসাধারণ ঐশ্বর্য্যবলে সকলেরই উপর প্রভুত্ব করিয়া থাকে। দেখ, সে যাবতীয়-কলাকুশল পুরুষকেও ক্ষণমধ্যেই বিচলিত, পরমশুদ্ধস্বভাব ব্যক্তিকেও তৃণীকৃত, পণ্ডিতকেও বিড়ম্বিত এবং ধীরকেও অধীর করে ॥ ১৬ ॥

তথা চ

শ্রুতং সত্যং তপঃ শীলং বিজ্ঞানং তত্ত্বমুত্তমম্।
ইন্ধনীকুরুতে মূঢ়ঃ প্রবিশ্য বনিতানলে ॥ ১৭ ॥

মূঢ়ঃ বনিতানলে প্রবিশ্য শ্রুতং সত্যং তপঃ শীলং বিজ্ঞানং উত্তমং তত্ত্বং ইন্ধনীকুরুতে ॥১৭॥

ইতিবৃত্তং বলস্যান্তং স্বকুলস্যাপি লাঞ্ছনম্।
মরণন্তু সমীপস্থং কামী লোকো ন পশ্যতি ॥ ১৮ ॥

কামী লোকঃ ইতিবৃত্তং বলস্য অন্তং স্বকুলস্য অপি লাঞ্ছনং সমীপস্থং মরণং তু ন পশ্যতি ॥১৮॥

ইতি সঞ্চিন্ত্য একদাবসরং প্রাপ্য রাজানমব্রবীৎ ভো রাজন্ কিঞ্চিৎ বিজ্ঞাপ্যমস্তি। রাজ্ঞোক্তং কিন্তদ্ব্রূহি। মন্ত্রিণোক্তং যদেতদ্ভানুমতী সভামধ্যে অর্দ্ধাসনে উপবিশতি তন্মহদনুচিতং ভবতি। অসূর্য্যম্পশ্যা রাজদারা ইতি শাস্ত্রকারবচনম্। অত্র নানাবিধো জনঃ সমাগত্য তাং পশ্যতি। রাজ্ঞোক্তং সর্ব্বমপি জানামি কিং করোমি মম মহতী প্রীতিঃ অস্যাম্। ইমাং বিহায় ক্ষণং

তথাহি,

লোকে মোহবশে স্ত্রীরূপ হুতাশনে প্রবেশ করিয়া, আপনার শ্রুত, সত্য, তপস্যা, শীল, বিজ্ঞান ও উৎকৃষ্ট তত্ত্ব, সমুদায়ই তাহার ইন্ধন অর্থাৎ জ্বালানি কাষ্ঠ করিয়া থাকে ॥ ১৭ ॥

কামের বশীভূত হইলে, সমীপস্থ মৃত্যু, আপনার বংশের লক্ষণ, বলের ক্ষয় ও ইতিবৃত্ত এই সকল দেখিতে পাওয়া যায় না ॥ ১৮ ॥

মন্ত্রী বহুশ্রুত এইপ্রকার চিন্তা করিয়া, একদা অবসর পাইয়া, রাজাকে কহিলেন, রাজন্! কিছু নিবেদন করিবার আছে। রাজা কহিলেন, কি, তাহা বল। মন্ত্রী বলিলেন, ভানুমতী যে সভামধ্যে অর্দ্ধাসনে উপবেশন করেন, ইহা অতীব অনুচিত। শাস্ত্রকারেরা বলিয়াছেন, রাজপত্নী অসূর্য্যম্পশ্যা হইবেন। এই সভায় নানাবিধ লোক আগমন করিয়া, রাজ্ঞীরে দেখিয়া থাকে।

রাজা কহিলেন, আমিও সমুদায় জানি। কিন্তু কি করি, রাজ্ঞীর প্রতি আমার প্রীতির সীমা নাই। ইহাঁকে ত্যাগ করিয়া, ক্ষণমাত্রও থাকিতে আমার ক্ষমতা হয় না।

স্থাতুং ন শক্নোমি। মন্ত্রিণোক্তং তর্হ্যেবং ক্রিয়তাম্। রাজ্ঞোক্তং কিং তন্নিরূপ্যতাম্। তেনোক্তং চিত্রকারমাহূয় তেন পটস্যোপরি ভানুমত্যা রূপং লেখয়িত্বা পুরস্থিতে ভিত্তিপ্রদেশে সঙ্ঘট্য তস্যাঃ স্বরূপং দ্রষ্টব্যম্। তদ্বচনং রাজ্ঞঃ চিত্তে লগ্নম্। ততো রাজা চিত্রকারমাহূয়োক্তবান্ ভো চিত্রকার ভানুমত্যা রূপং চিত্রে লেখনীয়ম্। চিত্রকারেণোক্তং ভো দেব তস্যাহং রূপং প্রথমং প্রত্যক্ষং বিলোক্য পশ্চাদ্যথাবয়বং বিলিখিষ্যামি। তচ্ছ্রুত্বা রাজ্ঞা ভানুমতী আকারিতা তস্মৈ দর্শিতা চ। স তু তাং বিলোক্য পদ্মিনী স্ত্রী ইয়মিতি বিজ্ঞায় পদ্মিনীলক্ষণযুক্তাং বিলিলেখ।

পদ্মিনীলক্ষণং যথা

কমলমুকুলমৃদ্বী ফুল্লরাজীবগন্ধা
সুরতপয়সি যস্যাঃ সৌরভং দিব্যমঙ্গে।

কমলমুকুলমৃদ্বী ফুল্লরাজীবগন্ধা সুরতপয়সি যস্যাঃ অঙ্গে দিব্যং সৌরভং নেত্রে চকিতমৃগসনাভে প্রান্তরক্তে চ স্তনযুগলং অনর্ঘং শ্রীফলশ্রীবিড়ম্বি ॥ ১৯ ॥

মন্ত্রী এই কথায় উত্তর করিলেন, তবে একটী কার্য্য করুন। রাজা কহিলেন, কি, তাহা, বিশেষরূপে নির্দ্দেশ কর।

মন্ত্রী কহিলেন, চিত্রকারকে আহ্বান করিয়া, তাহার দ্বারা পটের উপরি ভানুমতীর ছবি লেখাইয়া লইয়া, সম্মুখস্থিত ভিত্তিপ্রদেশে সংঘটিত করত, তদীয় স্বরূপ অবলোকন করুন।

মন্ত্রীর এই বাক্য রাজার মনে লাগিল। তখন তিনি চিত্রকারকে আহ্বান করিয়া কহিলেন, অহে চিত্রকার! ভানুমতীর রূপ চিত্রে লিখিতে হইবে।

চিত্রকার কহিল, দেব! আমি তাঁহার রূপ প্রথমে প্রত্যক্ষ দেখিয়া, পশ্চাৎ তাঁহার অবয়বমত লিখিব।

রাজা এই কথা শুনিয়া, ভানুমতীকে ডাকাইয়া আনিয়া, চিত্রকারকে দেখাইলেন। সে তাঁহাকে দর্শন করিয়া, ইনি পদ্মিনী স্ত্রী, এইপ্রকার পরিজ্ঞান করত, পদ্মিনীর লক্ষণযুক্ত করিয়া, চিত্রিত করিল। পদ্মিনী-লক্ষণ যথা,—

যাহার দেহ কমলমুকুলের ন্যায় মৃদুল, যাহার শরীরে প্রফুল্ল-পদ্মবৎ গন্ধ,

চকিতমৃগসনাভে প্রান্তরক্তে চ নেত্রে
স্তনযুগলমনর্ঘং শ্রীফলশ্রীবিড়ম্বি ॥ ১৯ ॥
তিলকুসুমসমানাং বিভ্রতী নাসিকাং বা
দ্বিজসুরগুরুপূজাং [illegible] সদৈব।
কুবলয়দলকান্তিঃ কাপি চাম্পেয়গৌরী
বিকচকমলকোশা কামিনী কান্তপত্রা ॥ ২০ ॥

তিলকুসুমসমানাং নাসিকাং বা বিভ্রতী সদৈব দ্বিজসুরগুরুপূজাং শ্রদ্দধানা কুবলয়দলকান্তিঃ চাম্পেয়গৌরী কা অপি বিকচকমলকোশা কামিনী কান্তপত্রা ॥ ২০ ॥

ব্রজতি মৃদু সলীলং রাজহংসীব তন্বী
ত্রিবলিললিতমধ্যা হংসবাণী সুবেশা।
মৃদু লঘু শুচি ভুঙ্‌ক্তে রাজহংসী সুকেশী
ধবলকুসুমবাসোবল্লভা পদ্মিনী স্যাৎ ॥ ২১ ॥

রাজহংসী ইব মৃদু সলীলং ব্রজতি তন্বী ত্রিবলিললিতমধ্যা হংসবাণী সুবেশা মৃদু লঘু শুচি ভুঙ্‌ক্তে রাজহংসী সুকেশী ধবলকুসুমবাসোবল্লভা পদ্মিনী স্যাৎ ॥ ২১ ॥

এবমুক্তলক্ষণযুক্তং তস্যাঃ রূপং লিখিত্বা রাজ্ঞো হস্তে সমর্পিত-

---

যাহার সুরতসলিলে ও অঙ্গে দিব্য সৌরভ, যাহার লোচনযুগল চকিত মৃগসদৃশ, যাহার অপাঙ্গ রক্তবর্ণ, যাহার স্তনযুগলে শ্রীফলসদৃশ [illegible] ॥ ১৯ ॥

যাহার নাসিকা তিলকুসুমসদৃশ, দেব দ্বিজ ও গুরু পূজায় যাহার সর্ব্বকালিক শ্রদ্ধা, যাহার কান্তি কুবলয়দলসদৃশ, যাহার বর্ণ চম্পকের ন্যায় গৌরভাবাপন্ন ॥ ২০ ॥

যাহার কলেবর কৃশ, যাহার গতি রাজহংসীর ন্যায় মৃদু ও লীলাময়; যাহার মধ্যদেশ ত্রিবলিশোভিত, যাহার বাণী হংসবৎ, যাহার বেশ পরম-সুন্দর, যাহার কেশ অতিমাত্র-পারিপাট্য-বিশিষ্ট, যাহার ধবল কুসুমের সৌরভে অতিশয় প্রীতি এবং যাহার মৃদু, লঘু ও শুচি দ্রব্য আহার, তাহাকেই পদ্মিনী বলে ॥ ২১ ॥

চিত্রকার এইরূপে উল্লিখিত লক্ষণযুক্ত তদীয় রূপ লিখিয়া, রাজার হস্তে

বান্। রাজাপি তত্র চিত্রলিখিতাং তাং দৃষ্ট্বা অতিসন্তুষ্টস্তস্মৈ চিত্র-কারায় উচিতং দদৌ। তদনন্তরং শারদানন্দেন রাজগুরুণা চিত্রপট-লিখিতাং ভানুমতীং দৃষ্ট্বা চিত্রকং প্রতি ভণিতং ভো চিত্রক ভানুমত্যাঃ সর্ব্বং লক্ষণং লিখিতং পরমেকং বিস্মৃতং ত্বয়া। তেনোক্তং ভো স্বামিন্ কিং বিস্মৃতং কথয়। শারদানন্দে-নোক্তং তস্যা বামজঘনস্থলে তিলকসদৃশো মৎস্যোঽস্তি। স ন লিখিতস্ত্বয়া। রাজাপি শারদানন্দবচনং শ্রুত্বা তৎপ্রত্যয়নিরী-ক্ষণার্থং যাবৎ সুরতসময়ে তস্যা বামজঘনং পশ্যতি তাবত্তিলক-সদৃশো মৎস্যো দৃষ্টঃ। তং দৃষ্ট্বা রাজা স্বমনসি অচিন্তয়ৎ কথমস্যা গুহ্যদেশে স্থিতং মৎস্যং দৃষ্টবান্। সর্ব্বথানয়া সহ অস্য সংসর্গো বিদ্যতে। অন্যথা কথমেতদনেন জ্ঞাতম্। স্ত্রীণাং বিষয়ে পাপসন্দেহঃ কর্ত্তব্যঃ।

ন্যস্ত করিল। তখন তিনিও সেই চিত্রলিখিতা ভানুমতীকে দর্শন করিয়া, অতীব সন্তুষ্ট হইয়া, ঐ চিত্রকারকে উচিত দান করিলেন।

তদনন্তর রাজার গুরু শারদানন্দ চিত্রপটলিখিত ভানুমতীকে দর্শন করিয়া, চিত্রকারকে সম্বোধনপূর্ব্বক কহিলেন, অহে চিত্রক! ভানুমতীর সমুদায় লক্ষণই লিখিয়াছ; কেবল একটী লিখিতে ভুলিয়াছ।

চিত্রক কহিল, স্বামিন্! কি ভুলিয়াছি, বলিতে আজ্ঞা হউক।

শারদানন্দ কহিলেন, ভানুমতীর বাম জঘনস্থলে তিলকসদৃশ যে মৎস্য আছে, তুমি তাহা লিখ নাই। রাজাও শারদানন্দের কথা শুনিয়া, তৎ-প্রত্যয়-নিরীক্ষণমানসে যাবৎ সুরতসময়ে তদীয় বামজঘনে দৃষ্টি নিক্ষেপ করিলেন, তাবৎ তিলকসদৃশ মৎস্য দেখিতে পাইলেন। তদ্দর্শনে রাজা আপনার মনে চিন্তা করিতে লাগিলেন, শারদানন্দ কিরূপে ইহার ঈদৃশ গুহ্যদেশস্থিত মৎস্যচিহ্ন দর্শন করিলেন? সর্ব্বথা ভানুমতীর সহিত গুরু-দেবের সংসর্গ হইয়া থাকে। নতুবা, কিরূপে ইহা তিনি জানিলেন? স্ত্রীদিগের বিষয়ে পাপসন্দেহ করা কর্ত্তব্য। তথাচ, শাস্ত্রে বলিয়াছেন,

তথা চ

জল্পন্তি সার্দ্ধমন্যেন পশ্যন্ত্যন্যং সবিভ্রমাঃ।
হৃদয়ে চিন্তয়ন্ত্যন্যং ন স্ত্রীণামেকতো রতিঃ ॥ ২২ ॥

অন্যেন সার্দ্ধং জল্পন্তি সবিভ্রমাঃ অন্যং পশ্যন্তি হৃদয়ে অন্যং চিন্তয়ন্তি স্ত্রীণাং একতঃ রতিঃ ন। ২২।

নাগ্নিস্তৃপ্যতি কাষ্ঠৌঘৈর্নাপগাভির্ম্মহোদধিঃ।
নান্তকঃ সর্ব্বভূতৈশ্চ ন পুংভির্ব্বামলোচনা ॥ ২৩ ॥

অগ্নিঃ কাষ্ঠৌঘৈঃ ন তৃপ্যতি মহোদধিঃ আপগাভিঃ ন অন্তকঃ সর্ব্বভূতৈঃ চ ন বামলোচনা পুংভিঃ ন। ২৩।

স্থানং নাস্তি ক্ষণং নাস্তি নাস্তি প্রার্থয়িতা জনঃ।
ইত্থং নারদ নারীণাং পাতিব্রত্যং হি কল্পতে ॥ ২৪ ॥

নারদ স্থানং নাস্তি ক্ষণং নাস্তি প্রার্থয়িতা জনঃ নাস্তি ইত্থং নারীণাং পাতিব্রত্যং হি কল্পতে ॥ ২৪ ॥

যো মোহান্মন্যতে মূঢ়ো রক্তেয়ং ময়ি কামিনী।
স ভবেদ্বশগস্তস্যা নৃত্যক্রীড়াশকুন্তবৎ ॥ ২৫ ॥

যঃ মূঢ়ঃ মোহাৎ ময়ি ইয়ং কামিনী রক্তা মন্যতে স তস্যাঃ নৃত্যক্রীড়াশকুন্তবৎ বশগঃ ভবেৎ ॥ ২৫ ॥

স্ত্রীগণ কখন একে অনুরাগিণী হয় না। তাহারা যে সময়ে অন্যের সহিত কথা কহে, সেই সময়ে বিভ্রমসহকারে অন্যকে দেখিয়া থাকে এবং তৎসমকালেই হৃদয়ে অন্যের চিন্তা করে ॥ ২২ ॥

রাশি রাশি কাষ্ঠ ভক্ষণ করিয়াও, অগ্নির যেমন তৃপ্তি জন্মে না, ভূরি ভূরি নদীর সহিত সঙ্গত হইয়াও, মহোদধি যেমন পরিতুষ্ট হয় না এবং যম যেমন ভূতের পর ভূত সংহার করিয়াও, তৃপ্তি বোধ করে না, স্ত্রীজাতি তেমন বহু-পুরুষসংসর্গেও সন্তুষ্ট হয় না ॥ ২৩ ॥

স্থান পায় ত, মনোমত ক্ষণ পায় না; অথবা ক্ষণ পায় ত, মনোমত লোক মিলে না। এই কারণেই স্ত্রীজাতির সতীত্ব রক্ষা পাইয়া থাকে ॥ ২৪ ॥

যে ব্যক্তি মোহবশতঃ মনে করে, এই কামিনী আমাতেই অনুরক্ত, সেই মহামূর্খ এবং সেই নৃত্যক্রীড়াপক্ষিবৎ তাহার বশীভূত হইয়া থাকে ॥২৫॥

তাসাং বাক্যানি স্বল্পানি তথ্যানি সুগুরূণ্যপি।
করোতি যঃ কৃতী লোকে লঘুত্বং তস্য নিশ্চিতম্ ॥ ২৬ ॥

যঃ কৃতী লোকে স্বল্পানি তথ্যানি সুগুরূণি অপি তাসাং বাক্যানি করোতি তস্য লঘুত্বং নিশ্চিতম্ ॥ ২৬ ॥

অলক্তকো যথা রক্তো নিষ্পীড্য পুরুষস্তথা।
অবলাভির্ব্বলাদ্রক্তঃ পাদমূলে নিপদ্যতে ॥ ২৭ ॥

যথা রক্তঃ অলক্তকঃ তথা রক্তঃ পুরুষঃ নিষ্পীড্য অবলাভিঃ বলাৎ পাদমূলে নিপদ্যতে ॥২৭॥

ইত্যেবং বিচার্য্য মন্ত্রিণমাহূয় পূর্ব্ববৃত্তান্তমকথয়ৎ। মন্ত্রিণাপি ৎসময়ে তচ্চিত্তানুকূলং যথা তথা ভণিতং ভো রাজন্ কস্য চেতসি াদৃগ্বিধমস্তি তৎ কেন জ্ঞায়তে সর্ব্বথা সত্যং ভবিতুমর্হত্যয়ং বৃত্তান্তঃ।

রাজ্ঞা ভণিতং ভো মন্ত্রিন্ যদি মম ত্বং প্রিয়স্তর্হি অমুং শারদা-দং মারয়। মন্ত্রিণাপি তথাস্ত্বিতি উক্ত্বা লোকানাং পুরতো ধৃতঃ ারদানন্দো বদ্ধশ্চ।

তস্মিন্ অবসরে শারদানন্দেন ভণিতং অহো রাজা ন কস্যাপি ায়ো ভবতীতি লোকোক্তিঃ সত্যা।

তাহাদের কথা সকল স্বল্প, সত্য ও নিতান্ত গৌরববিশিষ্ট হইলেও, কৃতী তাহা পালন করে, তাহাকে নিশ্চিতই লঘু হইতে হয় ॥ ২৬ ॥

রক্তবর্ণ অলক্তের ন্যায়, অনুরক্ত পুরুষকে নিষ্পীড়িত করিয়া, ইহারা দমূলে নিপাতিত করিয়া থাকে ॥ ২৭ ॥

এইপ্রকার বিচারপুরঃসর রাজা মন্ত্রীকে আহ্বান করিয়া, পূর্ব্ববৃত্তান্ত ালেন। মন্ত্রীও তৎকালে তদীয় চিত্তের অনুকূল বাক্য প্রয়োগ করিয়া ইলেন, রাজন্! কাহার মনে কি আছে, কে তাহা জানিতে পারে? বৃত্তান্ত সর্ব্বথা সত্য হইতে পারে।

রাজা কহিলেন, মন্ত্রিন্! যদি তুমি আমার প্রিয় হও, তাহা হইলে, শারদানন্দকে মারিয়া ফেল। তখন, মন্ত্রী, যে আজ্ঞা, বলিয়া, লোক লের সমক্ষে শারদানন্দকে ধরিয়া, বন্ধন করিলেন। সেই অবসরে রদানন্দ কহিলেন, আহা! রাজা কাহারও প্রিয় নহেন, এই যে লোক-বাদ প্রচলিত আছে, তাহা সত্য। তথাহি, শাস্ত্রে লিখিত আছে,

তথাহি

কোঽর্থান্ প্রাপ্য ন গর্ব্বিতো বিষয়িণঃ কস্যাপদোঽস্তং গতাঃ
স্ত্রীভিঃ কস্য ন খণ্ডিতং ভুবি মনঃ কো নাম রাজ্ঞাং প্রিয়ঃ।
কঃ কালস্য ন গোচরত্বমগমৎ কোঽর্থী গতো গৌরবং
কো বা দুর্জ্জনবাগুরাসু পতিতঃ ক্ষেমেণ যাতঃ পুমান্ ॥২৮॥

কঃ অর্থান্ প্রাপ্য গর্ব্বিতো ন বিষয়িণঃ কস্য আপদঃ অস্তং গতাঃ স্ত্রীভিঃ কস্য মনঃ খণ্ডিতং ন ভুবি কঃ নাম রাজ্ঞাং প্রিয়ঃ কঃ কালস্য গোচরত্বং ন অগমৎ কঃ অর্থী গৌরবং গতঃ কঃ পুমান্ বা দুর্জ্জনবাগুরাসু পতিতঃ ক্ষেমেণ যাতঃ ॥ ২৮ ॥

কাকে শৌচং দ্যূতকারে চ সত্যং
ক্লীবে শৌর্য্যং মদ্যপে তত্ত্বচিন্তা।
সর্পে ক্ষান্তিঃ স্ত্রীষু কামোপশান্তিঃ
রাজা মিত্রং কেন দৃষ্টং শ্রুতং বা ॥ ২৯ ॥

কাকে শৌচং দ্যূতকারে চ সত্যং ক্লীবে শৌর্য্যং মদ্যপে তত্ত্বচিন্তা সর্পে ক্ষান্তিঃ স্ত্রীষু কামোপশান্তিঃ রাজা মিত্রং কেন দৃষ্টং শ্রুতং বা ॥ ২৯ ॥

রাজা যস্মৈ ক্রুধ্যতি স শুচিরপ্যশুচির্ভবতি।

অর্থ প্রাপ্ত হইলে, কোন্ ব্যক্তি গর্ব্বিত না হয়? বিষয়ে আসক্ত হইলে, কোন্ ব্যক্তিরই বা বিপদ অস্তমিত হয়? স্ত্রীলোকের সংসর্গ থাকিলে, কোন্ ব্যক্তিরই বা মন খণ্ডিত না হয়? পৃথিবীমধ্যে কোন্ ব্যক্তিই বা রাজার প্রিয় হয়? কোন্ ব্যক্তিই বা মৃত্যুর ক্রোড়গত না হয়? যাচ্ঞা করিলে, কোন্ ব্যক্তিরই বা গৌরব সঞ্চিত হয়? দুর্জ্জনের ফাঁদে পতিত হইলে, কোন্-ব্যক্তিই বা অক্ষত পার প্রাপ্ত হয়? ॥ ২৮ ॥

কাকের শৌচ, দ্যূতকারের সত্য, ক্লীবের বীর্য্য, মদ্যপায়ীর তত্ত্বচিন্তা, সর্পের ক্ষমা, স্ত্রীলোকের কামনিবৃত্তি এবং রাজার মৈত্রী, কেহ কখন দেখে নাই এবং শুনেও নাই ॥ ২৯ ॥

রাজা যাহার প্রতি ক্রুদ্ধ হন, সে শুচি হইলেও, অশুচি হইয়া থাকে। তথাহি, বলিয়াছেন,

তথাচোক্তং
শুচিরশুচিঃ পটুরপটুঃ শূরো ভীরুশ্চিরায়ুরল্পায়ুঃ।
কুলজঃ কুলেন হীনো ভবতি নরো নরপতেঃ ক্রোধাৎ ॥ ৩০ ॥

শুচিঃ নরঃ নরপতেঃ ক্রোধাৎ অশুচিঃ পটুঃ অপটুঃ শূরঃ ভীরুঃ চিরায়ুরল্পায়ুঃ কুলজঃ কুলেন হীনঃ ভবতি ॥ ৩০ ॥

ততো মন্ত্রিণা বধ্যস্থানং প্রতি নীয়মানঃ শ্লোকমপঠৎ •
বনে রণে শত্রুজলাগ্নিমধ্যে মহার্ণবে পর্ব্বতমস্তকেষু।
সুপ্তং প্রমত্তং বিষমস্থিতং বা রক্ষন্তি পুণ্যানি পুরাকৃতানি॥৩১॥

পুরাকৃতানি পুণ্যানি বনে রণে শত্রুজলাগ্নিমধ্যে মহার্ণবে পর্ব্বতমস্তকেষু সুপ্তং প্রমত্তং বিষমস্থিতং বা রক্ষন্তি ॥ ৩১ ॥

মন্ত্রিণা স্বমনসি বিচারিতং অহো এতৎ সত্যং বা মিথ্যা বা কিমর্থং ব্রাহ্মণবধঃ ক্রিয়তে। মহদনুচিতমেতদিতি শারদানন্দমন্যৈঃ অজ্ঞাতং হ্যন্তর্ভবনং নীত্বা ভূগর্ভে নিক্ষিপ্য রাজানং প্রত্যাগত্য ভণিতং ভো রাজন্ অনুষ্ঠিতা তবাজ্ঞা। রাজ্ঞা সাধু কৃতমিতি ভণিতম্।

নরপতির ক্রোধে পতিত হইলে, শুচিও অশুচি হয়, পটুও অপটু হয়, শূরও ভীরু হয়, চিরায়ুও অল্পায়ু হয় এবং কুলীনও কুলহীন হইয়া থাকে ॥৩০॥

অনন্তর মন্ত্রী বধ্যস্থানে লইয়া গেলে, শারদানন্দ এই শ্লোক পাঠ করিলেন,

পূর্ব্বকৃত পুণ্য সকল বনে, রণে, শত্রু, জল ও অগ্নিমধ্যে, মহার্ণবে, পর্ব্বতমস্তকে, সুপ্তাবস্থায়, প্রমত্ত দশায় এবং বিষম অবস্থায় রক্ষা করিয়া থাকে ॥ ৩১ ॥

মন্ত্রী ঐ সময়ে আপনার মনে বিচার করিলেন, অহো, এই বৃত্তান্ত সত্যই হউক আর মিথ্যাই বা হউক, কিজন্য ব্রাহ্মণ বধ করিতেছি। ইহা নিতান্ত অনুচিত! এইপ্রকার বিচারানন্তর শারদানন্দকে অন্যের অজ্ঞাতে অন্তর্ভবনে লইয়া গিয়া, ভূগর্ভে নিক্ষেপ করিয়া, রাজাকে প্রত্যাবৃত্ত হইয়া, বলিলেন, রাজন্! আপনার আদেশ প্রতিপালন করিয়াছি। রাজা কহিলেন, ভালই করিয়াছ।

তদনন্তরমেকদা রাজকুমারঃ আখেটার্থং বনং প্রতি নির্গতঃ। নির্গমনসময়ে অপশকুনোঽভূৎ।

স যথা

অকালবৃষ্টিঃ শবসূতকঞ্চ নির্ঘাত উল্কাপতনং তথৈব।
ইত্যাদ্যনিষ্টানি ততো বভূবুর্নিবারণার্থং সুহৃদো বচশ্চ॥৩২॥

ততঃ অকালবৃষ্টিঃ শবসূতকং চ নির্ঘাত উল্কাপতনং তথা এব নিবারণার্থং সুহৃদঃ বচঃ চ ইত্যাদি অনিষ্টানি বভূবুঃ॥ ৩২॥

তস্মিন্নবসরে মন্ত্রিপুত্রেণ বুদ্ধিসাগরেণোক্তং ভো জয়পাল অদ্য আখেটং মা গচ্ছ মহানপশকুনো দৃশ্যতে। ততো জয়পালেনোক্তং অপশকুনস্য প্রতীতির্নাস্তি। তেনোক্তং ভো রাজকুমার বুদ্ধিমতা পুরুষেণানিষ্টোঽপশকুনঃ প্রত্যয়েন দ্রষ্টব্যঃ।

উক্তঞ্চ

ন বিষং ভক্ষয়েৎ প্রাজ্ঞো ন ক্রীড়েৎপন্নগৈঃ সহ।
ন নিন্দেৎ যোগিনাং বৃন্দং ব্রহ্মদ্বেষং ন কারয়েৎ॥ ৩৩॥

প্রাজ্ঞঃ বিষং ন ভক্ষয়েৎ পন্নগৈঃ সহ ন ক্রীড়েৎ যোগিনাং বৃন্দং ন নিন্দেৎ ব্রহ্মদ্বেষং ন কারয়েৎ॥ ৩৩॥

অনন্তর রাজকুমার একদা মৃগয়ার্থ অরণ্যের প্রতি নির্গত হইলে, ঐ সময়ে দুর্নিমিত্ত সকল প্রাদুর্ভূত হইল। যথা,—

অকালে বৃষ্টি হইতে লাগিল; বজ্রাঘাত, উল্কাপাত ও মৃতাশৌচ হইতে আরম্ভ করিল এবং সুহৃদ্গণ নিবারণার্থ অনুরোধ করিতে প্রবৃত্ত হইল। এইরূপ অনিষ্ট সকল ঘটিতে লাগিল॥ ৩২॥

এই অবসরে মন্ত্রীর পুত্র বুদ্ধিসাগর রাজকুমারকে সম্বোধন করিয়া কহিলেন, জয়পাল! অদ্য মৃগয়ার যাইবেন না। কেননা, ভয়াবহ দুর্নিমিত্ত সকল দৃষ্ট হইতেছে।

রাজকুমার কহিলেন, দুর্নিমিত্তে আমার বিশ্বাস নাই। উহা অলীক ঘটনা মাত্র।

মন্ত্রিকুমার কহিলেন, রাজকুমার! বুদ্ধিমান্ পুরুষমাত্রেই সকল লোকের অনভীষ্ট দুর্নিমিত্ত সকল বিশ্বাস সহকারে পর্য্যবেক্ষণ করিয়া থাকেন। শাস্ত্রেও বলিয়াছেন,

প্রাজ্ঞ পুরুষ বিষ ভক্ষণ করিবে না, পন্নগের সহিত ক্রীড়া করিবে না, যোগীদিগকে নিন্দা করিবে না এবং ব্রাহ্মণের প্রতি দ্বেষ করিবে না॥ ৩৩॥

ইতি তেন নিবারিতোঽপি তদ্বচনমনাদৃত্য রাজপুত্রো নির্গতঃ। পুনর্নির্গমনসময়ে তেন ভণিতং ভো জয়পাল তব বিনাশকালঃ সমায়াতঃ অন্যথৈবং বুদ্ধির্নোৎপদ্যতে।

তথাচোক্তং

নীতা ন কেনাপি ন দৃষ্টপূর্ব্বা ন শ্রূয়তে হেমময়ী কুরঙ্গী।
তথাপি তৃষ্ণা রঘুনন্দনস্য বিনাশকালে বিপরীতবুদ্ধিঃ ॥৩৪॥

কেন অপি হেমময়ী কুরঙ্গী ন নীতা দৃষ্টপূর্ব্বা ন শ্রূয়তে ন তথাপি রঘুনন্দনস্য তৃষ্ণা বিনাশ-কালে বিপরীতবুদ্ধিঃ ॥ ৩৪ ॥

উপার্জ্জিতানাং কর্ম্মণামুপভোগং বিনা কথং বিনাশঃ স্যাৎ।

সদ্ভাবো নাস্তি বেশ্যানাং স্থিরতা নাস্তি সম্পদাম্।
বিবেকো নাস্তি মূর্খাণাং বিনাশো নাস্তি কর্ম্মণাম্ ॥ ৩৫ ॥

উপার্জ্জিতানাং কর্ম্মণাং উপভোগং বিনা কথং বিনাশঃ স্যাৎ বেশ্যানাং সদ্ভাবঃ নাস্তি সম্পদাং স্থিরতা নাস্তি মূর্খাণাং বিবেকঃ নাস্তি কর্ম্মণাং বিনাশঃ নাস্তি ॥ ৩৫ ॥

ততো রাজকুমারো বনং গত্বা বহূন্ শ্বাপদান্ ব্যাপাদ্য কৃষ্ণ-সারং দৃষ্ট্বা তদনুগতো মহদরণ্যং প্রবিষ্টো যাবৎ পশ্যতি তাবৎ

মন্ত্রিপুত্র এইপ্রকার বাগ্‌বিন্যাস সহকারে নিবারণ করিলেও, রাজপুত্র তাহাতে কর্ণপাত না করিয়া, বহির্গত হইলেন। পুনরায় নির্গমনসময়ে মন্ত্রিনন্দন কহিলেন, জয়পাল! আপনার বিনাশকাল সমাগত হইয়াছে। তাহা না হইলে, এরূপ বুদ্ধির উদয় হইবে কেন? তথাহি বলিয়াছেন,

বিনাশকাল উপস্থিত হইলে, বিপরীত বুদ্ধি হইয়া থাকে। দেখ, স্বর্ণের হরিণী কখন কেহ দেখে নাই, শুনে নাই এবং আনেও নাই। তথাপি, রঘুনন্দন রাম তাহাতে স্পৃহয়ালু হইলেন ॥ ৩৪ ॥

উপার্জ্জিত কর্ম্ম সকলের উপভোগ ব্যতিরেকে কিরূপেই বা ক্ষয় হইতে পারে? তথাহি,

বেশ্যার সদ্‌ভাব নাই, সম্পদের স্থায়িত্ব নাই, মূর্খের বিচারজ্ঞান নাই এবং কর্ম্ম সকলেরও বিনাশ নাই ॥ ৩৫ ॥

অনন্তর রাজকুমার অরণ্যে উপনীত হইয়া, বহুবিধ-শ্বাপদ-সংহার-পুরঃ-

সর্ব্বোঽপি সৈন্যবর্গো নগরমার্গে লগ্নঃ। কৃষ্ণসারোঽপি তত্রাদৃশ্যো জাতঃ। স্বয়মেকাকী তুরগারূঢ়ঃ সরোবরস্য অগ্রে বনমপশ্যৎ। তত্রাশ্বাদবতীর্ণো বৃক্ষশাখায়ামশ্বং নিবধ্য জলপানং বিধায় যাবদ্‌-বৃক্ষাধস্থক্ষমায়ামুপবিশতি তাবদতিভয়ঙ্করঃ কশ্চিদ্‌ব্যাঘ্রঃ সমাগতঃ। তং ব্যাঘ্রং দৃষ্ট্বাশ্বো বন্ধনং ত্রোটয়িত্বা পলায়মানো নগর-মার্গমগমৎ। রাজকুমারোঽপি ভয়াদ্বেপমানঃ শাখামালম্ব্য বৃক্ষ-মারূঢ়ঃ। পূর্ব্বারূঢ়ং ভল্লূকং দৃষ্ট্বা পুনরত্যন্তং ভয়ং প্রাপ্তঃ। অথ তেন ভল্লূকেন ভণিতং ভো রাজকুমার ত্বং মা ভৈষীঃ। অদ্য মম শরণাগতস্ত্বং অতএবাহং কিমপ্যনিষ্টং ন করিষ্যামি মাং বিশ্বস্য ব্যাঘ্রাদপি ন ভেতব্যম্‌। রাজকুমারেণ ভণিতং ভো ঋক্ষরাজ অহং তব শরণাগতঃ। বিশেষতো ভয়ভীতঃ। অতো মহৎ পুণ্যং শরণাগতরক্ষণাৎ ভবতি।

সর কৃষ্ণসারদর্শনে তাহার অনুসরণক্রমে যাবৎ মহাবনে প্রবেশ করিয়া দেখিলেন, তাবৎ সমুদায় সৈন্যবর্গ নগরগমনের পথে সংসক্ত হইল। এদিকে, কৃষ্ণসারও তথায় অদৃশ্য হইয়া গেল। তখন তিনি স্বয়ং একাকী তুরগা-রোহণে গমন করিয়া, সরোবরের সম্মুখভাগে অরণ্যানী অবলোকন করি-লেন। তথায় অশ্ব হইতে অবতরণ করিয়া, বৃক্ষশাখায় অশ্বকে বন্ধন ও জলপান পূর্ব্বক যাবৎ বৃক্ষের অধস্থ ভূমিতে উপবেশন করিলেন, তাবৎ অতি ভয়ঙ্কর এক ব্যাঘ্র তথায় সমাগত হইল। অশ্ব সেই ব্যাঘ্র দর্শনে বন্ধন ছেদন করিয়া, পলায়মান হইয়া, নগরমার্গে গমন করিল। রাজকুমারও ভয়বশতঃ কম্পমান কলেবরে শাখা অবলম্বন করিয়া, বৃক্ষে আরোহণ করিলেন। এক ভল্লূক তাহার পূর্ব্বে ঐ বৃক্ষে আরোহণ করিয়াছিল। তাহাকে দেখিয়া, তিনি পুনরায় অত্যন্ত ভয়প্রাপ্ত হইলেন। তখন ভল্লূক তাঁহাকে কহিল, রাজকুমার! আপনার ভয় নাই। অদ্য আপনি আমার শরণাগত হইয়াছেন। অতএব আমি আপনার কোনরূপ অনিষ্ট করিব না। আমাকে বিশ্বাস করিয়া, ব্যাঘ্রের ভয় পরিহার করুন। রাজকুমার কহিলেন, ঋক্ষরাজ! আমি তোমার শরণাগত; বিশেষতঃ, ভয়গ্রস্ত হই-য়াছি। অতএব শরণাগতরক্ষণজন্য তোমার মহৎ পুণ্য সম্পন্ন হইবে।

একতঃ ক্রতবঃ সর্ব্বে সহস্রবরদক্ষিণাঃ।
একতো ভয়ভীতানাং প্রাণিনাং প্রাণরক্ষণম্ ॥ ৩৬ ॥

সহস্রবরদক্ষিণাঃ সর্ব্বে ক্রতবঃ একতঃ ভয়ভীতানাং প্রাণিনাং প্রাণরক্ষণং একতঃ ॥ ৩৬ ॥

তদা ভল্লূকেন সমাশ্বাসিতো রাজপুত্রঃ। ব্যাঘ্রোঽপি বৃক্ষাধঃ সমায়াতঃ। ততঃ সূর্য্যোঽপ্যস্তঙ্গতঃ। রাত্রাবতিশ্রান্তঃ রাজপুত্রঃ যাবৎ নিদ্রাং সমায়াতি বৃক্ষাধঃ পতিষ্যসি এহি মমাঙ্গে নিদ্রাং কুরু এবমুক্তস্য ভল্লূকস্যাঙ্কে নিদ্রাঙ্গতঃ রাজপুত্রঃ। তদা ব্যাঘ্রো বদতি ভো ভল্লূক অয়ং গ্রামবাসী পুনরপি মৃগয়য়াস্মান্ নিহনিষ্যতি শত্রুরয়ং কিমর্থমঙ্কে নিবেশিতঃ। যতোঽয়ং মানুষঃ।

উক্তঞ্চ

মানুষেষু কৃতং নাস্তি তির্য্যগ্‌যোনিষু যৎ কৃতম্।
ব্যাঘ্রবানরসর্পাণাং ভাষিতং ন কৃতং তথা ॥ ৩৭ ॥

তির্য্যগযোনিষু যৎ কৃতং মানুষেষু তৎ কৃতং নাস্তি তথা ব্যাঘ্রবানরসর্পাণাং ভাষিতং ন কৃতম্ ॥ ৩৭ ॥

এক দিকে সহস্র সহস্র উৎকৃষ্ট-দক্ষিণাসহকৃত সমুদায় যজ্ঞ; অন্য দিকে ভয়ভীত প্রাণিগণের প্রাণরক্ষণ; উভয়ই সমান ॥ ৩৬ ॥

তখন ভল্লূক রাজকুমারকে বিশেষরূপে আশ্বস্ত করিল। ব্যাঘ্রও বৃক্ষের অধোদেশে সমাগত হইল। এদিকে, সূর্য্যও অস্তগমন করিলেন। রাত্রি উপস্থিত হইলে, ভল্লূক অতিমাত্রপরিশ্রান্ত রাজকুমারকে কহিল, তুমি যেমন নিদ্রা যাইবে, বৃক্ষের অধোদেশে পতিত হইবে। অতএব আইস, আমার ক্রোড়ে নিদ্রা যাও। এই কথা বলিলে, রাজনন্দন তাহার ক্রোড়ে নিদ্রা গেলেন।

তদ্দর্শনে ব্যাঘ্র বলিতে লাগিল, অহে ভল্লূক! এই ব্যক্তি গ্রামবাসী। পুনরায় মৃগয়ায় আসিয়া, আমাদিগকে সংহার করিতে পারে। তবে, তুমি কিজন্য এই শত্রুকে অঙ্কে স্থান দিয়াছ? দেখ, এ ব্যক্তি মানুষ। তথাহি, বলিয়াছেন,

পশুপক্ষী প্রভৃতি ইতর প্রাণীরা যাহা করে, অথবা, ইহাদের যে সত্য বা ধর্ম্ম আছে, মানুষ তাহা করে না বা মানুষে সে সত্য নাই ॥ ৩৭ ॥

ত্বয়োপকৃতোঽপ্যয়মপকারমেব করিষ্যতি তস্মাদমুমধঃ পাতয়। অহমেনং ভক্ষয়িত্বা সুখেন গমিষ্যামি। ত্বমপি নিজাশ্রমঙ্গচ্ছ। ভল্লূকেনোক্তং অয়ং যাদৃশোঽপি ভবতু পরং মম শরণাগতঃ অমুং ন পাতয়িষ্যামি। শরণাগতমারণে মহৎ পাপম্।

বিশ্বাসঘাতকাশ্চৈব শরণাগতঘাতকাঃ।
বসন্তি নরকে ঘোরে যাবদাহূতসংপ্লবম্॥ ৩৮॥

বিশ্বাসঘাতকাঃ শরণাগতঘাতকাঃ চ এব যাবৎ আহূতসংপ্লবং ঘোরে নরকে বসন্তি॥ ৩৮॥

তদনন্তরং রাজপুত্রো বিনিদ্রো জাতঃ। ভল্লূকেনোক্তং ভো রাজকুমার অহং ক্ষণং নিদ্রাং করিষ্যামি। ত্বমপ্রমত্তঃ তিষ্ঠ। তেনোক্তং তথা ভবতু। ততো ভল্লূকো রাজপুত্রসমীপে নিদ্রাঙ্গতঃ। তদা ব্যাঘ্রেণোক্তং ভো রাজকুমার ত্বমস্য বিশ্বাসং মা কুরু যতোঽয়ং নখায়ুধঃ।

তুমি ইহার উপকার করিলে; এ ব্যক্তি কিন্তু তোমার অপকার করিবে। এ বিষয় স্থির সিদ্ধান্ত। অতএব ইহাকে বৃক্ষের তলে ফেলিয়া দাও। আমি ভক্ষণ করিয়া, সুখে গমন করি। তুমিও আপন আশ্রমে যাও।

ভল্লূক বলিল, এ ব্যক্তি যেরূপই হউক না কেন, আমার শরণাপন্ন হইয়াছে। অতএব ইহাকে ফেলিয়া দিতে পারিব না। শরণাগত মারিলে, মহাপাতকস্পর্শ হইয়া থাকে।

যাহারা বিশ্বাসঘাতক এবং যাহারা শরণাগতসংহারক, তাহারা উভয়েই মহাপ্রলয়পর্য্যন্ত ঘোর নরকে বাস করিয়া থাকে॥ ৩৮॥

অনন্তর রাজপুত্র জাগরিত হইলেন। তখন ভল্লূক তাঁহাকে কহিল, রাজকুমার! আমি ক্ষণকাল নিদ্রা যাইব। আপনি সাবধানে থাকুন। রাজকুমার কহিলেন, আচ্ছা, তুমি নিদ্রা যাও।

অনন্তর ভল্লূক রাজপুত্রের সমীপদেশে নিদ্রা গেলে, ব্যাঘ্র তাঁহাকে সম্বোধন করিয়া কহিল, অহে রাজকুমার! তুমি এই ভল্লূককে বিশ্বাস করিও না। যেহেতু, এ নখায়ুধ।

উক্তঞ্চ -

নখিনাঞ্চ নদীনাঞ্চ শৃঙ্গিণাং শস্ত্রধারিণাম্।
বিশ্বাসো নৈব কর্ত্তব্যঃ স্ত্রীষু রাজকুলেষু চ ॥ ৩৯ ॥

নখিনাং চ নদীনাং চ শৃঙ্গিণাং শস্ত্রধারিণাং স্ত্রীষু রাজকুলেষু চ বিশ্বাসঃ এব কর্ত্তব্যঃ ন ॥৩৯॥

অয়ং চ চলচিত্তো দৃশ্যতে। তস্মাদস্য প্রসাদোঽপি ভয়ঙ্কর এব।

ক্ষণং তুষ্টাঃ ক্ষণং রুষ্টা রুষ্টাস্তুষ্টাঃ ক্ষণে ক্ষণে।
অব্যবস্থিতচিত্তানাং প্রসাদোঽপি ভয়ঙ্করঃ ॥ ৪০ ॥

ক্ষণং তুষ্টাঃ ক্ষণং রুষ্টাঃ ক্ষণে ক্ষণে রুষ্টাঃ তুষ্টাঃ চ অব্যবস্থিতচিত্তানাং প্রসাদঃ অপি ভয়ঙ্করঃ ॥ ৪০ ॥

অয়ং ত্বাং মত্তো রক্ষিত্বা স্বয়মত্তুমিচ্ছতি। অতস্ত্বমমুং ভল্লূকমধঃ পাতয় অহমেনং ভক্ষয়িত্বা গমিষ্যামি। ত্বমপি নিজ নগরঙ্গচ্ছ। তৎ শ্রুত্বা রাজপুত্রো যাবৎ তমধঃ পাতয়তি তাবদ্ভল্লূকো বৃক্ষাৎ পতনমন্তরা শাখামন্যামবলম্বিতবান্। পুনস্তং দৃষ্ট্বা রাজপুত্রো ভয়-

---

তথাহি, বলিয়াছেন,

নখায়ুধ, নদী, শৃঙ্গধারী, শস্ত্রপাণি, স্ত্রী ও রাজকুল, ইহাদের বিশ্বাস করিতে নাই ॥ ৩৯ ॥

এই ভল্লূক আবার চঞ্চলচিত্ত, দেখিতে পাওয়া যাইতেছে। অতএব, ইহার প্রসাদও ভয়ঙ্কর।

যাহাদের চিত্ত অব্যবস্থিত, তাহাদেব প্রসাদও ভয় সমুদ্ভাবন করে। কেননা, তাহারা ক্ষণে তুষ্ট, ক্ষণে রুষ্ট এবং ক্ষণে ক্ষণে রুষ্ট ও তুষ্ট হইয়া থাকে ॥ ৪০ ॥

এই ভল্লূক তোমাকে আমার হস্তে রক্ষা করিয়া, স্বয়ং ভক্ষণ করিতে উৎসুক হইয়াছে। অতএব তুমি ইহাকে এই তলদেশে নিপাতিত কর। আমি ইহাকে ভক্ষণ করিয়া, গমন করিব। তুমিও নিজ নগরে গমন কর। রাজপুত্র এই কথা শুনিয়া, ভল্লূককে যেমন অধঃপাতিত করিলেন, তৎক্ষণাৎ সে বৃক্ষ হইতে না পড়িয়া গিয়া, অন্য শাখা ধরিয়া ফেলিল। দর্শনে রাজনন্দনের অন্তঃকরণে পুনরপি ভয়ের সঞ্চার হইল।

মাপ। ভল্লুকোঽপ্যবদৎ ভো পাপিষ্ঠ কিমর্থং বিভেষি যৎ পুরার্জ্জিতং কর্ম্ম তৎ ত্বয়া ভোক্তব্যমস্তি। তর্হি ত্বং সসেমিরেতি বদন্ পিশাচো ভব ইতি শাপং দত্তবান্। ততঃ প্রভাতমাসীৎ। ব্যাঘ্রস্তস্মাৎ স্থানাৎ নির্গতঃ। ভল্লূকোঽপি রাজকুমারং শপ্ত্বা নিজস্থানমগাৎ। রাজকুমারোঽপি সসেমিরেতি বদন্ পিশাচো ভূত্বা বনং পরিভ্রমতি স্ম। রাজপুত্রস্য তুরঙ্গো রাজপুত্রেণ শূন্যো নগরমগমৎ। জনাঃ অশ্বং শূন্যং দৃষ্ট্বা রাজ্ঞোঽগ্রে কেবলমাগতমশ্বমাচখ্যুঃ। ততো রাজা মন্ত্রিণমাহূয় ভণতি স্ম ভো মন্ত্রিন্ যদা কুমারো মৃগয়ার্থং বনং প্রতি নির্গতঃ তদা মহানপশকুন আসীৎ। তমুল্লঙ্ঘ্য নির্গতস্তস্য প্রত্যয়ো জাতঃ তেনারূঢোঽশ্বঃ শূন্যঃ সন্ বনাদাগতঃ। অতস্তন্মার্গণার্থং বনং প্রতি গমিষ্যামঃ। তেনোক্তং দেব তথা কর্ত্ত-

---

তখন ভল্লূকও তাহাঁকে কহিল, রে পাপিষ্ঠ! কিজন্য ভয় পাইতেছিস্? পুরাকৃত কর্ম্মের ফল তোমাকে অবশ্যই ভোগ করিতে হইবে। এক্ষণে, সেই কর্ম্মবলে, পিশাচ হও এবং সর্ব্বদা সসেমিরা, এইরূপ বাক্য প্রয়োগ কর। এই বলিয়া, ভল্লূক তাঁহাকে অভিশপ্ত করিল।

অনন্তর রাত্রি প্রভাত হইল। তখন ব্যাঘ্র তথা হইতে চলিয়া গেল। ভল্লূকও রাজকুমারকে শাপ দিয়া, নিজস্থানে প্রস্থান করিল। এ দিকে, রাজকুমারও পিশাচ হইয়া, বনমধ্যে পরিভ্রমণ করিতে লাগিলেন। তাঁহার মুখে, সসেমিরা ভিন্ন আর কোন কথাই নাই। ঐ সময়ে রাজপুত্রের তুরঙ্গ রাজপুত্রশূন্য হইয়া, নগরে গমন করিলে, লোক সকল শূন্য অশ্ব দর্শন করিয়া, রাজার নিকটে গিয়া কহিল, অশ্ব কেবল একাকী আসিয়াছে। তখন রাজা মন্ত্রীকে আহ্বান করিয়া কহিলেন, মন্ত্রিন্! যে সময় কুমার মৃগয়ার্থ অরণ্যের উদ্দেশে নির্গত হয়েন, তৎকালে ভয়ঙ্কর দুর্নিমিত্ত সকল সংঘটিত হইয়াছিল। কিন্তু তিনি তাহা লঙ্ঘন করিয়া, গৃহের বাহির হন। তাহার প্রমাণ পাওয়া গিয়াছে। দেখ, তাঁহার আরূঢ় অশ্ব শূন্যাবস্থায় বন হইতে আগমন করিয়াছে। অতএব তাঁহার অন্বেষণার্থ অরণ্যে গমন করিব।

ব্যম্। ততো রাজা মন্ত্রিণা পরিবারেণ চ সহ যেন মার্গেণ স গতঃ তেনৈব মার্গেণ বনঙ্গতঃ। বনমধ্যে পরিভ্রমন্তং সসেমিরা ইতি বদন্তং পিশাচীভূতং দৃষ্ট্বা মহাশোকসাগরে নিমগ্নস্তমাদায় স্বপুরমগমৎ। মণিমন্ত্রৌষধজ্ঞান্ আহূয় তৈশ্চিকিৎসিতোঽপি ন স্বস্থো বভূব। তস্মিন্নবসরে রাজা মন্ত্রিণমবদৎ ভো মন্ত্রিন্ অস্মিন্নবসরে শারদানন্দশ্চেদতিষ্ঠৎ তর্হি ক্ষণমাত্রেণামুমচিকিৎসৎ। স ময়া মারিতঃ। পুরুষেণ যৎ কার্য্যং ক্রিয়তে তদ্বিচার্য্যৈব কর্ত্তব্যম্। অন্যথা পরমাপদঃ সম্ভবন্তি।

উক্তঞ্চ

সহসা বিদধীত ন ক্রিয়ামবিবেকঃ পরমাপদাং পদম্।
বৃণতে হি বিমৃশ্যকারিণং গুণলুব্ধাঃ স্বয়মেব সম্পদঃ ॥৪১॥

সহসা ক্রিয়াং ন বিদধীত অবিবেকঃ পরমাপদাং পদং গুণলুব্ধাঃ সম্পদঃ স্বয়ং এব বিমৃশ্যকারিণং বৃণতে হি ॥ ৪১ ॥

মন্ত্রী কহিলেন, দেব! তাহাই করা হউক। তখন রাজা মন্ত্রী ও পরিবারসহ, যে পথে রাজকুমার গমন করিয়াছিলেন, সেই পথেই অরণ্যে যাত্রা করিলেন। তথায় গিয়া দেখিলেন, রাজকুমার পিশাচযোনি প্রাপ্ত হইয়া, সসেমিরা বলিতে বলিতে, বনমধ্যে ঘুরিয়া বেড়াইতেছেন। তদ্দর্শনে রাজা মহাশোকসাগরে নিমগ্ন হইয়া, তাহাঁরে লইয়া, স্বপুরে সমাগত হইলেন এবং মণি মন্ত্র ও ঔষধজ্ঞ ব্যক্তিদিগকে আহ্বান করিয়া, তাঁহার চিকিৎসা করাইতে লাগিলেন। কিন্তু তিনি সুস্থ হইলেন না।

এই অবসরে রাজা মন্ত্রীকে কহিলেন, মন্ত্রিন্! এই সময়ে শারদানন্দ যদি থাকিতেন, তাহা হইলে, তিনি ক্ষণমাত্রেই ইহার চিকিৎসা করিতেন। আমি তাঁহাকে হত্যা করিয়াছি। পুরুষ যে কার্য্য করে, বিচার করিয়াই করিবে। নতুবা, মহাবিপদে পড়িতে হয়। শাস্ত্রেও বলিয়াছেন,

সহসা কোন কার্য্য করিবে না। যেহেতু, অবিবেক পরম আপদের স্থান। যে ব্যক্তি বিশেষ বিবেচনা করিয়া, শুভকার্য্যে প্রবৃত্ত হয়, সম্পদ সকল স্বয়ংই তাহাকে বরণ করে। যেহেতু, তাহারা একমাত্র গুণেরই পক্ষপাতী ॥ ৪১ ॥

অপরীক্ষ্য ন কর্ত্তব্যং কর্ত্তব্যং চ পরীক্ষিতম্।
পশ্চাদ্ভবতি সন্তাপো ব্রাহ্মণী লগুড়ং যথা ॥ ৪২ ॥

অপরীক্ষ্য ন কর্ত্তব্যং পরীক্ষিতং কর্ত্তব্যং চ ব্রাহ্মণী লগুড়ং যথা পশ্চাৎ সন্তাপঃ ভবতি ॥৪২॥

তস্মিন্নবসরে কোঽপি নিবারকো নাসীৎ। মন্ত্রিণোক্তং স সময়স্তথৈব স্থিতঃ। যাদৃশং ভবিতব্যঞ্চ তাদৃশী বুদ্ধিরপি জাতা। উক্তঞ্চ

আশা সম্পদ্যতে বুদ্ধিঃ সা মতিঃ সা চ ভাবনা।
সহায়াস্তাদৃশা জ্ঞেয়া যাদৃশী ভবিতব্যতা ॥ ৪৩ ॥

ভবিতব্যতা যাদৃশী আশা বুদ্ধিঃ সা মতিঃ সা চ ভাবনা সম্পদ্যতে সহায়াঃ তাদৃশাঃ জ্ঞেয়াঃ ॥৪৩॥

ন হি ভবতি যন্ন ভব্যং ভবতি চ ভব্যং বিনা প্রযত্নেন।
করতলগতমপি নশ্যতি যস্য হি ভবিতব্যতা নাস্তি ॥ ৪৪ ॥

যৎ ন ভব্যং ভবতি চ ন হি ভব্যং প্রযত্নেন বিনা ভবতি যস্য ভবিতব্যতা নাস্তি হি তস্য করতলগতং অপি নশ্যতি ॥ ৪৪ ॥

রাজ্ঞোক্তং তৎ কর্ম্মানুসারেণাভূৎ। ইদানীমস্য বিষয়ে মহা-

পরীক্ষা না করিয়া, কার্য্য করিবে না; পরীক্ষিত বিষয়েই প্রবৃত্ত হইবে। নতুবা, পশ্চাৎ তাপে তাপিত হইতে হয়। এ বিষয়ে ব্রাহ্মণী ও লগুড় দৃষ্টান্ত ॥ ৪২ ॥

আমি যখন শারদানন্দকে সংহার করি, সে সময়ে কেহই আমাকে নিবারণ করে নাই।

মন্ত্রী কহিলেন, সে সময় সেইরূপই ছিল। যাদৃশী ভবিতব্যতা, তাদৃশী বুদ্ধিই জন্মিয়া থাকে। তথাহি, বলিয়াছেন,

আশা, বুদ্ধি, মতি, ভাবনা ও সহায় সমস্তই ভবিতব্যতার অনুযায়ী হইয়া থাকে ॥ ৪৩ ॥

যাহা হবার নয়, তাহা কখন হয় না; কিন্তু যাহা হবার হয়, তাহা বিনা প্রযত্নেই হইয়া থাকে। যাহার ভবিতব্যতা নাই, তাহার করতলগত বস্তুও বিনষ্ট হয় ॥ ৪৪ ॥

রাজা কহিলেন, আমার কর্ম্মানুসারেই সেইরূপ ঘটিয়াছে। ইদানীং রাজকুমারের বিষয়ে নিরতিশয় প্রযত্ন করা কর্ত্তব্য।

প্রযত্নঃ কর্ত্তব্যঃ। মন্ত্রিণোক্তং কথম্। রাজাব্রবীৎ যঃ কোঽপ্যস্য পুত্রস্য চিকিৎসাং করিষ্যতি তস্যার্দ্ধং রাজ্যং দীয়ত ইতি মে ঘোষঃ প্রদাতব্যঃ। মন্ত্রিণাপি তথা কারয়িত্বা স্বভবনমাগত্য শারদানন্দাগ্রে সর্ব্বমপি বৃত্তান্তমকথয়ৎ। তৎ সর্ব্বং শ্রুত্বা শারদানন্দেন ভণিতং ভো মন্ত্রিন্ রাজ্ঞোঽগ্রে নিরূপয় যৎ মম কাপি কন্যা বর্ত্ততে। তস্যা দর্শনমস্য কার্য্যং সা কমপ্যুপায়ং করিষ্যতি। তচ্ছ্রুত্বা রাজ্ঞোঽগ্রে মন্ত্রিণা তথৈব কথিতম্। ততো রাজা সর্ব্বসভাসহিতো মন্ত্রিমন্দিরমাগত্যোপবিষ্টঃ। তদা রাজপুত্রোঽপি সসেমিরা ইতি বদন্নুপবিষ্টঃ। তচ্ছ্রুত্বা যবনিকান্তঃস্থিতেন শারদানন্দেন পদ্যান্যেতানি ভণিতানি

সদ্ভাবপ্রতিপন্নানাং বঞ্চনে কা বিদগ্ধতা।
অঙ্কমারুহ্য সুপ্তানাং হন্তুঃ কিং নাম পৌরুষম্॥ ৪৫॥

সদ্ভাবপ্রতিপন্নানাং বঞ্চনে কা বিদগ্ধতা অঙ্কং আরুহ্য সুপ্তানাং হন্তুঃ পৌরুষং কিং নাম॥৪৫॥

মন্ত্রী কহিলেন, কিরূপ?

রাজা কহিলেন, যে কেহ আমার এই পুত্রের চিকিৎসা করিবে, তাহাকে রাজ্যার্দ্ধ দেওয়া যাইবে, এইরূপ ঘোষণা প্রদান করা হউক।

মন্ত্রীও সর্ব্বত্র ঐরূপ ঘোষণা দিয়া, স্বভবনে আসিয়া, শারদানন্দের সমক্ষে সমুদয় বৃত্তান্ত বর্ণন করিলেন।

শারদানন্দ সমুদায় শুনিয়া কহিলেন, মন্ত্রিন্! রাজার সমক্ষে গিয়া বল, আমার এক কন্যা আছে। এই রাজকুমারকে লইয়া গিয়া, তাহাঁকে দেখাইতে হইবে। তাহা হইলে, সেই কন্যা কোনরূপ উপায় করিবে।

মন্ত্রী এই কথা শুনিয়া, রাজার সমক্ষে আসিয়া, সেইরূপই বলিলেন। তখন রাজা সমুদায় সভা সহিত মন্ত্রির মন্দিরে আগমনপূর্ব্বক উপবেশন করিলেন। রাজপুত্রও সসেমিরাবাক্য প্রয়োগ করত, উপবিষ্ট হইলেন। ইহা শ্রবণ করিয়া, শারদানন্দ যবনিকার অন্তরালে থাকিয়া, নিম্নলিখিত পদ্য সকল পাঠ করিতে লাগিলেন,

সদ্ভাবযুক্ত ব্যক্তিদিগকে বঞ্চনা করিয়া, কি বিশেষ বিজ্ঞতা বা চতুরতাই

তৎ পদ্যং শ্রুত্বা চতুর্ণামক্ষরাণাং মধ্যে এক[illegible]ত্যক্তম্।

পুনর্দ্বিতীয়ং পদ্যমপঠৎ

সেতুং গত্বা সমুদ্রস্য গঙ্গাসাগরসঙ্গমম্।
ব্রহ্মহত্যা প্রমুচ্যেত মিত্রদ্রোহী ন মুচ্যতে॥ ৪৬॥

সমুদ্রস্য সেতুং গঙ্গাসাগরসঙ্গমং গত্বা ব্রহ্মহত্যা প্রমুচ্যেত মিত্রদ্রোহী মুচ্যতে ন॥ ৪৬॥

তৎ পদ্যং শ্রুত্বা অক্ষরদ্বয়ং পরিত্যক্তম্।

ততস্তৃতীয়ং পদ্যমপঠৎ

মিত্রদ্রোহী কৃতঘ্নশ্চ যশ্চ বিশ্বাসঘাতকঃ।
ত্রয়স্তে নরকং যান্তি যাবদাহূতসংপ্লবম্॥ ৪৭॥

মিত্রদ্রোহী কৃতঘ্নঃ চ যঃ চ বিশ্বাসঘাতকঃ ত্রয়ঃ তে যাবদাহূতসংপ্লবং নরকং যান্তি॥ ৪৭॥

কেননা, তাহারা সরল চিত্তে মন প্রাণ সমস্তই সমর্পণ করিয়া থাকে। আবার, যাহারা ক্রোড়ে শয়ন করিয়া নিদ্রা যায়, তাহাদিগকেও বধ করিলেই বা কি পৌরুষপ্রতিপত্তি হইয়া থাকে? কেননা, তাহাদিগকেত বিনা আয়াসেই বধ করা যাইতে পারে॥ ৪৫॥

এই পদ্য শ্রবণ করিয়া, রাজকুমারের মুখে চারিটী অক্ষরের মধ্যে অর্থাৎ, স, সে, মি, রা, এই কয়টীর মধ্যে একটী অর্থাৎ স, এই অক্ষর ছাড়িয়া গেল। তখন তিনি সসেমিরা ছাড়িয়া, সেমিরা বলিতে লাগিলেন।

অনন্তর দ্বিতীয় পদ্য পঠিত হইল, যথা,—

সেতুবন্ধ রামেশ্বর ও গঙ্গাসাগরসঙ্গম এই উভয় স্থলে গমন করিলে, ব্রহ্মহত্যার পাতকমোচন হয়; কিন্তু মিত্রদ্রোহ-পাপে পরিহার হয় না॥ ৪৬॥

এই পদ্য শুনিয়া, অক্ষরদ্বয় পরিত্যক্ত হইল, অর্থাৎ রাজকুমার সসে, এই দুই অক্ষর ছাড়িয়া, কেবল মিরা বলিতে লাগিলেন।

অনন্তর শারদানন্দ তৃতীয় পদ্য পাঠ করিলেন। যথা,—

মিত্রদ্রোহী, কৃতঘ্ন ও বিশ্বাসঘাতক, এই তিন জন যাবৎপ্রলয় নরক-ভোগ করিয়া থাকে॥ ৪৭॥

এই পদ্য পঠিত হইলে, তৃতীয় অক্ষর অর্থাৎ মি স্খলিত হইল। অর্থাৎ, রাজকুমার কেবল, রা, এই শব্দ প্রয়োগ করিতে লাগিলেন।

ততএকমেবাক্ষরমতিষ্ঠৎ। তদনন্তরং চতুর্থং পদ্যমপঠৎ

রাজন্ ভো তব পুত্রস্য যদি কল্যাণমিচ্ছসি।

দেহি দানং দ্বিজাতিভ্যো দেবতারাধনং কুরু ॥ ৪৮ ॥

ভো রাজন্ তব পুত্রস্য যদি কল্যাণং ইচ্ছসি দ্বিজাতিভ্যঃ দানং দেহি দেবতারাধনং কুরু ॥৪৮॥

এবমুক্তবতি শারদানন্দে রাজপুত্রঃ স্বস্থঃ সাবধানশ্চাভবৎ। ততঃ পিতুরগ্রে ভল্লূকস্য পূর্ব্ববৃত্তান্তমকথয়ৎ। তচ্ছ্রুত্বা রাজাব্রবীৎ

গ্রামে বসসি কৌমারি অটব্যাং নৈব গচ্ছসি।

ঋক্ষভল্লূকব্যাঘ্রাণাং কথং জানাসি ভাষিতম্ ॥ ৪৯ ॥

কৌমারি গ্রামে বসসি অটব্যাং ন এব গচ্ছসি ঋক্ষভল্লূকব্যাঘ্রাণাং ভাষিতং কথং জানাসি ॥ ৪৯ ॥

তদা যবনিকান্তঃস্থিতেন শারদানন্দেন ভণিতং

দেবদ্বিজপ্রসাদেন জিহ্বাং বসতি শারদা।*

তেনাহমবগচ্ছামি ‡ ভানুমত্যাস্তিলং যথা ॥ ৫০ ॥

শারদা দেবদ্বিজপ্রসাদেন জিহ্বাং বসতি তেনাহং ভানুমত্যাঃ তিলং যথা অবগচ্ছামি ॥ ৫০ ॥

তদনন্তর চতুর্থ পদ্য পঠিত হইল। যথা,—

রাজন্! যদি আপনার পুত্রের কল্যাণ কামনা করেন, তাহা হইলে, দ্বিজাতিদিগকে দান ও দেবতাদের আরাধনা করুন ॥ ৪৮ ॥

শারদানন্দ এই পদ্য পাঠ করিলে, রাজনন্দন আপনার পূর্ব্বাবস্থা প্রাপ্ত ও সাবধান হইলেন। তখন পিতার সমক্ষে ভল্লূকের পূর্ব্ববৃত্তান্ত বলিলেন। তাহা শুনিয়া, রাজা যবনিকার অন্তরালস্থিত শারদানন্দকে প্রকৃত কন্যা বোধেই সম্বোধন করিয়া কহিলেন,

অয়ি কুমারিকে! তুমি গ্রামে বাস কর; বনে কখন গমন কর না। ঋক্ষ, ভল্লূক ও ব্যাঘ্রদিগের ভাষা কিরূপে জানিলে? ॥ ৪৯ ॥

তখন যবনিকার অন্তরালে থাকিয়া, শারদানন্দ উত্তর করিলেন,

দেব ও দ্বিজাতিগণের প্রসাদে আমার জিহ্বায় সরস্বতী বাস করেন। সেইজন্য, এই ঘটনাও ভানুমতীর তিলের ন্যায়, জানিয়াছি ॥ ৫০ ॥

---

* জিহ্বাগ্রে মে সরস্বতী ইতি পাঠান্তরোপি দৃশ্যতে।

‡ তেনাহং নৃপ জানামি ইতি পাঠো বা।

তদ্বচনং শ্রুত্বা রাজা সাশ্চর্য্যো ভূত্বা যাবৎ যবনিকামপকর্ষতি তাবৎ শারদানন্দং দৃষ্টবান্। অথ নরপতিপ্রভৃতিভিঃ সর্ব্বৈর্নমস্কৃতঃ শারদানন্দঃ। তদা মন্ত্রিণা পূর্ব্ববৃত্তান্তঃ কথিতঃ। রাজা বহুশ্রুতং মন্ত্রিণমুবাচ ভো মন্ত্রিন্ তব সংসর্গে কীর্ত্তিঃ প্রাপ্তা দুর্গতিশ্চ গতা। অতঃ পুরুষেণ সতাং সঙ্গো বিধেয়ঃ। তেনোভয়মপি প্রয়োজনং ভবতি।

তথাচ

বারয়তি বর্ত্তমানামাপদমাগামিনীং সৎসেবা।
তৃষ্ণাং চ পীতং গঙ্গায়া দুর্গতিং নশ্যতি যথা চাম্ভঃ॥ ৫১॥

যথা গঙ্গায়াঃ অম্ভঃ পীতং তৃষ্ণাং চ দুর্গতিং নশ্যতি তথা সৎসেবা বর্ত্তমানাং আগামিনীং আপদং বারয়তি॥ ৫১॥

মম পুত্রোঽপি ত্বদ্বুদ্ধিকৌশলেন মহদ্বিপজ্জালাৎ রক্ষিতঃ। রাজ্ঞা ঈদৃশানাং সতাং মহাকুলানাং সংগ্রহঃ কর্ত্তব্যঃ।

তাঁহার এই কথা শুনিয়া, রাজা বিস্ময়াবিষ্ট হইয়া, যবনিকা অপকর্ষণ করিবামাত্র, শারদানন্দকে দেখিতে পাইলেন। অনন্তর নরপতি প্রভৃতি সকলেই তাঁহাকে নমস্কার করিলে, মন্ত্রী পূর্ব্বকথা কীর্ত্তন করিলেন। তখন রাজা সেই বহুশ্রুত মন্ত্রীকে কহিলেন, মন্ত্রিন্! তোমার সংসর্গে থাকিয়া, আমার কীর্ত্তিলাভ ও দুর্গতি দূর হইল। এইজন্যই, পুরুষের সৎসঙ্গ করা কর্ত্তব্য। তদ্দারা উভয়বিধ প্রয়োজনই সম্পন্ন হইয়া থাকে। তথাহি,

গঙ্গাসলিল পান করিলে, যুগপৎ পিপাসা ও দুর্গতি উভয়ই যেমন দূরীভূত হয়; সৎসঙ্গে থাকিলে, তেমন বর্ত্তমান ও ভবিষ্যৎ উভয়বিধ বিপদেরই উপশম হয়॥ ৫১॥

আমার পুত্রও ত্বদীয় বুদ্ধিকৌশলে মহাবিপজ্জাল হইতে রক্ষা পাইলেন। সুতরাং, তোমার ন্যায়, কুলগৌরববিশিষ্ট সাধুগণের সংগ্রহ করাই রাজার একমাত্র কর্ত্তব্য।

উক্তঞ্চ

সংগ্রহং বা কুলীনস্থ সর্পস্যেব করোতি যঃ।
স এব শ্লাঘ্যতে রাজা সম্যগ্‌গারুড়িকো যথা ॥ ৫২ ॥

যঃ রাজা সর্পস্য ইব কুলীনস্য সংগ্রহং বা করোতি স এব যথা গারুড়িকো সম্যক্ শ্লাঘ্যতে ॥ ৫২ ॥

ইতি নানাপ্রকারৈঃ স্তুতিকদম্বকৈর্ম্মন্ত্রিণং স্তুত্বা বস্ত্রাদিনা সম্ভাব্য রাজ্যমকরোৎ।

ইতি মন্ত্রী ভোজরাজং প্রতি কথাং কথয়িত্বা পুনরব্রবীৎ ভো রাজন্ যো রাজা মন্ত্রিবাক্যং শৃণোতি স দীর্ঘায়ুঃ সুখী চ ভবতি।

ইতি বহুশ্রুতোপাখ্যানম্।

শাস্ত্রেও বলিয়াছেন,

যে রাজা সর্পের ন্যায়, কুলগৌরববিশিষ্ট ব্যক্তিগণের সংগ্রহ করেন, তিনিই গারুড়িকের (সর্পব্যবসায়ীর) ন্যায়, সম্যক্ শ্লাঘার পাত্র হইয়া থাকেন ॥ ৫২ ॥

তিনি এবংবিধ বহুবিধ স্তুতিবাক্য দ্বারা মন্ত্রীর স্তব করিয়া, বস্ত্রাদি-প্রদানসহকারে সবিশেষ সংবর্দ্ধনা করত, রাজ্য করিতে লাগিলেন।

মন্ত্রী এই রূপে ভোজরাজের প্রতি বাক্য প্রয়োগ করিয়া, পুনরায় কহিতে লাগিলেন, রাজন্! যে রাজা মন্ত্রীর কথা শ্রবণ করেন, তিনি সুখী ও দীর্ঘায়ু হইয়া থাকেন।

বহুশ্রুত মন্ত্রীর উপাখ্যান সমাপ্ত।

অথ প্রথমোপাখ্যানম্।

ততো ভোজরাজো স্বমন্ত্রিণং স্তুত্বা বস্ত্রাদিনা সম্ভাব্য তৎ সিংহাসনং নগরাভ্যন্তরং নীত্বা তত্র সহস্রস্তম্ভৈর্ম্মণ্ডপঙ্কারয়িত্বা সুমুহূর্ত্তে তত্র মন্ত্রীভির্বিরাজমানো বিপ্রৈরাশীর্ভিরচিতো বন্দিভিঃ প্রশংসিতঃ চাতুর্বর্ণ্যং দানমানাভ্যাং সম্ভাব্য দীনবধিরপঙ্গুকুব্জাদীনাং দানং দত্ত্বা ছত্রচামরাঙ্কিতো যাবৎ পুত্তলিকামস্তকে পাদপদ্মং নিদধাতি তাবৎ পুত্তলিকা মনুষ্যবাচা রাজানমব্রবীৎ ভো রাজন্ বিক্রমস্য শৌর্য্যৌদার্য্যসত্ত্বাদিকসাদৃশ্যং যদি বিদ্যতে তর্হি অস্মিন্ সিংহাসনে সমুপবিশ। রাজাব্রবীৎ হে পুত্তলিকে মম ত্বয়োক্তং সর্ব্বমৌদার্য্যাদিকং বিদ্যতে কিং ন্যূনমস্তি ময়াপি সর্ব্বেষাং অর্থিনাং কালোচিতং দত্তং। পুত্তলিকা ভণতি ভো রাজন্ এতদেব তবানু-

---

অনন্তর ভোজরাজ স্বকীয় মন্ত্রীকে স্তুতিবাদপুরঃসর বস্ত্রাদিপ্রদানসহকারে সম্ভাবিত করিয়া, সেই সিংহাসন নগরাভ্যন্তরে লইয়া আসিলেন। তথায় সহস্রস্তম্ভবিশিষ্ট মণ্ডপ নির্ম্মাণ করাইয়া, শুভ মুহূর্ত্তে তাহাতে মন্ত্রীগণের সহিত বিরাজমান হইলেন। তৎকালে ব্রাহ্মণবর্গ আশীঃপ্রয়োগপুরঃসর অর্চ্চনা ও বন্দীগণ প্রশংসা করিলে, তিনি দান ও মান সহকারে চতুর্বর্ণের সবিশেষ সম্মাননা এবং দীন, বধির, পঙ্গু ও কুব্জ প্রভৃতিকে বিবিধ বস্তু দান করিয়া, ছত্রচামরে ভূষিত হইয়া, যাবৎ পুত্তলিকার মস্তকে পাদপদ্ম নিহিত করিলেন, তাবৎ সেই পুত্তলিকা মনুষ্যবাক্যে তাঁহাকে কহিল, রাজন্! যদি রাজা বিক্রমাদিত্যের সদৃশ আপনার শৌর্য্য, ঔদার্য্য ও সত্ত্বাদি থাকে, তাহা হইলে, এই সিংহাসনে উপবেশন করুন।

রাজা কহিলেন, পুত্তলিকে! তোমার কথিত শৌর্য্যাদি যাবতীয় গুণই আমার আছে। অথবা, কোন্ বিষয়েই বা ন্যূনতা আছে? আমিও কালোচিতক্রমে সমুদায় অর্থীকে দান করিয়া থাকি।

পুত্তলিকা কহিল, রাজন্! ইহাই আপনার অনুচিত, যে, নিজমুখেই

চিতং যৎ স্বমুখেনৈব আত্মানং কীর্ত্তয়সি। যঃ স্বগুণান্ কীর্ত্তয়তি স কেবলং দুর্জ্জন এব সজ্জনস্তু নৈবং বক্তি।

উক্তঞ্চ

স্বগুণান্ পরদোষান্ বা বক্তুং শক্নোতি দুর্জ্জনো লোকে।
পরদোষান্ স্বগুণান্ বা বক্তুং ন শক্নোতি সজ্জনঃ সত্যম্ ॥৫৩॥

দুর্জ্জনঃ লোকে স্বগুণান্ পরদোষান্ বা বক্তুং শক্নোতি সজ্জনঃ পরদোষান্ স্বগুণান্ বা ত্যং বক্তুং ন শক্নোতি ॥ ৫৩ ॥

অন্যচ্চ

আয়ুর্ব্বিত্তং গৃহচ্ছিদ্রং মন্ত্রমৌষধসঙ্গমে।
দানমানাপমানঞ্চ নব গোপ্যানি সর্ব্বদা ॥ ৫৪ ॥

আয়ুঃ বিত্তং গৃহচ্ছিদ্রং মন্ত্রং ঔষধসঙ্গমে দানমানাপমানং চ নব সর্ব্বদা গোপ্যানি ॥ ৫৪ ॥

অতএব আত্মনো গুণা আত্মনা ন স্তোতব্যাঃ পরেষাং নিন্দা া কর্ত্তব্যা। ইতি পুত্তলিকয়োক্তং শ্রুত্বা সবিস্ময়ো ভোজরাজঃ ুনঃ পুত্তলিকামবদৎ সত্যমুক্তং ত্বয়া যঃ স্বগুণান্ কীর্ত্তয়তি স মূর্খ াব। ময়া মদ্‌গুণাঃ কীর্ত্তিতাঃ তদনুচিতমেব। যস্য এতৎ সিংহাসনং

াজের গুণ কীর্ত্তন করিতেছেন। যে ব্যক্তি নিজেই নিজের গুণ কীর্ত্তন রে, সেই কেবল দুর্জ্জন; সজ্জনেরা কিন্তু এইরূপ আত্মকীর্ত্তন করেন না।

তথাহি, বলিয়াছেন,

দুর্জ্জনই কেবল সংসারে নিজের গুণ অথবা পরের দোষ কীর্ত্তন করিতে ার্থ। কিন্তু সজ্জন, সত্য হইলেও, পরের দোষ বা আপনার গুণ কীর্ত্তন রিতে পারেন না ॥ ৫৩ ॥

অপিচ, আয়ু, ধন, গৃহচ্ছিদ্র, মন্ত্র, ঔষধ, সঙ্গম, দান, মান ও অপমান নয়টী সর্ব্বদা গোপনে রাখিবে ॥ ৫৪ ॥

এই কারণেই আপনার গুণের আপনি প্রশংসা করিবে না এবং পরের দাবাদেও প্রবৃত্ত হইবে না।

পুত্তলিকার এই কথা শুনিয়া, ভোজরাজ বিস্ময়াবিষ্ট হইয়া, পুনরায় াহারে কহিলেন, তুমি সত্য বলিয়াছ, যে ব্যক্তি আত্মগুণ কীর্ত্তন করে, মূর্খ। অতএব আমি যে নিজের গুণ নিজে কীর্ত্তন করিয়াছি, তাহা চিতই হইয়াছে। যাঁহার এই সিংহাসন, তাঁহার ঔদার্য্য কীর্ত্তন কর।

তস্যৌদার্য্যং কথয়। পুত্তলিকা ভণতি ভো রাজন্ এতৎ সিংহাসনং বিক্রমার্কস্য স তু সন্তুষ্টশ্চেৎ অর্থিজনেভ্যঃ কোটিসুবর্ণং প্রযচ্ছতি।

নিরীক্ষিতে সহস্রন্তু অযুতন্তূপজল্পতে।
মহতে লক্ষদো ভূপঃ সন্তুষ্টঃ কোটিদঃ সদা॥ ৫৫॥

ভূপঃ নিরীক্ষিতে সহস্রং তু উপজল্পতে তু অযুতং মহতে লক্ষদঃ সন্তুষ্টঃ সদা কোটিদঃ॥ ৫৫।

ত্বয়ি ঔদার্য্যং বিদ্যতে চেৎ তর্হ্যস্মিন্ সিংহাসনে উপবিশ। রাজা তূষ্ণীমাসীৎ।

ইতি বিক্রমার্কচরিতে সিংহাসনোপাখ্যানে অপ্সরা-
ভোজসংবাদে প্রথমোপাখ্যানম্।

পুত্তলিকা বলিতে লাগিল, রাজন্! এই সিংহাসন রাজা বিক্রমার্কের। তিনি যদি সন্তুষ্ট হইতেন, তাহা হইলে, অর্থিজনকে কোটি সুবর্ণ দান করিতেন। বলিতে কি,

তিনি নিরীক্ষণমাত্র সহস্র সুবর্ণ দান করিতেন; আলাপ পরিচয় হইলে, অযুত দিতেন; মহান্ ব্যক্তিদিগকে লক্ষ দান করিতেন এবং সন্তুষ্ট হইলে, সর্ব্বদা কোটি সুবর্ণ দিতেন॥ ৫৫॥

আপনাতে যদি ঐরূপ ঔদার্য্য থাকে, তাহা হইলে, এই সিংহাসনে উপবেশন করুন।

ভোজরাজ এই কথায় মৌনাবলম্বন করিলেন।

প্রথমোপাখ্যান সমাপ্ত।

অথ দ্বিতীয়োপাখ্যানম্।

পুনরপি রাজা যাবৎ পুত্তলিকামস্তকে পাদপদ্মে নিদধাতি তাবৎ পুত্তলিকা মনুষ্যবাচা রাজানমব্রবীৎ ভো রাজন্ বিক্রমস্য শৌর্য্যৌদার্য্যসত্ত্বাদিকসাদৃশ্যং যদি বিদ্যতে তর্হি অস্মিন্ সিংহাসনে সমুপবিশ। ভোজরাজো বদতি স্ম ভো পুত্তলিকে কথয় তস্য বিক্রমস্যৌদার্য্যবৃত্তান্তং। সা কথয়তি ভো রাজন্ শ্রূয়তাং বিক্রমাদিত্যঃ রাজ্যং পালয়ন্ একদা চারানাহূয়াব্রবীৎ ভো দূতাঃ ভবন্তঃ পৃথিবীপরিভ্রমণং কুর্ব্বন্তো যত্র যত্র কৌতুকং তীর্থবিশেষঞ্চ বিলোকয়ন্তি তন্মম নিবেদয়ন্তু। অহং তত্র গমিষ্যামি। এবং কালে গতে একদা দেশান্তরং পরিভ্রমন্নাগতঃ কশ্চিদ্দূতো রাজানমব্রবীৎ ভো রাজন্ চিত্রকূটপর্ব্বতনিকটে তপোবনমধ্যে অতিমনোহরঃ

পুনরায় রাজা পুত্তলিকার মস্তকে পাদপদ্ম ন্যস্ত করিতে উদ্যত হইলে, সেই পুত্তলিকা মনুষ্যের ন্যায়, বাক্য প্রয়োগ করিয়া, তাঁহাকে কহিতে লাগিল, রাজন্! রাজা বিক্রমের ন্যায়, আপনার যদি শৌর্য্য, ঔদার্য্য ও সত্ত্বাদি থাকে, তাহা হইলে, এই সিংহাসনে উপবেশন করুন।

ভোজরাজ কহিলেন, অয়ি পুত্তলিকে! সেই বিক্রমাদিত্যের ঔদার্য্য-কথা কীর্ত্তন কর।

পুত্তলিকা কহিল, রাজন্! শ্রবণ করুন। বিক্রমাদিত্য রাজ্যপালনে প্রবৃত্ত হইয়া, একদা চারদিগকে আহ্বান করিয়া, কহিলেন, অহে দূত-সকল! তোমরা পৃথিবী পরিভ্রমণ করত, যে যে স্থানে কোন কৌতুক-জনক বিষয় ও তীর্থবিশেষ দর্শন করিবে, আমাকে আসিয়া, নিবেদিত কর। আমি সেখানে গমন করিব।

এই রূপে কাল অতীত হইলে, একদা কোন দূত দেশান্তর পরিভ্রমণ করিয়া, প্রত্যাবৃত্ত হইয়া, রাজাকে বলিল, রাজন্! চিত্রকূটপর্ব্বতনিকটে তপোবনমধ্যে অতিমনোহর দেবালয় আছে। তথায় পর্ব্বতের উচ্চ প্রদেশ

দেবালয়ঃ অস্তি। তত্র পর্ব্বতোচ্চস্থানাৎ বিমলা জলধারা পততি। তত্র স্নানং যদি ক্রিয়তে তর্হি সর্ব্বেষাং মহাপাপানাং ক্ষয়ো ভবতি। যস্তু মহাপাপং করোতি তস্যাঙ্গাদতীব কৃষ্ণমুদকং নিঃসরতি। যস্তত্র স্নানং করোতি স পুণ্যপুরুষঃ।

অন্যচ্চ। তত্র কশ্চিদ্‌ব্রাহ্মণো মহতি হোমকুণ্ডে হবনং করোতি। তস্য কিয়ন্তি বর্ষাণি অতীতানি ইতি ন জ্ঞায়তে। প্রতিদিনং কুণ্ডাদ্‌বহিঃ স্থাপিতং ভস্ম পর্ব্বতাকারং সৎ অস্তি। স ব্রাহ্মণঃ কেনাপি সহ ন সম্ভাষতে। এবমতিবিচিত্রতরং স্থানং দৃষ্টম্। তচ্ছ্রুত্বা চ রাজা একাকী তেন সহ তৎ স্থানং গত্বা পরমানন্দং প্রাপ্তোঽবাদীৎ অহো অতিপবিত্রমেতৎ স্থানং অত্র সাক্ষাজ্জগদম্বিকা নিবসতি। এতৎ স্থানং দৃষ্ট্বা মনো মে বিমলং জাতমিত্যুক্ত্বা তত্রান্তরিক্ষোদকস্নানং বিধায় দেবতাং নমস্কৃত্য যত্র ব্রাহ্মণো হবনং করোতি তত্র গত্বা ব্রাহ্মণমবাদীৎ ভো ব্রাহ্মণ

হইতে বিমল জলধারা পতিত হইতেছে। সেখানে যদি স্নান করা যায়, তাহা হইলে, যাবতীয় মহাপাতকের ক্ষয় হইয়া থাকে। যে ব্যক্তি মহাপাপ করিয়া থাকে, তাহার অঙ্গ হইতে অতীবকৃষ্ণবর্ণ উদক বিনিঃসৃত হয়। যে ব্যক্তি সেই স্থানে স্নান করে, সেই পুণ্য পুরুষ। আরও, তথায় কোন ব্রাহ্মণ সুবিশাল হোমকুণ্ডে হোম করিতেছেন। তাঁহার কত বর্ষ অতীত হইয়াছে, তাহা জানা যায় না। প্রতিদিন কুণ্ড হইতে বহির্ভাগে স্থাপিত ভস্ম পর্ব্বতাকার হইয়া আছে। সেই ব্রাহ্মণ কাহারও সহিত কথা ক[illegible] না। এইরূপে আমি অতীব বিচিত্রতর স্থান দর্শন করিয়াছি।

এই কথা শুনিয়া, রাজা বিক্রমার্ক একাকী তাহার সহিত নির্দ্দিষ্ট স্থানে গমন করিয়া, পরম আহ্লাদিত হইয়া, বলিতে লাগিলেন, অহো! এই স্থান অতীব পবিত্র। এখানে সাক্ষাৎ জগদম্বিকা বাস করেন। এই স্থান দর্শন করিয়াই, আমার মন নির্ম্মল হইয়াছে। এই বলিয়া তিনি তথায় অন্তরিক্ষ-সলিলে স্নান করিয়া, দেবপ্রণামপুরঃসর, যেখানে ব্রাহ্মণ হোম করিতে-ছিলেন, তৎস্থানে সমাগত হইয়া, তাঁহাকে কহিলেন, বিপ্র! হবন আরম্ভ করিয়া, আপনার কত বর্ষ অতীত হইয়াছে?

হবনমারভ্য কতি বর্ষাণি জাতানি। ব্রাহ্মণেনোক্তং যদা সপ্তর্ষি-মণ্ডলং রেবতীনক্ষত্রস্য প্রথমচরণে স্থিতং তদা ময়া হবনং প্রারব্ধং ইদানীমশ্বিনীনক্ষত্রে তিষ্ঠতি হোমং কুর্ব্বতো বর্ষশতমভূৎ। তথাপি দেবতা প্রসন্না নাভবৎ। তচ্ছ্রুত্বা রাজা স্বয়ং দেবতাং স্মৃত্বা হোম-কুণ্ডে আহুতিমক্ষিপৎ। তথাপি দেবী প্রসন্না নাভূৎ। তদনন্তরং রাজা স্বশিরঃকমলাহুতিং দাস্যামি ইতি বুদ্ধ্যা যাবৎ কণ্ঠে খড়্গং করোতি তাবৎ দেবতা অন্তরালে খড়্গং ধৃত্বা অবাদীৎ ভো রাজন্ প্রসন্নাস্মি বরং বৃণীষ। রাজ্ঞা উক্তং ভো দেবি ব্রাহ্মণোঽয়ং বহুকালং হবনং করোতি অস্মিন্ কিমর্থং ন প্রসন্না ভবসি। মম কিমিতি শীঘ্রং প্রসন্নাসি। তয়োক্তং ভো রাজন্ হবনময়ং করোতি পরমস্য চেতসি স্বার্থং নাস্তি। অতঃ প্রসন্না ন ভবামি।

ব্রাহ্মণ কহিলেন, যে সময়ে সপ্তর্ষিমণ্ডল রেবতীনক্ষত্রের প্রথম চরণে অবস্থিতি করিয়াছিলেন, তৎকালে আমি প্রথম হবনে প্রবৃত্ত হই। ইদানী সপ্তর্ষিমণ্ডল অশ্বিনীনক্ষত্র ভোগ করিতেছেন। সুতরাং, হোমে প্রবৃত্ত হইয়া, আমার শতবৎসর অতিবাহিত হইয়াছে। তথাপি, দেবতা প্রসন্না হই-লেন না।

রাজা এই কথা শুনিয়া, স্বয়ং দেবতার স্মরণপূর্ব্বক হোমকুণ্ডে আহুতি নিক্ষেপ করিলেন। তথাপি, দেবী প্রসন্না হইলেন না। তদনন্তর, রাজা আপনার শিরঃকমল আহুতি দিতে সংকল্প করিয়া, যাবৎ কণ্ঠে খড়্গ ন্যস্ত করিলেন, তাবৎ দেবতা অন্তরালে থাকিয়া, খড়্গ ধারণ করিয়া, বলিতে লাগিলেন, রাজন্! আমি প্রসন্ন হইয়াছি। বর প্রার্থনা কর।

রাজা কহিলেন, দেবি! এই ব্রাহ্মণ বহুকাল হবন করিতেছেন। ইহাঁর প্রতি কিজন্য প্রসাদ বিতরণ করিতেছেন না? আমার প্রতিই বা কি কারণে শীঘ্র প্রসন্না হইলেন?

দেবী কহিলেন, রাজন্! এই ব্রাহ্মণ হবন করিতেছেন, সত্য। কিন্তু ইহাঁর চিত্তে কোনরূপ স্বার্থ নাই। এইজন্য, প্রসন্না হই নাই।

উক্তঞ্চ

অঙ্গুল্যগ্রেণ যজ্জপ্তং যজ্জপ্তং মেরুলঙ্ঘনৈঃ।
ব্যগ্রচিত্তেন যজ্জপ্তং ত্রিবিধং নিষ্ফলং ভবেৎ॥ ১॥

অঙ্গুল্যগ্রেণ যৎ জপ্তং মেরুলঙ্ঘনৈঃ যৎ জপ্তং ব্যগ্রচিত্তেন যৎ জপ্তং ত্রিবিধং নিষ্ফলং ভবেৎ॥ ১॥

মন্ত্রে তীর্থে দ্বিজে দেবে দৈবজ্ঞে ভেষজে গুরৌ।
যাদৃশী ভাবনা যত্র সিদ্ধির্ভবতি তাদৃশী॥ ২॥

মন্ত্রে তীর্থে দ্বিজে দেবে দৈবজ্ঞে ভেষজে গুরৌ যত্র যাদৃশী ভাবনা তাদৃশী সিদ্ধিঃ ভবতি॥ ২॥

ন কাষ্ঠে বিদ্যতে দেবো ন পাষাণে ন মৃণ্ময়ে।
ভাবে হি বিদ্যতে দেবস্তস্মাদ্ভাবো হি কারণম্॥ ৩॥

দেবঃ কাষ্ঠে বিদ্যতে ন পাষাণে ন মৃণ্ময়ে ন ভাবে বিদ্যতে দেবঃ হি তস্মাৎ ভাবঃ হি কারণম্॥ ৩॥

রাজা অবদৎ যদি মম প্রসন্না জাতাসি তর্হ্যস্য ব্রাহ্মণস্য মনোরথান্ পূরয়। সাব্রবীৎ ভো রাজন্ পরোপকারী মহাদ্রুম ইব স্বদেহকষ্টং সহিত্বা পরশ্রমোচ্ছেদং করোষি।

শাস্ত্রে বলিয়াছেন,

অঙ্গুলির অগ্রে জপ, মেরুলঙ্ঘনপূর্ব্বক জপ এবং ব্যগ্রচিত্তে জপ, এই তিনপ্রকার জপই নিষ্ফল হইয়া থাকে॥ ১॥

মন্ত্র, তীর্থ, দ্বিজ, দেবতা, দৈবজ্ঞ, ঔষধ, গুরু, এই সকলে যাহার যেরূপ ভাবনা, তাহার তাদৃশীসিদ্ধিলাভ হইয়া থাকে॥ ২॥

ঈশ্বর কাষ্ঠে নাই, পাষাণে নাই এবং মৃণ্ময়েও নাই। একমাত্র ভাবেই বিরাজ করেন। সেইজন্য ভাবই কারণ॥ ৩॥

রাজা কহিলেন, যদি আমার প্রতি প্রসন্না হইয়া থাকেন, তাহা হইলে এই ব্রাহ্মণের মনস্কামনা পূর্ণ করুন।

দেবী কহিলেন, রাজন্! আপনি পরের উপকারী মহাবৃক্ষের ন্যায় স্বদেহকষ্ট সহ্য করিয়া, পরকীয় শ্রমের উচ্ছেদ করিতেছেন।

উক্তঞ্চ

ছায়ামন্যস্য কুর্ব্বন্তি স্বয়ং তিষ্ঠন্তি চাতপে।
ফলন্তি হি পরার্থে চ সত্যমেতে মহাদ্রুমাঃ ॥ ৪ ॥

এতে মহাদ্রুমাঃ অন্যস্য ছায়াং কুর্বন্তি স্বয়ং চ আতপে তিষ্ঠন্তি পরার্থে চ সত্যং হি ফলন্তি ॥৪॥

পরোপকারায় বহন্তি নদ্যঃ পরোপকারায় দুহন্তি গাবঃ।
পরোপকারায় ফলন্তি বৃক্ষাঃ পরোপকারায় শরীরমেতৎ ॥৫॥

পরোপকারায় নদ্যঃ বহন্তি পরোপকারায় গাবঃ দুহন্তি পরোপকারায় বৃক্ষাঃ ফলন্তি এতৎ শরীরং পরোপকারায় ॥ ৫ ॥

রাজানং স্তুত্বা ব্রাহ্মণস্য মনোরথং পূরয়তি স্ম। রাজাপি স্বপুরীমাগাৎ।

ইমাং কথাং কথয়িত্বা পুত্তলিকা ভোজমবদৎ রাজন্ এবংবিধং ধৈর্য্যং বিদ্যতে চেৎ তর্হ্যস্মিন্ সিংহাসনে সমুপবিশ।

ইতি দ্বিতীয়োপাখ্যানম্।

তথাহি, বলিয়াছেন,

এই সকল মহাদ্রুম অন্যের প্রতি ছায়া বিতরণ করে; কিন্তু স্বয়ং রৌদ্রের তাপে অবস্থিতি করিয়া থাকে এবং পরের জন্যই ফল প্রসব করে ॥ ৪ ॥

নদী সকল পরের উপকার জন্যই প্রবাহিত হয়, গো সকলও পরের উপকার জন্যই দোহন করে, বৃক্ষ সকলও পরের উপকার জন্যই ফলিত হইয়া থাকে। এইরূপে এই শরীরও পরের উপকার জন্যই কল্পিত হইয়াছে ॥ ৫ ॥

এই বলিয়া, দেবী রাজার প্রশংসা করিয়া, ব্রাহ্মণের মনোরথ পূর্ণ করিলেন। তখন রাজা স্বপুরে প্রত্যাগত হইলেন।

পুত্তলিকা এই উপাখ্যান শেষ করিয়া, ভোজরাজকে কহিল, রাজন্! যদি আপনার এবংপ্রকার ধৈর্য্য থাকে, তাহা হইলে, এই সিংহাসনে বসুন।

দ্বিতীয় উপাখ্যান সমাপ্ত।

অথ তৃতীয়োপাখ্যানম্।

পুনরপি রাজা সিংহাসনে সমুপবেষ্টুং গচ্ছতি ততোঽন্যা পুত্তলিকা সমবদৎ ভো রাজন্ এতৎসিংহাসনে তেনৈবাধ্যাসিতব্যং যস্য বিক্রমতুল্যমৌদার্য্যমস্তি। ভোজেনোক্তং ভো পুত্তলিকে কথয় তস্যৌদার্য্যবৃত্তান্তম্। সা বদতি শ্রূয়তাং রাজন্ বিক্রমার্কসদৃশো রাজা ভূমণ্ডলে নাস্তি। যস্য চেতসি অয়ং পরঃ অয়ং মদীয় ইতি বিকল্পো নাস্তি। স সকলমপি বিশ্বং পালয়তি।

অয়ং নিজঃ পরো বেতি গণনা লঘুচেতসাম্।
পুনস্তূদারচিত্তানাং * বসুধৈব কুটুম্বকম্॥ ১॥

অয়ং নিজঃ পরঃ বা ইতি লঘুচেতসাং গণনা পুনস্তু উদারচিত্তানাং বসুধা এব কুটুম্বকম্॥১॥

সাহসে উদ্যমে ধৈর্য্যে তৎসমো নাস্তি। তস্মাৎ ইন্দ্রাদয়ো দেবাঃ অস্য সাহায্যং কুর্ব্বন্তি স্ম।

পুনরপি ভোজরাজ সিংহাসনে বসিবার জন্য গমন করিলে, অন্যতর পুত্তলিকা তাঁহাকে সম্বোধন করিয়া, কহিতে লাগিল, রাজন্! যে ব্যক্তি বিক্রমার্কের অনুরূপ ঔদার্য্যগুণে অলঙ্কৃত, তাহারই এই সিংহাসনে বসিবার অধিকার আছে।

ভোজ কহিলেন, অয়ি পুত্তলিকে! তাঁহার ঔদার্য্যকথা কীর্ত্তন কর।

পুত্তলিকা বলিতে লাগিল, রাজন্! শ্রবণ করুন, বিক্রমার্কের সদৃশ রাজা ভূমণ্ডলে নাই। যাঁহার চিত্তে, অমুক পর, অমুক আত্মীয়, এই বিকল্পনা নাই, তিনিই সমুদয় বিশ্ব পালন করিতে সমর্থ। তথাহি,

অমুক আত্মীয় অথবা পর, এইপ্রকার গণনা লঘুচিত্ততার কার্য্য। কিন্তু যাঁহারা উদারস্বভাব, সমস্ত পৃথিবীই তাঁহাদের কুটুম্ব॥ ১॥

ফলতঃ, সাহস, উদ্যম ও ধৈর্য্য, এই সকল বিষয়ে কেহই বিক্রমের সমকক্ষ হইতে পারে না। সেইজন্য, ইন্দ্রাদি অমরবর্গ তাঁহার সাহায্য করিতেন।

---

* উদারচরিতানাং তু ইতি পাঠো বা।

উদ্যমঃ সাহসং ধৈর্য্যং শক্তির্ব্বুদ্ধিঃ পরাক্রমঃ।
ষড়েতে যস্য তিষ্ঠন্তি তস্য দেবোঽপি শঙ্কতে ॥ ২ ॥

উদ্যমঃ সাহসং ধৈর্য্যং শক্তিঃ বুদ্ধিঃ পরাক্রমঃ এতে ষট্ যস্য তিষ্ঠন্তি তস্য দেবঃ অপি শঙ্কতে ॥ ২ ॥

রাজন্ যস্তু অর্থিনাং মনোরথং পূরয়তি তস্যেপ্সিতং দেবঃ সম্পাদয়তি।

কৃতে বিনিশ্চয়ে পুংসাং বিষ্ণুঃ পূরয়তীপ্সিতম্।
যস্য স্যাৎ দার্ঢ্যসম্পত্তিঃ সত্যং সত্যং হি মানবঃ ॥ ৩ ॥

বিনিশ্চয়ে কৃতে বিষ্ণুঃ পুংসাং অভীপ্সিতং পূরয়তি যস্য দার্ঢ্যসম্পত্তিঃ স্যাৎ স মানবঃ হি সত্যং সত্যং ॥ ৩ ॥

উৎসাহসম্পন্নমদীর্ঘসূত্রং ক্রিয়াবিধিজ্ঞং ব্যসনেষ্বসক্তম্।
শূরং কৃতজ্ঞং দৃঢ়নিশ্চয়ং চ লক্ষ্মীঃ স্বয়ং বাঞ্ছতি বাসহেতোঃ ॥৪॥

লক্ষ্মীঃ স্বয়ং বাসহেতোঃ উৎসাহসম্পন্নং অদীর্ঘসূত্রং ক্রিয়াবিধিজ্ঞং ব্যসনেষু অসক্তং শূরং কৃতজ্ঞং দৃঢ়নিশ্চয়ং চ বাঞ্ছতি ॥ ৪ ॥

এবং সকলগুণাধিবাসঃ স বিক্রমো রাজা সর্ব্বসম্পদা পরিপূর্ণ একদা স্বমনসি অচিন্তয়ৎ অহো অসারোঽয়ং সংসারঃ কদা কস্য

তথাহি,

উদ্যম, সাহস, ধৈর্য্য, শক্তি, বুদ্ধি, পরাক্রম, এই ছয় গুণ যাহার আছে, স্বয়ং দেবতাও তাহাকে ভয় করিয়া থাকেন ॥ ২ ॥

রাজন্! যে ব্যক্তি অর্থীর মনোরথ পূরণ করে, স্বয়ং দেবতা তাহার সমুদয় কামনা সফল করিয়া থাকেন। তথাহি,

যে ব্যক্তি কৃতবিনিশ্চয়, বিষ্ণু তাহার অভিলাষ পূর্ণ করেন। যাহার বিশেষরূপ দৃঢ়তা আছে, সত্য সত্য, সেই ব্যক্তিই মনুষ্য ॥ ৩ ॥

যাহার উৎসাহ আছে, ক্রিয়াবিধির জ্ঞান আছে, শৌর্য্য আছে, কৃতজ্ঞতা আছে ও দৃঢ় নিশ্চয় আছে, এবং যে ব্যক্তি অদীর্ঘসূত্রী ও ব্যসনে অনাসক্ত, লক্ষ্মী আপনিই বাস করিবার জন্য তাদৃশ পুরুষের কামনা করেন ॥ ৪ ॥

এইরূপে রাজা বিক্রমার্ক সকল গুণেরই অধিশ্রয় এবং সকল সম্পদেই পরম পূর্ণ ছিলেন। একদা মনে মনে চিন্তা করিলেন, অহো! এই

কিং ভবিষ্যতীতি ন জ্ঞায়তে। অতঃ উপার্জ্জিতং বিত্তং দানভোগৈর্ব্বিনা সফলং ন ভবতি। অতো বিত্তস্য সৎপাত্রে দানমেকং ফলম্। অন্যথা নাশমেব প্রাপ্নোতি।

দানং ভোগো নাশস্তিস্রো গতয়ো ভবন্তি বিত্তস্য।
যো ন দদাতি ন ভুঙ্‌ক্তে সতি বিভবে ন তস্য তদ্দ্রব্যম্ ॥৫॥

দানং ভোগঃ নাশঃ বিত্তস্য তিস্রঃ গতয়ঃ ভবন্তি বিভবে সতি যঃ ন দদাতি ন ভুঙ্‌ক্তে তস্য তদ্দ্রব্যং ন॥ ৫॥

অতিপরুষপবনবিলুলিতা দীপশিখেব চঞ্চলা লক্ষ্মীঃ।
উপার্জ্জিতানাং বিত্তানাং ত্যাগ এব হি কারণম্।
তটাকোদরসংস্থানং পরীবাহ ইবাম্ভসাম্ ॥ ৬ ॥

অম্ভসাং তটাকোদরসংস্থানং পরীবাহ ইব ত্যাগ এব উপার্জ্জিতানাং বিত্তানাং কারণং হি ॥৬॥

ইত্যেবং বিচার্য্য সর্ব্বস্বদক্ষিণং যজ্ঞং কর্ত্তুং উপক্রান্তবান্। ততঃ শিল্পিভিরতীব মনোহরো মণ্ডপঃ কারিতঃ। সর্ব্বাপি যজ্ঞসামগ্রী সম্পাদিতা। দেবমুনিগন্ধর্ব্বযক্ষসিদ্ধাদয়ঃ সমাহূতাঃ। তস্মিন্নবসরে

সংসার সর্ব্বথা সারশূন্য। কাহার কবে কি হইবে, জানা যায় না। এইজন্য, উপার্জ্জিত বিত্ত দান ও ভোগ ব্যতিরেকে সফল হয় না। এইজন্য, সৎপাত্রে দানই ধনের একমাত্র ফল। অন্যথা, উহা বিনষ্ট হইয়া থাকে।

শাস্ত্রকারেরাও বলিয়াছেন,

দান, ভোগ ও নাশ, এই তিনটী বিত্তের স্বাভাবিক গতি। অতএব, যে ব্যক্তি বিভব সত্ত্বেও দান করে না ও ভোগ করে না, সে দ্রব্য তাহার নহে ॥৫॥

ফলতঃ, কমলা, অতীব প্রচণ্ড পবনবেগে পরিচালিত দীপশিখা ন্যায়, চঞ্চল।

উপার্জ্জিত বিত্তের দান জন্যই কল্পনা হইয়াছে। জল যে তড়াগের গর্ভে সংস্থিত হয়, প্রবাহরূপে ইতস্ততঃ গমনই তাহার কারণ॥ ৬॥

রাজা বিক্রমার্ক এইপ্রকার বিচারপুরঃসর সর্ব্বস্ব-দক্ষিণা-দানপূর্ব্বক যজ্ঞ করিতে সমুদ্যত হইলেন। এবং তজ্জন্য শিল্পীগণ সহায়ে অতীবমনোহর মণ্ডপ নির্ম্মাণ ও যাবতীয় যজ্ঞসামগ্রীসংভার সম্যগ্‌রূপে সংগৃহীত করিলেন। দেব, গন্ধর্ব্ব, সিদ্ধ, যক্ষ ও মুনি প্রভৃতিকে সেই যজ্ঞে নিমন্ত্রণ করা হইল।

ামুদ্রাহ্বানার্থং কশ্চিদ্ব্রাহ্মণঃ সমুদ্রতীরে প্রেষিতঃ। সোঽপি সমুদ্র-তীরং গত্বা গন্ধপুষ্পাদি ষোড়শোপচারং বিধায়াব্রবীৎ ভো সমুদ্র বিক্রমার্কো রাজা রাজ্যং করোতি তেন প্রেষিতোঽহন্ত্বামাহর্ত্তুং সমাগত ইতি জলমধ্যে পুষ্পাঞ্জলির্দত্তঃ। কোঽপি তস্য প্রত্যু-ত্তরং দদৌ। তদোজ্জয়িনীং যাবৎ প্রত্যাগচ্ছতি তাবৎ দেদীপ্য-মানশরীরঃ সমুদ্রো ব্রাহ্মণরূপী সন্ তমাগত্যাবদৎ ভো ব্রাহ্মণ বিক্রমেণ অস্মান্ আহ্বাতুং প্রেষিতস্ত্বং তর্হি তেন যা সম্ভাবনা কৃতা সা অস্মাকং প্রাপ্তৈব। এতদেব সুহৃদো লক্ষণং যৎ সময়ে দান-মানাদি ক্রিয়তে।

উক্তঞ্চ

দদাতি প্রতিগৃহ্ণাতি গুহ্যমাখ্যাতি পৃচ্ছতি।
ভুঙ্ক্তে ভোজয়তে চৈব ষড়্গুণং প্রীতিলক্ষণম্ ॥ ৭ ॥

দদাতি প্রতিগৃহ্ণাতি গুহ্যং আখ্যাতি পৃচ্ছতি ভুঙ্ক্তে ভোজয়তে চ এব ষড়্গুণং প্রীতি-লক্ষণম্ ॥ ৭ ॥

তৎকালে কোন ব্রাহ্মণকে সমুদ্রের আহ্বানার্থ সাগরতীরে প্রেরণ করিলেন। ব্রাহ্মণ সাগরকূলে সমাগত হইয়া, গন্ধ পুষ্পাদি ষোড়শ উপচার প্রদান করিয়া, বলিতে লাগিলেন, সরিৎপতি! রাজা বিক্রমার্ক রাজ্য করিতেছেন। তিনি আমাকে আপনার আহরণার্থ প্রেরণ করিয়া-ছেন। তজ্জন্য, আমি আসিয়াছি। এইপ্রকার কহিয়া, তিনি জলমধ্যে পুষ্পাঞ্জলি দিয়া, ক্ষণকাল অবস্থিতি করিলেন। তখন কোন ব্যক্তি তাঁহাকে প্রত্যুত্তর দিল। অনন্তর তিনি উজ্জয়িনীতে প্রত্যাগমন করিতে উদ্যত হইলে, সমুদ্র ব্রাহ্মণরূপ ধারণ করিয়া, দেদীপ্যমান কলেবরে তাঁহারে আসিয়া, কহিতে লাগিলেন, বিপ্র! বিক্রমাদিত্য আমাদের আহ্বানার্থ আপনারে পাঠাইয়াছেন। তিনি যে সংবর্দ্ধনা করিয়াছেন, তাহা আমাদের পাওয়াই হইয়াছে। সময়ে দান মানাদি করাই সুহৃদের লক্ষণ। তথাহি,

আদান, প্রদান, গুহ্য ভাষণ, জিজ্ঞাসা, খাওয়া ও খাওয়ান এই ছয় গুণ প্রীতির লক্ষণ ॥ ৭ ॥

দূরস্থিতানাং মৈত্রী নশ্যতি সমীপস্থানাং বর্দ্ধত ইতি ন বাচ্যম। অত্র স্নেহ এব প্রমাণম্।

দূরস্থোঽপি সমীপস্থো যো বৈ মনসি বর্ত্ততে।

যো বৈ চিত্তেন দূরস্থঃ সমীপস্থো হি দূরতঃ ॥ ৮ ॥

যঃ মনসি বর্ত্ততে বৈ সঃ দূরস্থঃ অপি সমীপস্থঃ যঃ চিত্তেন দূরস্থঃ বৈ সঃ সমীপস্থঃ দূরতঃ হি ॥ ৮ ॥

গিরৌ কলাপী গগনে চ মেঘো লক্ষান্তরেঽর্কঃ সলিলে চ পদ্মম্।

দ্বিলক্ষদূরে কুমুদস্য নাথো যো যস্য মিত্রং ন হি তস্য দূরম্ ॥৯॥ *

গিরৌ কলাপী গগনে চ মেঘঃ লক্ষান্তরে অর্কঃ সলিলে চ পদ্মং দ্বিলক্ষদূরে কুমুদস্য নাথঃ যঃ যস্য মিত্রং তস্য দূরং ন হি ॥ ৯ ॥

তস্মাৎ সর্ব্বথা গন্তব্যং মে। কিন্তু মমাত্র কিঞ্চিৎ প্রয়োজনমস্তি। তস্মৈ রাজ্ঞে ব্যয়ার্থমেতদ্রত্নচতুষ্টয়ং দাস্যামি। এতেষাং মাহাত্ম্যম্। একং রত্নং যদ্বস্তু স্মর্য্যতে তদ্দদাতি। দ্বিতীয়রত্নেন ভোজনাদিকং

দূরে থাকিলে, বন্ধুতা থাকে না; সমীপে থাকিলেই, মিত্রতার বৃদ্ধি হইয়া থাকে, এইরূপ মতবাদ সঙ্গত হইতে পারে না। এ বিষয়ে স্নেহই প্রমাণ।—

যাহাকে মনে রাখা যায়, সে দূরস্থ হইলেও, সমীপস্থ; আবার, যে ব্যক্তি মন হইতে দূরে অবস্থিতি করে, সে সমীপস্থ হইলেও, দূরস্থ হইয়া থাকে ॥৮॥

পর্ব্বতে ময়ূর ও গগনে মেঘ, সূর্য্য হইতে লক্ষ যোজন অন্তরে জলমধ্যে পদ্ম এবং চন্দ্র হইতে আবার দ্বিলক্ষযোজন ব্যবধানে কুমুদ অবস্থিতি করে। তথাপি, পরস্পরের কেমন সদ্ভাব দেখ। অথবা, যে যাহার মি[illegible] সে তাহার কোনমতেই দূর নহে; সর্ব্বদাই সমীপস্থ ॥ ৯ ॥

অতএব, আমার সেই যজ্ঞে উপস্থিত হওয়া সর্ব্বতোভাবেই কর্ত্তব্য। কিন্তু, আমার এখানে কোন প্রয়োজন আছে। রাজাকে যজ্ঞের ব্যয়ার্থ এই রত্ন চারিটী দিতেছি। ইহাদের মাহাত্ম্য শ্রবণ কর। ইহাদের মধ্যে একতর রত্ন, যে দ্রব্যকে স্মরণ করা যায়, তাহাই দিয়া থাকে। অন্যতর রত্ন ভোজনাদি যাবতীয় বস্তুর অমৃত তুল্য উপাদেয়তা সমুৎপাদন করে।

---

* গিরৌ কলাপী গগনে পয়োদা লক্ষান্তরেঽর্কশ্চ জলেষু পদ্মম্। চন্দ্রো দ্বিলক্ষে কুমুদাৎ পরস্মাৎ যো যস্য হৃদ্যঃ কিমুতস্য দূরম্। ইতি বহুধৃতপাঠো দৃশ্যতে।

অমৃততুল্যমুৎপদ্যতে। তৃতীয়রত্নাৎ অশ্বরথপদাতিযুতং চতুরঙ্গবলং ভবতি। চতুর্থাদ্রত্নাৎ দিব্যাভরণানি জায়ন্তে। তদেতানি রত্নানি গৃহীত্বা রাজ্ঞো হস্তে প্রযচ্ছ। ততো ব্রাহ্মণস্তানি রত্নানি গৃহীত্বা উজ্জয়িনীং যাবদাগতস্তাবদ্‌যজ্ঞসমাপ্তির্জাতা। রাজা অবভৃতস্নানং কৃত্বা সর্ব্বান্ অর্থিজনান্ পরিপূর্ণমনোরথান্ অকরোৎ। ব্রাহ্মণো রাজানং দৃষ্ট্বা রত্নানর্পয়িত্বা প্রত্যেকং তেষাং গুণকথনমকথয়ৎ। ততো রাজা অবদৎ ভো ব্রাহ্মণ ভবান্ যজ্ঞদক্ষিণাকালং ব্যতিক্রম্য সমাগতঃ। ময়া সর্ব্বোঽপি ব্রাহ্মণসমূহো দক্ষিণয়া তোষিতঃ। তর্হি ত্বং এতেষাং চতুর্ণাং মধ্যে যৎ তুভ্যং রোচতে তদ্‌গৃহাণ। ব্রাহ্মণেনোক্তং গৃহঙ্গত্বা গৃহিণীং পুত্রং স্নুষাঞ্চ পৃষ্ট্বা সর্ব্বেভ্যো যদ্রোচতে তদ্‌গ্রহীষ্যামি। রাজ্ঞোক্তং তথা কুরু। ব্রাহ্মণোঽপি স্বগৃহমাগত্য সর্ব্বং বৃত্তান্তং তেষামগ্রে অকথয়ৎ। তচ্ছ্রুত্বা পুত্রেণোক্তং যদ্রত্নং

অপরতম রত্নসহায়ে অশ্ব, রথ ও পদাতিযুক্ত চতুরঙ্গ বল সমুদ্ভাবিত করা যায়। চতুর্থ রত্ন হইতে দিব্য আভরণ সমস্ত সমুৎপন্ন হয়। অতএব, আপনি এই রত্নচতুষ্টয় গ্রহণ করিয়া, রাজার হস্তে গিয়া, প্রদান করুন।

অনন্তর ব্রাহ্মণ উল্লিখিত রত্নচতুষ্টয় গ্রহণ করিয়া, উজ্জয়িনীতে যেমন আসিলেন, রাজার যজ্ঞ সমাপ্ত হইয়া গেল। রাজা অবভৃতস্নান করিয়া, যাবতীয় অর্থিজনের মনোরথ পরিপূর্ণ করিলেন। ব্রাহ্মণ রাজার সহিত সাক্ষাৎ করিয়া, রত্নচতুষ্টয় অর্পণপূর্ব্বক একে একে তাহাদের গুণকথন কীর্ত্তন করিলেন। রাজা কহিলেন, বিপ্র! আপনি যজ্ঞের দক্ষিণাদান-সময়ের ব্যতিক্রম করিয়া, সমাগত হইয়াছেন। আমি সমুদায় ব্রাহ্মণকেই দক্ষিণাদানসহকারে সন্তুষ্ট করিয়াছি। অতএব, এই রত্ন চারিটীর মধ্যে যাহাতে আপনার অভিলাষ হয়, তাহাই গ্রহণ করুন।

ব্রাহ্মণ কহিলেন, গৃহে গিয়া, গৃহিণী, পুত্র ও পুত্রবধূ সকলকে জিজ্ঞাসিয়া, তাহাদের সকলের যে রত্নে অভিলাষ হয়, তাহাই গ্রহণ করিব।

রাজা কহিলেন, তাহাই করুন।

তখন ব্রাহ্মণ স্বগৃহে আগমন করিয়া, সমুদায় বৃত্তান্ত তাহাদের সমক্ষে কীর্ত্তন করিলেন। তাহা শুনিয়া, তাঁহার পুত্র কহিলেন, যে রত্ন চতুরঙ্গ বল

তুরঙ্গবলং দদাতি তদ্গ্রহীষ্যামঃ। যতঃ সুখেন রাজ্যং কর্তু-ময়াতি। পিত্রোক্তং বুদ্ধিমতা রাজ্যং ন প্রার্থনীয়ম্।

রামস্য ব্রজনং বলের্নিয়মনং পাণ্ডোঃ সুতানাং বনং
বৃষ্ণীনাং নিধনং নলস্য নৃপতে রাজ্যাৎ পরিভ্রংশনম্।
সৌদাস্যং তদবস্থমর্জ্জুনবধং সংচিন্ত্য লঙ্কেশ্বরং
দৃষ্ট্বা রাজ্যকৃতে বিড়ম্বনগতং তস্মান্ন তদ্বাঞ্ছয়েৎ ॥ ১০ ॥

রামস্য ব্রজনং বলেঃ নিয়মনং পাণ্ডোঃ সুতানাং বনং বৃষ্ণীনাং নিধনং নলস্য নৃপতেঃ রাজ্যাৎ পরিভ্রংশনং সৌদাস্যং তদবস্থং অর্জুনবধং সংচিন্ত্য লঙ্কেশ্বরং রাজ্যকৃতে বিড়ম্বনগতং দৃষ্ট্বা তস্মাৎ ন তৎ বাঞ্ছয়েৎ ॥ ১০ ॥

পুনঃ পিতা বদতি যস্মাদ্ধনং লভ্যতে তদগৃহাণ ধনেন সর্ব্বমপি লভ্যতে।

ন তদস্তি জগত্যস্মিন্ যদ্ধনেন ন লভ্যতে।
নিশ্চিত্য মতিমান্ তস্মাদর্থমেকং প্রসাধয়েৎ ॥ ১১ ॥

অস্মিন্ জগতি তৎ ন অস্তি যৎ ধনেন ন লভ্যতে তস্মাৎ মতিমান্ নিশ্চিত্য একং অর্থং প্রসাধয়েৎ ॥ ১১ ॥

দান করে, তাহাই আমরা গ্রহণ করিব। তাহা হইলে, সুখে রাজ্য করিতে পারা যাইবে।

পিতা কহিলেন, বুদ্ধিমান্ কখন রাজ্যের প্রার্থনা করিবে না। তথাহি,

রামের প্রব্রজ্যা, বলির বন্ধন, পাণ্ডবগণের বনবাস, বৃষ্ণিবর্গের বিনাশন, নলের রাজ্যভ্রংশ, সৌদাসের রাক্ষসযোনিপ্রাপ্তি এবং অর্জ্জুনের সংহার এই সকল চিন্তা এবং লঙ্কেশ্বরকে রাজ্যের জন্য যেরূপ বিড়ম্বনাগ্রস্ত হইতে হইয়াছিল, তাহা দর্শন করিয়া, রাজ্যের অভিলাষ করিবে না ॥ ১০ ॥

পুনরায় পিতা বলিতে লাগিলেন, যাহা হইতে ধনলাভ হয়, সেই রত্নই গ্রহণ কর। কেননা, ধনের দ্বারা সমস্তই পাওয়া যায়।—

এই সংসারে এমন পদার্থই নাই, যাহা ধন দ্বারা পাওয়া যায় না। মতিমান্ ব্যক্তি এইপ্রকার নিশ্চয় করিয়া, একমাত্র ধনেরই সম্যগ্‌রূপে সাধন করিবে ॥ ১১ ॥

ভার্য্যয়োক্তং যদ্রত্নং ষড়্‌সান্ সূতে তদ্গৃহ্যতাম্। সর্ব্বেষাং প্রাণিনামন্নেনৈব প্রাণধারণং ভবতি।

উক্তঞ্চ

অন্নং বিধাত্রা বিহিতং মর্ত্ত্যানাং জীবধারণম্।
তস্মাদন্নাৎ পরং কিঞ্চিৎ প্রার্থয়ে ন কদাচন ॥ ১২ ॥

বিধাত্রা মর্ত্ত্যানাং জীবধারণং অন্নং বিহিতং তস্মাৎ অন্নাৎ পরং কিঞ্চিৎ কদাচন প্রার্থয়ে ন ॥ ১২ ॥

স্নুষয়োক্তং যদ্রত্নং রত্নাভরণাদিকং সূতে তদ্গ্রাহ্যং

ভূষয়েৎ ভূষণৈ রম্যৈর্যথাবিভবমাদরাৎ।
শুচি সৌভাগ্যবৃদ্ধ্যর্থমায়ুর্লক্ষ্ম্যভিবৃদ্ধয়ে।
সুহৃৎসু শুভদং নিত্যং বাস এব বিভূষণম্।
রত্নৈশ্চ দেবতাতুষ্টির্ভূষণস্যাপি ধারণাৎ ॥ ১৩ ॥

যথাবিভবং আদরাৎ রম্যৈঃ ভূষণৈঃ ভূষয়েৎ শুচি বাসঃ বিভূষণং এব সৌভাগ্যবৃদ্ধ্যর্থং আয়ুর্লক্ষ্ম্যভিবৃদ্ধয়ে সুহৃৎসু নিত্যং শুভদং রত্নৈঃ অপি চ ভূষণস্য ধারণাৎ দেবতাতুষ্টিঃ ॥ ১৩ ॥

ব্রাহ্মণী এই কথায় উত্তর করিলেন, যে রত্ন ষড়বিধ রস প্রসব করে, তাহাই গ্রহণ করা হউক। কেননা, একমাত্র অন্ন দ্বারা সমুদায় প্রাণির প্রাণধারণ হইয়া থাকে। শাস্ত্রে বলিয়াছেন,

বিধাতা সৃষ্ট জীবের জীবনধারণ জন্য অন্নের বিধান করিয়াছেন। সেইজন্য অন্ন ভিন্ন কিছুরই কখন কামনা করিবে না ॥ ১২ ॥

পুত্রবধূ কহিলেন, যে রত্ন রত্ন ও আভরণাদি উৎপাদন করে, তাহাই গ্রহণ করা কর্ত্তব্য।

কেননা, শাস্ত্রে বলিয়াছেন,

আপনার বিভবানুসারে আদরসহকারে রমণীয় ভূষণ দ্বারা ভূষিত করিবে। শুচি বস্ত্র ও ভূষণ যেমন আয়ুর্বৃদ্ধি, লক্ষ্মীবৃদ্ধি ও সৌভাগ্যবৃদ্ধির নিমিত্তভূত, সেইরূপ সুহৃদ্গণমধ্যেও নিত্য শুভপ্রদ। রত্নে দেবতার তুষ্টি এবং ভূষণ ধারণ করিলেও, তাঁহারা সন্তোষ লাভ করেন ॥ ১৩ ॥

এবং চতুর্ণাং পরস্পরং বিবাদো লগ্নঃ। ততো ব্রাহ্মণো রাজ-সমীপমাগত্য চতুর্ণাং বিবাদবৃত্তান্তমকথয়ৎ। রাজাপি তচ্ছ্রুত্বা তস্মৈ ব্রাহ্মণায় চত্বার্য্যপি রত্নানি দদৌ। ইতি কথাং কথয়িত্বা পুত্ত-লিকা রাজানমবদৎ ভো রাজন্ ঔদার্য্যং নাম সহজো গুণঃ নতু ঔপাধিকঃ।

চম্পকেষু যথা গন্ধঃ কান্তির্মুক্তাফলেষু চ।
যথেক্ষুদণ্ডে মাধুর্য্যং ঔদার্য্যং সহজং তথা॥ ১৪॥

যথা চম্পকেষু গন্ধঃ মুক্তাফলেষু চ কান্তিঃ যথা ইক্ষুদণ্ডে মাধুর্য্যং তথা ঔদার্য্যং সহজং॥ ১৪॥

ত্বয়ি এবংবিধমৌদার্য্যং বিদ্যতে চেৎ তর্হি অস্মিন্ সিংহাসনে সমুপবিশ। এতচ্ছ্রুত্বা ভোজরাজো মৌনমাবিশৎ।

ইতি অপ্সরাভোজসংবাদে তৃতীয়োপাখ্যানম্।

এইরূপে চারিজনে পরস্পর বিবাদ করিতে লাগিলেন। তখন ব্রাহ্মণ রাজসমীপে গমন করিয়া, চারিজনের বিবাদকথা কীর্ত্তন করিলেন। রাজাও শুনিয়া, সেই ব্রাহ্মণকে চারিটী রত্নই দিলেন।

এই উপাখ্যান শেষ করিয়া, পুত্তলিকা ভোজরাজকে কহিল, রাজন্! ঔদার্য্য সহজ গুণ, উপাধিজনিত নহে। তথাহি,

চম্পকে যেমন গন্ধ, মুক্তাফলে যেমন কান্তি ও ইক্ষুদণ্ডে যেমন মাধুর্য্য স্বভাবসিদ্ধ, ঔদার্য্যও তেমন সহজ অর্থাৎ প্রকৃতিসিদ্ধ॥ ১৪॥

আপনাতে যদি এবংবিধ ঔদার্য্য থাকে, তাহা হইলে, এই সিংহাসনে সমুপবেশন করুন।

ভোজরাজ এই কথা শুনিয়া, পূর্ব্ববৎ মৌনাবলম্বন করিলেন।

তৃতীয় উপাখ্যান সমাপ্ত।

অথ চতুর্থোপাখ্যানম্।

পুনরন্যা পুত্তলিকা বদতি স্ম ভো রাজন্ শ্রূয়তাং বিক্রমাদিত্যে রাজ্যং কুর্ব্বতি একদা ব্রাহ্মণঃ কশ্চিৎ সকলবিদ্যাবিচক্ষণঃ সমস্তগুণগণালঙ্কৃতোঽপি অপুত্রঃ সমভবৎ। একদা ভার্য্যয়া ভণিতং ভো প্রাণেশ্বর পুত্রং বিনা গৃহস্থস্য গতির্নাস্তীতি স্মৃতিবিদো বদন্তি।

তথাহি

অপুত্রস্য গতির্নাস্তি স্বর্গো নৈব চ নৈব চ।
তস্মাৎ পুত্রমুখং দৃশ্যং পুত্রাদ্ভবতি তাপসঃ॥ ১ ॥

অপুত্রস্য গতিঃ নাস্তি স্বর্গঃ ন এব চ ন এব চ তস্মাৎ পুত্রমুখং দৃশ্যং পুত্রাৎ তাপসঃ ভবতি॥ ১॥

শর্ব্বরীদীপকশ্চন্দ্রঃ প্রভাতে দীপকো রবিঃ।
ত্রৈলোক্যদীপকো ধর্ম্মঃ সৎপুত্রঃ কুলদীপকঃ॥ ২ ॥

চন্দ্রঃ শর্ব্বরীদীপকঃ রবিঃ প্রভাতে দীপকঃ ধর্ম্মঃ ত্রৈলোক্যদীপকঃ সৎপুত্রঃ কুলদীপকঃ॥ ২॥

পুনরায় অন্য পুত্তলিকা কহিল, রাজন্! শ্রবণ করুন। বিক্রমাদিত্যের রাজ্যশাসনসময়ে কোন ব্রাহ্মণ সকল-বিদ্যা-বিচক্ষণ ও সকল গুণে অলঙ্কৃত হইয়াও, পুত্রলাভে সমর্থ হন নাই। একদা তদীয় পত্নী কহিলেন, অয়ি প্রাণেশ্বর! পুত্র বিনা গৃহস্থের গতি নাই। স্মৃতিজ্ঞ ব্যক্তিরা ঐরূপ নির্দ্দেশ করেন। তথাহি,

পুত্রহীনের গতি নাই। তাহার স্বর্গলাভও হয় না। সেইহেতু, পুত্রমুখ দর্শন করা কর্ত্তব্য। বলিতে কি, লোকে পুত্রমুখ দেখিলেই, তাপস হইয়া থাকে॥ ১॥

চন্দ্র রাত্রির প্রকাশক, সূর্য্য প্রভাতের প্রকাশক, ধর্ম্ম ত্রিভুবনের প্রকাশক এবং সৎপুত্র কুলের প্রকাশক হইয়া থাকে॥ ২॥

নাগো ভাতি মদেন কং জলরুহৈঃ পূর্ণেন্দুনা শর্ব্বরী
শীলেন প্রমদা জবেন তুরগো নিত্যোৎসবৈর্ম্মন্দিরম্।
বাণী ব্যাকরণেন হংসমিথুনৈর্নদ্যঃ সভা পণ্ডিতৈঃ
সৎপুত্রেণ কুলং তথা বসুমতী লোকত্রয়ং ভানুনা॥ ৩॥

নাগঃ মদেন কং জলরুহৈঃ শর্ব্বরী পূর্ণেন্দুনা প্রমদা শীলেন তুরগঃ জবেন মন্দিরং নিত্যোৎসবৈঃ বাণী ব্যাকরণেন নদ্যঃ হংসমিথুনৈঃ সভা পণ্ডিতৈঃ কুলং সৎপুত্রেণ তথা বসুমতী লোকত্রয়ং ভানুনা ভাতি॥ ৩॥

ব্রাহ্মণেনোক্তং ভো প্রিয়ে সত্যমুক্তং ত্বয়া পরং পরোদ্যমেন দ্রব্যং লব্ধুং শক্যতে। গুরুশুশ্রূষয়া বিদ্যাপি লভ্যতে যশঃ সন্ততিশ্চ পরমেশ্বরারাধনং বিনা ন সিধ্যতি।

উক্তঞ্চ

নিরন্তরা সুখাপেক্ষা হৃদয়ে যদি বিদ্যতে।
কৃত্বা ভাবং দৃঢ়তরং ভবানীবল্লভং ভজেৎ॥ ৪॥

নিরন্তরা সুখাপেক্ষা হৃদয়ে যদি বিদ্যতে দৃঢ়তরং ভাবং কৃত্বা ভবানীবল্লভং ভজেৎ॥ ৪॥

ভার্য্যয়োক্তং ভবান্ সর্ব্বজ্ঞঃ অতঃ পরমেশ্বরপ্রসাদার্থং কিমপি ব্রতাদিকমনুষ্ঠেয়ং।

মদক্ষরণ দ্বারা হস্তীর, পদ্মসমূহ দ্বারা সলিলের, পূর্ণচন্দ্র দ্বারা রজনীর, সৎচারিত্র্য দ্বারা রমণীর, বেগ দ্বারা তুরঙ্গের, নিত্য উৎসব দ্বারা গৃহের, ব্যাকরণ দ্বারা বাক্যের, হংসমিথুন দ্বারা নদীর, পণ্ডিত দ্বারা সভার, সূর্য্য দ্বারা ত্রিভুবনের, তথা বসুমতীর এবং সৎপুত্র দ্বারা কুলের শোভা সমুদ্ভূত ও প্রতিভা বিস্তৃত হইয়া থাকে॥ ৩॥

ব্রাহ্মণ কহিলেন, প্রিয়ে! তুমি সত্য বলিয়াছ। কিন্তু পরম উদ্যম দ্বারাই দ্রব্যলাভ করিতে পারা যায়। দেখ, গুরুশুশ্রূষা দ্বারা বিদ্যালাভ হয়। কিন্তু যশঃ ও পুত্র ঈশ্বরের আরাধনাব্যতীত প্রাপ্ত হওয়া যায় না। শাস্ত্রে বলিয়াছেন,

যদি হৃদয়ে অবিচ্ছিন্ন সুখভোগের বাসনা থাকে, তাহা হইলে, দৃঢ়তর-ভাবাবলম্বন-সহকারে ভবানীবল্লভের ভজনায় প্রবৃত্ত হইবে॥ ৪॥

ব্রাহ্মণী কহিলেন, আপনি সর্ব্বজ্ঞ। অতএব, পরমেশ্বরের প্রসাদ-সংগ্রহার্থ কোনরূপ ব্রতাদির অনুষ্ঠানে কেন প্রবৃত্ত হউন না।

তেনোক্তং ময়াপ্যঙ্গীকৃতমেব ত্বদ্বচনং কুতঃ

যুক্তিযুক্তমুপাদেয়ং বচনং বালকাদপি।

.. বিদুষাপি সদা গ্রাহ্যং বৃদ্ধাদপি ন দুর্ব্বচঃ ॥ ৫ ॥

যুক্তিযুক্তং বচনং বালকাৎ অপি বিদুষা অপি উপাদেয়ং বৃদ্ধাৎ অপি দুর্ব্বচঃ সদা গ্রাহ্যং ন ॥৫॥

ইত্যুক্ত্বা ব্রাহ্মণঃ পরমেশ্বরপ্রীত্যর্থং রুদ্রানুষ্ঠানং কৃতবান্। তত একদা রাত্রৌ তং ব্রাহ্মণং স্বপ্নে জটামুকুটধারী বৃষভবাহনস্থিতঃ পরমেশ্বরঃ প্রত্যক্ষীভূয় উবাচ।

ভো ব্রাহ্মণ ত্বং প্রদোষব্রতমাচর তেন ব্রতাচরণেন তব পুত্রো ভবিষ্যতি। ততঃ প্রভাতে ব্রাহ্মণেন বৃদ্ধানাং পুরতঃ স্বস্বপ্নবৃত্তান্তঃ কথিতঃ।

তৈরুক্তং ভো ব্রাহ্মণ যথার্থোঽয়ং স্বপ্নঃ।

উক্তঞ্চ স্বপ্নাধ্যায়ে

দেবো দ্বিজো গুরুর্গাবঃ পিতরো লিঙ্গিনো নৃপঃ।

যদ্বদন্তি বচঃ স্বপ্নে তত্তথৈব বিনির্দ্দিশেৎ ॥ ৬ ॥

দেবঃ দ্বিজঃ গুরুঃ গাবঃ পিতরঃ লিঙ্গিনঃ নৃপঃ স্বপ্নে যৎ বচঃ বদন্তি তৎ তথা এব বিনির্দ্দিশেৎ ॥ ৬ ॥

ব্রাহ্মণ কহিলেন, আমি তোমার এই বাক্য পরিগ্রহ করিলাম। কেননা, বিদ্বান্ ব্যক্তি বালক' হইতেও সর্ব্বদা যুক্তিযুক্ত বাক্য গ্রহণ করিবে; কিন্তু বৃদ্ধেরও অযৌক্তিক কথা গ্রাহ্য করিবে না ॥ ৫ ॥

এইপ্রকার কহিয়া, ব্রাহ্মণ পরমেশ্বরের প্রীত্যর্থ রুদ্রানুষ্ঠান সমাধান করিলেন। অনন্তর একদা নিশাযোগে স্বপ্নে স্বয়ং পরমেশ্বর জটামুকুট ধারণ ও বৃষভবাহনে উপবেশন করিয়া, প্রত্যক্ষগোচরে আবির্ভূত হইয়া, ব্রাহ্মণকে কহিলেন, বিপ্র! তুমি প্রদোষব্রতের আচরণ কর। উহার অনুষ্ঠান করিলে, তোমার পুত্র হইবে। অনন্তর রাত্রি প্রভাত হইলে, ব্রাহ্মণ বৃদ্ধগণের সমক্ষে আপনার স্বপ্নবৃত্তান্ত কীর্ত্তন করিলেন। বৃদ্ধেরা কহিলেন, অহে বিপ্র! এই স্বপ্ন যথার্থ। তথাহি, স্বপ্নাধ্যায়ে বলিয়াছেন,

দেব, দ্বিজ, গুরু, গো ও পিতৃগণ, যতি ও ব্রহ্মচারিগণ এবং রাজা, ইহাঁরা স্বপ্নে যাহা বলেন, তাহা নিশ্চয়ই ঘটিয়া থাকে ॥ ৬ ॥

অস্মিন্ ব্রতেঽনুষ্ঠিতে তব পুত্রো ভবিষ্যতি।

তেষাং বচনং শ্রুত্বা ব্রাহ্মণো মার্গশীর্ষশুক্লত্রয়োদশীতিথৌ শনিবারে কল্পোক্তবিধিপূর্ব্বকং প্রদোষব্রতমনুষ্ঠিতবান্। তেন ব্রতাচরণেন পরমেশ্বরঃ প্রসন্নো ভূত্বা পুত্রমস্মৈ প্রাযচ্ছৎ। তদনন্তরং পুত্রে জাতে তস্য পুত্রস্য ব্রাহ্মণো জাতকর্ম্ম বিধায় দ্বাদশদিবসে তস্য দেবদত্ত ইতি নামকরণং কৃত্বা অন্নপ্রাশনাদ্যুপনয়নান্তানি কর্ম্মাণ্যকার্ষীৎ। ততঃ উপনীতং বেদশাস্ত্রাদিকং শিক্ষয়িত্বা ষোড়শে বর্ষে গোদানানন্তরং বিবাহং কারয়িত্বা স্বয়ং তীর্থযাত্রাং কর্ত্তুকামঃ পুত্রায় বুদ্ধিমুপদিশতি।

ভো পুত্র অতিকষ্টাং দশাং প্রাপ্তোঽপি স্বধর্ম্মাচারং ন পরিত্যজ। পরৈঃ সহ বিবাদং মা কুরু। সর্ব্বভূতেষু দয়া কার্য্যা। পরমেশ্বরে ভক্তির্বিধেয়া। পরস্ত্রী নাবলোকনীয়া। বলবদ্বিরোধং মা কুরু। মর্ম্মজ্ঞেষু অনুবৃত্তির্বিধেয়া। প্রস্তাবসদৃশং বক্তব্যম্। স্ববিত্তানুসারেণ ব্যয়ঃ করণীয়ঃ। সজ্জনাঃ সেবনীয়াঃ। দুর্জ্জনাঃ পরিহর্ত্তব্যাঃ।

অতএব, এই ব্রতের অনুষ্ঠান করিলে, তোমার পুত্র হইবে।

ব্রাহ্মণ তাঁহাদের কথা শুনিয়া, মার্গশীর্ষের শুক্লত্রয়োদশীতিথিতে শনিবারে কল্পোক্ত-বিধিপূর্ব্বক প্রদোষব্রতের অনুষ্ঠান করিলেন। সেই ব্রতের আচরণ করাতে, পরমেশ্বর প্রসন্ন হইয়া, তাঁহাকে পুত্র প্রদান করিলেন। তদনন্তর পুত্র জন্মিলে, ব্রাহ্মণ তাঁহার জাতকর্ম্ম বিধান ও দ্বাদশ দিবসে তাঁহার, দেবদত্ত, এই নাম করণ করিয়া, অন্নপ্রাশন হইতে উপনয়ন পর্য্যন্ত যাবতীয় কার্য্য সম্পাদন করিলেন। উপনয়নসমাধানান্তে বেদশাস্ত্রাদি শিক্ষা দিয়া, ষোড়শ বর্ষে গোদানানন্তর বিবাহ প্রদান করিয়া, স্বয়ং তীর্থযাত্রা করিবার জন্য কৃতকাম হইয়া, পুত্রকে উপদেশ করিতে লাগিলেন, বৎস! অতি কষ্টের দশা প্রাপ্ত হইলেও, স্বধর্ম্মাচার পরিত্যাগ করিও না। পরের সহিত বিবাদ করিও না। সকল প্রাণীকেই দয়া করিবে। পরমেশ্বরে ভক্তি করিবে। পরস্ত্রী দর্শন করিও না। বলবানের সহিত বিরোধ করিও না। মর্ম্মজ্ঞ ব্যক্তিবর্গের অনুবৃত্তি করিবে। প্রস্তাবসদৃশ কথা বলিবে। আপনার বিত্তানুসারে ব্যয় করিবে। সজ্জনগণের

স্ত্রীণাং গুহ্যং ন বক্তব্যং। এবমনেকধা পুত্রায় হিতমুপদিশ্য স্বয়ং বারাণসীং জগাম। দেবদত্তোঽপি পিতুরুপদেশং পরিপালয়ন্ তত্রৈব নগরে স্থিতঃ। একদা হোমসমিধাহরণার্থং মহারণ্যং প্রবিষ্টো যাবৎ সমিধশ্ছিনত্তি তাবদ্বিক্রমার্কো রাজা মৃগয়ার্থং বনং গতঃ। শূকরমনুধাবন্ মহারণ্যং প্রবিষ্টঃ পুরো মার্গমজানন্ দেবদত্তং দৃষ্ট্বা নগরমার্গমপৃচ্ছৎ। তেন দৃষ্টো দেবদত্তঃ স্বয়মগ্রে গচ্ছন্ রাজানং নগরমানয়ৎ। ততো রাজা দেবদত্তং বহুধা সম্মান্য কস্মিংশ্চিদ্ব্যাপারে নিযুক্তবান্। তদনন্তরং কালো মহান্ গতঃ। একদা রাজ্ঞা ভণিতং কথমহং দেবদত্তকৃতোপকারাদুত্তীর্ণো ভবিষ্যামি। যদনেন মহতোঽরণ্যমধ্যাৎ গ্রামমানীতঃ। তস্মিন্নবসরে কেনচিদুক্তং অহোঽয়ং সৎপুরুষঃ কৃতমুপকারং ন বিস্মরতি। তদুক্তং

সঙ্গে থাকিবে। দুর্জ্জনসঙ্গ ত্যাগ করিবে। স্ত্রীগণের নিকট গুহ্য বিষয় প্রকাশ করিও না। এবংবিধ বহুবিধ হিতোপদেশ প্রদান করিয়া, স্বয়ং বারাণসী গমন করিলেন।

দেবদত্তও পিতার উপদেশ পরিপালন করত, সেই নগরে অবস্থিতি করিতে লাগিলেন। একদা হোমসমিধ আহরণার্থ মহারণ্যে প্রবিষ্ট হইয়া, সমিধ ছেদন করিতেছেন, এমন সময়ে রাজা বিক্রমাদিত্য মৃগয়ার্থ বনে সমাগত হইলেন। তিনি শূকরের অনুসরণপ্রসঙ্গে মহারণ্যে প্রবেশ করিয়া, পুরগমনের পথ জানিতে না পারিয়া, দেবদত্তকে দেখিয়া, নগরমার্গ জিজ্ঞাসা করিলেন। রাজার দর্শনমাত্র দেবদত্ত স্বয়ং অগ্রে গমন করত, তাহাকে নগরে আনয়ন করিলেন। তখন রাজা দেবদত্তকে বহুমানপুরঃসর, কোন কার্য্যে নিযুক্ত করিলেন।

অনন্তর বহুকাল অতীত হইলে, একদা রাজা বলিতে লাগিলেন, আমি দেবদত্তের কৃত উপকার হইতে কিরূপে উত্তীর্ণ হইব? দেখ, ইনি মহারণ্যের মধ্য হইতে আমাকে গ্রামে আনিয়াছেন।

এই অবসরে কোন ব্যক্তি বলিতে লাগিল, অহো! এই সৎপুরুষ কৃত উপকার বিস্মৃত হইতেছেন না। শাস্ত্রে বলিয়াছেন,

প্রথমবয়সি তোয়ং পীতমল্পং স্মরন্তঃ
শিরসি নিহিতভারা নারিকেলাঃ ফলানাম্।
উদকমমৃতকল্পং দদ্যুরাজীবনান্তং
ন হি কৃতমুপকারং সাধবো বিস্মরন্তি ॥ ৭ ॥

প্রথমবয়সি পীতং অল্পং তোয়ং স্মরন্তঃ নারিকেলাঃ শিরসি ফলানাং নিহিতভারাঃ অমৃতকল্পং উদকং আজীবনান্তং দদ্যুঃ সাধবঃ কৃতং উপকারং বিস্মরন্তি ন হি ॥ ৭ ॥

ব্রাহ্মণেন তদ্রাজবচনং শ্রুত্বা স্বমনসি বিচারিতং

অহো রাজা এবং বদতি। তৎ সত্যং বা মিথ্যা বা অস্য প্রত্যয়ো দ্রষ্টব্যঃ। ইতি ভণিত্বা রাজকুমারং কেনাপ্যবিদিতং স্বমন্দিরে সঙ্গোপ্য তস্যালঙ্কারং ভৃত্যহস্তে দত্ত্বা নগরমধ্যে বিক্রয়ার্থং প্রেষিতম্।

তস্মিন্নবসরে রাজমন্দিরে রাজপুত্রঃ কেনাপি চোরেণ মারিত ইতি মহান্ কোলাহলো জাতঃ। রাজ্ঞাপি স্বপুত্রমার্গণায় সর্ব্বেঽধিকারিণঃ প্রেষিতাঃ। ততস্তে যাবদ্বিপণিমধ্যে বিলোকয়ন্তি তাবদাভরণহস্তো দেবদত্তভৃত্যো দৃষ্টঃ। ততস্তৎ আভরণং রাজ-

---

সাধুগণ কৃত উপকার বিস্মৃত হন না। দেখ, নারিকেলবৃক্ষ প্রথম বয়সে যে স্বল্পমাত্র সলিল পান করে, তাহা স্মরণ করত, মস্তকে ফলভার বহন করিয়া, আজীবন অমৃতসদৃশ উদক দান করিয়া থাকে॥ ৭ ॥

ব্রাহ্মণ রাজার এই কথা শুনিয়া, আপনার মনে বিচার করিতে লাগিলেন, অহো! রাজা এইপ্রকার কহিতেছেন। তাহা সত্য বা মিথ্যা, পরীক্ষা করিয়া দেখা কর্ত্তব্য। এইপ্রকার কহিয়া, তিনি রাজকুমারকে কাহারও দ্বারা অজ্ঞাতে আপনার গৃহে লুকাইয়া রাখিয়া, তাঁহার অলঙ্কার ভৃত্যের হস্তে দিয়া, নগরমধ্যে বিক্রয় করিবার জন্য পাঠাইলেন। এদিকে রাজভবনে, রাজপুত্রকে কোন চোরে মারিয়া ফেলিয়াছে, বলিয়া, মহা কোলাহল উত্থিত হইল। তখন রাজা পুত্রের অন্বেষণার্থ সমুদয় অধিকারিদিগকে প্রেরণ করিলেন। অনন্তর তাহারা বিপণিমধ্যে অবলোকন করিয়া, দেবদত্তের ভৃত্যকে আভরণ হস্তে দেখিতে পাইল। তখন, সেই

কুমারস্যেতি জ্ঞাত্বা তং বদ্ধা রাজসকাশং নিন্যুঃ। পশ্চাৎ ভৃত্যাঃ কথয়ন্তিস্ম রে পাপাচার কথমেতদাভরণং তব হস্তে সমাগতং। তেনোক্তং মম হস্তে দেবদত্তেন ব্রাহ্মণেন দত্তং তস্যাহং ভৃত্যঃ। বিপণিমধ্যে এতদাভরণবিক্রয়েণ ধনমানয়েতি কথিতঞ্চ। ততো রাজ্ঞা দেবদত্ত আকারিতো ভণিতশ্চ ভো দেবদত্ত এতদাভরণং তব হস্তে কেন দত্তম্। দেবদত্তেনোক্তং ন কেনাপি দত্তম্। অহমেব ধনলোলুপস্তব কুমারং হত্বা তদাভরণানি সর্ব্বাণি গৃহীত্বা তন্মধ্যে ইদমেকমাভরণমস্য হস্তে বিক্রেতুং দত্তম্। ইদানীং তুভ্যং যদ্রোচতে তং কুরু মম কর্ম্মবশাদেবংবিধা বুদ্ধিরভূদিতি ভণিত্বা অধোমুখো বভূব। তদ্বচনং শ্রুত্বা রাজা তূষ্ণীমবস্থিতঃ। তদা সভামধ্যে কৈশ্চিদুক্তং অহোঽয়ং সর্ব্বধর্ম্মশাস্ত্রবেত্তাপি কথমী-

---

আভরণ রাজকুমারের, জানিয়া, তাহাকে বন্ধন করিয়া, রাজার গোচরে আনিল। অনন্তর ভৃত্যেরা কহিতে লাগিল, রে পাপাচার! কিরূপে এই আভরণ তোমার হস্তে আসিল? সে কহিল, ব্রাহ্মণ দেবদত্ত আমার হস্তে দিয়াছেন। আমি তাঁহার ভৃত্য। বিপণিমধ্যে এই আভরণ বিক্রয় করিয়া, ধন আনয়ন কর, তিনি এইরূপ আদেশ করিয়াছেন।

তখন রাজা দেবদত্তকে আহ্বান করিয়া, কহিতে লাগিলেন, দেবদত্ত! এই আভরণ আপনার হস্তে কে দিল?

দেবদত্ত কহিলেন, কেহই দেয় নাই। আমিই নিজে ধনলোভে আপনার কুমারকে সংহার করিয়া, তাঁহার আভরণ সমস্ত গ্রহণপূর্ব্বক মধ্যে এই একতর আভরণ ইহার হস্তে বিক্রয় করিতে দিয়াছিলাম। ইদানীং আপনার যেপ্রকার অভিরুচি, করিতে পারেন। কর্ম্মবশেই আমার এইপ্রকার বুদ্ধির সঞ্চার হইয়াছে। এই বলিয়া, তিনি অধোদিকে মুখ করিয়া, রহিলেন। রাজাও তাঁহার কথা শুনিয়া, তূষ্ণীম্ভাব অবলম্বন করিলেন।

ঐ সময়ে সভামধ্যে কেহ কহিল, অহো! এই দেবদত্ত সমুদায় ধর্ম্ম-শাস্ত্রের অভিজ্ঞ হইয়াও, কিরূপে এরূপ পাপ কর্ম্মে বুদ্ধি করিলেন। অন্যা-

দৃশে পাপকর্ম্মণি বুদ্ধিমকরোৎ। অন্যেনোক্তং কিঞ্চিত্রং স্বকর্ম্মণা প্রেরিতস্যৈবং বুদ্ধির্জাতা।

উক্তঞ্চ

কিং করোতি নরঃ প্রাজ্ঞঃ প্রের্য্যমাণঃ স্বকর্ম্মণা।
প্রায়েণ হি মনুষ্যাণাং বুদ্ধিঃ কর্ম্মানুসারিণী ॥ ৮ ॥

প্রাজ্ঞঃ নরঃ স্বকর্ম্মণা প্রের্য্যমাণঃ কিং করোতি মনুষ্যাণাং বুদ্ধিঃ প্রায়েণ হি কর্ম্মানুসারিণী ॥৮॥

তত্র সভ্যৈর্ভণিতং ভো রাজন্ অয়ং বালঘাতী পুনঃ স্বর্ণস্তেয়ী চ অতঃ খাদিরেণ শূলেন হন্তব্যঃ। ততঃ অন্যৈর্মন্ত্রিভিরুক্তং অমুং শতখণ্ডং কৃত্বা অস্য মাংসেন গৃধ্রাণাং বলির্দ্দাতব্যঃ। তেষাং বচনং শ্রুত্বা রাজ্ঞা ভণিতং ভো সভ্যাঃ অয়ং মমাশ্রিতঃ পুরা মার্গদর্শনাদুপকারী চ। অতঃ সৎপুরুষেণ আশ্রিতানাং গুণদোষচিন্তা ন কার্য্যা। তথাচোক্তং

চন্দ্রঃ ক্ষয়ী প্রকৃতিবক্রতনুর্জড়াত্মা
দোষাকরো ভবতি মিত্রবিপত্তিকালে।

চন্দ্রঃ ক্ষয়ী প্রকৃতিবক্রতনুঃ জড়াত্মা মিত্রবিপত্তিকালে দোষাকরঃ ভবতি তথাপি পরমেশ্বরেণ মূর্দ্ধ্নি বিধৃতঃ মহতাং আশ্রিতেষু গুণদোষচিন্তা ন এব ॥ ৯ ॥

ন্যেরা কহিতে লাগিল, এ বিষয়ে আর আশ্চর্য্য কি? স্বকর্ম্মের প্রেরণাবশেই ইহার ঈদৃশী বুদ্ধি সমুদ্ভূত হইয়াছে। শাস্ত্রে বলিয়াছেন,

প্রাজ্ঞ পুরুষ স্বকীয় কর্ম্মবশে চালিত হইয়া, কি করিতে পারেন? মনুষ্যের বুদ্ধি প্রায়ই কর্ম্মের অনুসারিণী হইয়া থাকে ॥ ৮ ॥

অনন্তর সভ্যেরা বলিতে লাগিলেন, হে রাজন্! এই [illegible]বদত্ত বালকহত্যা ও তাহার উপর আবার স্বর্ণচুরি করিয়াছে। অতএব ইহাকে খাদির শূলের আঘাতে বধ করা হউক। অন্যান্য মন্ত্রিরা কহিলেন, ইহাকে শতখণ্ড করিয়া, ইহার মাংসে গৃধ্রদিগকে বলি দেওয়া যাউক।

তাঁহাদের কথা শুনিয়া রাজা কহিলেন, সভ্যগণ! এই ব্যক্তি আমার আশ্রিত। তাহার উপর আবার পূর্ব্বে পথপ্রদর্শনপূর্ব্বক পরম উপকার করিয়াছে। এইজন্য, সৎপুরুষ কখন আশ্রিত লোকের গুণদোষ চিন্তা করিবেন না। তথাহি, বলিয়াছেন,

চন্দ্র স্বভাবতঃ বক্রদেহ, জড়াত্মা ও ক্ষয়রোগগ্রস্ত; তাহার উপর

মূর্দ্ধা তথাপি বিধৃতঃ পরমেশ্বরেণ
নৈবাশ্রিতেষু মহতাং গুণদোষচিন্তা ॥ ৯ ॥

অন্যচ্চ

উপকারিষু যঃ সাধুঃ সাধুত্বে তস্য কো গুণঃ।
অপকারিষু যঃ সাধুঃ স সাধুঃ সদ্ভিরুচ্যতে ॥ ১০ ॥

যঃ উপকারিষু সাধুঃ তস্য সাধুত্বে কঃ গুণঃ যঃ অপকারিষু সাধুঃ সঃ সাধুঃ সদ্ভিঃ উচ্যতে ॥১০॥

ইত্যুক্ত্বা দেবদত্তং প্রতি ভণতি স্ম ভো দেবদত্ত ত্বং চেতসি কিমপি ভয়ং মা কার্ষীঃ। মম পুত্রো বলীয়সা প্রাক্তনেন কর্ম্মণা মারিতঃ। ত্বয়া কিং কৃতং। যতঃ প্রাক্তনং কর্ম্ম কোঽপি লঙ্ঘয়িতুং ন শক্নোতি।

অন্যচ্চ

মাতা লক্ষ্মীঃ পিতা বিষ্ণুঃ স্বয়ঞ্চ বিষমায়ুধঃ।
তথাপি শম্ভুনা দগ্ধঃ প্রাক্তনং কেন লঙ্ঘ্যতে ॥ ১১ ॥

লক্ষ্মীঃ মাতা বিষ্ণুঃ পিতা স্বয়ঞ্চ বিষমায়ুধঃ তথাপি শম্ভুনা দগ্ধঃ কেন প্রাক্তনং লঙ্ঘ্যতে ॥১১॥

আবার মিত্রের বিপত্তিকালে দোষাকর হইয়া থাকে। * এইপ্রকার ভূরিতর দোষসত্ত্বেও মহাদেব তাহাকে মস্তকে ধারণ করিয়া আছেন। আশ্রিত জনে মহাত্মাদের গুণদোষচিন্তা নাই ॥ ৯ ॥

অপিচ, বলিয়াছেন,

যে ব্যক্তি উপকারী জনে সাধুতা প্রকাশ করে, তাহার সেই সাধুতায় আবার গুণ কি? যে ব্যক্তি অপকারী জনে সাধুতা করে, সৎপুরুষগণ তাহারেই প্রকৃত সাধু বলিয়া থাকেন ॥ ১০ ॥

বিক্রমার্ক এইপ্রকার বাগ্‌বিন্যাসপুরঃসর দেবদত্তকে কহিতে লাগিলেন, আপনি মনোমধ্যে কিছুমাত্র ভয় করিবেন না। আমার পুত্র নিজেরই অতিপ্রবল কর্ম্মবলে মারা গিয়াছেন। আপনি কি করিবেন? দেখুন, প্রাক্তন কর্ম্ম কেহই লঙ্ঘন করিতে পারে না। তথাহি,

যাহার মাতা লক্ষ্মী ও পিতা সাক্ষাৎ বিষ্ণু, সেই স্বয়ং কামকেও হরকোপানলে দগ্ধ হইতে হইয়াছে। কে প্রাক্তন লঙ্ঘন করিতে পারে? ॥ ১১ ॥

---

* এখানে মিত্রশব্দে এক পক্ষে সূর্য্য ও অন্য পক্ষে বন্ধু; বিপত্তিকালশব্দে যথাক্রমে অস্তসময় ও বিপৎসময় এবং দোষাকরশব্দে এক পক্ষে রজনীকর ও অন্য পক্ষে দোষের আকর। ফলতঃ, সূর্য্য চন্দ্রের বাস্তবিকই মিত্র। কেননা, তদীয় কিরণের অনুপ্রবেশ বশতই চন্দ্রকিরণের স্ফূর্ত্তি হইয়া থাকে। ইহা বৈজ্ঞানিকদিগের মত।

মহারণ্যে পতিতং মাং নগরং নীতবতো মহোপকারিণস্তব প্রত্যুপকারসহস্রৈরপ্যুত্তীর্ণো ন ভবামি ইতি সমাশ্বাস্য বস্ত্রাভরণাদিনা দেবদত্তং সম্ভাব্য বিসসর্জ্জ। দেবদত্তোঽপি তং কুমারমানীয় রাজ্ঞে দদৌ। ততঃ সবিস্ময়েন রাজ্ঞা ভণিতং কিমিদমিতি। দেবদত্তেন উক্তং কৃতোপকারাৎ কথমপি উত্তীর্ণো ন ভবামীতি পূর্ব্বং ত্বয়োক্তম্। তত্তব স্বভাবনিরীক্ষণার্থং ময়া এবং কৃতম্। ত্বয়ি প্রত্যয়ো দৃষ্টশ্চ।

রাজ্ঞোক্তং যঃ কৃতমুপকারং বিস্মরতি স পুরুষাধম এব। দেবদত্তেনোক্তং ভো রাজন্ কারণং বিনাপি সকলজগদুপকারী ভবান্। অতস্ত্বমেব সুজনো লোকে। তথাচোক্তং

সুজনাঃ সুধনাস্তে হি কৃতিনঃ সুখিনস্তথা।
জন্তবো যে হি জীবন্তি পরস্য হিতকাম্যয়া॥ ১২॥

যে জন্তবঃ পরস্য হিতকাম্যয়া জীবন্তি হি তে সুজনাঃ সুধনাঃ কৃতিনঃ তথা সুখিনঃ হি॥১২॥

আরও দেখুন, আপনি মহারণ্যে পতিত আমাকে নগরে আনিয়া, মহোপকার করিয়াছেন। আজিও আমি প্রত্যুপকারসহস্র বিধান করিয়া, আপনার সেই ঋণে মুক্ত হইতে পারিলাম না। এই বলিয়া তিনি সবিশেষ-আশ্বাসপ্রদানসহকারে তাঁহারে বস্ত্র ও আভরণাদি দ্বারা সংবর্দ্ধিত করিয়া, বিদায় দিলেন। তখন দেবদত্ত কুমারকে আনিয়া, রাজহস্তে ন্যস্ত করিলে, তিনি সবিস্ময়ে বলিলেন, এ কি!

দেবদত্ত উত্তর করিলেন, আপনি পূর্ব্বে বলিয়াছিলেন, আমার কৃত উপকার হইতে কোন মতেই উত্তীর্ণ হইতে পারিবেন না। সেইজন্য, আপনার স্বভাবনিরীক্ষণার্থ আমি এইরূপ করিয়াছিলাম। যাহা হউক, এক্ষণে আপনার পরীক্ষা করা হইল।

রাজা কহিলেন, যে ব্যক্তি কৃত উপকার বিস্মৃত হয়, সেই পুরুষাধম।

দেবদত্ত কহিলেন, রাজন্! আপনি সর্ব্বথা স্বার্থশূন্য হইয়াই, সকল জগতের উপকার করেন। অতএব সংসারে আপনিই সুজন। তথাচ বলিয়াছেন,

যাহারা একমাত্র পরের হিতকামনায় জীবন ধারণ করে, তাহারাই সুজন, তাহারাই সুধন, তাহারাই কৃতী এবং তাহারাই সুখী॥ ১২॥

ইতি কথাং কথয়িত্বা পুত্তলিকা রাজানমবদৎ এবং পরোপ-কার্য্যৌদার্য্যাণি বিদ্যন্তে ত্বয়ি তর্হি অস্মিন্ সিংহাসনে সমুপবিশ। ভোজরাজঃ তূষ্ণীমাসীৎ।

ইতি চতুর্থোপাখ্যানম্।

অথ পঞ্চমোপাখ্যানম্।

পুনরন্যয়োক্তং ভো রাজন্ শ্রূয়তাম্। বিক্রমার্কে রাজ্যং কুর্ব্বতি একদা কশ্চিদ্রত্নবণিক্ সমাগত্য রত্নমনর্ঘ্যমেকং রাজ-হস্তে সমর্পিতবান্। রাজাপি দেদীপ্যমানং তদ্রত্নং দৃষ্ট্বা পরীক্ষ-কানাকার্য্যাবদৎ ভো পরীক্ষকাঃ কীদৃশমেতদ্রত্নং সমীচীনং অসমী-চীনং বা অস্য মৌল্যং কুর্ব্বন্তু। তৈস্তদ্রত্নং পরীক্ষ্য ভণিতং ভো রাজন্ অমৌল্যমেতদ্রত্নম্। অস্য মৌল্যমবিদিত্বাপি ক্রীয়তে চেৎ তর্হি মহাপ্রত্যবায়োঽস্মাকং ভবিষ্যতি। তেষাং বচনং শ্রুত্বা

পুত্তলিকা এই কথা শেষ করিয়া, ভোজরাজকে কহিল, আপনাতে যদি এইপ্রকার পরোপকার ও ঔদার্য্য থাকে, তাহা হইলে, এই সিংহাসনে বসুন।

ভোজরাজ তূষ্ণীম্ভূত হইয়া রহিলেন।

চতুর্থ উপাখ্যান সমাপ্ত।

পুনরায় অন্য পুত্তলিকা কহিল, রাজন্! শ্রবণ করুন। বিক্রমার্ক াজ্য করিতে লাগিলে, একদা কোন রত্নবণিক সমাগত হইয়া, একটী মমূল্যরত্ন তদীয় হস্তে সমর্পণ করিল। রাজাও সেই দেদীপ্যমান রত্ন র্শন করিয়া, পরীক্ষকদিগকে আহ্বানপূর্ব্বক আনয়ন করাইয়া, বলিতে াগিলেন, অহে পরীক্ষকগণ! এই রত্ন কীদৃশ, সমীচীন (উত্তম) কি সমীচীন, ইহার মূল্যই বা কত, নির্দ্ধারণ কর।

তাহারা ঐ রত্ন পরীক্ষা করিয়া কহিল, রাজন্! এই রত্নের মূল্য নাই। দি মূল্য না জানিয়া, ক্রয় করা যায়, তাহা হইলে, আমাদের মহাপ্রত্যবায় টবে।

রাজ্ঞা ভূরিদ্রব্যং দত্ত্বা ভণতিস্ম ভো বণিক্ ঈদৃশং রত্নমন্যদস্তি কিং। স প্রাহ দেব এতৎ সদৃশানি রত্নানি ইহ আনীতানি ন সন্তি। পরং গ্রামে এবংবিধান্যেব দশ রত্নানি বিদ্যন্তে। যদি প্রয়োজনমস্তি তর্হি তেষাং মৌল্যং কৃত্বা গৃহ্যতাম্। ততঃ পরীক্ষকৈঃ একৈকস্য রত্নস্য ষট্কোটি সুবর্ণং মৌল্যং কৃতম্। রাজ্ঞা তাবৎ সুবর্ণং তস্মৈ বণিজে দত্তং তেন সহ বিশ্বাসী কশ্চিদ্ভৃত্যশ্চ প্রেষিতঃ। উক্তঞ্চ ভো মণিকার অষ্টানাং বাসরাণাং মধ্যে রত্নানি গৃহীত্বা আয়াস্যসি চেদুচিতং তব দাস্যামি। তেনোক্তং দেব অষ্টানাং দিবসানাং মধ্যে এব চরণৌ দ্রক্ষ্যামি। অন্যথা চেৎ দণ্ড্যোঽহম্। এবমুক্ত্বা স মণিকারস্তেন বণিজা সহ তস্য নিবাসনগরঙ্গতঃ। তত্র তেন দশ রত্নানি দত্তানি। তানি গৃহীত্বা মার্গে যাবদাগচ্ছতি তাবন্মহতী বৃষ্টিরভূৎ। তয়া বৃষ্ট্যা উভয়তটপরিপূর্ণা নদী প্রবহতি।

তাহাদের কথা শুনিয়া, রাজা ভূরি-দ্রব্য-প্রদানপূর্ব্বক রত্নবণিককে কহিলেন, তোমার নিকট ঈদৃশ অন্য রত্ন আছে কি না?

রত্নবণিক কহিল, দেব! ইহার সদৃশ রত্ন সকল এখানে আনা হয় নাই। পরন্তু, গ্রামে এইরূপই আর দশটী রত্ন আছে। যদি প্রয়োজন হয়, তাহা হইলে, তাহাদের মূল্য নির্দ্ধারণ করিয়া, গ্রহণ করিতে পারেন।

অনন্তর পরীক্ষাকারকেরা একৈক রত্নের ছয় কোটি সুবর্ণ মৌল্য নির্দ্ধারণ করিলে, রাজা তাবৎসংখ্যক সুবর্ণ সেই বণিককে দিয়া তাহার সহিত বিশ্বাসী কোন ভৃত্যকে পাঠাইলেন। এবং বলিয়া দিলেন, অহে মণিকার! আট দিন মধ্যে সেই রত্ন সকল গ্রহণ করিয়া যদি আগমন কর, তোমাকে তাহার সমুচিত পারিতোষিক প্রদান করিব।

মণিকার কহিল, দেব! অষ্টাহ অতীত না হইতেই, চরণযুগল দর্শন করিব। অন্যথা হইলে, দণ্ড প্রয়োগ করিবেন।

এই বলিয়া, সেই মণিকার উক্ত বণিকের সহিত তদীয় নিবাসনগরে গমন ও তথায় নির্দ্দিষ্ট দশ রত্ন প্রদান করিল। সেই রত্ন গ্রহণ করিয়া, পথিমধ্যে সমাগত হইলে, অতিশয় বৃষ্টি হইল। তাহাতে, উভয় তীর পরিপূর্ণ করিয়া, নদী প্রবাহিত হইলে, পরপারে গমন করিতে অশক্ত হইয়া,

ততঃ অপরং তীরং গন্তুমশক্নুবন্ তত্র তটস্থিতং নাবিকমবদৎ ভো কর্ণধার মাং নদীং উত্তারয়। সোঽবদৎ হে পথিক এষা নদী বেলামতিক্রম্য বর্ত্ততে। কথমুত্তার্য্যতে। প্রবলনদ্যুত্তরণং বুদ্ধিমতা বর্জ্জনীয়ম্।

তথাহি

মহানদীপ্রতরণং মহাপুরুষবিগ্রহম্।
মহাজনবিরোধঞ্চ দূরতঃ পরিবর্জ্জয়েৎ॥ ১॥

মহানদীপ্রতরণং মহাপুরুষবিগ্রহং মহাজনবিরোধং চ দূরতঃ পরিবর্জ্জয়েৎ॥ ১॥

চরিতে যোষিতাং পূর্ণে সরিত্তোয়ে নৃপাদরে।
সর্ব্বত্রৈব বণিক্স্নেহে বিশ্বাসং নৈব কারয়েৎ॥ ২॥

যোষিতাং চরিতে পূর্ণে সরিত্তোয়ে নৃপাদরে বণিক্স্নেহে সর্ব্বত্র এব বিশ্বাসং এব ন কারয়েৎ॥২॥

নখিনাঞ্চ নদীনাঞ্চ শৃঙ্গিণাং শস্ত্রধারিণাম্।
বিশ্বাসো নৈব কর্ত্তব্যঃ স্ত্রীষু রাজকুলাদিষু॥ ৩॥

নখিনাং চ নদীনাং চ শৃঙ্গিণাং শস্ত্রধারিণাং স্ত্রীষু রাজকুলাদিষু বিশ্বাসঃ কর্ত্তব্যঃ এব ন॥ ৩॥

মণিকারেণোক্তং ভো কর্ণধার ত্বয়া যদুক্তং তৎ সত্যমেব।

সেই রত্নবাহী রাজভৃত্য তটস্থিত নাবিককে কহিল, অহে কর্ণধার! আমাকে নদী পার করাইয়া দাও।

নাবিক কহিল, পথিক! এই নদী বেলা অতিক্রম করিয়া, প্রবাহিত হইতেছে। কিরূপে তোমাকে পার করাইব? বুদ্ধিমান্ পুরুষ প্রবল-নদী-সমুত্তরণে সর্ব্বথা নিবৃত্ত হইবে। তথাহি,

মহানদীর পারে গমন, মহাপুরুষবিগ্রহ ও মহাজনের সহিত বিরোধ দূর হইতেই পরিবর্জ্জন করিবে॥ ১॥

স্ত্রীর চরিত্র, নদীর পূর্ণ প্রবাহ, নৃপের আদর, বণিকের স্নেহ, এই সকলে কখনই বিশ্বাস করিবে না॥ ২॥

নদী, নখী, শৃঙ্গধারী, শস্ত্রপাণি, স্ত্রী ও রাজকুলাদিকেও বিশ্বাস করিতে নাই॥ ৩॥

মণিকার কহিল, অহে কর্ণধার! তুমি যাহা বলিলে, তাহা সত্যই

তথাপি মম মহৎ কার্য্যমস্তি সামান্যকার্য্যাদ্বিশেষকার্য্যং বলবত্তবতি।

সামান্যকার্য্যতো নূনং বিশেষো বলবান্ ভবেৎ।
পরেণ পূর্ব্ববাধো বা প্রায়শো দৃশ্যতামিহ ॥ ৪ ॥

নূনং সামান্যকার্য্যতঃ বিশেষঃ বলবান্ ভবেৎ পরেণ পূর্ব্ববাধঃ বা প্রায়শঃ ইহ দৃশ্যতাম্ ॥৪॥

অতঃ মম নদ্যুত্তরণং সামান্যম্। রাজকার্য্যং বলবৎ।

কর্ণধারেণোক্তং মহদ্রাজকার্য্যং তৎ কিম্। মণিকারেণোক্তং অদ্য দশ রত্নানি গৃহীত্বা রাজসমীপং নাগমিষ্যামীতি চেৎ আজ্ঞাভঙ্গাদ্রাজা নিগ্রহং করিষ্যতি। নাবিকেনোক্তং তর্হি তেষাং রত্নানাং মধ্যে মহ্যং পঞ্চরত্নানি দাস্যসি চেত্তর্হি ত্বাং নদীমুত্তারয়িষ্যামি। ততো মণিকারস্তস্মৈ নাবিকায় পঞ্চরত্নানি দত্ত্বা নদীমুত্তীর্য্য রাজসমীপমাগত্য তস্য হস্তে পঞ্চরত্নানি দদৌ।

রাজাঽব্রবীৎ ভো মণিকার কিং পঞ্চৈব রত্নানি সমানীতানি। অবশিষ্টানি পঞ্চ কিং কৃতানি।

বটে। তথাপি, আমার বিশেষ কার্য্য আছে। সামান্য কার্য্য অপেক্ষা বিশেষ কার্য্য বলবৎ হইয়া থাকে। শাস্ত্রেও বলিয়াছেন,

সামান্য কার্য্য অপেক্ষা বিশেষ কার্য্য নিশ্চয়ই বলবৎ হইয়া থাকে। কেননা, ভাবিয়া দেখ, সামান্য কার্য্য, বিশেষ কার্য্য দ্বারা প্রায়ই বাধিত হইয়া থাকে ॥ ৪ ॥

আমার নদীপারে গমন করা সামান্য কার্য্য; রাজকার্য্যই বলবৎ।

কর্ণধার কহিল, রাজার সেই গুরুতর কার্য্য কি?

মণিকার কহিল, অদ্য যদি দশ রত্ন গ্রহণ করিয়া, রাজার সমীপে না যাই, তাহা হইলে, আজ্ঞাভঙ্গ করাতে, রাজা নিগৃহীত করিবেন।

নাবিক কহিল, তবে, সেই দশ রত্নের মধ্যে আমাকে যদি পাঁচ রত্ন দাও, তাহা হইলে, তোমাকে নদীপারে লইয়া যাইতে পারি।

তখন মণিকার সেই নাবিককে পাঁচ রত্ন দিয়া, নদী পার হইয়া, রাজার সমীপে আসিয়া, তাঁহার হস্তে পাঁচটীমাত্র রত্ন প্রদান করিল।

রাজা কহিলেন, মণিকার! তুমি কি পাঁচটীমাত্র রত্ন লইয়া আসিয়াছ; অবশিষ্ট পাঁচ রত্ন কি করিলে?

মণিকারেণোক্তং দেব শ্রূয়তাং বিজ্ঞাপ্যং মে। অস্মান্নগরাৎ নির্গত্য তেন বণিজা সহ তন্নগরং গত্বা তেন দত্তানি দশরত্নানি গৃহীত্বা ততো নির্গত্য যাবদাগচ্ছামি তাবন্মার্গে প্রবলবৃষ্ট্যা নদী উভয়তটং বিলঙ্ঘ্য প্রবলোদকা প্রবহতি। অষ্টানাং দিনানাং মধ্যে স্বামি-চরণৌ দ্রষ্টব্যৌ। নদী দুস্তরা ইতি বিচার্য্য নদ্যুত্তরণায় নাবিকস্য পঞ্চ রত্নানি দত্তানি পঞ্চ দেবসমীপমানীতানি। যদ্যষ্টদিনানাং মধ্যে নাগম্যতে চেৎ আজ্ঞাভঙ্গাৎ স্বামিনশ্চেতসি দুঃখং স্যাৎ।

উক্তঞ্চ

আজ্ঞাভঙ্গো নরেন্দ্রাণাং বিপ্রাণাং মানখণ্ডনম্।
পৃথক্ শয্যা চ নারীণাং অশস্ত্রবধ উচ্যতে॥ ৫॥

নরেন্দ্রাণাং আজ্ঞাভঙ্গঃ বিপ্রাণাং মানখণ্ডনং নারীণাং পৃথক্ শয্যা চ অশস্ত্রবধঃ উচ্যতে॥৫॥

ইতি বিচার্য্য দত্তানি।

রাজাপি তদ্বচনং শ্রুত্বা সন্তুষ্টঃ সন্ অবশিষ্টানি পঞ্চরত্নানি তস্মৈ মণিকারায় দদৌ।

মণিকার কহিল, দেব! শ্রবণ করুন, নিবেদন করিতেছি। এই নগর হইতে নির্গত হইয়া, সেই বণিকের সহিত তাহার নগরে গিয়া, তাহার প্রদত্ত দশ রত্ন লইয়া, তথা হইতে বহির্গমনপূর্ব্বক, যেমন আসিতেছিলাম, পথিমধ্যে প্রবল বৃষ্টি হওয়াতে, নদী উভয় কূল লঙ্ঘন করিয়া, প্রবল প্রবাহে বহিতে লাগিল। এদিকে, আট দিনের মধ্যে ভবদীয় চরণ দর্শন করিবার কথা আছে। নদী পার হওয়া কঠিন, ভাবিয়া, তাহার উত্তরণার্থ নাবিককে পাঁচটী রত্ন দিয়া, অবশিষ্ট রত্নপঞ্চক দেবসমীপে আনিয়াছি। যদি অষ্টাহ-মধ্যে না আসিতাম, আজ্ঞাভঙ্গজন্য স্বামির চিত্তে দুঃখ জন্মিত।

তথাহি, বলিয়াছেন,

রাজার আজ্ঞাভঙ্গ, ব্রাহ্মণের মানহানি ও স্ত্রীর পৃথক্ শয্যা অশস্ত্র-বধ বলিয়া, পরিগণিত হইয়া থাকে॥ ৫॥

এইপ্রকার বিচার করিয়াই, আমি নাবিককে রত্ন কয়েকটী দিয়াছি। রাজাও তাহার কথা শুনিয়া, সন্তুষ্ট হইয়া, অবশিষ্ট পঞ্চ রত্ন সেই মণিকারকে প্রদান করিলেন।

ইতি কথাং কথয়িত্বা পুত্তলিকা পুনর্ভোজমবদৎ পরমৌদার্য্যগুণবরিষ্ঠো বিক্রমাদিত্যঃ। ত্বয়ি এতাদৃশমৌদার্য্যং বিদ্যতে তর্হ্যস্মিন্ সিংহাসনে সমুপবিশ।

ইতি পঞ্চমোপাখ্যানম্।

অথ ষষ্ঠোপাখ্যানম্।

পুনরন্যা পুত্তলিকা অব্রবীৎ শ্রূয়তাং রাজন্ বিক্রমার্কঃ রাজ্যং কুর্ব্বন্ একদা চৈত্রমাসে বসন্তোৎসবে সকলান্তঃপুরবধূসমেতঃ ক্রীড়ার্থং শৃঙ্গারবনমগমৎ। নানাবিধতরুশোভিতে তস্মিন্ শৃঙ্গারবনে ইন্দ্রনীলখচিতভিত্তিরমণীয়ে চন্দ্রকান্তশিলাবিনির্ম্মিতাঙ্গনে নানাবিধধূপবাসিতে ক্রীড়াগৃহীতপদ্মিনীপ্রভৃতিচতুর্ব্বিধবনিতাভির্ব্বস্ত্রতাম্বূলপুষ্পালঙ্কৃতাভিঃ সহ রাজা চিরং ক্রীড়ামকার্ষীৎ। তদ্বনসমীপে চণ্ডিকায়তনমেকমাসীৎ। তত্র স্থিতঃ কশ্চিদ্-

---

এই উপাখ্যান সমাপন করিয়া, পুনরায় ভোজকে পুত্তলিকা কহিল, বিক্রমাদিত্য পরমৌদার্য্য-গুণবরিষ্ঠ ছিলেন। আপনাতে যদি এতাদৃশ ঔদার্য্য থাকে, তাহা হইলে, এই সিংহাসনে বসুন।

পঞ্চম উপাখ্যান সমাপ্ত।

পুনরায় অন্য পুত্তলিকা কহিল, রাজন্! শ্রবণ করুন, বিক্রমাদিত্য রাজ্যশাসনে প্রবৃত্ত হইয়া, একদা চৈত্রমাসে বসন্তোৎসবসময়ে সমুদায় অন্তঃপুরবধূসমেত ক্রীড়ার্থ শৃঙ্গারবনে গমন করিলেন। নানাবিধ-তরু-শোভিত, ইন্দ্রনীল-খচিত-ভিত্তি-সংসর্গে রমণীয়, চন্দ্রকান্তশিলা দ্বারা বিনির্ম্মিত প্রাঙ্গণে সুশোভিত ও নানাবিধ ধূপে নিরতিশয় আমোদিত, সেই শৃঙ্গারকাননে বস্ত্র, তাম্বূল ও কুসুমদামে অলঙ্কৃত, ক্রীড়াগৃহীত পদ্মিনী প্রভৃতি চতুর্বিধ বনিতার সমভিব্যাহারে তিনি বহুক্ষণ বিহার করিলেন। সেই বনের সমীপদেশে দেবী চণ্ডিকার এক আয়তন ছিল। তথায় অব-

ব্রহ্মচারী রাজানং তত্রাগতং বিলোক্য স্বমনসি চিন্তয়তি স্ম অহো তপঃ কুর্ব্বতা ময়া জন্ম বৃথৈব নীয়তে। স্বপ্নেঽপি বিষয়সঙ্গমজন্ম-সুখং নানুভূয়তে।

উক্তঞ্চ

যদ্যৎ সুখং বিষয়সঙ্গমজন্ম তচ্চ
দুঃখায় সৃষ্টমিতি মূর্খবিচারণৈব।
কো নাম সংপরিহরেৎ সিততণ্ডুলাংশ্চ
ভোক্তুং যতেত তুষমিশ্রকণান্ মনুষ্যঃ॥ ১॥

যৎ যৎ সুখং বিষয়সঙ্গমজন্ম তৎ চ দুঃখায় সৃষ্টং ইতি মূর্খবিচারণা এব কঃ নাম মনুষ্যঃ সিততণ্ডুলান্ চ সংপরিহরেৎ তুষমিশ্রকণান্ ভোক্তুং যতেত॥ ১॥

তস্মাৎ মহৎ কৃচ্ছ্রং কৃত্বাপি সংসারে স্ত্রীসুখমনুভোক্তব্যম্।
অসারে খলু সংসারে পূজ্যা শারঙ্গলোচনা।
তদর্থে ধনমিচ্ছন্তি তত্ত্যাগে চ ধনেন কিম্॥ ২॥

অসারে সংসারে শারঙ্গলোচনা পূজ্যা খলু তদর্থে ধনং ইচ্ছন্তি তত্ত্যাগে চ ধনেন কিম্॥২॥

স্থিত কোন ব্রহ্মচারী রাজাকে সেই স্থানে সমাগত দেখিয়া, আপনার মনে চিন্তা করিতে লাগিলেন, অহো, তপস্যা করিয়া, আমি জন্ম বৃথাই কাটাই-তেছি! স্বপ্নেও বিষয়সঙ্গজনিত সুখ অনুভব করিলাম না। শাস্ত্রে বলিয়াছেন,

যে যে সুখ বিষয়সঙ্গ হইতে সমুদ্ভূত হয়, তৎসমস্তই দুঃখের জন্য কল্পিত হইয়া থাকে ; মূর্খেরাই এইরূপ বিচারণা করে। কেননা, কোন্ ব্যক্তিই বা সিততণ্ডুল ত্যাগ করিয়া, তুষমিশ্র তণ্ডুলকণ ভোজন করিতে যত্নবান্ হয়?॥ ১॥

অতএব, মহাকষ্ট করিয়াও, সংসারে স্ত্রীসুখ অনুভব করা কর্ত্তব্য। বলিতে কি,

এই অসার সংসারে মৃগলোচনা রমণীই পূজার যোগ্যপাত্রী। তাহারই জন্য লোকে ধন কামনা করে। তাহার ত্যাগে ধনে প্রয়োজনই বা কি?॥২॥

অসারভূতে সংসারে সারভূতা নিতম্বিনী।
ইতি সঞ্চিন্ত্য বৈ শম্ভুরর্দ্ধাঙ্গে পার্ব্বতীং দধৌ ॥ ৩ ॥

অসারভূতে সংসারে নিতম্বিনী সারভূতা ইতি সঞ্চিন্ত্য বৈ শম্ভুঃ অর্দ্ধাঙ্গে পার্ব্বতীং দধৌ ॥ ৩॥

বিক্রমার্কো রাজা প্রসঙ্গতোঽত্র সমাগতোঽস্তি। তস্মাৎ তং একমগ্রহরং যাচিত্বা কাঞ্চন কন্যকাং বিবাহ্য সংসারসুখমনুভবিষ্যামীতি বিচার্য্য রাজসমীপমাগত্য

পঞ্চাস্যপঞ্চবদনে হিমশৈলজায়া
রত্যুৎসবে যুগপদাস্যরসং জিঘৃক্ষৌ।
ত্বাং পাতু সংকলিতবিভ্রমকর্ণপূর-
লোলদ্‌ভ্রমদ্‌ভ্রমরবিভ্রমভৃৎ কটাক্ষঃ ॥ ৪ ॥

রত্যুৎসবে পঞ্চাস্যপঞ্চবদনে যুগপৎ আস্যরসং জিঘৃক্ষৌ হিমশৈলজায়াঃ সংকলিতবিভ্রমকর্ণপূরলোলদভ্রমদভ্রমরবিভ্রমভৃৎ কটাক্ষঃ ত্বাং পাতু ॥ ৪ ॥

ইত্যাশীর্ব্বাদং দদৌ। ততো রাজা তমাসনে সমুপবেশয়িত্বাব্রবীৎ ভো ব্রাহ্মণ কুতঃ সমাগতোঽসি। তেনোক্তং অহমত্রৈব জগদম্বিকাপরিচর্য্যাং কুর্ব্বন্ তিষ্ঠামি। নিত্যমস্যাঃ সেবাং কুর্ব্বতো

অধিক কি, অসার সংসারে নিতম্বিনীই একমাত্র সার পদার্থ। শম্ভু এইপ্রকার চিন্তা করিয়াই, অর্দ্ধাঙ্গে পার্ব্বতীকে ধারণ করিয়াছেন ॥ ৩ ॥

রাজা বিক্রমাদিত্য প্রসঙ্গতঃ এখানে আগমন করিয়া, অবস্থিতি করিতেছেন। অতএব ইহাঁর নিকট এক অগ্রহর যাচ্ঞা করিয়া, কোন কন্যার পাণিপীড়নপুরঃসর, সংসারসুখ অনুভব করিব। ব্রহ্মচারী এইপ্রকার বিচার করিয়া, রাজার সমীপে আসিয়া, এই বলিয়া, আশীর্ব্বাদ করিলেন,—

পঞ্চাননের পঞ্চবদন পার্ব্বতীর রত্যুৎসবসময়ে যুগপৎ তাহার রস গ্রহণে সমুৎসুক হইলে, যে বিভ্রমভূষিত কটাক্ষের সঞ্চার হয়, যাহাতে সংকলিত বিলাসকর্ণভূষায় ভ্রমরগণ চঞ্চল হইয়া, ভ্রমণ করিয়া থাকে, সেই কটাক্ষ আপনাকে পালন করুন ॥ ৪ ॥

রাজা তাঁহাকে আসনে উপবেশন করাইয়া কহিলেন, অয়ি বিপ্র! কোথা হইতে আসিতেছেন?

ব্রাহ্মণ কহিলেন, আমি জগদম্বিকার পরিচর্য্যা করিয়া, এইখানেই

মে পঞ্চাশদ্বর্ষাণি গতানি। তাবৎকালং অহং ব্রহ্মচারী। অদ্য দেবতা নিশাবসানে মাং সমাগত্যাভণৎ ভো ব্রাহ্মণ ত্বমেতাবন্তং কালং মম পরিচর্য্যয়া শ্রান্তোঽসি তবাহং প্রসন্না জাতাস্মি। তর্হি ইদানীং গৃহস্থাশ্রমং স্বীকুরু পুত্রমুৎপাদ্য পশ্চান্মনো মোক্ষে নিধেহি। অন্যথা তব গতির্নাস্তি।

আশ্রমান্ ত্রীনপাকৃত্য যো মোক্ষেঽন্তর্নিবেশয়েৎ।
অনয়া ক্রিয়য়া মোক্ষং সেবমানঃ পতত্যধঃ॥ ৫॥

যঃ ত্রীন্ আশ্রমান্ অপাকৃত্য মোক্ষে অন্তঃ নিবেশয়েৎ অনয়া ক্রিয়য়া মোক্ষং সেবমানঃ অধঃ পততি॥ ৫॥

আদৌ ব্রহ্মচারী ততো বনী চ ভূত্বা প্রব্রজেতি। অথ বিক্রমার্কে ভূপতৌ কথিতঞ্চেৎ তব মনোরথং স পূরয়িষ্যতীতি এবং দেব্যা স্বপ্নে ভণিতম্। অতস্তব সমীপমাগতোঽস্মি। ইত্যেবং কপটবচনৈঃ রাজানমুক্তবান্। তচ্ছ্রুত্বা রাজা স্বমনসি অচিন্তয়ৎ

অবস্থিতি করি। নিত্য ইঁহার সেবা করিয়া, আমার পঞ্চাশৎ বর্ষ অতীত হইয়াছে। তাবৎকাল আমি ব্রহ্মচারী। অদ্য দেবতা নিশাবসানে আমাকে আসিয়া বলিলেন, বিপ্র! তুমি এতাবৎকাল আমার পরিচর্য্যা করিয়া, শ্রান্ত হইয়াছ। আমি তোমার প্রতি প্রসন্না হইয়াছি। অতএব, এক্ষণে গৃহস্থাশ্রম স্বীকার কর। পুত্র উৎপাদন করিয়া, পশ্চাৎ মোক্ষে মন সন্নিধান করিও। তাহা না হইলে, তোমার গতি নাই।

যে ব্যক্তি গার্হস্থ্যাদি আশ্রমত্রিতয় অপাকৃত করিয়া, মোক্ষে মন ান্নিবিষ্ট করে, ঐ ক্রিয়া দ্বারা মোক্ষের সেবা করিতে করিতে তাহার অধঃপাত হইয়া থাকে॥ ৫॥

প্রথমে ব্রহ্মচারী, পরে বানপ্রস্থী হইয়া, প্রব্রজ্যা অবলম্বন কর। তুমি যদি রাজা বিক্রমার্ককে এই কথা বল, তাহা হইলে, তিনি তোমার মনোরথ পূর্ণ করিবেন। দেবী স্বপ্নে আমারে এইরূপ বলিয়াছেন। এই কারণেই আপনার নিকটে আসিয়াছি। ব্রহ্মচারী এইপ্রকার কপট বাক্য রাজাকে কহিলেন।

তাহা শুনিয়া, রাজা মনে মনে বিচার করিতে লাগিলেন, এই ব্রাহ্মণ

অসাবেব অনৃতং বদতি। অস্তু তথাপ্যর্থী বর্ত্ততে সর্ব্বথাস্য মনোরথঃ পূরণীয়ঃ।

দত্ত্বার্থিনে নৃপো দানং শূন্যং লিঙ্গং প্রপূজ্য চ।
পরিপাল্যাশ্রিতং নিত্যং অশ্বমেধফলং লভেৎ॥ ৬॥

নৃপঃ অর্থিনে দানং দত্ত্বা শূন্যং লিঙ্গং প্রপূজ্য চ আশ্রিতং নিত্যং পরিপাল্য অশ্বমেধফলং লভেৎ॥ ৬॥

ইতি বিচার্য্য তত্র নগরমেকং কারয়িত্বা তমভিষিচ্য চ তস্মিন্ নগরে সংস্থাপ্য বিলাসিনীনাং শতমদাৎ। পঞ্চাশদ্গজাংশ্চ তুরঙ্গাণাং পঞ্চশতীং ভটানাং চতুঃসহস্রীং তস্মৈ ব্রাহ্মণায় দত্ত্বা চণ্ডিকাপুরমিতি তস্য নগরস্য নাম কৃতম্। ততঃ পরিপূর্ণমনোরথো ব্রাহ্মণস্তং রাজানমাশীর্ভিরর্চ্চয়ামাস। অথ রাজা নিজনগরমগমৎ।

ইতি কথাং কথয়িত্বা পুত্তলিকা রাজানমব্রবীৎ ভো রাজন্ ত্বয়ি এবমৌদার্য্যং বিদ্যতে চেৎ তর্হি অস্মিন্ সিংহাসনে সমুপবিশ।

ইতি ষষ্ঠোপাখ্যানম্।

নিশ্চয়ই মিথ্যা বলিতেছেন। যাহা হউক, ইনি যখন প্রার্থী হইয়াছেন, তখন সর্ব্বতোভাবে ইহাঁর মনোরথ পূরণ করাই কর্ত্তব্য। তথাহি,

রাজা অর্থীকে দান, শূন্য লিঙ্গের পূজা ও সর্ব্বদা আশ্রিতের পরিপালন করিয়া, অশ্বমেধযজ্ঞের ফললাভ করেন॥ ৬॥

এইপ্রকার বিচার করিয়া, তথায় এক নগর নির্ম্মাণ করাইয়া, তাহাঁকে অভিষেক ও সেই নগরে স্থাপন পূর্ব্বক, একশত বিলাসিনী রমণী প্রদান করিলেন। অনন্তর সেই ব্রাহ্মণকে পঞ্চাশৎ হস্তী, পঞ্চ[illegible] তুরঙ্গ ও চতুঃসহস্র ভট দান করিয়া তাহাঁর ঐ নগরের নাম চণ্ডিকাপুর রাখিলেন। অনন্তর ব্রাহ্মণ সর্ব্বথা কৃতমনোরথ হইয়া, তাঁহাকে আশীঃপ্রয়োগপুরঃসর সবিশেষ সম্মানিত করিলেন। তখন রাজা নিজ নগরে সমাগত হইলেন।

এই কথা কহিয়া, পুত্তলিকা ভোজরাজকে বলিল, রাজন্! আপনাতে যদি এইপ্রকার উদারতা থাকে, তাহা হইলে, এই সিংহাসনে সমুপবেশন করুন।

রাজা এই কথায় মৌন অবলম্বন করিলেন।

ষষ্ঠ উপাখ্যান সমাপ্ত।

অথ সপ্তমোপাখ্যানম্।

পুনরন্যা ভোজং প্রতি বিক্রমকথাং কথয়তি। বিক্রমার্কে রাজ্যং কুর্ব্বতি সর্ব্বোঽপি জনঃ সুখেনাসীৎ। লোকে দুর্জ্জনকণ্টকো নাস্তি। সদাচারবন্তঃ সর্ব্বে জনাঃ ব্রাহ্মণাঃ বেদশাস্ত্রাভ্যাসস্বধর্ম্মাচারপরাঃ ষট্কর্ম্মনিরতা বভূবুঃ। সর্ব্বস্যাপি বর্ণস্য সিদ্ধৌ যশসি চাভিরুচিঃ পরোপকারকরণে বাসনা অসত্যে অপ্রণয়ঃ লোভে দ্বেষঃ পরাপবাদে অনাদরঃ জীবদয়ায়াং অনুরাগঃ পরমেশ্বরে ভক্তিঃ দেহে নির্ম্মমতা নিত্যানিত্যবস্তুনি বিচারঃ পরত্র বিষয়ে বুদ্ধিঃ বাচি সত্যং উক্তিপরিপালনে দার্ঢ্যং হৃদয়ে ঔদার্য্যগুণঃ। এবং সর্ব্বোঽপি লোকঃ সদ্বাসনাশ্রিতঃ পবিত্রীভূতান্তঃকরণো রাজ্ঞঃ প্রসাদাৎ সুখেন বর্ত্ততে।

পুনরায় অন্য পুত্তলিকা ভোজরাজকে বিক্রমাদিত্যের কথা বলিতে লাগিল। বিক্রমার্ক রাজ্যশাসনে প্রবৃত্ত হইলে, সমুদায় লোকই সুখী হইল। দুর্জ্জন রূপ কণ্টক দূর হইয়া গেল। সকল ব্যক্তিই সদাচারসম্পন্ন, ব্রাহ্মণ সকল বেদশাস্ত্রের অভ্যাসপরবশ, স্বধর্ম্মের অনুষ্ঠানপরায়ণ ও ষট্কর্ম্মনিরত হইলেন। সকল বর্ণই সিদ্ধি ও যশের অতিমাত্র অভিলাষী হইয়া উঠিল। পরোপকারকরণে সকলেরই বাসনা ধাবমান হইল। অসত্যে কাহারই আর অনুরাগ রহিল না। সকলেই লোভের বিদ্বেষী, পরাপবাদে হতাদর ও জীবগণের প্রতি দয়াপ্রকাশে সবিশেষ সংসক্ত হইল এবং পরমেশ্বরে ভক্তিমান্ হইয়া উঠিল। সকলেরই দেহে নির্ম্মমতা উপস্থিত হইল; কোন্ বস্তু নিত্য, আর কোন্ বস্তুইবা অনিত্য, সকলেই তাহা বিচার করিতে লাগিল; পারলৌকিক বিষয়ে সকলেরই বুদ্ধি প্রযোজিত হইল; সকলেই সত্যবাদী ও প্রতিজ্ঞাপালনে দৃঢ়তাসম্পন্ন এবং সকলেরই হৃদয়ে ঔদার্য্যগুণের আবির্ভাব হইল। এই রূপে সকল লোকই সদ্বাসনার বশীভূত ও পবিত্রান্তঃকরণ হইয়া, রাজার প্রসাদে সুখে বাস করিতে লাগিল।

তস্মিন্নগরে ধনদো নাম কশ্চিদ্‌বণিক্ অস্তি। তস্য সম্পত্তের্মর্য্যাদা নাস্তি। যেন যদ্বস্তু চিন্ত্যতে তদ্বস্তু তস্য গৃহে লভ্যতে। এবং সকল-সম্পদাশ্রয়স্য বণিজঃ সর্ব্ববস্তুষু অনিত্যত্ববুদ্ধিরুৎপন্না অসারোঽয়ং সংসারঃ সর্ব্বং সুদুর্লভমপি বস্তুজাতমনিত্যম্।

গগননগরকল্পং সঙ্গমং বল্লভানাং
জলদপটলতুল্যং যৌবনং বা ধনং বা।
স্বজনসুতশরীরাদীনি বিদ্যুচ্চলানি
ক্ষণিকমিতি সমস্তং বিদ্ধি সংসারবৃত্তম্॥ ১॥

বল্লভানাং সঙ্গমং গগননগরকল্পং যৌবনং বা ধনং বা জলদপটলতুল্যং স্বজনসুতশরীরাদীনি বিদ্যুচ্চলানি সংসারবৃত্তং সমস্তং ক্ষণিকং ইতি বিদ্ধি॥ ১॥

শরণমশরণং বা বান্ধবো বন্ধমূলং
শরণমপি তদারাদ্দ্বারমাপদ্‌গ্রহাণাম্।
বিকলিতমতি পুত্রাঃ শত্রবঃ সর্ব্বমেতৎ
ত্যজত ভজত ধর্ম্মং নির্ম্মলং কর্ম্মপাশান্॥ ২॥

শরণং অশরণং বা বান্ধবঃ বন্ধমূলং শরণং অপি তৎ আপদ্‌গ্রহাণাং আরাৎ দ্বারং পুত্রাঃ শত্রবঃ এতৎ সর্ব্বং অতিবিকলিতং কর্ম্মপাশান্ ত্যজত নির্ম্মলং ধর্ম্মং ভজত॥ ২॥

সেই নগরে ধনদ নামে কোন বণিক বাস করিত। তাহার সম্পত্তির সীমা ছিল না। যে যে বস্তুর চিন্তা করিত, সে, সেই বস্তুই তাহার গৃহে প্রাপ্ত হইত। এইরূপে সকল সম্পদের আশ্রয় সেই বণিকের [illegible]কল বস্তু-তেই অনিত্যত্ববুদ্ধি উৎপন্ন হইল। তৎসহকারে সে ভাবিতে লাগিল, এই সংসার যেমন অসার; সেইরূপ, সমুদায় সুদুর্লভ বস্তুও অনিত্য।

তথাহি,

স্ত্রীগণের সহিত সমাগম, আকাশে নগরকল্পনার সমান; যৌবন বা ধনও, জলদপটলের তুল্য; স্বজন, সুত ও শরীরাদিও বিদ্যুতের ন্যায়, চঞ্চল। এই রূপে সংসারের সমস্ত বস্তু বা সমস্ত ব্যাপারই ক্ষণিক, জানিবে॥ ১॥

শরণই হউক, আর অশরণই হউক, বান্ধবমাত্রেই বন্ধের হেতু। আবার, শরণ হইলেও, তাহা আপদ ও গ্রহ সকলের দ্বার স্বরূপ। পুত্র সকল শত্রু-

অতঃ সংসারিণাং ধর্ম্ম এব শরণম্। তথাচোক্তং

ধর্ম্মো রক্ষতি রক্ষিতো ননু হতো হন্তি ধ্রুবং প্রাণিনো
হন্তব্যো ন ততঃ স এব শরণং সংসারিণাং সর্ব্বথা।
ধর্ম্মঃ প্রাপয়তীহ সম্পদমপি ধ্যায়ন্তি তদ্যোগিনো
নো ধর্ম্মাৎ সুহৃদস্তি নৈব সুখিনো নো পণ্ডিতা ধার্ম্মিকাৎ ॥৩॥

ধর্ম্মঃ রক্ষিতঃ প্রাণিনঃ রক্ষতি ননু হতঃ ধ্রুবং হন্তি স এব সংসারিণাং সর্ব্বথা শরণং ততঃ হন্তব্যঃ ন ধর্ম্মঃ ইহ সম্পদং অপি প্রাপয়তি তৎ যোগিনঃ ধ্যায়ন্তি ধর্ম্মাৎ নো সুহৃৎ অস্তি ধার্ম্মিকাৎ সুখিনঃ নো পণ্ডিতাঃ ন এব ॥ ৩ ॥

তথাচ

ধর্ম্মঃ শর্ম্ম ভুজঙ্গমপুরীসারং বিধাতুং ক্ষমো
ধর্ম্মো মর্ত্যজনস্য চ দদৎ প্রীতিং তদা শাশ্বতীম্।
ধর্ম্মঃ স্বর্ণগরীনিরন্তরসুখাস্বাদোদয়স্যাস্পদং
ধর্ম্মঃ কিং ন করোতি মুক্তিবনিতা সম্ভোগযোগ্যান্তনুম্॥৪॥

ধর্ম্মঃ ভুজঙ্গমপুরীসারং শর্ম্ম বিধাতুং ক্ষমঃ ধর্ম্মঃ মর্ত্যজনস্য চ শাশ্বতীং প্রীতিং তদা দদৎ ধর্ম্মঃ স্বর্ণগরীনিরন্তরসুখাস্বাদোদয়স্য আস্পদং ধর্ম্মঃ তনুং মুক্তিবনিতাসম্ভোগযোগ্যাং কিং ন করোতি ॥ ৪ ॥

স্বরূপ। ফলতঃ, এই সমুদায়ই অতিমাত্র বিকলভাবাপন্ন। অতএব নির্ম্মল ধর্ম্মের ভজনা কর এবং কর্ম্মপাশ একবারেই পরিহার কর ॥ ২ ॥

এই কারণে সংসারিগণের ধর্ম্মই একমাত্র শরণ। তথাহি, বলিয়াছেন,

ধর্ম্মকে রক্ষা করিলে, নিশ্চয়ই প্রাণিগণকে রক্ষা করে এবং বিনাশ করিলে, বিনাশ করিয়া থাকে। এই কারণে ধর্ম্মকে বিনাশ করিতে নাই। বলিতে কি, ধর্ম্মই সংসারিগণের একমাত্র রক্ষাস্থান; ধর্ম্মই ইহলোকে যাবতীয় সম্পৎ সমাহিত করে; ধর্ম্মকেই যোগিগণ ধ্যান করিয়া থাকেন; ধর্ম্ম অপেক্ষা বন্ধু নাই এবং ধার্ম্মিক অপেক্ষাও সুখী নাই ও পণ্ডিতও নাই ॥ ৩ ॥

তথাচ,

ধর্ম্মই পাতালপুরীর সারস্বরূপ সুখ সম্পাদন করিতে সমর্থ হইয়া থাকে; ধর্ম্মই মনুষ্যলোকের অবিনাশিনী প্রীতি সমুদ্ভাবন করে; ধর্ম্মই স্বর্গনগরীর নিরন্তর সুখাস্বাদসম্পাদনের একমাত্র সাধন। এবং ধর্ম্মই শরীরকে মুক্তিরূপ বনিতার সম্ভোগযোগ্য করিয়া থাকে ॥ ৪ ॥

অতো ধর্ম্মসংগ্রহার্থং উপার্জ্জিতং দ্রব্যং সৎপাত্রে দাতব্যং বুদ্ধিমতা। তস্মিন্নর্পিতং তৎ বহুগুণং ভবতি।

পাত্রবিশেষে ন্যস্তং গুণান্তরং ভজতি বিত্তং তদ্দাতুঃ।
জলমিব সমুদ্রশুক্তৌ মুক্তাং ফলতি পয়োদস্য ॥ ৫ ॥

সমুদ্রশুক্তৌ পয়োদস্য জলং মুক্তাং ফলতি ইব পাত্রবিশেষে ন্যস্তং বিত্তং তদ্দাতুঃ গুণান্তরং ভজতি ॥ ৫ ॥

ন্যগ্রোধস্য যথা বীজং স্তোকং সুক্ষেত্রভূমিগম্।
বহুবিস্তীর্ণতাং যাতি তদ্‌বদ্‌দানং সুপাত্রগম্ ॥ ৬ ॥

সুক্ষেত্রভূমিগং স্তোকং ন্যগ্রোধস্য বীজং যথা বহুবিস্তীর্ণতাং যাতি সুপাত্রগং দানং তদ্‌বৎ ॥ ৬ ॥

ইতি বহুধা বিচার্য্য শ্রোত্রিয়ান্ ব্রাহ্মণানাহূয় তেভ্যঃ সকাশাৎ হেমাদ্রিপ্রতিপাদিতানি দানখণ্ডোক্তগোদানকন্যাদানবিদ্যাদানভূদানোদকদানানি শ্রুত্বা তানি দানানি সৎপাত্রে সমর্প্য পবিত্রান্তঃকরণঃ সন্ পুনর্ব্বিচারয়তি স্ম ময়ৈতদনুষ্ঠিতং দানব্রতাদিকং তদা সফলং ভবিষ্যতি যদা দ্বারাবতীং গত্বা কৃষ্ণং দ্রক্ষ্যামীতি বিচার্য্য

এইজন্য বুদ্ধিমান্ পুরুষ উপার্জ্জিত দ্রব্য সমুদয় ধর্ম্মসংগ্রহার্থ সৎপাত্রে দান করিবে। কেননা, তাহাতে অর্পিত হইলে, তদ্দ্বারা বহু উপকার লাভ হইয়া থাকে। তথাহি,

পাত্রবিশেষে ধন দান করিলে, দাতার গুণান্তরের উৎপত্তি হয়। যেমন, মেঘের জল সমুদ্রজাত শুক্তিতে মুক্তা সমুদ্ভাবিত করিয়া থাকে ॥ ৫ ॥

বটবৃক্ষের অতিক্ষুদ্র বীজ যেমন সুক্ষেত্র-ভূমিগত হইলে, বহু বিস্তার লাভ করে, দান তদ্রূপ সুপাত্রে ন্যস্ত হইলে, বহু বিস্তীর্ণ হইয়া থাকে ॥ ৬ ॥

বণিক ইত্যাকার নানাপ্রকার বিচারানন্তর বেদবিৎ ব্রাহ্মণবর্গকে আহ্বান করিয়া, তাঁহাদের নিকটে হেমাদ্রিপ্রণীত দানখণ্ডোক্ত গোদান, কন্যাদান, বিদ্যাদান, ভূদান ও জলদান শ্রবণ ও তত্তৎ দান সৎপাত্রে সমর্পণ পূর্ব্বক পবিত্রান্তঃকরণ হইয়া, পুনরায় বিচার করিতে লাগিল, আমি এই যে দানব্রতাদির অনুষ্ঠান করিলাম, দ্বারাবতীতে গমন করিয়া, ভগবান্ বাসুদেবকে দর্শন করিলেই, ইহার সার্থক্য হইবে। এইপ্রকার বিচার পুরঃ-

দ্বারাবতীং প্রতি নির্গতঃ। সমুদ্রতীরং গত্বা নাবিকমাহূয় তস্মৈ ভূরিদ্রব্যং দত্বা ভিক্ষুকযোগিবিদেশস্থজনানাথাদীনারোপ্য তৈঃ সহ প্রিয়বচনানি ধর্ম্মগোষ্ঠীঃ কুর্ব্বন্ যাবদ্‌গচ্ছতি তাবৎ সমুদ্রমধ্যে কশ্চিৎ ক্ষুদ্রপর্ব্বতো দৃষ্টঃ। তত্র পর্ব্বতে মহদেকং দেবালয়মাসীৎ। ততো দেবালয়ং গত্বা দেবীং ভুবনেশ্বরীং ষোড়শোপচারৈরভ্যর্চ্চ্য নমস্কৃত্য চ যাবত্তস্যা বামভাগে দৃষ্টিং নিদধাতি তাবচ্ছিন্নশীর্ষং স্ত্রীপুরুষয়োর্যুগলং দৃষ্ট্বা পুরস্থিতভিত্তিভাগে লিখিতান্ অক্ষরান্ অপশ্যৎ যঃ কোঽপি পরোপকারী মহাধৈর্য্যসম্পন্নঃ স্বকণ্ঠরুধিরেণ ভুবনেশ্বরীমর্চ্চয়তি তদৈতৎ স্ত্রীপুরুষযুগলং সজীবং ভবিষ্যতি। এবং লিখিতং বাচয়িত্বা সবিস্ময়ো ধনদঃ পুনরপি নাবমারুহ্য দ্বারাবতীং গতঃ কৃষ্ণং দৃষ্ট্বা প্রণম্য স্তৌতি

একোঽপি কৃষ্ণস্য সকৃৎ প্রণামো দশাশ্বমেধাবভৃতেন তুল্যঃ।
দশাশ্বমেধী পুনরেতি জন্ম কৃষ্ণপ্রণামী ন পুনর্ভবায়॥ ৭॥

কৃষ্ণস্য সকৃৎ একঃ অপি প্রণামঃ দশাশ্বমেধাবভৃতেন তুল্যঃ দশাশ্বমেধী পুনঃ জন্ম এতি কৃষ্ণপ্রণামী ন পুনর্ভবায়॥ ৭॥

সর দ্বারাবতীর উদ্দেশে প্রস্থান করিল। সমুদ্রতীরে গমন ও নাবিককে আহ্বানপূর্ব্বক বহু দ্রব্য প্রদান করিয়া, ভিক্ষুক, যোগী, বিদেশস্থ লোক ও অনাথ প্রভৃতিকে আরোপিত করত, তাহাদের সহিত বিবিধ প্রিয়ালাপ ও ধর্ম্মকথা কীর্ত্তন সহকারে গমন করিতে করিতে, সমুদ্রমধ্যে এক ক্ষুদ্র পর্ব্বত দেখিতে পাইল। সেই পর্ব্বতে এক দেবালয় রহিয়াছে। তখন সেই দেবালয়ে গমন ও দেবী ভুবনেশ্বরীকে ষোড়শ উপচারে অর্চ্চনাপূর্ব্বক, নমস্কার করিয়া, যেমন তদীয় বামভাগে দৃষ্টি নিক্ষেপ করিল, তৎক্ষণাৎ ছিন্নমস্তক স্ত্রী পুরুষকে অবলোকন ও তৎসহকারে পুরস্থিত ভিত্তিভাগে লিখিত অক্ষর সকলও সন্দর্শন করিল। তাহাতে লেখা আছে, যে কোন পরোপকারপরায়ণ মহাধৈর্য্যসম্পন্ন পুরুষ আপনার কণ্ঠের রক্ত দ্বারা ভুবনেশ্বরীর অর্চ্চনা করিলে, তৎক্ষণাৎ এই স্ত্রীপুরুষ সজীব হইয়া উঠিবে। এইরূপে সেই লেখা পাঠ করিয়া, সবিস্ময়ে পুনরায় নৌকায় উঠিয়া, দ্বারাবতীতে সমাগত হইয়া, কৃষ্ণকে দর্শন ও প্রণাম করত, স্তব করিতে লাগিল,

কৃষ্ণকে একবার একমাত্র প্রণাম করিলেও, দশ অশ্বমেধযজ্ঞের অবভৃত-

ইতি স্তুত্বা শ্রীকৃষ্ণস্য ষোড়শোপচারপূজাং বিধায় নিজনগরমগমৎ। সর্ব্বান্ বন্ধূন্ কৃষ্ণপ্রসাদদানেন সম্ভাব্য কিমপ্যপূর্ব্বং বস্তু গৃহীত্বা রাজদর্শনার্থং গতঃ।

রিক্তপাণিস্তু নো পশ্যেদ্রাজানং দেবতাং গুরুম্।
নৈমিত্তিকং বিশেষেণ ফলেন ফলমাদিশেৎ॥ ৮॥

রিক্তপাণিঃ তু রাজানং দেবতাং গুরুং বিশেষেণ নৈমিত্তিকং ন পশ্যেৎ ফলেন ফলং আদিশেৎ॥ ৮॥

তথাচ

ইষ্টাং ভার্য্যাং প্রিয়ং মিত্রং পুত্রং চাতিকনীয়সম্।
রিক্তপাণির্ন পশ্যেৎ তু তথা নৈমিত্তিকং নরম্॥ ৯॥

ইষ্টাং ভার্য্যাং প্রিয়ং মিত্রং অতিকনীয়সং পুত্রং তথা নৈমিত্তিকং নরং চ রিক্তপাণিঃ ন পশ্যেৎ তু॥ ৯॥

তথা রাজ্ঞো হস্তে কৃষ্ণপ্রসাদং ভেটকঞ্চ দত্ত্বোপবিষ্টঃ। ততো রাজা ক্ষেমযাত্রাঞ্চ পৃষ্ট্বা তং ধনদং কমপ্যপূর্ব্ববৃত্তান্তমপৃচ্ছৎ। সোপি সমুদ্রমধ্যস্থিতভুবনেশ্বরীদেবালয়বৃত্তান্তমকথয়ৎ।

স্নানের সমান হইয়া থাকে। দশ অশ্বমেধ যজ্ঞ করিলেও, পুনরায় জন্মিতে হয়। কিন্তু কৃষ্ণকে প্রণাম করিলে, পুনর্জ্জন্ম দূর হইয়া থাকে॥ ৭॥

এইপ্রকার স্তবকরণানন্তর শ্রীকৃষ্ণের ষোড়শ উপচারে পূজা করিয়া, নিজ নগরে গমন করিল। এবং সমুদায় বন্ধুবর্গকে কৃষ্ণের প্রসাদদান দ্বারা সম্ভাবিত করিয়া, কোনরূপ অপূর্ব্ব বস্তু গ্রহণ পূর্ব্বক, রাজদর্শনার্থ সমাগত হইল। তথাহি, বলিয়াছেন,

রাজা, দেবতা, গুরু, বিশেষতঃ প্রধান ব্যক্তিকে রিক্তহস্তে দর্শন করিবে না। ফল দিয়া দেখিবে। তাহাতে, ফললাভ হইবে॥ ৮॥

পুনশ্চ, বলিয়াছেন,

ইষ্টা ভার্য্যা, প্রিয় মিত্র, অতি কনিষ্ঠ পুত্র এবং নৈমিত্তিক নর, ইহাদিগকে রিক্তহস্তে দর্শন করিতে নাই॥ ৯॥

অনন্তর রাজার হস্তে কৃষ্ণপ্রসাদ ও উপঢৌকন দান করিয়া, উপবেশন করিল। তখন রাজা তীর্থযাত্রার কুশল জিজ্ঞাসা করিয়া, তাহাকে কোন

তচ্ছ্রুত্বা সবিস্ময়ো রাজা তেন ধনদেন সহ তৎ স্থানং গত্বা দেবালয়ে দেবতাবামভাগে স্থিতং কবন্ধযুগলমপশ্যৎ। তদনন্তরং দেবতাং মনসি কৃত্বা স্বকণ্ঠে খড়্গং যাবৎ করোতি তাবৎ কবন্ধদ্বয়ং সশিরস্কং সজীবমভবৎ। দেবতাপি রাজ্ঞো হস্তাৎ খড়্গং আকৃষ্যা-ব্রবীৎ ভো রাজন্ প্রসন্নাস্মি বরং বৃণীষ্ব। রাজাব্রবীৎ ভো দেবি যদি প্রসন্নাসি তর্হ্যস্মৈ মিথুনায় রাজ্যং দেহি। ততো দেব্যা তস্মৈ মিথুনায় রাজ্যং দত্তম্। রাজাপি ধনদেন সহ নিজনগর-মগমদিতি কথাং কথয়িত্বা পুত্তলিকা ভোজং প্রতি ভণতি ভো রাজন্ চেৎ ত্বয্যেবং পরোপকারকরণশক্তিঃ বিদ্যতে তর্হ্যস্মিন্ সিংহাসনে সমুপবিশ।

ইতি সপ্তমোপাখ্যানম্।

অপূর্ব্ব বৃত্তান্তের কথা প্রশ্ন করিলেন। বণিকও সমুদ্রমধ্যস্থিত ভুবনে-শ্বরীর দেবালয়বৃত্তান্ত বর্ণন করিল। রাজা শ্রবণ করিয়া, সবিস্ময়ে তাহার সহিত সেই স্থানে গমনপূর্ব্বক দেবালয়ে দেবতার বামভাগে অবস্থিত কবন্ধযুগলকে দর্শন করিলেন। তদনন্তর মনে মনে দেবতার ধ্যান করিয়া, আপনার কণ্ঠদেশে যেমন খড়্গ স্থাপন করিলেন, তাবৎ কবন্ধদ্বয়ের মস্তক প্রাদুর্ভূত ও তৎসহকারে তাহারা জীবিত হইয়া উঠিল। তখন দেবতা রাজার হস্ত হইতে খড়্গ আকর্ষণপূর্ব্বক কহিতে লাগিলেন, রাজন্! প্রসন্না হইয়াছি; বর লও।

রাজা কহিলেন, দেবি! যদি প্রসন্না হইয়া থাকেন, তাহা হইলে, এই দম্পতীকে রাজ্য দান করুন। তখন দেবী সেই স্ত্রী পুরুষ উভয়কে রাজ্য দিলেন। রাজাও বণিকের সহিত নিজনগরে আগমন করিলেন।

পুত্তলিকা এই উপাখ্যান সমাপন করিয়া, ভোজরাজকে বলিতে লাগিল, রাজন্! আপনার যদি এইপ্রকার পরোপকার করিবার শক্তি থাকে, তাহা হইলে, এই সিংহাসনে উপবেশন করুন।

সপ্তম উপাখ্যান সমাপ্ত।

অথ অষ্টমোপাখ্যানম্।

পুনরন্যা পুত্তলিকাব্রবীৎ শৃণু রাজন্ বিক্রমো রাজা ভূমণ্ডলে প্রসিদ্ধঃ নানাবিনোদাশ্চর্য্যপূর্ণঃ তথা পরকৌতুকাদিকং চারমুখেন জানাতি।

গাবো গন্ধেন পশ্যন্তি বেদেনৈব দ্বিজাতয়ঃ।
চারৈঃ পশ্যন্তি রাজানশ্চক্ষুর্ভ্যামিতরে জনাঃ॥ ১ ॥

গাবঃ গন্ধেন দ্বিজাতয়ঃ বেদেন এব পশ্যন্তি রাজানঃ চারৈঃ ইতরে জনাঃ চক্ষুর্ভ্যাং পশ্যন্তি ॥১॥

শ্রূয়তাং রাজন্ যো রাজা ভবতি তেন সর্ব্বাপি লোকাধিস্থিতির্জ্ঞাতব্যা। সর্ব্বস্য চিত্তং জ্ঞাতব্যং প্রজাঃ সম্যক্ পালনীয়াঃ দুষ্টা দণ্ডনীয়াঃ ন্যায়েন ধনোপার্জ্জনং কর্ত্তব্যং অর্থিষু সমত্বম্। তান্যেব রাজ্ঞঃ পঞ্চ মহাযজ্ঞকর্ম্মাণি।

দুষ্টস্য দণ্ডঃ সুজনস্য পূজা
ন্যায়েন কোষস্য চ সংপ্রবৃদ্ধিঃ।

দুষ্টস্য দণ্ডঃ সুজনস্য পূজা ন্যায়েন কোষস্য চ সংপ্রবৃদ্ধিঃ অর্থিষু অপক্ষপাতঃ রাজ্যরক্ষা পঞ্চ এব নৃপাণাং যজ্ঞাঃ কথিতম্॥ ২ ॥

পুনরায় অন্য পুত্তলিকা কহিল, রাজন্! শ্রবণ করুন। রাজা বিক্রমাদিত্য ভূমণ্ডলে প্রসিদ্ধ, বিবিধ বিনোদ ও আশ্চর্য্যে পূর্ণ এবং যাবতীয় কৌতূহলজনক বিষয়াদি চারমুখে বিদিত হইতেন। তথাহি,

গো সকল গন্ধ দ্বারা, ব্রাহ্মণেরা বেদ দ্বারা, নরপতিগণ চার দ্বারা ও ইতর ব্যক্তিরা চক্ষু দ্বারা দর্শন করে॥ ১ ॥

রাজন্! শ্রবণ করুন। যিনি রাজা হন, তাঁহার সর্ব্ববিধ লোকাধিস্থিতি বিদিত হওয়া কর্ত্তব্য। অধিক কি, তিনি সকলেরই চিত্তজ্ঞ হইবেন; সম্যগ্রূপে প্রজাগণের পালন করিবেন; দুষ্টগণের দমন করিবেন; ন্যায়ানুসারে ধনোপার্জ্জন করিবেন এবং যাচকদিগের প্রতি অপক্ষপাত ব্যবহার করিবেন। এই সকলই রাজার পঞ্চ মহাযজ্ঞ। তথাহি,

দুষ্টের দমন, শিষ্টের পালন, ন্যায়ানুসারে কোষসংবর্দ্ধন, অর্থিজনে

অপক্ষপাতোঽর্থিষু রাজ্যরক্ষা
পঞ্চৈব যজ্ঞাঃ কথিতং নৃপাণাম্ ॥ ২ ॥

কিং দৈবকার্য্যাণি নরাধিপানাং
কিংবা বিরোধো পরিপন্থিভিশ্চ।
তদ্দেবকার্য্যং জপযজ্ঞহোমা
যদশ্রুপাতা ন পতন্তি রাষ্ট্রে ॥ ৩ ॥

নরাধিপানাং কিং দৈবকার্য্যাণি কিংবা পরিপন্থিভিঃ চ বিরোধঃ তৎ দেবকার্য্যং জপযজ্ঞ-হোমা যৎ রাষ্ট্রে অশ্রুপাতা ন পতন্তি ॥ ৩ ॥

এবং বিক্রমে রাজ্যং কুর্ব্বতি সতি একদা চারা ভূমণ্ডলে পরিভ্রম্য রাজসকাশমাগতা রাজ্ঞা পৃষ্টাঃ প্রোচুঃ ভো দেব কাশ্মীরদেশে মহাদ্রব্যসম্পন্নঃ কশ্চিদ্বণিগাস্তে। তেন বণিজা পঞ্চক্রোশবিস্তারং তড়াগমেকং খানিতম্। তন্মধ্যে জলশয়ানস্য লক্ষ্মীনারায়ণস্য শয়নং কারিতং পরমুদকং ন লগতি। পুনস্তেন বণিজা জলোদ্গমনিমিত্তং চক্রিণমুদ্দিশ্য ব্রাহ্মণৈর্জপপূজাহবনমভিষেকাদি কারিতম্। তথা-

---

অপক্ষপাতপ্রদর্শন এবং রাজ্যের রক্ষণ, এই পাঁচটী রাজাদিগের যজ্ঞ বলিয়া কথিত হইয়াছে ॥ ২ ॥

রাজ্যমধ্যে যদি অশ্রুপাত না হয়, তাহাই রাজার দেবকার্য্য এবং তাহাই তাঁহার জপ, যজ্ঞ ও হোম। তদ্ব্যতীত, অন্যবিধ দৈবকার্য্য করিয়া আর কি হইবে? এবং শত্রুর সহিত বিরোধ করিয়াই বা তাহাঁদের ফল কি? ॥৩॥

এইরূপ বিধানে রাজা বিক্রমাদিত্য রাজ্যশাসনে প্রবৃত্ত হইলে, চারসকল ভূমণ্ডলে পরিভ্রমণ করিয়া, তদীয় সকাশে সমাগত হইল এবং তৎকর্তৃক জিজ্ঞাসিত হইয়া, কহিতে লাগিল, দেব! কাশ্মীরদেশে বিপুল দ্রব্য সম্পত্তির অধিকারী কোন বণিক্ বাস করে। সেই বণিক্ পঞ্চক্রোশবিস্তৃত এক তড়াগ খনন করাইয়া, তন্মধ্যে জলশায়ী লক্ষ্মী ও নারায়ণের শয়নমন্দির প্রতিষ্ঠিত করিয়াছে। তথাপি, জল উঠিতেছে না। পুনরায় সেই বণিক্ জলোদ্গমনিমিত্ত চক্রীর উদ্দেশে ব্রাহ্মণগণ দ্বারা জপ, পূজা, হবন ও অভিষেকাদি করাইয়াছে। তথাপি, জল উঠে নাই।

প্যুদকং ন লগ্নম্। ততোঽতিখিন্নঃ সন্ স বণিক্ তড়াগপাল্যুপরি উপবিশ্য প্রতিদিনং নিশ্বসিতি অহো কেনাপ্যুপায়েনোদকং ন লগতি বৃথা শ্রমো জাত ইতি।

একদা তড়াগপাল্যুপরি উপবিষ্টে সতি গগনে অমানুষী বাগা-সীৎ কিমিতি ভো বণিক্‌পুত্র কিমর্থং নিশ্বসিষি দ্বাত্রিংশল্লক্ষণ-যুক্তস্য পুরুষস্য কণ্ঠরক্তেন যদা তড়াগং সিচ্যতে তদা বিমলোদকং ভবিষ্যতি নান্যথা।

তচ্ছ্রুত্বা তেন বণিজা তড়াগপাল্যুপরি মহদন্নচ্ছত্রং কারিতম্। তস্মিন্ ছত্রে ভোক্তুং বিবিধদেশবাসিনো জনাঃ সর্ব্বে সমায়ান্তি তত্র স্থিতাঃ অধিকারিণস্তেষাং পুরতঃ এবং বদন্তি যঃ কোঽপি স্বকণ্ঠরুধিরেণ তড়াগং সেচয়িষ্যতি তস্মৈ শতভারং সুবর্ণং দীয়তে ইতি তদ্বচঃ সর্ব্বে শৃণ্বন্তি ন কোঽপি তৎ সহসা অঙ্গীকুরুতে ইতি মহচ্চিত্রং দৃষ্টম্।

অনন্তর অতীব বিষাদিত হইয়া, সেই বণিক্ তড়াগ-পালীর উপরি উপবেশন করিয়া, প্রতিদিন এই বলিয়া, নিশ্বাস ফেলিতে আরম্ভ করিল, হায়, কোন উপায়েই জল উঠিতেছে না ; সমুদায় পরিশ্রম পণ্ড হইল !

অনন্তর সেই বণিক্ একদা তড়াগপালীর উপরি উপবেশন করিলে, আকাশে দৈববাণী হইল, বণিক্‌পুত্র ! একি, কি করিতেছ ? কিজন্যই বা নিশ্বাস ফেলিতেছ ? দ্বাত্রিংশৎ-লক্ষণযুক্ত পুরুষের কণ্ঠদেশস্থ রক্ত দ্বারা তড়া-গের অভিষেক করিলেই, বিমল সলিল সমুদ্গত হইবে। তাহা না হইলে, হইবে না।

এই দৈববাণী শুনিয়া, সেই বণিক্ তড়াগপালীর উপরি মহৎ অন্নচ্ছত্র করিল। সেই ছত্রে ভোজন করিবার জন্য বিবিধদেশবাসী লোক সকল সমাগত হইলে, তথায় অবস্থিত অধিকারীরা তাহাদের সকলের সমক্ষে বলিতে লাগিল, যে কেহ তোমাদের মধ্যে স্বকীয় কণ্ঠরক্ত দ্বারা তড়াগ সিক্ত করিবে, তাহাকে শতভার স্বর্ণ দেওয়া যাইবে। সকলে তাহাদের এই কথা শুনিতে লাগিল। কিন্তু কেহই সহসা তাহাতে সম্মত হইল না। আমরা এই অতীব আশ্চর্য্য দর্শন করিয়াছি।

তেষাং বচনং শ্রুত্বা বিক্রমার্কো রাজা স্বয়ং তত্র গতো জলাশয়স্থস্য বিষ্ণোর্মহাপ্রাসাদমতিমনোহরং তথা বিশালং তড়াগং দৃষ্ট্বা চ বিস্ময়ঙ্গতো মনসি বিচারয়তি ইদং তড়াগং স্বকণ্ঠরক্তেন সেচয়িষ্যামি তর্হি ইদং জলৈঃ পরিপূর্ণং ভবিষ্যতি। তদা চ সকললোকস্যোপকারো ভবিষ্যতি। ইদং মম শরীরং সর্ব্বথা বর্ষশতং স্থিত্বাপি নাশমেব যাস্যতি। অতো মহতা পুরুষেণ শরীরে মমত্বং ন কার্য্যম্। পরোপকারার্থং শরীরমপি দাতব্যম্।

উক্তঞ্চ

শতমপি শরদাং বা জীবিতং ধারয়িত্বা
শয়নমপি শয়ানঃ সর্ব্বথা নাশমেতি।
সুলভবিপদি দেহে সর্ব্বলোকৈকনিন্দ্যং
ন বিদধতি মমত্বং যে হি লোকোত্তরাস্তে ॥ ৪ ॥

শরদাং শতং অপি বা জীবিতং ধারয়িত্বা শয়নং অপি শয়ানঃ সর্ব্বথা নাশং এতি যে হি সুলভবিপদি দেহে সর্ব্বলোকৈকনিন্দ্যং মমত্বং ন বিদধতি তে লোকোত্তরাঃ ॥ ৪ ॥

রাজা বিক্রম তাহাদের কথা শুনিয়া, স্বয়ং তথায় সমাগত হইয়া, জলাশয়স্থ অতীবমনোহর বিষ্ণুর মহাপ্রাসাদ ও বিশাল তড়াগ দর্শন করিয়া, বিস্ময়রসের আবির্ভাববশে মনে মনে বিচার করিতে লাগিলেন, আমি স্বকীয় কণ্ঠরক্ত দ্বারা এই তড়াগ সিক্ত করিব। তাহা হইলেই, এই তড়াগ জলে পরিপূর্ণ হইবে এবং তাহা হইলেই, সকল লোকের উপকারও হইবে। আমার এই শরীর সর্ব্বথা বর্ষশত থাকিয়াও, বিনাশ প্রাপ্ত হইবে। অতএব মহাত্মা ব্যক্তি শরীরে মমতা করিবেন না। অধিক কি, পরের উপকারার্থ এই শরীর দান করা কর্ত্তব্য। তথাহি, বলিয়াছেন,

শতবর্ষ জীবন ধারণ ও শয়নে শয়ন করিয়াও, সর্ব্বথা এই দেহ নাশ পাইয়া থাকে। ইহার বিনাশ অতি অল্পেই সংঘটিত হয়। এই কারণে, যাহাতে মমতা করিলে, সকল লোকেরই নিন্দাভাজন হইতে হয়। সুতরাং, যাহারা মমতা না করে, তাহারাই সকল লোকের শ্রেষ্ঠ ॥ ৪ ॥

সর্ব্বদৈব রুজাক্রান্তং সর্ব্বদৈব শুচো গৃহম্।
সর্ব্বদা পতনপ্রায়ং দেহিনাং দেহপঞ্জরম্ ॥ ৫ ॥

দেহিনাং দেহপঞ্জরং সর্ব্বদা এব রুজা আক্রান্তং সর্ব্বদা এব শুচঃ গৃহং সর্ব্বদা পতনপ্রায়ং ॥৫॥

তৈরেব ফলমেতস্য গৃহীতং পুণ্যকর্ম্মভিঃ।
বিরজ্য সর্ব্বথা স্বার্থে যৈঃ শরীরং কদর্থিতম্ ॥ ৬ ॥

যৈঃ স্বার্থে বিরজ্য সর্ব্বথা শরীরং কদর্থিতং পুণ্যকর্ম্মভিঃ তৈঃ এব এতস্য ফলং গৃহীতম্ ॥ ৬ ॥

এবং বিচার্য্য পুরস্থিতপ্রাসাদগতজলশয়নস্য বিষ্ণোঃ পূজাং বিধায় নমস্কৃত্য চ ভণতি ভো জলদেবতে ত্বং দ্বাত্রিংশল্লক্ষণ-যুক্তপুরুষস্য কণ্ঠরক্তং বাঞ্ছসি তর্হি মমানেন কণ্ঠরক্তেন তৃপ্তা সতী ইদং তড়াগং জলৈঃ পরিপূর্ণং কুরু। ইত্যুক্ত্বা যাবৎ কণ্ঠে খড়্গাং করোতি তাবদ্দেবতয়া খড়্গং ধৃত্বা ভণিতং ভো বীর তবাহং প্রসন্নাস্মি বরং বৃণীষ। রাজা অবদৎ যদি মম প্রসন্না জাতাসি তর্হি ইদং তড়াগং জলৈঃ পরিপূর্ণং কুরু। পুনর্দ্দেব্যা ভণিতং ভো রাজন্ ত্বং অস্মাৎ স্থানাৎ ত্বরিতং নির্গচ্ছ যাবৎ পশ্যসি

দেহিদিগের দেহপঞ্জর সর্ব্বদাই রোগে আক্রান্ত, সর্ব্বদাই শোকের আলয় এবং সর্ব্বদাই পতনোন্মুখ হইয়া আছে ॥ ৫ ॥

যাহারা স্বার্থে বৈরাগ্য অবলম্বনসহকারে এই দেহকে কদর্থিত করিয়াছেন, সেই সকল পুণ্যকর্ম্মা পুরুষই ইহার ফললাভে সমর্থ হইয়াছেন ॥ ৬ ॥

এইপ্রকার বিচার করিয়া, রাজা বিক্রম পুরস্থিত প্রাসাদমধ্যে জলশয়নে অধিষ্ঠিত বিষ্ণুর পূজা ও নমস্কার করত, বলিতে লাগিলেন, জলদেবতে! আপনি দ্বাত্রিংশৎ-লক্ষণযুক্ত পুরুষের কণ্ঠরক্ত বাঞ্ছা করিতেছেন। অতএব আমার এই কণ্ঠরক্ত দ্বারাই পরিতৃপ্তিলাভপুরঃসর, এই তড়াগকে জলে পরিপূর্ণ করুন।

এই বলিয়া, তিনি কণ্ঠদেশে খড়্গপ্রয়োগে উদ্যত হইবামাত্র, দেবতা ঐ খড়্গ ধারণ করিয়া, বলিতে লাগিলেন, বীর! আমি তোমার প্রতি প্রসন্ন হইয়াছি, বর প্রার্থনা কর। রাজা কহিলেন, যদি আমার প্রতি প্রসন্ন হইয়া থাকেন, তাহা হইলে, এই তড়াগ জলে পরিপূর্ণ করুন।

পুনরায় দেবী কহিলেন, রাজন্! তুমি এই স্থান হইতে শীঘ্রই বাহির

তাবজ্জলৈঃ পরিপূর্ণং ভবিষ্যতি। তচ্ছ্রুত্বা রাজা সত্বরং তড়াগপালিঙ্গতঃ তড়াগঞ্চ জলৈঃ পরিপূর্ণমভূৎ। রাজা বিক্রমোঽপি স্বনগরমগমৎ।

এবং কথাং কথয়িত্বা পুত্তলিকা ভোজরাজমবাদীৎ ভো রাজন্ ত্বয়ি এবমৌদার্য্যপরোপকারসত্বসারাদিপ্রভৃতয়ো গুণা বিদ্যন্তে চেৎ তর্হ্যস্মিন্ সিংহাসনে সমুপবিশ।

ইতি অষ্টমোপাখ্যানম্।

অথ নবমোপাখ্যানম্।

পুনরন্যা পুত্তলিকাব্রবীৎ বিক্রমে রাজ্যং কুর্ব্বতি ভট্টির্মন্ত্রী বভূব। উপমন্ত্রী গোবিন্দো বভূব। চন্দ্রশেখরঃ সেনাপতিঃ। ত্রিবিক্রমঃ পুরোহিতঃ। তস্য ত্রিবিক্রমস্য পুত্রঃ কমলাকরঃ। স পিতুঃ প্রসাদাৎ ঘৃতৌদনং ভুক্ত্বা বস্ত্রভূষণতাম্বূলাদিনা শরীরসম্পুষ্টৌ বিষয়সুখমনুভবন্ তিষ্ঠতি স্ম। একদা পিত্রোক্তং রে পুত্র

হও। কেননা, তোমার সমক্ষেই এই মুহূর্ত্তে এই তড়াগ জলে পরিপূর্ণ হইবে।

এই কথা শুনিয়া, রাজা সত্বরে তড়াগপালীতে গমন করিলেন। তড়াগও অমনি জলে পরিপূর্ণ হইয়া গেল। তখন রাজা স্বনগরে গমন করিলেন।

এই কথা কহিয়া, পুত্তলিকা ভোজরাজকে বলিতে লাগিল, রাজন্! আপনাতে যদি এইরূপ উদারতা, পরোপকার ও সত্বসারাদি প্রভৃতি গুণপরম্পরা বিরাজ করে, তাহা হইলে, এই সিংহাসনে আরোহণ করুন।

অষ্টম উপাখ্যান সমাপ্ত।

পুনরায় আর এক পুত্তলিকা বলিতে লাগিল, বিক্রমাদিত্য রাজ্যশাসনে প্রবৃত্ত হইলে, ভট্টি মন্ত্রী হইয়াছিলেন্। এবং গোবিন্দ উপমন্ত্রী, চন্দ্রশেখর সেনাপতি ও ত্রিবিক্রম পুরোহিতপদে প্রতিষ্ঠিত হন। ত্রিবিক্রমের পুত্র কমলাকর। তিনি পিতার প্রসাদে সঘৃত অন্ন ভক্ষণ, বস্ত্র তাম্বূল ও ভূষণাদি দ্বারা শরীর সম্যক্ রূপে পোষণ এবং বিষয়সুখ অনুভব করত, অবস্থিতি করিতে লাগিলেন। একদা পিতা তাঁহাকে কহিলেন, রে পুত্র!

ব্রাহ্মণজন্ম প্রাপ্য ত্বয়া কথমেবং স্থীয়তে স্বেচ্ছাবৃত্ত্যা। অয়মাত্মা জন্মশতং নানাযোনিং প্রাপ্নোতি। ব্রাহ্মণকুলে জন্ম মহতা পুণ্যেন লভ্যতে তল্লব্ধ্বাপি ত্বং দুষ্টাচারো জাতঃ। সর্ব্বদা বহিরেব বসসি ভোজনকালে গৃহমায়াসি অনুচিতমেতৎ ত্বয়া ক্রিয়তে তবায়ং বিদ্যাভ্যাসকালঃ। অস্মিন্ কালে বিদ্যাভ্যাসং ন করোষি চেৎ উত্তরত্র মহান্ সন্তাপো ভবিষ্যতি।

যে বালভাবে ন পঠন্তি বিদ্যাং
কামাতুরা যৌবননষ্টচিত্তাঃ।
তে বৃদ্ধকালে পরিভূয়মানা
যথৈব গাত্রে শিশিরেঽপবস্ত্রাঃ॥ ১॥

যে বালভাবে বিদ্যাং ন পঠন্তি কামাতুরাঃ যৌবননষ্টচিত্তাঃ তে বৃদ্ধকালে যথা এব শিশিরে গাত্রে অপবস্ত্রাঃ পরিভূয়মানাঃ॥ ১॥

যেষাং ন বিদ্যা ন তপো ন দানং
ন চাপি শীলং ন গুণো ন ধর্ম্মঃ।

যেষাং ন বিদ্যা ন তপঃ ন দানং ন চ অপি শীলং ন গুণঃ ন ধর্ম্মঃ মনুষ্যরূপেণ মৃগাঃ তে ভুবি ভারভূতাঃ মর্ত্যলোকে চরন্তি॥ ২॥

তুমি ব্রাহ্মণজন্ম প্রাপ্ত হইয়া, কিরূপে ঈদৃশ স্বেচ্ছাচারসহকারে জীবন যাপন করিতেছ? এই আত্মা জন্মশত নানাযোনি ভোগ করিয়া থাকে। সুতরাং নিরতিশয় পুণ্যযোগপ্রভাবেই ব্রাহ্মণকুলে জন্মলাভ হয়। তুমি তাদৃশ দুর্লভ জন্ম প্রাপ্ত হইয়া, দুষ্টাচার হইয়াছ। সর্ব্বদা বাহিরেই অবস্থিতি কর। ভোজনসময়ে কেবল গৃহে আসিয়া থাক। তুমি এই অনুচিত অনুষ্ঠান করিতেছ। তোমার এই বিদ্যাভ্যাসের সময়। এই সময়ে যদি বিদ্যা অভ্যাস না কর, উত্তরকালে মহাসন্তাপ ভোগ করিতে হইবে। তথাহি,

যাহারা বাল্যকালে বিদ্যা অভ্যাস করে না এবং যাহারা যৌবনকালে নষ্টচিত্ত ও কামাতুর হইয়া থাকে, তাহারা শীতকালে গাত্রবস্ত্রহীন ব্যক্তির ন্যায়, বৃদ্ধকালে পরিভূত হয়॥ ১॥

যাহাদের বিদ্যা নাই, তপস্যা নাই, দান নাই, শীল নাই, গুণ নাই ও

তে মর্ত্ত্যলোকে ভুবি ভারভূতা
মনুষ্যরূপেণ মৃগাশ্চরন্তি ॥ ২ ॥

অস্মিন্ সংসারে পুরুষস্য বিদ্যায়াঃ পরং ভূষণং নাস্তি।

বিদ্যা নাম নরস্য রূপমধিকং প্রচ্ছন্নগুপ্তং ধনং
বিদ্যা ভোগকরী যশঃসুখকরী বিদ্যা গুরূণাং গুরুঃ।
বিদ্যা বন্ধুজনো বিদেশগমনে বিদ্যা পরং দৈবতং
বিদ্যা রাজসু পূজ্যতে ন হি ধনং বিদ্যাবিহীনঃ পশুঃ ॥৩॥

বিদ্যা নাম নরস্য অধিকং রূপং প্রচ্ছন্নগুপ্তং ধনং বিদ্যা ভোগকরী যশঃসুখকরী বিদ্যা গুরূণাং গুরুঃ বিদ্যা বিদেশগমনে বন্ধুজনঃ বিদ্যা পরং দৈবতং বিদ্যা রাজসু পূজ্যতে ধনং ন হি বিদ্যা-বিহীনঃ পশুঃ ॥ ৩ ॥

কিং কুলেন বিশালেন বিদ্যাহীনস্য দেহিনঃ।
অকুলীনোঽপি যো বিদ্বান্ সর্ব্বৈরেব হি পূজ্যতে ॥ ৪ ॥

বিদ্যাহীনস্য দেহিনঃ বিশালেন কুলেন কিং অকুলীনঃ অপি যঃ বিদ্বান্ সর্ব্বৈঃ এব হি পূজ্যতে ॥ ৪ ॥

ধর্ম্ম নাই, তাহারা মনুষ্যরূপী মৃগ; পৃথিবীর ভারস্বরূপ হইয়া, মর্ত্ত্যলোকে বিচরণ করিয়া থাকে ॥ ২ ॥

এই সংসারে পুরুষের বিদ্যা অপেক্ষা পরম ভূষণ নাই। তথাহি,

বিদ্যাই পুরুষের সর্ব্বাপেক্ষা সুকুমার রূপ, বিদ্যাই তাহার প্রচ্ছন্ন গুপ্ত-ধন, বিদ্যাই তাহার ভোগ প্রদান করে, বিদ্যাই তাহার যশ ও সুখ সংঘটন করিয়া থাকে, বিদ্যাই তাহার গুরুরও গুরু, বিদ্যাই তাহার বিদেশগমনে বন্ধুজন এবং বিদ্যাই তাহার পরম দেবতা। অধিক কি, বিদ্যাই নরপতি-গণের পূজনীয়; তাঁহারা ধনের পূজা করেন না। যাহার বিদ্যা নাই, সেই ব্যক্তিই পশু ॥ ৩ ॥

বিদ্যাহীন ব্যক্তির বিশাল কুলেই বা কি হইতে পারে? কেননা, যে ব্যক্তি কুলহীন, সে যদি বিদ্বান্ হয়, তাহা হইলেও, সকলেই তাহার পূজা করে ॥ ৪ ॥

রে পুত্র যাবদহং জীবামি তাবৎ ত্বয়া বিদ্যৈবাভ্যসনীয়া অভ্যস্তা বিদ্যা তব সকলমপি বন্ধুকৃত্যং করিষ্যতি।

উক্তঞ্চ

মাতেব রক্ষতি পিতেব হিতে নিযুঙ্‌ক্তে
ভার্য্যেব চাভিরময়ত্যপনীয় খেদম্।
কীর্ত্তিং চ দিক্ষু বিতনোতি করোতি বিত্তং
কিং কিং ন সাধয়তি কল্পলতেব বিদ্যা॥ ৫॥

বিদ্যা মাতা ইব রক্ষতি পিতা ইব হিতে নিযুঙ্‌ক্তে ভার্য্যা ইব খেদং অপনীয় চ অভিরময়তি কীর্ত্তিং চ দিক্ষু বিতনোতি বিত্তং করোতি কল্পলতা ইব কিং কিং ন সাধয়তি॥ ৫॥

এবং তৎ পিতৃবচনং শ্রুত্বা পশ্চাত্তাপযুক্তঃ কমলাকরো যদাহং সর্ব্বজ্ঞো ভবিষ্যামি তদাস্য পিতুর্মুখং দ্রক্ষ্যামি ইত্যুক্ত্বা কাশ্মীর-দেশং জগাম। তত্র চন্দ্রমৌলিভট্টোপাধ্যায়সমীপং গত্বা দণ্ডবৎ প্রণম্যোক্তবান্ ভো স্বামিন্ অহং মূর্খঃ ভবতাং নামধেয়ং শ্রুত্বা বিদ্যাভ্যাসার্থমাগতঃ। ময়ি কৃপাং বিধায় যথা বিদ্যা ভবতি তথা

রে পুত্র! যাবৎ আমি জীবিত আছি, তাবৎ তুমি একমাত্র বিদ্যারই অনুশীলন কর। অভ্যস্ত বিদ্যা তোমার সমুদায় বন্ধুকার্য্য করিবে। তথাহি,

বিদ্যা, কল্পলতার ন্যায়, লোকের কি কি না সাধন করে? দেখ, উহা, মাতার ন্যায়, রক্ষা করে; পিতার ন্যায়, হিতে নিযুক্ত করে; ভার্য্যার ন্যায়, খেদাপনয়নপুরঃসর অভিরমিত করে; সমুদায় দিকে কীর্ত্তি বিস্তার করে এবং বিত্ত বিধান করিয়া থাকে॥ ৫॥

কমলাকর পিতার এবংবিধ বাগ্‌বিন্যাস শ্রবণ করিয়া, পশ্চাৎ তাপযুক্ত হইয়া, আমি যদি সর্ব্বজ্ঞ হইতে পারি, তাহা হইলেই, পিতার মুখ দেখিব, এইপ্রকার কহিয়া, কাশ্মীরদেশে গমন করিলেন। তথায় চন্দ্রমৌলি ভট্টোপাধ্যায় সমীপে সমাগত হইয়া, দণ্ডবৎ প্রণাম করিয়া, কহিতে লাগি-লেন, স্বামিন্! আমি মূর্খ, আপনার নামধেয় শ্রবণ করিয়া, বিদ্যাভ্যা-সার্থ আগমন করিয়াছি। আমার প্রতি কৃপা বিতরণ করিয়া, যাহাতে

বিধেয়ং শ্রীমদ্ভিরিতি পুনর্দণ্ডবৎ প্রণামমকরোৎ। ততস্তৈরঙ্গীকৃতং অহর্নিশং চ তেষাং শুশ্রূষামকরোৎ।

গুরুশুশ্রূষয়া বিদ্যা পুষ্কলেন ধনেন বা।
অথবা বিদ্যয়া বিদ্যা চতুর্থৈর্নোপপদ্যতে ॥ ৬ ॥

গুরুশুশ্রূষয়া পুষ্কলেন ধনেন বা বিদ্যা অথবা বিদ্যয়া বিদ্যা উপপদ্যতে চতুর্থৈঃ ন ॥ ৬ ॥

এবং শুশ্রূষাং কুর্ব্বতো মহান্ কালো গতঃ। একদা উপাধ্যায়স্তস্যোপরি কৃপাং বিধায় সিদ্ধসারস্বতমন্ত্রোপদেশং কৃতবান্। তেনোপদেশেন সর্ব্বজ্ঞো ভূত্বা স কমলাকর উপাধ্যায়স্যানুজ্ঞাং গৃহীত্বা স্বনগরমগমৎ। মার্গবশাৎ কাঞ্চীনগরমগচ্ছৎ। তত্র রাজা নরসেনঃ। তস্য নগর্য্যাং নরমোহিনীনাম্নী কাচিৎ বনিতা অস্তি। সা রূপেণ অদ্বিতীয়া। তাং যঃ কোঽপি পশ্যতি স কামজ্বরপীড়িতঃ উন্মাদাবস্থাং প্রাপ্নোতি। যঃ পুনঃ সম্ভোগার্থং তয়া সহ নিদ্রাং করোতি তস্য রক্তং বিন্ধ্যাচলবাসী কশ্চিদ্রাক্ষসঃ পিবতি তদা স

বিদ্যা হয়, তাহা করিতে আজ্ঞা হউক। এই বলিয়া, পুনরায় দণ্ডবৎ প্রণাম করিলেন। এবং তাঁহারা অঙ্গীকার করিলে, দিবারাত্র তাঁহাদের পরিচর্য্যা করিতে লাগিলেন।

গুরুশুশ্রূষা, প্রচুরপ্রমাণ ধন এবং বিদ্যা, এই ত্রিবিধ উপায়েই বিদ্যালাভ হয়; ইহার আর চতুর্থ উপায় নাই ॥ ৬ ॥

এই রূপে শুশ্রূষা করিতে করিতে, অনেক কাল অতীত হইল। একদা উপাধ্যায় তাঁহার প্রতি কৃপাপ্রদর্শনপুরঃসর সিদ্ধ সারস্বত মন্ত্রের উপদেশ করিলেন। সেই উপদেশবলে কমলাকর সর্ব্বজ্ঞ হইয়া, উপাধ্যায়ের অনুজ্ঞা গ্রহণ করিয়া, স্বনগরে আগমন করিতে লাগিলেন। পথে আসিবার সময়ে কাঞ্চীনগরে গমন করিলেন। তথাকার রাজার নাম নরসেন। তাঁহার নগরীতে নরমোহিনী নামে কোন রমণী আছে। সে রূপে অদ্বিতীয়। তাহাকে যে কেহ দর্শন করে, সে কামজ্বরে পীড়িত হইয়া, উন্মাদদশা ভোগ করিয়া থাকে। পুনশ্চ, যে ব্যক্তি সম্ভোগার্থ তাহার সহিত নিদ্রা যায়, তাহার রক্ত বিন্ধ্যাচলবাসী কোন রাক্ষস পান করিয়া থাকে। তাহাতে সে নির্জীব হইয়া পড়ে।

নির্জীবো ভবতি। কমলাকরোঽপ্যেতৎ কৌতুকং দৃষ্ট্বা নিজনগরমগমৎ। তমাগতং দৃষ্ট্বা মাতাপিত্রাদীনাং মহান্ উৎসবো জাতঃ। দ্বিতীয়দিবসে স্বপিত্রা সহ রাজভবনং গত্বা রাজ্ঞে আশীর্ব্বাদং অদাৎ। সভায়াং নিজবৈদগ্ধ্যঞ্চ অদর্শয়ৎ। ততো বিক্রমার্কেণ বস্ত্রাদিনা সম্ভাব্য পৃষ্টঃ ভো কমলাকর ত্বং যত্র দেশে গতস্তত্র কিং চিত্রং দৃষ্টম্। তেনোক্তং ভো রাজন্ তত্র দেশে কিমপি ন দৃষ্টম্। পরমাগমনসময়ে কাঞ্চীনগরে অপূর্ব্বমেকং কৌতুকং দৃষ্টম্। রাজ্ঞোক্তং কিং দৃষ্টং তৎ কথয়। কমলাকরেণোক্তং কাঞ্চীনগরে নরমোহিনীনাম্নী কাচিদ্বনিতা অস্তি। যস্তাং পশ্যতি উন্মাদং প্রাপ্নোতি। যস্তয়া সহ নিদ্রাং করোতি তস্য রক্তং বিন্ধ্যাচলবাসী কশ্চিদ্রাক্ষসঃ সমাগত্য নরমোহিন্যা রূপং দৃষ্ট্বা বিস্ময়ং প্রাপ্তঃ পিবতি ততঃ স নির্জীবো ভবতি। এতৎ কৌতুকং ময়া দৃষ্টম্।

কমলাকর এই কৌতুক দর্শন করিয়া, নিজ নগরে গমন করিলেন। তাঁহাকে সমাগত দর্শন করিবামাত্র, পিতা মাতা প্রভৃতি সকলেরই পরম আনন্দ উত্থিত হইল। দ্বিতীয় দিবসে কমলাকর পিতার সহিত রাজভবনে গমন করিয়া, রাজাকে আশীর্ব্বাদ জানাইলেন এবং সভামধ্যে নিজের বিদ্যা বুদ্ধিরও পরীক্ষা দিলেন। তখন বিক্রমার্ক বস্ত্রাদি প্রদান পূর্ব্বক তাঁহাকে সম্মানিত করিয়া, জিজ্ঞাসা করিলেন, কমলাকর! তুমি যে দেশে গিয়াছিলে, তথায় কি আশ্চর্য্য দেখিলে? কমলাকর কহিলেন, রাজন্! সে দেশে কিছুই দেখি নাই। কিন্তু আগমনসময়ে কাঞ্চীনগরে এক অপূর্ব্ব কৌতুক দর্শন করিয়াছি।

রাজা কহিলেন, কি দেখিয়াছ, বল।

কমলাকর কহিলেন, কাঞ্চীনগরে নরমোহিনী নামে কোন বনিতা আছে। যে তাহাকে দর্শন করে, সে উন্মাদগ্রস্ত হয় এবং যে তাহার সহিত নিদ্রা যায়, তাহার রক্ত বিন্ধ্যাচলবাসী কোন রাক্ষস আসিয়া, নরমোহিনীর রূপ দেখিয়া, বিস্ময়াবিষ্ট হইয়া, পান করিয়া থাকে। তাহাতে, সেই ব্যক্তি নির্জীব হইয়া পড়ে। আমি এইরূপ বিস্ময়জনক ব্যাপার দর্শন করিয়াছি।

ততো রাজ্ঞা ভণিতং ত্বং তর্হি আগচ্ছ তত্র গচ্ছাবঃ। ইতি তেন সহ রাজা কাঞ্চীনগরমাগত্য নরমোহিনীরূপং দৃষ্ট্বা বিস্ময়ং প্রাপ্তস্তস্যা গৃহং গতঃ। তয়া পাদপ্রক্ষালনাভ্যঙ্গসুগন্ধপুষ্পাদিনা সম্ভাবিতঃ। উক্তঞ্চ ভো রাজন্ অদ্যাহং ধন্যা জাতাস্মি। মম গৃহং শ্লাঘ্যমভূৎ ভবচ্চরণপ্রসাদেন।

অদ্য মে সুচিরাৎ কালাৎ শ্লাঘনীয়মভূদিদম্।
যুষ্মৎপাদাম্বুজস্পর্শসম্পন্নানুগ্রহং গৃহম্॥ ৭॥

অদ্য মে ইদং গৃহং যুষ্মৎপাদাম্বুজস্পর্শসম্পন্নানুগ্রহং সুচিরাৎ কালাৎ শ্লাঘনীয়ং অভূৎ॥ ৭॥

স্বামিন্ মম গৃহে ভোজনং কার্য্যম্। রাজ্ঞোক্তং ইদানীমেব ভোজনং কৃত্বা সমাগতোঽস্মি। ততস্তয়া বীটিকা দত্তা। এবং রাত্রৌ প্রহরো গতঃ। সা নরমোহিনী নিদ্রাঙ্গতা। দ্বিতীয়প্রহরে রাক্ষসঃ সমাগতঃ। রাজা রাক্ষসসঞ্চারং শ্রুত্বা স্বয়ং পশ্চাৎ স্থিতঃ।

তখন রাজা কহিলেন, তবে তুমি আইস, সেখানে যাইব। এই বলিয়া, তিনি তাঁহার সহিত কাঞ্চীনগরে সমাগত হইয়া, নরমোহিনীর রূপ দেখিয়া, বিস্ময়গ্রস্ত হইয়া, তাহার গৃহে গমন করিলেন। সে, পাদপ্রক্ষালন, অভ্যঙ্গ ও সুগন্ধ পুষ্পাদি দ্বারা তাঁহার সংবর্দ্ধনা করিয়া, কহিল, রাজন্! অদ্য আমি ধন্যা হইলাম। আমার গৃহও শ্লাঘ্য হইল। কেন না, আপনি চরণ দান করিয়াছেন।

বহুকালের পর আমার এই গৃহ শ্লাঘনীয় হইল। যেহেতু, আপনার পাদাম্বুজস্পর্শে ইহা অনুগৃহীত হইয়াছে॥ ৭॥

স্বামিন্! আমার গৃহে ভোজন করিতে হইবে।

রাজা কহিলেন, আমি এইমাত্র ভোজন করিয়া আসিতেছি।

তখন সে তাম্বূল প্রদান করিল। রাত্রি এইরূপে এক প্রহর অতীত হইল। সেই নরমোহিনী নিদ্রা গেল। দ্বিতীয় প্রহরে রাক্ষস আগমন করিল। রাজা রাক্ষসের পদশব্দ শুনিয়া, স্বয়ং পশ্চাতে অবস্থিতি করিলেন।

ভূরি প্রজ্বলিতা দীপাস্তাবদ্রাক্ষস আগতঃ।
একৈব দৃষ্টা তেনৈব কেবলা নরমোহিনী ॥ ৮ ॥

দীপাঃ ভূরি প্রজ্বলিতাঃ তাবৎ রাক্ষসঃ আগতঃ তেন এব কেবলা একা এবনরমোহিনী দৃষ্টা ॥৮॥

তত্র কিঞ্চিৎ ন দৃষ্ট্বা রাক্ষসো নির্গতস্ততঃ নরমোহিন্যা মঞ্চং যাবৎ পশ্যতি তাবৎ সা একা সুপ্তা অস্তি। দ্বিতীয়ঃ কশ্চিন্ন অস্তি। নির্গমনসময়ে রাজ্ঞা ধৃতো মারিতশ্চ রাক্ষসঃ। তৎকোলাহলং শ্রুত্বা সা নরমোহিনী নিদ্রাং বিহায় হতং রাক্ষসং দৃষ্ট্বা রাজানং ভণতি ভো রাজন্ ত্বৎপ্রসাদাদহং নির্ভয়া জাতা অদ্যপ্রভৃতি রাক্ষসস্যোপদ্রবো গতঃ। তৎকৃতোপকারাৎ কথমহমুত্তীর্ণা ভবামি। তর্হি ত্বাং অনুসরামি ত্বয়া যদুচ্যতে তদহং করিষ্যামি। রাজ্ঞোক্তং যদি ময়োক্তং করিষ্যসি তর্হি কমলাকরমমুং ভজস্ব। সা নরমোহিনী কমলাকরমভজত। বিক্রমোঽপ্যুজ্জয়িনীমাগতঃ।

দীপ সকল প্রবলরূপে প্রজ্বলিত হইতেছে। রাক্ষস আসিয়া, কেবল একা নরমোহিনীকেই দেখিল ॥ ৮ ॥

তথায় সে আর কিছুই না দেখিয়া, বহির্গত হইয়া, নরমোহিনীর মঞ্চে দৃষ্টিপাত করিয়া, অবলোকন করিল, সে একা নিদ্রা যাইতেছে। দ্বিতীয় কেহ নাই। নির্গমনসময়ে রাজা তাহাকে ধরিয়াই, মারিয়া ফেলিলেন। তাহার কোলাহল শুনিয়া, সেই নরমোহিনী নিদ্রা পরিহার করিয়া, মৃত রাক্ষসকে দেখিয়া, রাজাকে কহিল, রাজন্! আমি আপনার প্রসাদে নির্ভয় হইলাম। আজি হইতে রাক্ষসের উপদ্রব দূর হইল। অতএব আপনার কৃত উপকার হইতে আমি কিরূপে উত্তীর্ণ হইব? এইজন্য আপনারই অনুসরণ করিতেছি। আপনি যেরূপ বলেন, তাহাই করিব।

রাজা কহিলেন, যদি আমার কথামত অনুষ্ঠান কর, তাহা হইলে, এই কমলাকরকে ভজনা কর। তখন সেই নরমোহিনী কমলাকরকেই ভজনা করিল। বিক্রমও উজ্জয়িনীতে আসিলেন।

ইমাং কথাং কথয়িত্বা পুত্তলিকা ভোজরাজমবাদীৎ ভো রাজন্ ত্বয়ি এবং ধৈর্য্যং বিদ্যতে চেৎ তর্হ্যস্মিন্ সিংহাসনে সমুপবিশ।

ইতি নবমোপাখ্যানম্।

অথ দশমোপাখ্যানম্।

পুনরন্যা পুত্তলিকা কথয়তি শ্রূয়তাম্ রাজন্ বিক্রমার্কে রাজ্যং কুর্ব্বতি কশ্চিদ্‌যোগী উজ্জয়িনীং প্রতি আগতঃ। স চ বেদশাস্ত্র-বৈদ্যজ্যোতিষগণিতভরতশাস্ত্রাদিসকলকলাবিচক্ষণঃ কিং বহুনা তৎসদৃশোঽন্যো নাস্তি সাক্ষাৎ সর্ব্বজ্ঞ এব। একদা বিক্রমো রাজা তস্য প্রসিদ্ধিং শ্রুত্বা তমাহ্বাতুং পুরোহিতং প্রেষিতবান্। পুরোহিতোঽপি তদন্তিকং গত্বা নমস্কৃত্যাব্রবীৎ ভো স্বামিন্ রাজা ভবন্তমাহ্বয়তি তত্রাগন্তব্যম্। যোগিনোক্তং তর্হি গম্যতাং। তত্র

এই কথা কহিয়া, পুত্তলিকা ভোজরাজকে বলিল, রাজন্! আপনাতে যদি এইরূপ ধৈর্য্য থাকে, তাহা হইলে, এই সিংহাসনে আরোহণ করুন।

নবম উপাখ্যান সমাপ্ত।

পুনরায় অন্য পুত্তলিকা কহিতে লাগিল, রাজন্! শ্রবণ করুন। রাজা বিক্রমাদিত্য রাজ্যকরণে প্রবৃত্ত হইলে, কোন যোগী উজ্জয়িনীতে আসিলেন। তিনি বেদশাস্ত্র, বৈদ্যক, জ্যোতিষ, গণিত ও সঙ্গীতশাস্ত্র ইত্যাদি সকল-কলা-বিচক্ষণ। অধিক কি, তাঁহার সদৃশ দ্বিতীয় নাই। তিনিই সাক্ষাৎ সর্ব্বজ্ঞ।

একদা রাজা বিক্রম তাঁহার প্রসিদ্ধি শুনিয়া, তাঁহাকে আহ্বান করিবার জন্য পুরোহিতকে পাঠাইলেন। পুরোহিত তাঁহার নিকটে গমন করিয়া, নমস্কারপুরঃসর কহিলেন, স্বামিন্! রাজা আপনাকে আহ্বান করিয়াছেন। তথায় গমন করিতে আজ্ঞা হউক। যোগী কহিলেন, তবে, চলুন।

গত্বা রাজানং প্রতি ভণিতং ভো রাজন্ ত্বং চেৎ মন্ত্রসাধনং করিষ্যসি। তর্হি তেন জরামরণরহিতো ভবিষ্যসি। রাজ্ঞোক্তং ত্বং মন্ত্রং মমোপদিশ। অহং মন্ত্রং সাধয়িষ্যামি। ততো যোগী তস্মৈ মন্ত্রমুপদিশ্য ভণিতং ভো রাজন্ অমুং মন্ত্রং ব্রহ্মচর্য্যেণ বর্ষমেকং পঠিত্বা দূর্ব্বাঙ্কুরৈর্দশাংশহবনং অগ্নৌ কৃত্বা ততঃ পূর্ণাহুতি-সময়ে হোমকুণ্ডাৎ কশ্চিৎ পুরুষঃ ফলহস্তো নির্গত্য তৎফলং তব দাস্যতি। তৎফলভক্ষণেন ত্বং জরামরণরহিতো বজ্রকায়শ্চ ভবিষ্য-সীতি রাজ্ঞে মন্ত্রমুপদিশ্য স যোগী নিজস্থানং গতঃ। রাজাপি গ্রামাদ্বহির্ব্বর্ষমেকং ব্রহ্মচর্য্যেণ মন্ত্রং পঠিত্বা দূর্ব্বাদলৈর্দ্দশাংশহোম-মগ্নৌ কৃত্বা যাবৎ পূর্ণাহুতিং করোতি তাবদ্ধোমকুণ্ডাৎ কশ্চিৎ পুরুষো বিনির্গত্য দিব্যমেকং ফলং রাজ্ঞে দদৌ। রাজাপি তৎফলং গৃহীত্বা পুরং প্রবিশ্য যদা রাজমার্গে সমায়াতি তদা কুষ্ঠব্যাধিনা

সেখানে যাইয়া, তিনি রাজাকে কহিলেন, রাজন্! আপনি যদি মন্ত্রসাধন করেন, তাহা হইলে, তৎপ্রভাবে জরামরণরহিত হইবেন।

রাজা কহিলেন, সেই মন্ত্র আমাকে উপদেশ করুন। আমি মন্ত্র সাধন করিব।

তখন যোগী তাঁহাকে মন্ত্রোপদেশপুরঃসর কহিলেন, রাজন্! এই মন্ত্র ব্রহ্মচর্য্যসহকারে এক বর্ষ পাঠ করিয়া, দূর্ব্বাঙ্কুর দ্বারা অগ্নিতে দশাংশ হোম করত, পরে পূর্ণাহুতিসময়ে হোমকুণ্ড হইতে কোন পুরুষ ফলহস্তে নির্গত হইয়া, সেই ফল আপনাকে দান করিবেন। আপনি তাহা ভক্ষণ করিলেই, জরামরণরহিত ও বজ্রবৎ-দৃঢ়দেহ হইবেন। এই বলিয়া, রাজাকে মন্ত্রোপদেশপূর্ব্বক সেই যোগী নিজ স্থানে গমন করিলেন।

এদিকে, রাজা গ্রামের বহির্দ্দেশে এক বর্ষ ব্রহ্মচর্য্যসহকারে মন্ত্র পাঠ ও দূর্ব্বাঙ্কুর দ্বারা অগ্নিতে দশাংশ হোম করিয়া, পূর্ণাহুতি প্রদান করিলে, তৎক্ষণে হোমকুণ্ড হইতে কোন পুরুষ বিনির্গত হইয়া, এক দিব্য ফল রাজাকে প্রদান করিলেন। রাজাও সেই ফল গ্রহণ করিয়া, পুরপ্রবেশ-পূর্ব্বক রাজমার্গে গমন করিতে লাগিলেন। তৎকালে কুষ্ঠব্যাধি দ্বারা

বিশীর্ণাবয়বঃ কশ্চিদ্‌ব্রাহ্মণো রাজ্ঞে আশিষং প্রযুজ্যাবদৎ ভো রাজন্ রাজা নাম লোকস্য মাতৃপিত্রাদিস্থানে নিযোজিতঃ।

উক্তঞ্চ

রাজা বন্ধুরবন্ধূনাং রাজা চক্ষুরচক্ষুষাম্।
রাজা মাতা পিতা চৈব সর্ব্বস্যার্ত্তিহরো গুরুঃ॥ ১॥

রাজা অবন্ধূনাং বন্ধুঃ রাজা অচক্ষুষাং চক্ষুঃ রাজা মাতা পিতা চ এব সর্ব্বস্য আর্ত্তিহরঃ গুরুঃ॥ ১॥

যতঃ ত্বং বিশ্বস্যার্ত্তিং পরিহরসি অতঃ মমাপি আর্ত্তিং নাশয় অনেন ব্যাধিনা মম শরীরং বিনশ্যতি শরীরনাশাদনুষ্ঠানমপি নষ্টং যতঃ সর্ব্বস্যাপি ধর্ম্মকার্য্যস্য শরীরমেব সাধনম্।

উক্তঞ্চ

শরীরমাদ্যং খলু ধর্ম্মসাধনম্ ইতি।

তর্হি মমৈতচ্ছরীরং নিরাময়ং উপভোগ্যং চ যথা ভবতি তথা কর্ত্তব্যম্। তদ্‌ব্রাহ্মণবচনং শ্রুত্বা স রাজা তস্মৈ তৎ ফলং

বিশীর্ণদেহ কোন ব্রাহ্মণ রাজাকে আশীর্ব্বাদ করিয়া, কহিতে লাগিলেন, রাজন্! রাজা লোকের মাতৃপিতৃপ্রভৃতিস্থানে নিয়োজিত হইয়াছেন। তথাহি,

রাজা বন্ধুহীনের বন্ধু, রাজা অচক্ষুর চক্ষু এবং রাজাই সকলের মাতা, পিতা, পীড়ানাশক ও গুরু॥ ১॥

যেহেতু, আপনি বিশ্বের আর্ত্তিহরণ করেন, সেইহেতু আমারও আর্ত্তি বিনাশ করিতে আজ্ঞা হউক। এই কুষ্ঠব্যাধিতে আমার শরীর বিনষ্ট হইতেছে। শরীরের বিনাশবশতঃ আমার অনুষ্ঠানও নষ্ট হইয়াছে। যেহেতু, শরীরই সমুদায় ধর্ম্মকর্ম্মের সাধন। তথাহি,

শরীর নিশ্চয়ই ধর্ম্মের আদ্য সাধন। অতএব, আমার এই শরীর যাহাতে ব্যাধিশূন্য ও উপভোগের যোগ্যতাপন্ন হয়, আপনাকে অনুগ্রহ পূর্ব্বক তাহা করিতে হইবে।

ব্রাহ্মণের এই কথা শুনিয়া, রাজা তাঁহাকে সেই ফল দিলেন। তখন

দদৌ। ততো ব্রাহ্মণঃ পরং সন্তোষং প্রাপ্য নিজস্থানং গতঃ। রাজাপি স্বভবনমগমৎ।

ইতি কথয়িত্বা পুত্তলিকা ভোজরাজমবাদীৎ ভো রাজন্ এবমৌদার্য্যং ধৈর্য্যং চ বিদ্যতে তর্হ্যস্মিন্ সিংহাসনে সমুপবিশ। তচ্ছ্রুত্বা রাজা তূষ্ণীমাসীৎ।

ইতি দশমোপাখ্যানম্।

অথ একাদশোপাখ্যানম্।

পুনরন্যা কথয়তি ভো রাজন্ শ্রূয়তাম্। বিক্রমে রাজ্যং কুর্ব্বতি ভূমণ্ডলে পিশুনস্তস্করশ্চ পাপকর্ম্মনিরতো নাসীৎ। অন্যচ্চ। যস্য রাজ্ঞঃ সদা রাজ্যভারচিন্তা বলবদ্বৈরিবিজয়চিন্তা অস্তি স দিবারাত্রিং নিদ্রাং নায়াতি।

ব্রাহ্মণ পরম সন্তুষ্ট হইয়া, নিজ নিবাসে গমন করিলেন। রাজাও স্বকীয় ভবনে সমাগত হইলেন।

এই উপাখ্যান শেষ করিয়া, পুত্তলিকা ভোজরাজকে ক[illegible]ল, আপনার যদি এইপ্রকার ঔদার্য্য ও ধৈর্য্য থাকে, এই সিংহাসনে উ[illegible]বেশন করুন।

ভোজরাজ এই কথায় মৌন অবলম্বন করিলেন।

দশম উপাখ্যান সমাপ্ত।

পুনরায় অন্য পুত্তলিকা কহিল, রাজন্! শ্রবণ করুন, বিক্রমার্ক রাজ্য করিতে লাগিলে, ভূমণ্ডলে খল ও তস্কর সকল পাপকর্ম্ম পরিহার করিল। যে রাজার সর্ব্বদা রাজ্যভারচিন্তা ও বলবৎ-বৈরি-বিজয়-চিন্তা, উভয়ই আছে, তিনি দিবারাত্র নিদ্রা যাইতে পারেন না।

উক্তঞ্চ

অর্থাতুরাণাং ন পিতা ন বন্ধুঃ কামাতুরাণাং ন ভয়ং ন লজ্জা।
চিন্তাতুরাণাং ন সুখং ন নিদ্রা ক্ষুধাতুরাণাং ন বলং ন তেজঃ ॥১॥

অর্থাতুরাণাং ন পিতা ন বন্ধুঃ কামাতুরাণাং ন ভয়ং ন লজ্জা চিন্তাতুরাণাং ন সুখং ন নিদ্রা ক্ষুধাতুরাণাং ন বলং ন তেজঃ ॥ ১ ॥

অয়ং বিক্রমাদিত্যো রাজা তথাবিধো ন ভবতি। সর্ব্বান্ অর্থিভূভুজঃ স্বপাদপদ্মাশ্রিতান্ বিধায় আজ্ঞাপ্রদানেন রাজ্যং করোতি।

উক্তঞ্চ

আজ্ঞামাত্রফলং রাজ্যং ব্রহ্মচর্য্যফলং তপঃ।
জ্ঞানমাত্রফলা বিদ্যা দত্তভুক্তফলং ধনম্ ॥ ২ ॥

রাজ্যং আজ্ঞামাত্রফলং তপঃ ব্রহ্মচর্য্যফলং বিদ্যা জ্ঞানমাত্রফলা ধনং দত্তভুক্তফলং ॥২॥

একদা রাজ্যভারং মন্ত্রিষু নিধায় স্বয়ং যোগিবেশেন দেশান্তরং নির্গতঃ। যত্রাত্মনশ্চিত্তস্য সুখং ভবতি তত্র কতিচিদ্দিনানি তিষ্ঠতি। যত্রাশ্চর্য্যং পশ্যতি তত্রাপি কালং নয়তি। এবং পর্য্যটতস্তস্য

তথাহি, বলিয়াছেন,

অর্থাতুরদিগের পিতাও নাই, বন্ধুও নাই; কামাতুরদিগের ভয়ও নাই, লজ্জাও নাই; চিন্তাতুরদিগের সুখও নাই, নিদ্রাও নাই এবং ক্ষুধাতুরদিগের বলও নাই, তেজও নাই ॥ ১ ॥

এই বিক্রমাদিত্য রাজা সেরূপ ছিলেন না। সমুদায় অর্থী নরপতিকে আপনার পাদপদ্মের আশ্রিত করিয়া, আজ্ঞাপ্রদানপূর্ব্বক রাজ্য করিতেন। তথাহি,

রাজ্যের ফল আজ্ঞামাত্র, তপস্যার ফল ব্রহ্মচর্য্যমাত্র, বিদ্যার ফল জ্ঞানমাত্র এবং ধনের ফল দান ও ভোগমাত্র ॥ ২ ॥

একদা রাজা বিক্রমাদিত্য মন্ত্রিগণের হস্তে রাজ্যভার ন্যস্ত করিয়া, স্বয়ং যোগিবেশে দেশান্তরে নির্গত হইলেন। যেখানে মনঃপ্রীতিলাভ করেন, সেই স্থানেই কতিপয় দিন অবস্থিতি করেন। যেখানে আশ্চর্য্য দেখেন, সেখানেও কালযাপন করিয়া থাকেন। একদা এইরূপে পর্য্যটন করিতে

একস্মিন্ দিবসে সূর্য্যোঽপ্যস্তঙ্গতঃ। মহারণ্যমধ্যে রাজা বৃক্ষমূলমাশ্রিত্য রাত্রৌ স্থিতঃ। তস্য বৃক্ষস্যোপরি বৃদ্ধচিরঞ্জীবিনামা কশ্চিৎ পক্ষিরাজোঽভূৎ। তস্য পুত্রাঃ পৌত্রাশ্চ দেশান্তরালঙ্গত্বা স্বোদরপূরণং বিধায় সায়ংকালে প্রত্যেকমেকৈকং ফলমাদায় বৃদ্ধায় তস্মৈ চিরঞ্জীবিনে প্রতিদিনং প্রযচ্ছন্তি।

বৃদ্ধৌ চ মাতাপিতরৌ সাধ্বী ভার্য্যা সুতঃ শিশুঃ।
অপ্যকার্য্যশতং কৃত্বা ভর্ত্তব্যা মনুরব্রবীৎ॥ ৩॥

মনুঃ অব্রবীৎ বৃদ্ধৌ চ মাতাপিতরৌ সাধ্বী ভার্য্যা শিশুঃ সুতঃ অকার্য্যশতং অপি কৃত্বা ভর্ত্তব্যা॥৩॥

ততো রাত্রৌ চিরঞ্জীবী সুখেনোপবিষ্টস্তান্ পক্ষিণঃ অপৃচ্ছৎ। রাজাপি বৃক্ষমূলে স্থিতস্তদ্বচঃ শৃণোতি। ভো পুত্রাঃ ভবদ্ভির্নানাদেশান্ পর্য্যটদ্ভিঃ কিঞ্চিত্রং দৃষ্টম্। তত্রৈকেন পক্ষিণা ভণিতং ময়া কিমপ্যাশ্চর্য্যং ন দৃষ্টম্। পরং অদ্য মম চেতসি মহাদুঃখং ভবতি। চিরঞ্জীবিনোক্তং তৎ কথয় কিংনিমিত্তং দুঃখং। তেনোক্তং

করিতে, সূর্য্য অস্তগমন করিলেন। তিনি মহারণ্যমধ্যে বৃক্ষমূল আশ্রয় করিয়া, রাত্রিতে অবস্থিতি করিতে লাগিলেন। সেই বৃক্ষের উপরি বৃদ্ধ চিরঞ্জীবী নামে কোন পক্ষিরাজ ছিল। তাহার পুত্র ও পৌত্র সকল দেশান্তরালে গমন করিয়া, স্ব স্ব উদর পূরণানন্তর সায়ংকালে প্রত্যেকে এক একটী ফল গ্রহণ করত, সেই বৃদ্ধ চিরঞ্জীবীকে প্রতিদিন প্রদান করিয়া থাকে।

মনু বলিয়াছেন, বৃদ্ধ পিতা মাতা, সাধ্বী ভার্য্যা, শিশু পুত্র, এই সকলকে, শত শত অকার্য্য করিয়াও, ভরণ করিবে॥ ৩॥

রাত্রিতে সেই চিরঞ্জীবী সুখে উপবেশন করিয়া, সেই সকল পক্ষীকে জিজ্ঞাসা করিতে লাগিল। রাজাও বৃক্ষমূলে থাকিয়া তাহার কথা শুনিতে লাগিলেন। চিরঞ্জীবী কহিল, পুত্রগণ! তোমরা নানাদেশ পর্য্যটন করিয়া থাক। কোথাও কোনরূপ বিচিত্র ঘটনা দেখিয়াছ, বল।

তাহাদের মধ্যে একতর পক্ষী এই কথা শুনিয়া কহিল, আমি কোনরূপ আশ্চর্য্য দেখি নাই। তবে আমার অন্তঃকরণে অদ্য অতিমাত্র দুঃখ উপস্থিত হইয়াছে।

চিরঞ্জীবী কহিল, কিনিমিত্ত দুঃখ জন্মিয়াছে, তাহা বল।

কেবলং কথনেন কিং ভবতি। বৃদ্ধেনোক্তং ভো পুত্র যো দুঃখী স সুহৃদি দুঃখং নিবেদ্য সুখী ভবতি।

তস্য বাক্যং শ্রুত্বা দুঃখকারণং কথয়তি ভো তাত শ্রূয়তাং অস্তি উত্তরদেশে শৈবালঘোষো নাম পর্ব্বতস্তৎপর্ব্বতসমীপে পলাশনগরমস্তি। তস্মিন্ পর্ব্বতে স্থিতঃ কশ্চিদ্রাক্ষসঃ প্রতিদিনং নগরমাগত্য সম্মুখাগতং কঞ্চন পুরুষং পর্ব্বতে নীত্বা ভক্ষয়তি। একদা স গ্রামবাসিভিঃ জনৈঃ উক্তঃ ভো বকাসুর ত্বং যথেচ্ছং সম্মুখপতিতং মা ভক্ষয় বয়ং তুভ্যং প্রতিদিনমাহারার্থং একং পুরুষং দাস্যামঃ। তদ্বচনেনাঙ্গীকৃতম্। তদনন্তরং তত্রত্যো জনঃ প্রতিদিনং গৃহক্রমেণৈকৈকং পুরুষং তস্মৈ প্রযচ্ছতি। এবং মহান্ কালো গতঃ। অদ্য পূর্ব্বজন্মনিমিত্তভূতস্য মম মিত্রস্য ব্রাহ্মণস্য পালী সমাযাতা। তস্যৈক এব পুত্রঃ। পুত্রং দদাতি চেৎ সন্ততিচ্ছেদো ভবিষ্যতি। আত্মানং প্রযচ্ছতি চেৎ ভার্য্যা বিধবা ভবিষ্যতি।

সে কহিল, কেবল বলিলে, কি হইবে?

বৃদ্ধ কহিল, বৎস! যে ব্যক্তি দুঃখী, সে সুহৃজ্জনে দুঃখ নিবেদন করিয়া, সুখী হইয়া থাকে।

বৃদ্ধের কথা শুনিয়া, সে দুঃখের কারণ বলিতে লাগিল, তাত! শ্রবণ করুন। উত্তরদেশে শৈবালঘোষনামক পর্ব্বত আছে। তাহার সমীপে পলাশনগর প্রতিষ্ঠিত। সেই পর্ব্বতবাসী কোন রাক্ষস প্রতিদিন ঐ নগরে আসিয়া, সম্মুখাগত কোন পুরুষকে পর্ব্বতে লইয়া গিয়াই, ভক্ষণ করিয়া থাকে। একদা গ্রামবাসী জনগণ তাহাকে কহিল, অহে বকাসুর! তুমি যথেচ্ছ সম্মুখপতিত ব্যক্তিকে ভক্ষণ করিও না। আমরা তোমাকে প্রতিদিন আহারার্থ এক একটী পুরুষ প্রদান করিব।

তাহাদের বাক্যে সে প্রতিশ্রুত হইল। তদবধি তত্রত্য লোকেরা প্রতিদিন গৃহক্রমে এক একটী পুরুষ তাহাকে দিয়া থাকে। এইরূপে বহুকাল গত হইয়াছে। অদ্য পূর্ব্বজন্মনিমিত্তভূত মদীয় মিত্র ব্রাহ্মণের পালা উপস্থিত। তাঁহার একমাত্র পুত্র। সুতরাং যদি সেই পুত্রকে দেওয়া হয়, তাহা হইলে, বংশনাশ হইবে। যদি আপনাকে তিনি প্রদান করেন, তাহা হইলে, তদীয় পত্নী বিধবা হইবেন। বৈধব্য অতিমাত্র দুঃখের

বৈধব্যং পুনর্ম্মহাদুঃখম্। পত্নীং দাস্যতি চেৎ আশ্রমভ্রংশো ভবতি। ইতি তেষাং দুঃখেনাহং মহদ্‌দুঃখী ইতি মম মহদ্‌দুঃখকারণম্।

তস্য বচনং শ্রুত্বা তত্রত্যৈঃ পক্ষিভির্ভণিতং অহো অয়মেব সুহৃৎ যঃ সুহৃদো দুঃখেন স্বয়ং দুঃখী ভবতি। এতদেব মিত্রত্বম্।—

সুখিতে সুখী সুহৃজ্জনে দুঃখিনি দুঃখী স্বয়ং চ যো ভবতি।
উদিতে মুদিতঃ সিন্ধুঃ শশিন্যস্তময়তি ক্ষীণঃ॥ ৪॥

যঃ সুহৃজ্জনে সুখিতে সুখী দুঃখিনি দুঃখী স্বয়ং চ ভবতি সিন্ধুঃ শশিনি উদিতে মুদিতঃ অস্তং অয়তি ক্ষীণঃ॥ ৪॥

কিঞ্চ

ক্ষীরেণাত্মগতোদকায় হি গুণা নষ্টাঃ পুরা তেঽখিলাঃ
পশ্চাদ্বহ্নিরবেক্ষ্যতে তু পয়সাদ্ধাত্মা কৃশানৌ হুতঃ।
গন্তুং পাবকমুন্মনস্তদভবৎ দৃষ্ট্বাপি মিত্রাপদং
যুক্তং তেন জলেন শাম্যতি সতাং মৈত্রী পুনস্তাদৃশী॥৫॥

ক্ষীরেণ আত্মগতোদকায় পুরা তে অখিলাঃ গুণাঃ নষ্টাঃ পশ্চাৎ পয়সা বহ্নিঃ অবেক্ষ্যতে আত্মা অদ্ধা কৃশানৌ হুতঃ অপি তৎ মিত্রাপদং দৃষ্ট্বা পাবকং গন্তুং উন্মনঃ অভূৎ তেন জলেন শাম্যতি যুক্তং পুনঃ সতাং মৈত্রী তাদৃশী॥ ৫॥

হেতু। পত্নীকে যদি প্রদান করেন, তাহা হইলে, আশ্রমভ্রংশ হইবে। এই রূপে তাঁহাদের দুঃখে আমি অতিমাত্র দুঃখী হইয়াছি। ইহাই আমার মহাদুঃখের কারণ।

তাহার কথা শুনিয়া, তত্রত্য পক্ষীরা কহিল, অহো! এই ব্যক্তিই প্রকৃত সুহৃৎ। কেননা, সুহৃদের দুঃখে স্বয়ং দুঃখী হইয়াছে। ইহারই নাম মিত্রতা। তথাহি,

যে ব্যক্তি বন্ধুর দুঃখে দুঃখী ও সুখে সুখী হইয়া থাকে, সেই প্রকৃত সুহৃজ্জন। দেখ, চন্দ্র উদিত হইলে, সরিৎপতি উচ্ছ্বসিত ও অস্তমিত হইলে, ক্ষয়প্রাপ্ত হইয়া থাকে॥ ৪॥

পুনশ্চ বলিয়াছেন, দুগ্ধ আত্মগত উদকের জন্য পূর্ব্বে নিজের সমুদায় গুণ নষ্ট করে। পশ্চাৎ জল বহ্নির অপেক্ষা করিয়া, যখন তাহাতে আত্মাকে আহুতি দেয়, তখন ক্ষীর মিত্রের সেই আপৎ দেখিয়া, আত্মদানে উন্মুখ হইয়া, সেই জলের সহিত দগ্ধ হয়; ইহা সর্ব্বথা সঙ্গত। কেননা, সাধুদিগের বন্ধুতার গতিই এইরূপ॥ ৫॥

ইতি পক্ষিণো বচঃ শ্রুত্বা রাজা তত্র নগরে গতঃ। ততো বধ্য-শিলাং নিরীক্ষ্য ব্রাহ্মণায় অভয়ং দত্ত্বা তৎসমীপে সরোবরে স্নাত্বা বধ্যশিলায়ামুপবিষ্টঃ। তস্মিন্ সময়ে রাক্ষসঃ সমাগত্য প্রহসিত-বদনং পুরুষং দৃষ্ট্বা বিস্মিতস্তং বদতি ভো মহাসত্ত্ব ত্বং সর্ব্বস্যার্ত্তিহরো গুরুঃ। যতঃ ত্বং বিশ্বস্যার্ত্তিং পরিহরসি অতঃ অনেন পাপিনঃ কার্য্যেণ মম শরীরং বিনশ্যতি শরীরনাশাদনুষ্ঠানমপি নষ্টম্। যতঃ সর্ব্বস্যাপি ধর্ম্মকার্য্যস্য শরীরমেব সাধনম্। অত্র শিলায়াং প্রতিদিনং য উপবিশতি স মদাগমনাৎ পূর্ব্বমেব ম্রিয়তে। ত্বং পুনঃ মহা-ধৈর্য্যসম্পন্নঃ প্রহসিতবদনো দৃশ্যসে। যস্য মরণকালঃ সমায়াতি তস্যেন্দ্রিয়াণি গ্লানিং প্রাপ্নুবন্তি। ত্বং পুনরধিকং কান্তিং প্রাপ্য হসসি। তর্হি কথয় কো ভবানিতি।

রাজা ভণতি কিমনেন বিচারেণ। ময়া পরার্থমেতচ্ছরীরং দীয়তে। ত্বমাত্মনঃ সমীহিতং কুরু।

পক্ষীর এই কথা শুনিয়া, রাজা সেই নগরে গেলেন। এবং বধ্যশিলা নিরীক্ষণ করিয়া, ব্রাহ্মণকে অভয় দিয়া, তৎসমীপে সরোবরে স্নান করত, সেই বধ্যশিলায় উপবেশন করিলেন। সেই সময়ে রাক্ষস সমাগত হইয়া, প্রহসিতবদন পুরুষ দর্শন করিয়া, বিস্মিত হইয়া, তাঁহারে কহিল, অয়ি মহাসত্ত্ব! তুমি সকলেরই দুঃখহর ও গুরু। যেহেতু, তুমি বিশ্ব সংসারের আর্ত্তি হরণ করিয়া থাক, সেইহেতু পাপাত্মা আমার এই কার্য্যে শরীর বিনষ্ট হইবে। শরীর বিনষ্ট হইলে, অনুষ্ঠানও বিনষ্ট হইবে। কেননা, শরীরই যাবতীয় ধর্ম্মকার্য্যের একমাত্র সাধন। এই শিলায় প্রতিদিন যে ব্যক্তি উপবেশন করে, সে আমার আসিবার পূর্ব্বেই মরিয়া থাকে। কিন্তু তোমাকে মহাধৈর্য্যসম্পন্ন ও অতিমাত্র হসিতবদন দেখিতেছি। যাহার মরণকাল সমাগত হয়, তাহার ইন্দ্রিয় সকলের গ্লানি উপস্থিত হইয়া থাকে। কিন্তু তুমি সমধিক-কান্তিলাভ-পুরঃসর হাস্য করিতেছ। অতএব, বল, তুমি কে?

রাজা কহিলেন, এইরূপ বিচার করিয়া ফল কি? আমি পরের নিমিত্ত এই শরীর দিতেছি। তুমিও আপনার অভিলষিত সমাধান কর।

তদা রাক্ষসেন স্বমনসি বিচারিতং অহো সাধুরয়ং যঃ আত্মনঃ সুখভোগেচ্ছাং বিহায় পরদুঃখেন দুঃখী ভূত্বা অত্র এতি।

উক্তঞ্চ

ত্যক্ত্বাত্মসুখদুঃখেচ্ছাং সর্ব্বসত্ত্বগুণৈষিণঃ।
ভবন্তি পরদুঃখেন সাধবোঽত্যন্তদুঃখিনঃ॥ ৬॥

সর্ব্বসত্ত্বগুণৈষিণঃ সাধবঃ আত্মসুখদুঃখেচ্ছাং ত্যক্ত্বা পরদুঃখেন অত্যন্তদুঃখিনঃ ভবন্তি॥ ৬॥

স রাজানমব্রবীৎ ভো মহাপুরুষ পরার্থং শরীরং প্রযচ্ছতস্তবৈব এতচ্ছরীরং শ্লাঘ্যম্।

কুতঃ

পশবোঽপি ন জীবন্তি কেবলং স্বোদরম্ভরাঃ।
তস্যৈব জীবিতং শ্লাঘ্যং যঃ পরার্থে হি জীবতি॥ ৭॥

পশবঃ অপি কেবলং স্বোদরম্ভরাঃ জীবন্তি ন যঃ পরার্থে জীবতি তস্য এব জীবিতং শ্লাঘ্যম্॥ ৭॥

ভবাদৃশাং পরোপকারিণামেতচ্চিত্রং ন ভবতি।

তখন রাক্ষস আপনার মনে চিন্তা করিতে লাগিল, অহো! এই ব্যক্তিই সাধু। কেননা, আপনার সুখভোগেচ্ছা ত্যাগ করিয়া, পরদুঃখে দুঃখী হইয়া, এখানে আসিয়াছে! তথাহি,

সাধুগণ নিজের সুখদুঃখেচ্ছা ত্যাগ ও সর্ব্বপ্রাণীর সুখ কামনা করিয়া, পরের দুঃখে অত্যন্ত দুঃখী হইয়া থাকেন॥ ৬॥

অনন্তর সে রাজাকে কহিল, অহে মহাপুরুষ! পরের জন্য শরীর দান করাতে, তোমারই এই শরীর সর্ব্বথা শ্লাঘনীয় হইয়াছে। যেহেতু,

পশুরাও কি কেবল আত্মোদর পরিপূরণ করিয়া, জীবন ধারণ করে না? অতএব, তাহারই জীবন শ্লাঘ্য, যে ব্যক্তি পরার্থেই উহা ধারণ করে॥ ৭॥

ভবাদৃশ পরোপকারপরায়ণ পুরুষগণের এইরূপ অনুষ্ঠান বিচিত্র নহে। দেখ,

কিমত্র চিত্রং যৎ সন্তঃ পরানুগ্রহতৎপরাঃ।
ন হি স্বদেহশৈত্যায় জায়ন্তে চন্দনদ্রুমাঃ॥ ৮॥

অত্র কিং চিত্রং যৎ সন্তঃ পরানুগ্রহতৎপরাঃ চন্দনদ্রুমাঃ স্বদেহশৈত্যায় জায়ন্তে ন হি॥ ৮॥

ভো মহাসত্ত্ব অনেনৈব পরোপকারেণ ত্বং সর্ব্বাঃ সম্পদঃ প্রাপ্নোষি।

পরোপকারব্যাপারো পুরুষো যঃ প্রজায়তে।
সম্পদং স সমাপ্নোতি পরত্রাপি পরম্পদম্॥ ৯॥

যঃ পুরুষঃ পরোপকারব্যাপারঃ প্রজায়তে স সম্পদং পরত্র অপি পরং পদং সমাপ্নোতি॥৯॥

পরোপকারনিরতা যে স্বার্থসুখনিস্পৃহাঃ।
জগদ্ধিতায় জনিতাঃ সাধবস্ত্বীদৃশা ভুবি॥ ১০॥

যে পরোপকারনিরতাঃ স্বার্থসুখনিস্পৃহাঃ ঈদৃশাঃ সাধবঃ জগদ্ধিতায় ভুবি জনিতাঃ॥ ১০॥

এবং ভণিত্বা রাজানমব্রবীৎ ভো মহাসত্ত্ব তবাহন্তুষ্টোঽস্মি। বরং বৃণীষ। রাজ্ঞোক্তং ভো রাক্ষস ত্বং যদি মম প্রসন্নোঽসি তর্হ্যদ্যপ্রভৃতি মনুষ্যভক্ষণং পরিত্যজ। অন্যমপি ময়োচ্যমানমুপদেশং শৃণু।

সাধুরা যে পরানুগ্রহতৎপর হন, তাহাতে বিচিত্রতা কি? চন্দনবৃক্ষ কখন নিজ দেহকে শীতল রাখিবার জন্য জন্মগ্রহণ করে নাই॥ ৮॥

অয়ি মহাসত্ত্ব! এইরূপ পরোপকার দ্বারা তুমি সর্ব্ববিধ সম্পদ প্রাপ্ত হইবে। দেখ,

যে ব্যক্তি একমাত্র-পরোপকার-ব্যাপার-পরায়ণ হইয়া থাকে, সে ইহলোকে সম্পদের আস্পদ ও পরলোকেও পরমপদে প্রতিষ্ঠিত হয়॥ ৯॥

যাহারা স্বার্থসুখে বীতস্পৃহ হইয়া, পরোপকারে প্রবৃত্ত হয়, ঈদৃশ সাধুগণ জগতের হিতের জন্যই সংসারে জন্মগ্রহণ করেন॥ ১০॥

রাক্ষস এইপ্রকার কহিয়া, রাজাকে বলিতে লাগিল, অয়ি মহাসত্ত্ব! আমি তোমার প্রতি সন্তুষ্ট হইয়াছি। বর প্রার্থনা কর।

রাজা কহিলেন, অহে রাক্ষস! তুমি যদি আমার প্রতি প্রসন্ন হইয়া থাক, তাহা হইলে, আজি হইতে মনুষ্যভক্ষণ পরিত্যাগ কর। আমি আরও যে উপদেশ দিতেছি, তাহা শ্রবণ কর।

তবাত্মনঃ প্রিয়াঃ প্রাণাঃ সর্ব্বেষাং প্রাণিনাং তথা।
তস্মান্মৃত্যুভয়াৎ তেঽপি ত্রাতব্যাঃ প্রাণিনো বুধৈঃ ॥১১॥

তব আত্মনঃ প্রাণাঃ প্রিয়াঃ সর্ব্বেষাং প্রাণিনাং তথা তস্মাৎ তে অপি প্রাণিনঃ বুধৈঃ মৃত্যু-ভয়াৎ ত্রাতব্যাঃ ॥ ১১ ॥

অন্যচ্চ

জন্মমৃত্যুজরাদুঃখৈর্নিত্যং সংসারসাগরে।
ক্লিশ্যন্তি জন্তবো ঘোরে মর্ত্ত্যাস্ত্রস্যন্তি মৃত্যুতঃ ॥ ১২ ॥

মর্ত্ত্যাঃ জন্তবঃ ঘোরে সংসারসাগরে জন্মমৃত্যুজরাদুঃখৈঃ নিত্যং ক্লিশ্যন্তি মৃত্যুতঃ ত্রস্যন্তি ॥ ১২ ॥

মরিষ্যামীতি যদ্দুঃখং পুরুষস্যোপজায়তে।
শক্যতে নানুমানেন তদ্বক্তুং কেনচিৎ ক্বচিৎ ॥ ১৩ ॥

মরিষ্যামি ইতি পুরুষস্য যৎ দুঃখং প্রজায়তে তৎ অনুমানেন বক্তুং কেনচিৎ ক্বচিৎ শক্যতে ন ॥ ১৩ ॥

তথাচ

তজ্জীবিতমাত্মনঃ প্রিয়ং তথা
পরেষামপি জীবিতং প্রিয়ম্।
নিরীক্ষ্যতে জীবিতমাত্মনো যথা
তথা পরেষামপি রক্ষ জীবিতম্ ॥ ১৪ ॥

আত্মনঃ জীবিতং যথা নিরীক্ষ্যতে তথা পরেষাং অপি জীবিতং রক্ষ যৎ জীবিতং আত্মনঃ প্রিয়ং পরেষাং জীবিতং অপি তথা প্রিয়ম্ ॥ ১৪ ॥

তোমার নিজের প্রাণ যেরূপ প্রিয়, সকলেরও প্রাণ সেইরূপ। সেই-জন্য বুধগণ তাহাদিগকেও মৃত্যুভয়ে পরিত্রাণ করিবেন ॥ ১১ ॥

অপিচ, এই ঘোর সংসারসাগরে মর্ত্ত্যবাসিগণ জন্ম, মৃত্যু ও জরাদুঃখে নিত্য ক্লিষ্ট এবং মৃত্যু হইতে ভয়প্রাপ্ত হইয়া থাকে ॥ ১২ ॥

আমি মরিব, এইপ্রকার ভাবিয়া, পুরুষের মনে যে দুঃখ উপস্থিত হয়, কোন দেশে কোন ব্যক্তি অনুমান দ্বারা তাহা বর্ণন করিতে সমর্থ হয় না ॥ ১৩ ॥

পুনশ্চ, তোমার আপনার প্রাণ যেমন প্রিয়, অন্যান্য লোকের প্রাণও

রাজ্ঞা ইতি নিরূপিতঃ রাক্ষসঃ তদাপ্রভৃতি জীবমারণং তত্যাজ। রাজা স্বনগরীং প্রত্যগাৎ।

ইমাং কথাং কথয়িত্বা পুত্তলিকা ভোজরাজং প্রতি অব্রবীৎ ত্বয়ি এবং পরোপকারদয়াগুণাদয়ো বিদ্যন্তে চেৎ তর্হি অস্মিন্ সিংহাসনে সমুপবিশ।

রাজা তূষ্ণীমাসীৎ।

ইতি একাদশোপাখ্যানম্।

অথ দ্বাদশোপাখ্যানম্।

পুনরন্যা পুত্তলিকাবদৎ ভো রাজন্ শ্রূয়তাং বিক্রমাদিত্যে রাজ্যং কুর্ব্বতি সতি তস্য নগরে ভদ্রসেনো নাম বণিগাসীৎ। তস্য ভদ্রসেনস্য সম্পদাং মর্য্যাদা নাসীৎ। পরং ব্যয়শীলোঽপি নাসীৎ।

তদ্রূপ। তুমি আপনার প্রাণকে যেমন দেখিয়া থাক, অন্যের প্রাণও সেই রূপে রক্ষা কর॥ ১৪॥

রাজা এইপ্রকার কহিলে, রাক্ষস তদবধি জীবসংহারে নিবৃত্ত হইল। তখন রাজা স্বনগরে প্রত্যাগমন করিলেন।

পুত্তলিকা এই উপাখ্যান শেষ করিয়া, ভোজরাজকে কহিল, আপনাতে যদি এইরূপ পরোপকার ও দয়াগুণাদি থাকে, এই সিংহাসনে উপবেশন করুন।

তিনি তূষ্ণীম্ভূত হইয়া রহিলেন।

একাদশ উপাখ্যান সমাপ্ত।

পুনরায় অন্য পুত্তলিকা কহিতে লাগিল, রাজন্! শ্রবণ করুন। রাজা বিক্রমাদিত্য রাজ্যশাসনে প্রবৃত্ত হইলে, তদীয় নগরে ভদ্রসেন নামে এক বণিক বাস করিয়াছিল। তাহার ধনের সীমা ছিল না। কিন্তু সে ব্যক্তি ব্যয়শীল নহে। অনন্তর কালসহকারে ভদ্রসেনের মৃত্যু হইল।

ততঃ কালে গচ্ছতি ভদ্রসেনো মৃতঃ। তস্য পুত্রঃ পুরন্দরোঽপি পিতুঃ সর্ব্বস্বং প্রাপ্য তস্য ত্যাগং কর্ত্তুমুপক্রান্তবান্।

ততঃ একদা তস্য প্রিয়মিত্রেণ ধনদেন ভণিতং ভো পুরন্দর ত্বং বণিক্‌পুত্রো ভূত্বাপি মহাক্ষত্রিয়কুমার ইব ধনব্যয়ং করোষি। এতদ্বণিককুলসম্ভবস্য লক্ষণং ন ভবতি। বণিক্‌পুত্রেণ যেন কেনাপি উপায়েন সংগ্রহঃ কর্ত্তব্যঃ। বরাটিকায়া অপি ব্যয়ো ন কর্ত্তব্যঃ। উপার্জ্জিতং দ্রব্যং একদা কস্যাঞ্চিদাপদি পুরুষস্যোপযোগং ব্রজতি। অতো বুদ্ধিমতা আপদর্থে ধনসংগ্রহঃ কর্ত্তব্যঃ।

উক্তঞ্চ

আপদর্থে ধনং রক্ষেৎ দারান্ রক্ষেৎ ধনৈরপি।
আত্মানং সততং রক্ষেৎ দারৈরপি ধনৈরপি॥ ১॥

আপদর্থে ধনং রক্ষেৎ ধনৈঃ অপি দারান্ রক্ষেৎ দারৈঃ অপি ধনৈঃ অপি আত্মানং সততং রক্ষেৎ॥ ১॥

এতদ্বচনং শ্রুত্বা পুরন্দরঃ প্রাহ ভো ধনদ উপার্জ্জিতং বিত্তং একদা কস্যাঞ্চিদাপদি উপযোগায় ভবতি ইতি যো বদতি সঃ

তখন তদীয় পুত্র পুরন্দর পিতার সর্ব্বস্ব অধিকার করিয়া, তাহা দান করিতে আরম্ভ করিল।

অনন্তর একদা তদীয় প্রিয় মিত্র ধনদ তাহারে কহিল, পুরন্দর! তুমি বণিকের পুত্র হইয়াও, মহাক্ষত্রিয়কুমারের ন্যায়, ধনব্যয় করিতেছ। ইহা কিন্তু বণিক্‌কুল-সম্ভবের লক্ষণ নহে। বণিকপুত্রের যে কোন উপায়ে সংগ্রহ করাই কর্ত্তব্য। কপর্দ্দকমাত্রেরও ব্যয় করিবে না। উপার্জ্জিত দ্রব্য কোন না কোন সময়ে কোনরূপ আপদে পুরুষের বিশেষ কার্য্যে লাগিয়া থাকে। এইজন্য বুদ্ধিমান্ পুরুষ আপদর্থে ধন সঞ্চয় করিবে। তথাহি,

আপদর্থে ধনরক্ষা করিবে, ধন দ্বারা স্ত্রীর রক্ষা করিবে এবং ধন ও স্ত্রী এই উভয় দ্বারা সর্ব্বদা আত্মার রক্ষা করিবে॥ ১॥

পুরন্দর এই কথা শুনিয়া কহিল, ধনদ! উপার্জ্জিত ধন কোন না কোন সময়ে কোনরূপ আপদে বিশেষ উপকারে লাগিয়া থাকে, এই কথা

বিচারশূন্যঃ। যদা আপদঃ আয়াস্যন্তি তদা উপার্জ্জিতমপি ধনং নশ্যতি। অতো বুদ্ধিমতা পুরুষেণ গতস্য শোকঃ আগামিনোঽর্থস্য চিন্তা চ ন কার্য্যা। পরং বর্ত্তমানমেব বিচারণীয়ম্।

উক্তঞ্চ,

গতশোকো ন কর্ত্তব্যো ভাবিনং নৈব চিন্তয়েৎ।
বর্ত্তমানেষু কার্য্যেষু চিন্তয়ন্তি বিচক্ষণাঃ ॥ ২ ॥

বিচক্ষণাঃ বর্ত্তমানেষু কার্য্যেষু চিন্তয়ন্তি গতশোকঃ ন কর্ত্তব্যঃ ভাবিনং এব ন চিন্তয়েৎ ॥ ২ ॥

যদ্ভবিতব্যং তদনায়াসেনাপি ভবিষ্যতি। যদ্গন্তব্যং তদ্গামিষ্যত্যেব।

ভবিতব্যং ভবত্যেব নারিকেলফলাম্বুবৎ।
গন্তব্যং গতমিত্যাহুর্গজভুক্তকপিত্থবৎ ॥ ৩ ॥

ভবিতব্যং নারিকেলফলাম্বুবৎ ভবতি এব গন্তব্যং গজভুক্তকপিত্থবৎ গতং ইতি আহুঃ ॥ ৩ ॥

ন হি ভবতি যন্ন ভাব্যং ভবতি চ ভাব্যং বিনাপি যত্নেন।
করতলগতমপি নশ্যতি যস্য হি ভবিতব্যতা নাস্তি ॥ ৪ ॥

যৎ ন ভাব্যং ভবতি ন হি ভাব্যং যত্নেন বিনাপি ভবতি চ যস্য হি ভবিতব্যতা নাস্তি; করতলগতং অপি নশ্যতি ॥ ৪ ॥

যে বলে, সে বিচারশূন্য। যখন আপদ আসিবে, তখন উপার্জ্জিত ধনও বিনষ্ট হইয়া যাইবে। এইজন্য বুদ্ধিমান্ পুরুষ গতবিষয়ের শোক ও ভবিষ্য বিষয়ের চিন্তা করিবে না। একমাত্র বর্ত্তমানই চিন্তা করিবে। শাস্ত্রে বলিয়াছেন,

গত বিষয়ের শোক করিবে না, ভাবী বিষয়েরও চিন্তা করিবে না; বিচক্ষণ ব্যক্তিগণ বর্ত্তমান কার্য্যেরই চিন্তা করিয়া থাকেন ॥ ২ ॥

যাহা ভবিতব্য, অর্থাৎ অবশ্য হইবে, তাহা অনায়াসেই ঘটিবে। যাহা গন্তব্য, তাহা অবশ্যই গমন করিবে।

নারিকেলফলে জলের ন্যায়, ভবিতব্য অবশ্যই হইয়া থাকে। আবার, গজভুক্ত কপিত্থের ন্যায়, গন্তব্য অবশ্যই গমন করে; এইরূপ শাস্ত্র বাক্য আছে ॥ ৩ ॥

যাহা অভাব্য অর্থাৎ হইবার নহে, তাহা কখনই হয় না; যাহা ভাব্য অর্থাৎ অবশ্যই হইয়া থাকে, তাহা বিনাযত্নেই সংঘটিত হয়। যাহার ভবিতব্যতা নাই, তাহার করতলগত বিষয়ও নষ্ট হইয়া থাকে ॥ ৪ ॥

এবং পুরন্দরবচনেন ধনদো নিরুত্তরোঽভূৎ। ততঃ পুরন্দরঃ পিতৃদ্রব্যস্য সর্ব্বং ব্যয়মকরোৎ। ততো নির্ধনিকং পুরন্দরং বন্ধুমিত্রাদয়ো ন মানয়ন্তি স্ম। তেন সহ গোষ্ঠীমপি ন কুর্ব্বন্তি। পুরন্দরেণ স্বমনসি চিন্তিতং মম হস্তে যাবৎ ধনমভূৎ তাবদেতে মিত্রাদয়ো মম সেবকা আসন্।

ইদানীং ময়া সহ বাক্যমপি ন কুর্ব্বন্তি। অথবা যস্যার্থোঽস্তি তস্যৈব মিত্রাদয়ঃ সন্তি।

উক্তঞ্চ

যস্যার্থস্তস্য মিত্রাণি যস্যার্থস্তস্য বান্ধবাঃ।
যস্যার্থঃ স পুমান্ লোকে যস্যার্থঃ স চ পণ্ডিতঃ॥ ৫॥

যস্য অর্থঃ তস্য মিত্রাণি যস্য অর্থঃ তস্য বান্ধবাঃ যস্য অর্থঃ স লোকে পুমান্ যস্য অর্থঃ স। পণ্ডিতঃ॥ ৫॥

পুংসি ক্ষীণধনে ন বান্ধবজনঃ পূর্ব্বং যথা বর্ত্ততে
স্থিত্যা কেবলয়াশ্রিতঃ পরিজনঃ স্বচ্ছন্দতাং মুঞ্চতি।

পুংসি ক্ষীণধনে বান্ধবজনঃ পূর্ব্বং যথা ন বর্ত্ততে পরিজনঃ কেবলয়া স্থিত্যা আশ্রিত

পুরন্দরের এই কথায় ধনদ নিরুত্তর হইয়া রহিল। অনন্তর পুরন্দর পিতার দ্রব্য সমুদায়ই ব্যয় করিয়া ফেলিল। তখন সে নির্ধন হইয়া পড়িলে বন্ধু মিত্রাদি কেহই আর তাহারে সম্মান করে না। তাহার সহিত গোষ্ঠী পর্য্যন্ত ত্যাগ করিল। তখন পুরন্দর মনে মনে চিন্তা করিতে লাগিল, আমার হস্তে যাবৎ ধন ছিল, তাবৎ মিত্রাদি আমার সেবা করিয়াছিল। ইদানীং আমার সহিত আলাপও করিতেছে না। অথবা, যাহার অর্থ আছে, তাহারই মিত্রাদি আছে। তথাহি,

যাহার অর্থ, তাহারই মিত্র; যাহার অর্থ, তাহারই বান্ধব; যাহার অর্থ, সেই পুরুষ এবং যাহার অর্থ, সেই পণ্ডিত॥ ৫॥

পুরুষের ধনক্ষয় হইলে, বান্ধবজন পূর্ব্বের ন্যায়, আর ব্যবহার করে না; পরিজন কেবল নামমাত্রে আশ্রয় করিয়া থাকে; স্বচ্ছন্দতা ত্যাগ করে; সুহৃদ্বর্গ চঞ্চলভাবাপন্ন হয়। অথবা, অপরের কথা আর অধিক বলিয়া কি

লোলত্বং সুহৃদঃ প্রয়ান্তি বহুশঃ কিং চাপরৈর্ভাষিতৈ-
র্ভার্য্যায়া হ্যপি নিশ্চিতং গতধনে বাদো মুহুঃ স্যাদ্ভৃশম্ ॥৬॥

স্বচ্ছন্দতাং মুঞ্চতি সুহৃদঃ লোলত্বং প্রয়ান্তি বহুশঃ চ অপরৈঃ ভাষিতৈঃ কিং গতধনে ভার্য্যায়াঃ হি অপি নিশ্চিতং মুহুঃ ভৃশং বাদঃ স্যাৎ ॥ ৬ ॥

যস্যাস্তি বিত্তং স নরঃ কুলীনঃ স পণ্ডিতঃ স শ্রুতবান্ গুণজ্ঞঃ।
স এব বক্তা স চ দর্শনীয়ঃ সর্ব্বে গুণাঃ কাঞ্চনমাশ্রয়ন্তি ॥ ৭ ॥

যস্য বিত্তং অস্তি স নরঃ কুলীনঃ স পণ্ডিতঃ স শ্রুতবান্ গুণজ্ঞঃ স এব বক্তা স দর্শনীয়ঃ সর্ব্বে গুণাঃ কাঞ্চনং আশ্রয়ন্তি ॥ ৭ ॥

বনানি দহতো বহ্নেঃ সখা ভবতি মারুতঃ।
স এব দীপনাশায় ক্ষীণে কস্যাস্তি সৌহৃদম্ ॥ ৮ ॥

মারুতঃ বনানি দহতঃ বহ্নেঃ সখা ভবতি স এব দীপনাশায় ক্ষীণে কস্য সৌহৃদং অস্তি ॥৮॥

অতো দারিদ্র্যাৎ মরণমেব বরম্।
উত্তিষ্ঠ ক্ষণমাত্রমুদ্বহ সখে দারিদ্র্যভারং মম
শ্রান্তস্তাবদহং চিরং মরণজং সেবে ত্বদীয়ং সুখম্।

সখে উত্তিষ্ঠ ক্ষণমাত্রং মম মরণজং দারিদ্র্যভারং উদ্বহ অহং তাবৎ চিরং শ্রান্তঃ ত্বদীয়ং সুখং

হইবে ? গতধন পুরুষের সহিত তাহার ভার্য্যাও নিশ্চিতই বারংবার অতিমাত্র বিবাদ করিয়া থাকে ॥ ৬ ॥

যাহার ধন আছে, সেই ব্যক্তিই কুলীন, সেই ব্যক্তিই পণ্ডিত, সেই ব্যক্তিই শ্রুতবান্ ও গুণজ্ঞ এবং সেই ব্যক্তিই বক্তা ও দর্শনীয়। ফলতঃ, সমুদয় গুণ একমাত্র কাঞ্চনেরই আশ্রিত ॥ ৭ ॥

বহ্নি বনদহনে প্রবৃত্ত হইলে, মারুত তাহার সাহায্য করে; কিন্তু সেই বায়ুই দীপ বিনাশ করিয়া থাকে। ক্ষীণ জনে কাহারই বা সৌহার্দ্দ আছে ॥ ৮ ॥

এইজন্য দারিদ্র্য অপেক্ষা মরণই শ্রেষ্ঠ।

সখে! উত্থান কর, ক্ষণমাত্র আমার এই দারিদ্র্যভার বহন কর। আমি মরণ হইতে সমুদ্ভূত এই দারিদ্র্যভার বহুকাল বহন করিয়া, শ্রান্ত হইয়া

ইত্যুক্তং ধনবর্জ্জিতস্য বচনং শ্রুত্বা শ্মশানে বসন্
দারিদ্র্যান্মরণং বরং পরমিতি জ্ঞাত্বৈব তূষ্ণীংস্থিতঃ ॥৯॥

সেবে ধনবর্জ্জিতস্য ইতি উক্তং বচনং শ্রুত্বা শ্মশানে বসন্ দারিদ্র্যান্মরণং বরং পরং ইতি জ্ঞাত্বা এব তূষ্ণীংস্থিতঃ ॥ ৯ ॥

দারিদ্র্যায় নমস্তুভ্যং সিদ্ধোঽহং ত্বৎপ্রসাদতঃ।
বিশ্বস্থো হি জনঃ কশ্চিৎ ন মাং পশ্যতি সর্ব্বদা ॥ ১০ ॥

দারিদ্র্যায় তুভ্যং নমঃ অহং ত্বৎপ্রসাদতঃ সিদ্ধঃ হি বিশ্বস্থঃ কশ্চিৎ জনঃ মাং সর্ব্বদা ন পশ্যতি ॥ ১০ ॥

মৃতো দরিদ্রঃ পুরুষো মৃতং মৈথুনমপ্রজম্।
মৃতমশ্রোত্রিয়ং দানং মৃতো যাগস্ত্বদক্ষিণঃ ॥ ১১ ॥

দরিদ্রঃ পুরুষঃ মৃতঃ অপ্রজং মৈথুনং মৃতং অশ্রোত্রিয়ং দানং মৃতং অদক্ষিণঃ যাগঃ তু মৃতঃ ॥১১।

ইত্যেবং বিচার্য্য দেশান্তরং গতঃ পরিভ্রমন্ হিমাচলসমীপস্থিতং নগরমেকমগমৎ। তস্য নগরস্য নাতিদূরে বেণূনাং বনমভূৎ। স্বয়ং গ্রামাভ্যন্তরং গত্বা রাত্রৌ কস্যচিদ্‌গৃহবেদিকায়াং সুষাপ। অর্দ্ধরাত্রসময়ে বেণুবনমধ্যে রুদন্ত্যাঃ কস্যাশ্চিৎ স্ত্রিয়া হাহাকারো-

---

পড়িয়াছি। ত্বদীয় সুখের সেবা করিব। ধনহীনের এই কথা শ্রবণ করিয়া, শ্মশানে বাস করত, দারিদ্র্য অপেক্ষা মরণই শ্রেষ্ঠ, ইহা অবগত হইয়া, তূষ্ণীভাব অবলম্বন করিল ॥ ৯ ॥

দরিদ্রতা, তোমাকে নমস্কার; তোমার প্রসাদে আমি সিদ্ধ হইয়াছি কেননা, কোন লোকই বিশ্বাসসহকারে সর্ব্বদা আমায় অবলোকন করে না ॥ ১০ ॥

দরিদ্র পুরুষই মৃত, পুত্রহীন মৈথুনই মৃত, অশ্রোত্রিয় দানই মৃত এবং অদক্ষিণ যজ্ঞই মৃত ॥ ১১ ॥

পুরন্দর এইপ্রকার বিচার করিয়া, দেশান্তরে গমন করিল। ইতস্ততঃ ভ্রমণ করিতে করিতে, হিমাচলের সমীপদেশে এক নগরে সমাগত হইল। সেই নগরের অনতিদূরে বেণুবন আছে। পুরন্দর স্বয়ং গ্রামের অভ্যন্তরে গমন ও রাত্রিতে কাহারও গৃহবেদিকায় শয়ন করিয়া, নিদ্রা গেল। অর্দ্ধরাত্রসময়ে উল্লিখিত বেণুবনমধ্যে কোন রমণী রোদন করিতে করিতে

হভূৎ ভো মহাজন মাং পরিত্রায়ধ্বং পরিত্রায়ধ্বমিতি কোঽপি রাক্ষসো মাং মারয়তি ইতি রোদনমশ্রৌষীৎ। ততঃ প্রভাতসময়ে গ্রামস্থান্ জনান্ অপৃচ্ছৎ ভো মহাজনাঃ কিমেতদত্র বেণুবনমধ্যে কাচিৎ স্ত্রী রাত্রৌ রোদিতি।

তৈরুক্তং অত্র বেণুবনমধ্যে প্রতিদিনমেবং রাত্রৌ রোদনধ্বনিঃ শ্রূয়তে। পরং ন কোঽপি ভয়াদ্গচ্ছতি ন বিচারয়তি চ।

ততঃ পুরন্দরঃ স্বনগরমাগত্য রাজানমদ্রাক্ষীৎ। ততো রাজ্ঞা পৃষ্টঃ ভো পুরন্দর দেশান্তরং গচ্ছতা ত্বয়া কিমপি অপূর্ব্বং দৃষ্টং। ততঃ পুরন্দরো বেণুবনবৃত্তান্তং রাজ্ঞে সমকথয়ৎ। তং কৌতুকং শ্রুত্বা রাজা তেন সহিতং নগরং গত্বা রাত্রৌ বেণুবনমধ্যে স্ত্রিয়া রোদনশব্দং শ্রুত্বা যাবদ্বনমধ্যে প্রবিশতি তাবদতিভয়ঙ্কররূপং রুদতীং অনাথাং স্ত্রিয়ং মারয়ন্তং রাক্ষসমেকমপশ্যৎ অব্রবীচ্চ রে

হাহাকার করিয়া উঠিল। অহে মহাজন! আমাকে পরিত্রাণ কর, পরিত্রাণ কর; কোন রাক্ষস আমাকে মারিতেছে; এইপ্রকার রোদনধ্বনি পুরন্দরের শ্রুতিগোচরে উপনীত হইল।

অনন্তর প্রভাত হইলে, পুরন্দর গ্রামস্থ লোকদিগকে জিজ্ঞাসা করিল, অহে মহাজনবর্গ! এই বেণুবনমধ্যে কোন রমণী রাত্রিতে রোদন করিয়া থাকে। এই ঘটনার কারণ কি?

তাহারা কহিল, এই বেণুকাননমধ্যে প্রতিদিনই রাত্রিতে রোদনধ্বনি শ্রূয়মাণ হইয়া থাকে। কিন্তু কোন ব্যক্তিই ভয়বশতঃ গমন ও তজ্জন্য কোনরূপ অবধারণ করিতে পারে না।

অনন্তর পুরন্দর স্বনগরে সমাগত হইয়া, রাজার সহিত সাক্ষাৎ করিল। রাজা জিজ্ঞাসা করিলেন, অহে পুরন্দর! দেশান্তর গমন করিয়া, তুমি কোনরূপ অপূর্ব্ব দর্শন করিয়াছ কি না? তখন পুরন্দর বেণুবনবৃত্তান্ত সম্যক্ বিধানে গোচর করিলে, রাজা সেই বিচিত্র ঘটনা শ্রবণ করিয়া, তাহার সহিত সেই নগরে গমন ও রাত্রিতে বেণুবনমধ্যে স্ত্রীলোকের রোদন-শব্দ আকর্ণনপূর্ব্বক, বনমধ্যে প্রবিষ্ট হইয়াই দেখিলেন, ভয়ঙ্করাকৃতি এক রাক্ষস কোন অনাথা রমণীরে মারিতেছে, আর, সে রোদন করিতেছে।

পাপিষ্ঠ স্ত্রিয়মনাথাং কিমর্থং মারয়সি। রাক্ষসেনোক্তং তব কিমনেন বিচারেণ। ত্বমাত্মমার্গেণ গচ্ছ অন্যথা বৃথৈব মম হস্তাৎ মরিষ্যসি।

ততঃ উভয়োর্যুদ্ধং জাতম্। রাজ্ঞা স রাক্ষসো মারিতঃ। তদা সা স্ত্রী সমাগত্য রাজ্ঞঃ পাদয়োঃ পতিত্বা ভণতিস্ম ভো স্বামিন্ তব প্রসাদান্মম শাপাবসানমভূৎ মহতো দুঃখসাগরাৎ ত্বয়াহং উদ্ধৃতা। রাজ্ঞা ভণিতং কাসি ত্বম্। তয়োক্তং অস্মিন্নেব নগরে মহাধনসম্পন্নঃ কশ্চিৎ ব্রাহ্মণোঽভূৎ। তস্য ভার্য্যাহং ব্যভিচারিণী ভূত্বা তস্যোপরি প্রীতা নাসীৎ। তস্য মমোপরি মহাননুরাগশ্চাসীৎ। রূপাদিগর্ব্বযুতাহং তেন সম্ভোগার্থমাহূতাপি নাগমম্।

ততো যাবজ্জীবং কামসন্তপ্তঃ স মম পতির্দেহাবসানসময়ে মাম্-শপৎ কিমিতি রে দুরাচারে যথা যাবজ্জীবং ত্বয়া মম সন্তাপ উৎপাদিতঃ তথৈব বেণুবনবাসী কশ্চিদতিভয়ঙ্কররূপো রাক্ষসো রাত্রৌ স্বামনি-

---

তদ্দর্শনে তিনি রাক্ষসকে কহিলেন, রে পাপিষ্ঠ! কিজন্য তুমি অনাথা রমণীরে প্রহার করিতেছ?

রাক্ষস কহিল, তোমার এ বিচারে আবশ্যকতা কি? তুমি আত্মমার্গে গমন কর। তাহা না হইলে, আমার হস্তে অনর্থকই মরিতে হইবে।

অনন্তর উভয়ের যুদ্ধ হইলে, রাজা রাক্ষসকে মারিয়া ফেলিলেন। তখন সেই স্ত্রী সমাগত হইয়া, রাজার পদযুগলে পড়িয়া, বলিতে লাগিল, স্বামিন্! আপনার প্রসাদে আমার শাপের ক্ষয় হইল। আপনি আমাকে দুঃখের মহাসাগর হইতে উদ্ধার করিলেন।

রাজা কহিলেন, তুমি কে?

সে কহিল, এই নগরেই মহাধনসম্পন্ন কোন ব্রাহ্মণ ছিলেন। আমি তাঁহার ভার্য্যা। ব্যভিচারিণী হইয়া, তাঁহার প্রতি প্রীতি ত্যাগ করিয়াছিলাম। তাঁহার কিন্তু আমার উপরি মহা অনুরাগ ছিল। তিনি আহ্বান করিলেও, আমি গমন করিতাম না। রূপাদির গর্ব্ব করিতাম। এইরূপে মদীয় পতি যাবজ্জীবন কামসন্তপ্ত থাকিয়া, দেহাবসানসময়ে আমারে শাপ দিলেন, রে দুরাচারিণি! এখন কি হয়? তুমি যেমন যাবজ্জীবন আমার সন্তাপ সংঘটন করিয়াছ, তেমনি বেণুবনবাসী অতীবভয়ঙ্করাকৃতি কোন

ছন্তীং সুরতার্থং প্রতিদিনং মারয়তু। ইতি তেন শপ্তা অহম্। পুনঃ শাপাবসানং ময়া যাচিতং কিমিতি ভো নাথ শাপস্যাবসানং দেহি। তেনোক্তং যদা পরোপকারী মহাধৈর্য্যসম্পন্নঃ পুরুষঃ কশ্চিৎ সমাযাস্তি তৎপাদৌ নত্বা সঃ তং রাক্ষসং হনিষ্যতি তদা ত্বং শাপমুক্তা ভবিষ্যসি। মদীয়মিদং ধনং তস্মৈ দেহীতি মামুক্ত্বা প্রাণান্ অত্যজৎ। অতঃ পরমহং ত্বদধীনাস্মি। ইমং ধনঘটং চ গৃহাণেতি শ্রুত্বা রাজাপি তং ধনঘটং তাং চ পুরন্দরবণিজে দত্ত্বা তেন সহোজ্জয়িনীমগাৎ।

পুত্তলিকা ইমাং কথাং কথয়িত্বা ভোজমব্রবীৎ ভো রাজন্ ত্বয্যেবং ধৈর্য্যমৌদার্য্যং বিদ্যতে চেৎ তর্হ্যস্মিন্ সিংহাসনে সমুপবিশ রাজা তূষ্ণীম্বভূব।

ইতি দ্বাদশোপাখ্যানম্।

নিশাচর রাত্রিতে তোমার অনিচ্ছাসত্ত্বেও, সুরতনিমিত্ত প্রতিদিন তোমারে প্রহার করিবে। এই বলিয়া, তিনি আমারে অভিশপ্ত করিলেন। অনন্তর আমি শাপাবসান যাচ্ঞা করিয়া, কহিলাম, নাথ! এ কি করিলেন! শাপের অবসান প্রদান করুন। তিনি কহিলেন, যে সময়ে পরোপকারী, পরমধৈর্য্যসম্পন্ন, কোন পুরুষ আসিবেন, তদীয় চরণে নত হইলেই, তিনি সেই রাক্ষসকে বধ করিবেন। তাহা হইলেই, তুমি শাপমুক্ত হইবে। আমার এই ধন তাঁহাকে দিও। এই বলিয়া তিনি প্রাণত্যাগ করিলেন। অতঃপর আমি আপনার অধীন। এই ধনঘটও গ্রহণ করুন।

এই কথা শুনিয়া, রাজা সেই ধনঘট ও সেই রমণী উভয়ই পুরন্দরকে দান করিয়া, তাহার সহিত উজ্জয়িনীতে আসিলেন।

পুত্তলিকা এই উপাখ্যান শেষ করিয়া, ভোজরাজকে কহিল, রাজন্! আপনাতে যদি এইপ্রকার ধৈর্য্য ও ঔদার্য্য থাকে, তাহা হইলে, এই সিংহাসনে উপবেশন করুন।

রাজা শুনিয়া, মৌনী হইয়া রহিলেন।

দ্বাদশ উপাখ্যান সমাপ্ত।

অথ ত্রয়োদশোপাখ্যানম্।

পুনরন্যা পুত্তলিকা বদতি শৃণু রাজন্ একদা বিক্রমো রাজা রাজ্যভারং মন্ত্রিবর্গে নিধায় স্বয়ং যোগিবেশেন পৃথ্বীপর্য্যটনং কর্ত্তুমুদ্যতঃ। গ্রামে একরাত্রিং নয়তি নগরে পঞ্চরাত্রীর্গময়তি। এবং পরিভ্রমন্নেকদা নগরমেকমগমৎ। তন্নগরসমীপস্থিতে নদীতটে দেবালয় এক আসীৎ। তস্মিন্ দেবালয়ে সর্ব্বে মহাজনাঃ পৌরাণিকাৎ পুরাণং শৃণ্বন্তি। রাজাপি নদ্যাং স্নাত্বা দেবালয়ং গত্বা দেবং নমস্কৃত্য মহাজনসমীপে উপবিষ্টঃ। তস্মিন্ সময়ে পৌরাণিকাঃ পুরাণবাক্যানি পঠন্তি

অনিত্যানি শরীরাণি বিভবো নৈব শাশ্বতঃ।
নিত্যং সন্নিহিতো মৃত্যুঃ কর্ত্তব্যো ধর্ম্মসংগ্রহঃ ॥ ১ ॥

শরীরাণি অনিত্যানি বিভবঃ শাশ্বতঃ এব ন মৃত্যুঃ নিত্যং সন্নিহিতঃ ধর্ম্মসংগ্রহঃ কর্ত্তব্যঃ ॥১॥

পুনরায় অন্য পুত্তলিকা বলিতে লাগিল, রাজন্! শ্রবণ করুন। একদা রাজা বিক্রম মন্ত্রিগণের হস্তে রাজ্যভার ন্যস্ত করিয়া, স্বয়ং যোগিবেশে পৃথিবীপর্য্যটনে প্রবৃত্ত হইলেন। গ্রামে একরাত্রি বাস করেন; নগরে পাঁচরাত্রি যাপন করিয়া থাকেন।

এই রূপে পরিভ্রমণপ্রসঙ্গে একদা এক নগরে উপনীত হইলেন। সেই নগরের সমীপস্থ নদীতটে এক দেবালয় ছিল। সেই দেবালয়ে সমুদায় মহাজন পৌরাণিকপ্রমুখাৎ পুরাণ শ্রবণ করিয়া থাকেন। রাজাও নদীতে স্নান করিয়া, দেবালয়ে গিয়া দেবপ্রণামপুরঃসর মহাজনসমীপে উপবিষ্ট হইলেন। সেই সময়ে পৌরাণিকেরা পুরাণবাক্য সমস্ত পাঠ করিতে লাগিল। যথা,

শরীর অনিত্য; বিভবও অনিত্য। এদিকে মৃত্যু নিত্য সন্নিহিত রহিয়াছে। অতএব ধর্ম্মসংগ্রহ করা কর্ত্তব্য॥ ১ ॥

শ্রূয়তাং ধর্ম্মসর্ব্বস্বং যদুক্তং গ্রন্থকোটিভিঃ।
পরোপকারঃ পুণ্যায় পাপায় পরপীড়নম্ ॥ ২ ॥

গ্রন্থকোটিভিঃ যৎ উক্তং ধর্ম্মসর্ব্বস্বং শ্রূয়তাং পরোপকারঃ পুণ্যায় পরপীড়নং পাপায় ॥ ২ ॥

যো দুঃখিতানি ভূতানি দৃষ্ট্বা ভবতি দুঃখিতঃ।
সুখিতানি সুখী বাপি স ধর্ম্মং বেদ নৈষ্ঠিকম্ ॥ ৩ ॥

যঃ দুঃখিতানি ভূতানি দৃষ্ট্বা দুঃখিতঃ ভবতি অপিবা সুখিতানি সুখী স নৈষ্ঠিকং ধর্ম্মং বেদ ॥ ৩ ॥

জানে ভূয়াংস্ততো ধর্ম্মঃ কশ্চিন্নান্যোঽস্তি দেহিনঃ।
প্রাণিনাং ভয়ভীতানামভয়ং যৎ প্রযচ্ছতি ॥ ৪ ॥

যৎ ভয়ভীতানাং প্রাণিনাং অভয়ং প্রযচ্ছতি ততঃ ধর্ম্মঃ ভূয়ান্ জানে দেহিনঃ কশ্চিৎ অন্যঃ ন অস্তি ॥ ৪ ॥

বরমেকস্য ত্রস্তস্য প্রদাতুর্জীবিতং ফলম্।
ন চ বিপ্রসহস্রেভ্যো গোসহস্রং ফলং লভেৎ ॥ ৫ ॥

একস্য ত্রস্তস্য জীবিতং প্রদাতুঃ ফলং বরং বিপ্রসহস্রেভ্যঃ গোসহস্রং ফলং ন চ লভেৎ ॥ ৫ ॥

কোটি কোটি গ্রন্থে যাহা উল্লিখিত হইয়াছে, সেই ধর্ম্মসর্ব্বস্ব শ্রবণ কর। পরের উপকার করিলেই, পুণ্য ও পীড়ন করিলেই, পাপ সংগ্রহ হইয়া থাকে ॥ ২ ॥

যে ব্যক্তি দুঃখিত প্রাণীদিগকে দেখিয়া, দুঃখিত ও সুখিত দেখিয়া, সুখী হয়, সেই নৈষ্ঠিক ধর্ম্ম অবগত আছে ॥ ৩ ॥

দেহিদিগের ধর্ম্মই একমাত্র শ্রেষ্ঠ। অন্য কেহই নহে। কেননা, এই ধর্ম্মই ভয়ভীত প্রাণিগণে অভয় প্রদান করিয়া থাকে ॥ ৪ ॥

বরং একমাত্র ভীত ব্যক্তিকে প্রাণদান করিয়া, ফললাভ করা ভাল। তথাপি ব্রাহ্মণসহস্রকে গোসহস্র দান করিয়া, ফললাভ করা কিছুই নহে * ॥ ৫ ॥

---

* কেহ কেহ ইহার এইরূপও অর্থ করেন, একমাত্র ভীত ব্যক্তিকে প্রাণদান করিলে, যে ফললাভ হয়, সহস্র সহস্র ব্রাহ্মণকে সহস্র সহস্র গো প্রদান করিলেও, সেরূপ ফললাভ হয় না।

অভয়ং সর্ব্বভূতেভ্যো যো দদাতি দয়াপরঃ।
তস্য পুণ্যস্য কল্পান্তে ক্ষয়মেব ন বিদ্যতে ॥ ৬ ॥

যঃ দয়াপরঃ সর্ব্বভূতেভ্যঃ অভয়ং দদাতি তস্য পুণ্যস্য কল্পান্তে এব ক্ষয়ং ন বিদ্যতে ॥ ৬ ॥

হেমধেনুধরাদীনাং দাতারঃ সুলভা ভুবি।
দুর্লভঃ পুরুষো লোকে সর্ব্বজীবে দয়াপরঃ ॥ ৭ ॥

হেমধেনুধরাদীনাং দাতারঃ ভুবি সুলভাঃ সর্ব্বজীবে দয়াপরঃ পুরুষঃ লোকে দুর্ল্লভঃ ॥ ৭ ॥

মহতামপি যজ্ঞানাং কালেন ক্ষীয়তে ফলম্।
অথাভয়প্রদানস্য কলাং নার্হতি ষোড়শীম্ ॥ ৮ ॥

মহতাং অপি যজ্ঞানাং ফলং কালেন ক্ষীয়তে অথ অভয়প্রদানস্য ষোড়শীং কলাং অর্হতি ন ॥৮॥

চতুঃসাগরপর্য্যন্তাং যো দদ্যাদ্বসুধামিমাম্।
যশ্চাভয়ং চ ভূতেভ্যস্তয়োরভয়দোঽধিকঃ ॥ ৯ ॥

যঃ চতুঃসাগরপর্য্যন্তাং ইমাং বসুধাং দদ্যাৎ যঃ চ ভূতেভ্যঃ অভয়ং চ দদ্যাৎ তয়োঃ অভয়দঃ অধিকঃ ॥ ৯ ॥

অধ্রুবেণ শরীরেণ প্রতিক্ষণবিনাশিনা।
ধ্রুবং যো নার্জ্জয়েৎ ধর্ম্মং স শোচ্যো মূঢ়চেতনঃ ॥ ১০ ॥

প্রতিক্ষণবিনাশিনা অধ্রুবেণ শরীরেণ যঃ ধ্রুবং ধর্ম্মং ন অর্জ্জয়েৎ স শোচ্যঃ মূঢ়চেতনঃ ॥১০॥

যে ব্যক্তি দয়াপর হইয়া, সকল প্রাণীকে অভয় দান করে, তাহার পুণ্য কল্পান্তেও ক্ষয় প্রাপ্ত হয় না ॥ ৬ ॥

হেমধেনু ও ভূমি প্রভৃতির দানকর্ত্তা পৃথিবীতে সুলভ, কিন্তু সর্ব্বজীবে দয়াপর পুরুষ দুর্ল্লভ ॥ ৭ ॥

কালসহকারে মহাযজ্ঞ সকলেরও ফল ক্ষয় প্রাপ্ত হয়। উহা আবার অভয়-দান-জনিত ফলের ষোড়শাংশেরও সমান হইতে পারে না ॥ ৮ ॥

যে ব্যক্তি চতুঃসাগরপর্য্যন্তা এই বসুমতী দান করে, আর যে ব্যক্তি প্রাণিদিগকে অভয় প্রদান করিয়া থাকে, তাহাদের উভয়ের মধ্যে অভয়-দাতাই শ্রেষ্ঠ ॥ ৯ ॥

এই শরীরের স্থিরতা নাই, প্রতিক্ষণেই বিনষ্ট হইতেছে। ধর্ম্মই একমাত্র স্থায়ী; সুতরাং যে ব্যক্তি ধর্ম্ম উপার্জ্জন না করে, সেই শোচনীয় এবং সেই মূঢ়চেতন ॥ ১০ ॥

যদি প্রাণ্যুপকারায় দেহোঽয়ং নোপযুজ্যতে।
ততঃ কিং জন্মনা ব্রূহি বৃথৈব ক্রিয়তে নৃভিঃ॥ ১১॥

যদি অয়ং দেহঃ প্রাণ্যুপকারায় ন উপযুজ্যতে ততঃ জন্মনা কিং ব্রূহি নৃভিঃ বৃথৈব ক্রিয়তে॥ ১১॥

একতঃ ক্রতবঃ সর্ব্বে সমগ্রবরদক্ষিণাঃ।
একতো ভয়ভীতস্য প্রাণিনঃ প্রাণরক্ষণম্॥ ১২॥

সমগ্রবরদক্ষিণাঃ সর্ব্বে ক্রতবঃ একতঃ ভয়ভীতস্য প্রাণিনঃ প্রাণরক্ষণং একতঃ॥ ১২॥

এবং পুরাণকথনসময়ে কশ্চিদ্‌বৃদ্ধো ব্রাহ্মণঃ পত্ন্যা সহ নদী-মুত্তরন্ মহাপূরেণ নীয়মানো হাহাকারং কুর্ব্বন্ নদীমধ্যে মহাজনান্ প্রতি বদতি ভো ভো মহাজনাঃ ধাবধ্বং বৃদ্ধঃ সপত্নীকো ব্রাহ্মণো-ঽহং নদীপ্রবাহেণ বলাৎ নীয়মানঃ। কোঽপি সত্বাধিকো ধার্ম্মিকঃ মম সপত্নীকস্য জীবদানং দদাতু। জলেনোহ্যমানস্য দীনধ্বনিং শ্রুত্বা মহাজনাঃ সর্ব্বেঽপি সকৌতুকং পশ্যন্তি। পরং ন কোঽপি নদীমধ্যে প্রবিশ্য প্রবাহাদপনেতুং তস্যাভয়ং প্রযচ্ছতি।

যদি এই দেহ প্রাণিগণের উপকারার্থ উপযোজিত না হয়, তাহা হইলে জন্মে প্রয়োজন কি? এবং তাহা হইলে, লোকে বৃথাই বা কি করিয়া থাকে॥ ১১॥

একদিকে সহস্র উৎকৃষ্ট দক্ষিণা সহিত যাবতীয় যজ্ঞ, আর একদিকে ভয়ভীত প্রাণির প্রাণরক্ষা। ফলতঃ, উভয়ই সমান হইয়া থাকে॥ ১২॥

এইরূপ পুরাণকথনসময়ে কোন বৃদ্ধ ব্রাহ্মণ পত্নীর সহিত নদী উত্ত-রণ করিতে করিতে, প্রবল প্রবাহবশে নীয়মান হইয়া, হাহাকারসহকারে সেই নদীমধ্যে থাকিয়া, মহাজনদিগকে বলিতে লাগিলেন, অহে মহাজন-বর্গ! তোমরা শীঘ্র দৌড়িয়া আইস। বৃদ্ধ ব্রাহ্মণ আমি পত্নীর সহিত নদীপ্রবাহে বলপূর্ব্বক নীয়মান হইতেছি। তোমাদের মধ্যে কোন সম-ধিক সত্বসম্পন্ন ধার্ম্মিক সপত্নীক আমার জীবদান করুন।

ব্রাহ্মণ জলবেগে নীয়মান হইয়া, এই রূপে কাতরধ্বনি করিলে, মহা-জনগণ শ্রবণ করিয়া, সকলেই সকৌতুকে এই ব্যাপার দেখিতে লাগিল। কিন্তু কেহই নদীমধ্যে প্রবেশ করিয়া, প্রবাহ হইতে অপনয়ন করিবার জন্য তাহাকে অভয়দান করিল না।

ততো বিক্রমো রাজা মাভৈষীরিতি তস্যাভয়ং দত্ত্বা নদীমধ্যে প্রবিশ্য পত্ন্যা সহ তং ব্রাহ্মণং মহাপূরাদাকৃষ্য তটমানীতবান্। ব্রাহ্মণোঽপি স্বস্থঃ সন্ রাজানমবদৎ ভো মহাসত্ত্ব মমৈতচ্ছরীরং পূর্ব্বং মাতা পিতৃভ্যামুৎপাদিতম্। ইদানীং ত্বৎসকাশাৎ দ্বিতীয়ং জন্ম প্রাপ্তম্। অতঃ প্রাণদানান্মহোপকারিণস্তব কিমপি প্রত্যুপকারং ন করিষ্যামি চেত্তর্হি মম জীবিতং ব্যর্থং স্যাৎ। তস্মাৎ গোদাবর্য্যুদকমধ্যে দ্বাদশবর্ষপর্য্যন্তং মন্ত্রজপস্য পুণ্যং তুভ্যং দীয়তে। অন্যচ্চ। যৎকৃচ্ছ্রচান্দ্রায়ণাদিনা কিমপি সুকৃতমুপার্জ্জিতমস্তি তৎ সর্ব্বং গৃহাণেত্যুক্ত্বা তৎপুণ্যং রাজ্ঞে সমর্প্যাশিষং দত্ত্বা পত্ন্যা সহ নিজস্থানং গতঃ।

তস্মিন্ সময়ে অতিভয়ঙ্কররূপঃ কশ্চিৎ ব্রহ্মরাক্ষসো রাজসমীপমাগতঃ। রাজাপি তং দৃষ্ট্বা অবদৎ ভো মহাসত্ত্ব কোঽপি ত্বম্। তেনোক্তং অহমত্রৈব নগরে ব্রাহ্মণঃ কশ্চিৎ সর্ব্বদা দুষ্প্রতি-

---

অনন্তর রাজা বিক্রমাদিত্য, ভয় নাই বলিয়া অভয় দিয়া, নদীমধ্যে প্রবেশ করিয়া, পত্নীর সহিত সেই ব্রাহ্মণকে প্রবাহ হইতে আকর্ষণপূর্ব্বক তটে আনয়ন করিলেন।

ব্রাহ্মণ প্রকৃতিস্থ হইয়া, রাজাকে কহিলেন, অয়ি মহাসত্ত্ব! আমার এই শরীর প্রথমে পিতা মাতা কর্ত্তৃক উৎপাদিত হইয়াছে। ইদা[illegible] তোমার নিকট দ্বিতীয় জন্ম প্রাপ্ত হইল। তুমি প্রাণ দিয়া, আমার ম[illegible]পকার করিয়াছ। অতএব আমি যদি তোমার কোনরূপ প্রত্যুপকার না করি, তাহা হইলে, আমার জীবিত ব্যর্থ হইবে। এই কারণে, গোদাবরীর উদকমধ্যে দ্বাদশবর্ষ পর্য্যন্ত মন্ত্রজপ করিয়া, যে পুণ্য সঞ্চয় করিয়াছি, তাহা তোমাকে দিতেছি। আরও, কৃচ্ছ্রচান্দ্রায়ণাদি দ্বারা যে কিছু সুকৃত সংগৃহীত হইয়াছে, তৎসমস্তও গ্রহণ কর। এই বলিয়া তিনি সেই পুণ্য রাজাকে সমর্পণ ও আশীর্ব্বাদ প্রদান-পূর্ব্বক পত্নীর সহিত নিজস্থানে গমন করিলেন।

ঐ সময়ে অতিভয়ঙ্করাকৃতি কোন ব্রহ্মরাক্ষস রাজসমীপে আগমন করিল। রাজা তাহাকে দেখিয়া কহিলেন, ভো মহাসত্ত্ব! তুমি কে?

সে কহিল, আমি এই নগরেরই কোন ব্রাহ্মণ। সর্ব্বদা দুষ্ট প্রতিগ্রহ

গ্রহজীবী অযাজ্যযাজকশ্চ তথাবিধোঽপি গুরূন্ বৃদ্ধান্ সাধূন্ মহতশ্চ দূষয়ামি। তস্মাৎ পাতকবশাৎ অস্মিন্ অশ্বত্থপাদপে ব্রহ্মরাক্ষসো ভূত্বা অত্যন্তদুঃখিতো দশবর্ষসহস্রং তিষ্ঠামি। অদ্য ভবতঃ প্রসাদাদুত্তীর্ণো ভবিষ্যামি।

ইতি তদ্বাক্যং শ্রুত্বা রাজ্ঞা তদৈব তৎপুণ্যং তস্মৈ দত্তম্। সোঽপি তেন পুণ্যেন তস্মাৎ কর্ম্মণো মুক্তো দিব্যরূপধরঃ সন্ রাজানং স্তুত্বা স্বর্গং জগাম। রাজাপি স্বনগরমগমৎ।

ইতি কথাং কথয়িত্বা পুত্তলিকা ভোজমবদৎ ত্বয্যেবং পরোপকারো ধৈর্য্যমৌদার্য্যং চেৎ বিদ্যতে তর্হ্যস্মিন্ সিংহাসনে সমুপবিশ। রাজাপ্যধোমুখো বভূব।

ইতি ত্রয়োদশোপাখ্যানম্।

দ্বারা জীবন যাপন ও অযাজ্যযাজন করিতাম। এবং তথাবিধ হইলেও, গুরু, বৃদ্ধ, সাধু ও মহাত্মাদিগের নিন্দা করিতাম। সেই পাতকবশে এই অশ্বত্থপাদপে ব্রহ্মরাক্ষস হইয়া, অত্যন্ত দুঃখভোগসহকারে দশবর্ষ সহস্র অবস্থিতি করিতেছি। অদ্য আপনার প্রসাদে উত্তীর্ণ হইব।

তাহার এই কথা শুনিয়া, রাজা তখনই তাহাকে উল্লিখিত পুণ্য প্রদান করিলেন। সেও সেই পুণ্যবলে সেই কর্ম্ম হইতে মুক্ত হইয়া, দিব্যরূপ ধারণ করিয়া, রাজার স্তুতিপুরঃসর স্বর্গে গমন করিল। রাজাও স্বনগরে আসিলেন।

এই কথা কহিয়া, পুত্তলিকা ভোজরাজকে বলিল, আপনাতে যদি এইরূপ পরোপকার, ধৈর্য্য ও ঔদার্য্য থাকে, তাহা হইলে, এই সিংহাসনে উপবেশন করুন।

রাজা শুনিয়া, অধোমুখ হইলেন।

ত্রয়োদশ উপাখ্যান সমাপ্ত।

অথ চতুর্দ্দশোপাখ্যানম্।

পুনরন্যা পুত্তলিকাব্রবীৎ একদা বিক্রমাদিত্যো রাজা পৃথ্বীতলে কস্মিন্ স্থানে কিমাশ্চর্য্যং কে চ সন্তঃ কিং তীর্থং কা বা দেবতাস্তীতি বিলোকয়ন্ স্বয়ং যোগিবেশেন পরিভ্রমন্নগরমেকমগমৎ। তৎসমীপে তপোবনমেকং অস্তি। তস্মিংস্তপোবনে জগদম্বিকায়াঃ মহান্ প্রাসাদোঽভূৎ। তৎসমীপে নদী বহতি। রাজাপি নদ্যাং স্নাত্বা দেবতাং নমস্কৃত্য তত্র দেবালয়ে উপবিষ্টো যাবৎ পশ্যতি তাবৎ অবধূতসারো নাম কশ্চিদ্যোগী তত্র সমাগতঃ। সুখী চেত্যুক্তঃ তেন সহ তত্র দেবালয়ে উপবিষ্টঃ। যোগিনোক্তং কুতঃ সমাগতো ভবান্। রাজ্ঞোক্তং মার্গস্থোঽহং কোঽপি তীর্থযাত্রিকঃ। যোগিনোক্তং ত্বং বিক্রমাদিত্যো রাজা ননু ময়া একদা উজ্জয়িন্যাং দৃষ্টোঽসি অতোঽহং জানামি। কিমর্থং

পুনরায় অপর পুত্তলিকা বলিতে লাগিল, একদা রাজা বিক্রমাদিত্য, ধরাতলে কোন্ স্থানে কি আশ্চর্য্য, কি তীর্থ, কোন্ দেবতা এবং কেইবা সাধু আছে, তাহা দর্শন করত, স্বয়ং যোগিবেশে পরিভ্রমণ করিতে করিতে, এক নগরে গমন করিলেন। তাহার সমীপে এক তপোবন আছে। সেই তপোবনে জগদম্বিকার মহাপ্রাসাদ বিরাজ করিতেছে। তাহার সমীপে নদী প্রবাহিত হইতেছে। রাজা নদীতে স্নান ও দেবতাকে নমস্কার করিয়া, সেই দেবালয়ে উপবেশন-পূর্ব্বক যাবৎ দেখিতে লাগিলেন, তাবৎ অবধূতসার নামে কোন যোগী তথায় সমাগত হইলেন। তিনি স্বাগতবাদপ্রয়োগ করিলে, রাজা তাঁহার সহিত সেই দেবালয়ে উপবেশন করিলেন।

যোগী কহিলেন, আপনি কোথা হইতে আসিলেন?

রাজা কহিলেন, আমি কোন তীর্থযাত্রিক। পথেপথেই অবস্থিতি করি।

যোগী কহিলেন, তুমি নিশ্চয়ই রাজা বিক্রমাদিত্য। আমি একদা উজ্জয়িনীতে তোমারে দেখিয়াছি। সেইজন্যই, জানিতে পারিয়াছি। কিজন্য এখানে আসা হইয়াছে?

আগতোঽসি। রাজাব্রবীৎ ভো যোগিরাজ মম মনসি এবং ইচ্ছা বর্ত্ততে পৃথ্বীপর্য্যটনেন কিমপ্যাশ্চর্য্যং বিলোকনীয়মিতি তথা সতাং সন্দর্শনমপি ভবিষ্যতি। অবধূতসারোঽব্রবীৎ ভো রাজন্ ত্বং তাদৃশঃ বিচক্ষণোঽপি প্রমত্তঃ সন্ দেশান্তরে আগতোঽসি। রাজ্যমধ্যে বিপ্লবশ্চেদ্ভবিষ্যতি তদা কিং করিষ্যসি।

রাজ্ঞোক্তং অহং সর্ব্বমপি রাজ্যভারং মন্ত্রিহস্তে নিধায় সমাগতোঽস্মি।

যোগিনোক্তং রাজন্ তথাপি ত্বয়া নীতিশাস্ত্রবিরোধঃ কৃতঃ।

উক্তঞ্চ

নিয়োগিহস্তার্পিতরাজ্যভারাস্তিষ্ঠন্তি যে শৈলবিহারসারাঃ।
বিড়ালবৃন্দাহিতদুগ্ধকুম্ভাঃ স্বপন্তি তে মূঢ়ধিয়ঃ ক্ষিতীন্দ্রাঃ ॥১॥

যে নিয়োগিহস্তার্পিতরাজ্যভারাঃ শৈলবিহারসারাঃ তিষ্ঠন্তি তে মূঢ়ধিয়ঃ ক্ষিতীন্দ্রাঃ বিড়ালবৃন্দাহিতদুগ্ধকুম্ভাঃ স্বপন্তি। ১।

অন্যচ্চ রাজ্যঞ্চ স্ববংশাগতমিতি নোপেক্ষণীয়ং পুনঃ সুদৃঢ়ং কর্ত্তব্যম্।

রাজা কহিলেন, যোগিরাজ! আমার অন্তঃকরণে এইপ্রকার ইচ্ছা হইয়াছে, পৃথিবী পর্য্যটন করিয়া, কোনরূপ আশ্চর্য্য দর্শন করিব। তাহাতে সাধুদিগেরও সংদর্শনলাভ হইবে।

অবধূতসার কহিলেন, রাজন্! আপনি তাদৃশ বিচক্ষণ হইয়াও, প্রমাদবশে দেশান্তরে আসিয়াছেন। রাজ্যমধ্যে যদি বিদ্রোহ ঘটে, তখন কি করিবেন?

রাজা কহিলেন, আমি সমুদায় রাজ্যভারই মন্ত্রির হস্তে ন্যস্ত করিয়া, সমাগত হইয়াছি।

যোগী কহিলেন, রাজন্! তথাপি আপনি নীতিশাস্ত্রের বিরুদ্ধ অনুষ্ঠান করিয়াছেন। দেখুন, শাস্ত্রে বলিয়াছেন,

যাহারা ভৃত্যের হস্তে রাজ্যভার ন্যস্ত করিয়া, শৈলবিহারমাত্রপরায়ণ হইয়া, অবস্থিতি করে, সেই সকল মূঢ়বুদ্ধি নরপতি বিড়ালবৃন্দের নিকট দুগ্ধকুম্ভ স্থাপন করিয়া, নিদ্রা যায়॥ ১॥

আরও, বলিয়াছেন, স্ববংশাগত রাজ্যের উপেক্ষা করিতে নাই। পুনরায় উহার সুদার্ঢ্য সম্পাদন করিবে।

কৃষির্ব্বিদ্যা বণিগ্‌ভার্য্যা স্বধনং রাজ্যসম্পদঃ।
সুদৃঢ়ং চৈব কর্ত্তব্যং কৃষ্ণসর্পমুখং যথা ॥ ২ ॥

কৃষিঃ বিদ্যা বণিক্‌ ভার্য্যা স্বধনং রাজ্যসম্পদঃ কৃষ্ণসর্পমুখং যথা সুদৃঢ়ং এব চ কর্ত্তব্যম্‌ ॥ ২ ॥

তচ্ছ্রুত্বা রাজা ভণতি যোগিন্‌ সর্ব্বমেতদনর্থকং অত্র দৈববলমেব বলবৎ। সুদৃঢ়ীকৃতে সর্ব্বসামগ্রীসহিতেঽপি রাজ্যে পৌরুষযুক্তোপি পুরুষো দৈববৈমুখ্যাৎ পরাভবং প্রাপ্নোতি।

তদুক্তং

নেতা যস্য বৃহস্পতিঃ প্রহরণং বজ্রং সুরাঃ সৈনিকাঃ
স্বর্গো দুর্গমনুগ্রহঃ খলু হরেরৈরাবতো বাহনঃ।
ইত্যাশ্চর্য্যবলান্বিতোঽপি বলিভির্ভগ্নঃ পরৈঃ সঙ্গরে
তদ্‌ব্যক্তং ননু দৈবমেব শরণং ধিগ্ধিগ্‌বৃথা পৌরুষম্‌ ॥৩॥

বৃহস্পতিঃ যস্য নেতা বজ্রং প্রহরণং সুরাঃ সৈনিকাঃ স্বর্গঃ দুর্গঃ খলু হরেঃ অনুগ্রহঃ ঐরাবতঃ বাহনঃ ইত্যাশ্চর্য্যবলান্বিতঃ অপি সঙ্গরে বলিভিঃ পরৈঃ ভগ্নঃ তৎ ব্যক্তং ননু দৈবং এব শরণং বৃথা পৌরুষং ধিক্‌ ধিক্‌ ॥ ৩ ॥

কৃষি, বিদ্যা, বণিক্‌, ভার্য্যা, স্বধন, রাজ্যসম্পদ এই সকল, কৃষ্ণসর্পের মুখের ন্যায়, সুদৃঢ় করিবে ॥ ২ ॥

রাজা এই কথা শুনিয়া, বলিতে লাগিলেন, যোগিন্‌ ; এই সমস্তই মিথ্যা। দৈববলই কেবল বলবৎ।

দেখুন, রাজ্য সর্ব্ববিধ-সামগ্রীসহিত সম্যক্‌ রূপে দৃঢ়ীকৃত ও স্বয়ং পুরুষকারবিশিষ্ট হইলেও, পুরুষকে দৈবের প্রতিকূলতায় পরাভব প্রাপ্ত হইতে হয়। এ বিষয় শাস্ত্রে বলিয়াছেন,

বৃহস্পতি যাঁহার নেতা, বজ্র যাঁহার অস্ত্র, সুরগণ যাঁহার সৈন্য, স্বর্গ যাঁহার দুর্গ, ঐরাবত যাঁহার বাহন এবং হরি যাঁহার অনুগ্রাহক ; এইরূপে যিনি অদ্ভুতবলসম্পন্ন, সেই ইন্দ্রকেও বলবান্‌ বিপক্ষ কর্ত্তৃক যুদ্ধে পরাভূত হইতে হইয়াছিল। অতএব দৈবই একমাত্র সর্ব্বলোকবিদিত আশ্রয় ; বৃথা পৌরুষে ধিক্‌ ধিক্‌ ! ॥ ৩ ॥

তথাচ

নৈবাকৃতিঃ ফলতি নৈব কুলং ন শীলং
বিদ্যাপি নৈব ন চ যত্নকৃতাপি সেবা।
ভাগ্যানি পূর্ব্বতপসা খলু সঞ্চিতানি
কালে ফলন্তি পুরুষস্য যথৈব বৃক্ষাঃ ॥ ৪ ॥

আকৃতিঃ এব ন ফলতি কুলং এব ন শীলং ন বিদ্যা অপি এব ন চ যত্নকৃতা অপি সেবা ন পূর্ব্বতপসা সঞ্চিতানি পুরুষস্য ভাগ্যানি খলু এব বৃক্ষাঃ যথা কালে ফলন্তি ॥ ৪ ॥

যেনাখণ্ডলদন্তিদন্তকুমুদান্যাকুঞ্চিতান্যাহবে
ধারা যত্র পিণাকপাণিপরশোরাকুঞ্চিতাস্ত্যাহতা।
তদ্বক্ষোঽথ নৃসিংহপাণিকরজৈর্দীর্ণং হি যৎ সাম্প্রতং
দৈবে দুর্ব্বলতাং গতে তৃণমপি প্রায়েণ বজ্রায়তে ॥ ৫ ॥

যেন আহবে আখণ্ডলদন্তিদন্তকুমুদানি আকুঞ্চিতানি যত্র পিণাকপাণিপরশোঃ ধারা আহতা আকুঞ্চিতা অস্তি অথ তৎ বক্ষঃ নৃসিংহপাণিকরজৈঃ দীর্ণং হি যৎ সাম্প্রতং দৈবে দুর্ব্বলতাং গতে তৃণং অপি প্রায়েণ বজ্রায়তে ॥ ৫ ॥

বটবৃক্ষস্থিতা যক্ষা দদতীহ হরন্তি চ।
অক্ষান্ পাতয় কল্যাণি যদ্ভাব্যং তদ্ভবিষ্যতি ॥ ৬ ॥

বটবৃক্ষস্থিতাঃ যক্ষাঃ ইহ দদতি হরন্তি চ কল্যাণি অক্ষান্ পাতয় যৎ ভাব্যং তৎ ভবিষ্যতি॥৬॥

পুনশ্চ, বলিয়াছেন,

আকৃতি কখন ফলিত হয় না, কুলও কখন ফলে না; শীলও কখন ফলিত হয় না এবং বিদ্যা ও যত্নকৃত সেবাও কখনও ফলে না। পুরুষের প্রাক্তন-তপোবলসঞ্চিত ভাগ্যপরম্পরাই কেবল, বৃক্ষের ন্যায়, যথাকালে ফলিত হইয়া থাকে ॥ ৪ ॥

ইন্দ্রের হস্তী ঐরাবতের দন্তরূপ কুমুদসমূহ যাহার প্রভাবে সংগ্রামে আকুঞ্চিত হইয়াছিল এবং পিণাকপাণির পরশুধারাও যাহাতে আহত হইয়া কুণ্ঠিত হইয়াছিল, তাহার বক্ষস্থলও নৃসিংহের কর-নখরে বিদীর্ণ হইয়া গেল। দৈব দুর্ব্বল হইলে, তৃণও প্রায় বজ্রবৎ হইয়া থাকে ॥ ৫ ॥

বটবৃক্ষস্থিত যক্ষ, সকল দান করিতেছে ও হরণ করিতেছে। অতএব, কল্যাণি! তুমি অক্ষ সকল পাতিত কর, যাহা হইবার হইবে ॥ ৬ ॥

যোগিনোক্তং কথমেতৎ। রাজাব্রবীৎ অস্তি উত্তরদেশে নদীপর্ব্বতবর্দ্ধনং নাম নগরম্। তত্র রাজশেখরো নাম রাজা রাজ্যভারং করোতি স্ম। স দেবদ্বিজপরায়ণোঽতীবধার্ম্মিকঃ। একদা তস্য দায়াদাঃ সর্ব্বে সমাগত্য তেন সহ বিগৃহ্য রাজ্যং গৃহীত্বা সপত্নীকং তং নগরাৎ নিরাসিষুঃ।

ততঃ স রাজা পত্ন্যা পুত্রেণ চ সহ দেশান্তরং পর্য্যটন্ কস্যচিন্নগরস্যোপবনে গতঃ। তত্র সূর্য্যোঽপ্যস্তং গতঃ। স পত্ন্যা পুত্রেণ চ সমন্বিতো বটবৃক্ষমূলে গত্বোপবিষ্টঃ। তস্মিন্ বৃক্ষে পঞ্চ পক্ষিণঃ আসন্। তে পরস্পরং বদন্তি স্ম। তত্র একেনোক্তং অস্মিন্নগরে রাজা মৃতঃ। তস্য সন্ততির্নাস্তি। কো বা রাজা ভবিষ্যতি। দ্বিতীয়েনোক্তং অত্র বটবৃক্ষমূলে যো রাজা তিষ্ঠতি তস্য রাজ্যং ভবিষ্যতি। অন্যৈরুক্তং তথাস্তু। রাজাপি পক্ষিণাং তদ্বাক্যমশৃণোৎ।

ততঃ সূর্য্যোদয়ো জাতঃ। সর্ব্বোঽপি জনঃ স্বস্বকর্ম্মাণি কর্তুং

যোগী কহিলেন, ইহা কিরূপ?

রাজা কহিলেন, উত্তরদেশে নদীপর্ব্বতবর্দ্ধন নামে নগর আছে। তথায় রাজ-শেখর নামে রাজা রাজ্যভার বহন করিতেন। তিনি দেবদ্বিজ-পরায়ণ ও অতীব ধার্ম্মিক। একদা তদীয় বান্ধবগণ সকলে সমবেত হইয়া, তাঁহার সহিত বিবাদ করিয়া, রাজ্যগ্রহণপূর্ব্বক পত্নীর সহিত তাঁহাকে নগর হইতে নিষ্কাশিত করিল। তখন রাজা পত্নী ও পুত্রের সহিত দেশান্তর পর্য্যটন করত, কোন নগরের উপবনে সমাগত হইলেন। তথায় সূর্য্য অস্ত গেলেন। তিনি পত্নী ও পুত্রের সহিত বটবৃক্ষমূলে গমন করিয়া, উপবেশন করিলেন। সেই বৃক্ষে পাঁচটী পক্ষী ছিল। তাহারা পরস্পর কথোপকথন করিতেছিল। তন্মধ্যে একতর কহিল, এই নগরের রাজার মৃত্যু হইয়াছে। তাঁহার সন্ততি নাই। কেই বা রাজা হইবে। দ্বিতীয় কহিল, এই বটবৃক্ষমূলে যে রাজা অবস্থিতি করিতেছেন, তিনিই রাজা হইবেন। অন্যান্যেরা বলিল, তাহাই হউক।

রাজা পক্ষিগণের সেই কথা শুনিলেন। অনন্তর সূর্য্যোদয় হইলে, সকল

প্রবৃত্তঃ। রাজাপি সন্ধ্যাদিকং কর্ম্ম কৃত্বা সূর্য্যার্ঘ্যং দত্ত্বা সূর্য্যং নমস্কৃত্য চ যাবদ্রাজমার্গাভিমুখ নির্গতঃ তাবদ্রাজোৎপত্তিনিমিত্তং মন্ত্রিভির্মুক্তা ধৃতমালা করিণী রাজানং বিলোক্য তস্য কণ্ঠে মালাং নিধায় পৃষ্ঠমারোপ্য রাজভবনং নিনায়। ততঃ সর্ব্বৈর্মন্ত্রিভির্মিলিত্বা অভিষেকং বিধায় রাজশেখরো রাজা রাজ্যে স্থাপিতঃ।

একদা সর্ব্বে প্রতিস্পর্দ্ধিনো নৃপাঃ সন্ধিবদ্ধাঃ রাজশেখরমুন্মূলয়িতুং নগরমাজগ্মুঃ। তদা রাজা স্বদেব্যা সহ পাশক্রীড়াং করোতি। অথ দেব্যা ভণিতং ভো নাথ ভবতা কথং তূষ্ণীং স্থীয়তে। প্রত্যর্থিনৃপৈর্নগরী বেষ্টিতা। প্রভাতে নগরমস্মানপি তে গ্রহীষ্যন্তি। রাজ্ঞোক্তং ভো মুগ্ধে কিং প্রযত্নেন যদা দৈবমনুকূলং ভবতি তদা সর্ব্বং কার্য্যং স্বয়মেব ভবেৎ। যদা প্রতিকূলং দৈবং তদা সর্ব্বং স্বয়মেব নশ্যতি। ত্বয়া নানুভূতম্। অতো বৃদ্ধৌ ক্ষয়ে চ দৈবমেব পরং কারণম্।

লোকই স্ব স্ব কর্ম্মে প্রবৃত্ত হইল। রাজাও সন্ধ্যাদি কার্য্য সমাধান করিয়া, সূর্য্যার্ঘ্য দিয়া, সূর্য্যপ্রণাম করিয়া, যখন রাজপথাভিমুখে নির্গত হইলেন, তৎক্ষণাৎ রাজোৎপত্তির নিমিত্ত মন্ত্রিগণ কর্তৃক নির্মুক্ত মাল্যধারিণী করিণী রাজাকে দর্শন করিয়া, তাঁহার কণ্ঠে মালা দিয়া, পৃষ্ঠে আরোহণ করাইয়া, তাঁহাকে রাজভবনে লইয়া গেল। অনন্তর মন্ত্রিবর্গ সকলে মিলিত হইয়া, অভিষেকবিধানানন্তর রাজশেখর রাজাকে রাজ্যে স্থাপিত করিলেন। কোন সময়ে সমুদায় প্রতিদ্বন্দ্বী নরপতি সন্ধিবদ্ধ হইয়া, রাজশেখরকে উন্মূলিত করিবার জন্য নগরে সমাগত হইলেন।

তৎকালে রাজা আপনার দেবীর সহিত পাশক্রীড়া করিতেছিলেন। দেবী কহিলেন, নাথ! আপনি কিজন্য চুপ করিয়া রহিয়াছেন? প্রত্যর্থী নরপতিরা নগরী বেষ্টন করিয়াছে। প্রভাতে নগর ও আমাদিগকেও গ্রহণ করিবে।

রাজা কহিলেন, অয়ি মুগ্ধে! প্রযত্নে প্রয়োজন কি? যখন দৈব অনুকূল হন, তখন সকল কার্য্য স্বয়ংই সমাহিত হইয়া থাকে। আর যখন দৈব প্রতিকূল হন, তখন সমুদায় স্বয়ংই নষ্ট হইয়া যায়। তুমি কি এ বিষয় অনু-

বৃক্ষমূলে স্থিতস্য মে যেন রাজ্যং দত্তং তস্যৈব চিন্তা পতিতা। তেন চিন্তিতঞ্চ। অহোঽয়ং ময্যেব। ময়ি স এব চিন্তাং করোতু। অপি চ মমাপি চিন্তা স এব করিষ্যতি। ইতি তস্য বাক্যং শ্রুত্বা যেনাস্য রাজ্যং দত্তং তস্য চিন্তা পতিতা। বিশ্বস্য রাজ্যভারমর্পিতবান্। যদি ইদানীং ময়াস্য প্রযত্নো ন ক্রিয়তে তর্হি মহান্ প্রত্যবায়ো ভবিষ্যতীতি বিচার্য্য স দেবো ভয়ঙ্কররূপং ধৃত্বা সর্ব্বান্ শত্রূন্ অতর্জ্জয়ৎ। তে সর্ব্বে পরাজিতা বভূবুঃ। ততো রাজশেখরো রাজা নিষ্কণ্টকং রাজ্যমকরোৎ।

এষা কথা বিক্রমেণ কথিতা। ততো যোগীন্দ্র ইমাং কথাং শ্রুত্বা অতিসন্তুষ্টঃ সন্ রাজ্ঞে কাশ্মীরলিঙ্গমেকং দত্ত্বা অভণৎ ভো রাজন্ এতৎ কাশ্মীরলিঙ্গং চিন্তামণিরিব চিন্তিতং বস্তু দদাতি। এনং সম্যক্ পূজয়। রাজাপি তথাস্তু ইত্যুক্ত্বা তস্মৈ প্রণম্য যাবন্নগরমার্গে

ভব কর নাই? দৈবই ক্ষয় ও বৃদ্ধির অদ্বিতীয় হেতু। বৃক্ষমূলে অবস্থিতিকালে যিনি আমারে রাজ্য দিয়াছেন, তিনিই এ বিষয়ে এখন চিন্তা করিবেন। তিনি চিন্তাও করিয়াছেন। অহো! তিনি আমাতেই আছেন। আমাতে তিনিই চিন্তা করুন। অধিক কি, তিনিই আমারও চি[illegible] করিবেন।

তাঁহার এই কথা শুনিয়া, যে দেবতা তাঁহারে রাজ্য [illegible]দান করিয়াছিলেন, তাঁহার চিন্তা উপস্থিত হইল, আমি বিশ্বাস করিয়া, ইহাঁরে রাজ্যভার অর্পণ করিয়াছি। যদি ইদানীং ইহাঁর বিষয়ে প্রযত্ন না করি, তাহা হইলে, মহান্ প্রত্যবায় উপস্থিত হইবে।

এইপ্রকার বিচার করিয়া, সেই দেবতা ভয়ঙ্কররূপ-পরিগ্রহপুরঃসর সমুদায় শত্রুকে তর্জ্জিত করিলেন। তাহারা সকলেই পরাজিত হইল। তখন রাজশেখর রাজা নিষ্কণ্টকে রাজ্য করিতে লাগিলেন।

রাজা বিক্রম এই কথা কীর্ত্তন করিলেন। যোগী শুনিয়া অতিশয় সন্তুষ্ট হইয়া, রাজাকে একটী কাশ্মীরলিঙ্গ দান করিয়া, কহিলেন, রাজন্! এই কাশ্মীরলিঙ্গ, চিন্তামণির ন্যায়, চিন্তিত বস্তু প্রদান করিয়া থাকেন। ইহাঁর সম্যক্ রূপে পূজা করিও। রাজাও, যে আজ্ঞা বলিয়া, যোগীন্দ্রকে প্রণাম

আগচ্ছতি তাবদ্‌ব্রাহ্মণঃ কশ্চিৎ সমাগত্য রাজানমাশীর্ব্বাদপূর্ব্বকমবদৎ ভো রাজন্ মম শিবলিঙ্গপূজনে নিয়মঃ। মার্গে লিঙ্গং নষ্টং। দিনত্রয়মুপোষণং জাতম্। তর্হি অদ্য মে এতচ্ছিবলিঙ্গং দাতব্যম্। রাজাপি তস্মৈ ব্রাহ্মণায় কাশ্মীরলিঙ্গং দত্বা নিজনগরমগমদিতি কথাং কথয়িত্বা পুত্তলিকা ভোজরাজমবদৎ ত্বয়ি এবমৌদার্য্যাদয়ো গুণা বিদ্যন্তে চেৎ তর্হ্যত্র সিংহাসনে সমুপবিশ।

ইতি চতুর্দ্দশোপাখ্যানম্।

অথ পঞ্চদশোপাখ্যানম্।

পুনরন্যা পুত্তলিকাব্রবীৎ শৃণু রাজন্ বিক্রমার্কে রাজ্যং কুর্ব্বতি তস্য পুরোহিতো বসুমিত্রঃ অত্যন্তরূপবান্ সকলকলাভিজ্ঞঃ রাজ্ঞো-ঽত্যন্তপ্রিয়তমশ্চ পরমোপকারী সর্ব্বলোকস্য মহাধনসম্পন্নশ্চ আসীৎ।

করিয়া, যাবৎ নগরমার্গে আসিলেন, তাবৎ কোন ব্রাহ্মণ সমাগত হইয়া, আশীর্ব্বাদ করিয়া, তাঁহারে কহিলেন, রাজন্! আমি নিয়মানুসারে প্রতিদিনই শিবলিঙ্গ পূজা করিয়া থাকি। তদ্‌ব্যতীত, জলগ্রহণ করি না। পথিমধ্যে আমার লিঙ্গ নষ্ট হইয়াছে। তিন দিন তজ্জন্য উপবাসে গিয়াছে। অতএব অদ্য আমাকে এই শিবলিঙ্গ দান করিতে হইবে। রাজাও সেই ব্রাহ্মণকে কাশ্মীরলিঙ্গ প্রদান করিয়া, স্বনগরে প্রত্যাবৃত্ত হইলেন।

এই উপাখ্যান সমাপ্ত করিয়া, পুত্তলিকা ভোজরাজকে কহিল, আপনাতে যদি এইপ্রকার ঔদার্য্যাদি গুণ থাকে, তাহা হইলে, এই সিংহাসনে উপবেশন করুন।

চতুর্দ্দশ উপাখ্যান সমাপ্ত।

পুনরায় অন্য পুত্তলিকা কহিল, রাজন্! শ্রবণ করুন। বিক্রমার্ক রাজ্য করিতে লাগিলে, বসুমিত্র তাঁহার পুরোহিত হইয়াছিলেন। তিনি অত্যন্ত রূপবান্, সকল কলার অভিজ্ঞ, রাজার অত্যন্ত প্রিয়তম, সকল লোকেরই পরম উপকারী এবং মহাধনী ছিলেন। তিনি একদা চিন্তা করিতে লাগি-

ততস্তেন একদা বিচারিতং ননু উপার্জ্জিতানাং পাপানাং গঙ্গাস্নানা-দন্যৎ ক্ষয়করং নাস্তি।

উক্তঞ্চ

> ন হি তীর্থাভিষেকাৎ বিদ্যতে পাবনং পরম্।
> তপসা ব্রহ্মচর্য্যেণ যজ্ঞৈর্দানেন বা পুনঃ।
> গতিমপ্রাপ্য বৈ জন্তুর্গঙ্গাং সংসেব্য তাং ব্রজেৎ ॥ ১ ॥

তীর্থাভিষেকাৎ পরং পাবনং বিদ্যতে ন হি জন্তুঃ তপসা ব্রহ্মচর্য্যেণ যজ্ঞৈঃ পুনঃ দানেন বা গতিং অপ্রাপ্য গঙ্গাং সংসেব্য তাং ব্রজেৎ বৈ ॥ ১ ॥

> স্নাতানাং শুচিভিস্তোয়ৈর্গাঙ্গেয়ৈর্নিয়তাত্মনাম্।
> শুদ্ধির্ভবতি যা পুংসাং ন সা ক্রতুশতৈরপি ॥ ২ ॥

শুচিভিঃ গাঙ্গেয়ৈঃ তোয়ৈঃ স্নাতানাং নিয়তাত্মনাং পুংসাং যা শুদ্ধিঃ ভবতি সা ক্রতুশতৈঃ অপি ন ॥ ২ ॥

> অপহৃত্য তমস্তীব্রং যথা যাত্যুদয়ং রবিঃ।
> তথাপহৃত্য পাপানি ভাতি গঙ্গাজলাপ্লুতঃ ॥ ৩ ॥

যথা রবিঃ তীব্রং তমঃ অপহৃত্য উদয়ং যাতি তথা গঙ্গাজলাপ্লুতঃ পাপানি অপহৃত্য ভাতি ॥ ৩ ॥

লেন, গঙ্গাস্নানব্যতিরেকে আর কিছুই পাপক্ষয় করিতে পারে না। শাস্ত্রে বলিয়াছেন,

তীর্থে স্নান অপেক্ষা পরমপাবন দ্বিতীয় নাই। তপস্যা, ব্রহ্মচর্য্য, যজ্ঞ ও দান, এই সকল দ্বারা গতিলাভ না হইলে, গঙ্গাস্নান দ্বারা নিশ্চয়ই তাহা সম্পন্ন হইয়া থাকে ॥ ১ ॥

নিয়ত চিত্তে গঙ্গার পবিত্র সলিলে স্নান করিলে, যেরূপ শুচি হওয়া যায়, শত শত যজ্ঞ দ্বারাও সেরূপ হয় না ॥ ২ ॥

যেমন সূর্য্য তীব্র তিমিরভার অপহৃত করিয়া, উদিত হইয়া থাকেন, গঙ্গাজলে আপ্লুত হইলে, সেইরূপ পাপ সকল পরিহৃত করিয়া, প্রতিভাত হওয়া যায় ॥ ৩ ॥

অগ্নিং প্রাপ্য যথা সদ্যস্তূলরাশির্ব্বিনশ্যতি।
তথা গঙ্গাপ্রবাহেণ সর্ব্বং পাপং বিনশ্যতি ॥ ৪ ॥

যথা তূলরাশিঃ অগ্নিং প্রাপ্য সদ্যঃ বিনশ্যতি তথা গঙ্গাপ্রবাহেণ সর্ব্বং পাপং বিনশ্যতি ॥ ৪ ॥

যস্তু সূর্য্যাংশুভিস্তপ্তং গাঙ্গেয়ং সলিলং পিবেৎ।
স গব্যং বিধিযুক্তং হি পীত্বা পাপাৎ প্রমুচ্যতে ॥ ৫ ॥

যঃ তু সূর্য্যাংশুভিঃ তপ্তং গাঙ্গেয়ং সলিলং পিবেৎ স বিধিযুক্তং গব্যং পীত্বা পাপাৎ প্রমুচ্যতে হি ॥ ৫ ॥

চান্দ্রায়ণসহস্রেণ যঃ কুর্য্যাৎ কায়শোধনম্।
পিবেদ্যশ্চাপি গঙ্গাম্ভঃ সমৌ স্যাতামুভাবপি ॥ ৬ ॥

যঃ চান্দ্রায়ণসহস্রেণ কায়শোধনং কুর্য্যাৎ অপি গঙ্গাম্ভঃ পিবেৎ উভৌ অপি সমৌ স্যাতাং॥৬॥

ভূতানামপি সর্ব্বেষাং দুঃখাভিহতচেতসাম্।
গতিমন্বেষমাণানাং নাস্তি গঙ্গাসমা গতিঃ ॥ ৭ ॥

দুঃখাভিহতচেতসাং গতিং অন্বেষমাণানাং সর্ব্বেষাং ভূতানাং অপি গঙ্গাসমা গতিঃ নাস্তি ॥৭॥

মহদ্ভিঃ পাতকৈর্গ্রস্তান্ অনেকান্ হতমানসান্।
পততো নরকে ঘোরে গঙ্গা তরতি সেবনাৎ ॥ ৮ ॥

গঙ্গা সেবনাৎ মহদ্ভিঃ পাতকৈঃ গ্রস্তান্ হতমানসান্ ঘোরে নরকে পততঃ অনেকান্ তরতি ॥ ৮ ॥

তূলরাশি যেমন অগ্নিতে পতিত হইলে, তৎক্ষণে বিনষ্ট হয়, গঙ্গার প্রবাহসহায়ে তেমন সমুদায় পাপ বিগলিত হইয়া থাকে ॥ ৪ ॥

যে ব্যক্তি সূর্য্যকিরণে সন্তপ্ত গাঙ্গেয় সলিল পান করে, সে বিধিবিহিত গব্য পান করিয়া, পাপ হইতে বিমুক্ত হয় ॥ ৫ ॥

যে ব্যক্তি সহস্র সহস্র চান্দ্রায়ণ দ্বারা শরীর শোধন করে, আর যে ব্যক্তি গঙ্গোদক পান করিয়া থাকে, তাহারা উভয়েই সমান ॥ ৬ ॥

যে সকল প্রাণী দুঃখাভিহত চিত্তে গতি অন্বেষণ করে, তাহাদের গঙ্গার সমান গতি নাই ॥ ৭ ॥

ভূরি ভূরি ব্যক্তি মহাপাতকগ্রস্ত ও তজ্জন্য হতচিত্ত হইয়া, ঘোর নরকে পতিত হইয়া থাকে। তাহারা গঙ্গার সেবা করিবামাত্র উদ্ধার প্রাপ্ত হয় ॥ ৮ ॥

সপ্তাবরান্ সপ্তপরান্ পিতৄংশ্চাপি হি বৈ ধ্রুবম্।
নরস্তারয়তে নিত্যং গঙ্গাতোয়াবগাহিতঃ ॥ ৯ ॥

অপি চ নিত্যং গঙ্গাতোয়াবগাহিতঃ নরঃ সপ্তাবরান্ সপ্তপরান্ পিতৄন্ হি বৈ ধ্রুবং তারয়তে ॥ ৯ ॥

দর্শনাৎ স্পর্শনাৎ ধ্যানাৎ তথা গঙ্গেতি কীর্ত্তনাৎ।
পুনাতি পুরুষং পুণ্যং শতশোঽথ সহস্রশঃ ॥ ১০ ॥

দর্শনাৎ স্পর্শনাৎ ধ্যানাৎ তথা গঙ্গেতি কীর্ত্তনাৎ পুণ্যং পুরুষং শতশঃ অথ সহস্রশঃ পুনাতি ॥ ১০ ॥

জাত্যন্ধাঃ খলু তুল্যাস্তে মৃগৈঃ পশুভিরেব চ।
সমর্থা যে ন পশ্যন্তি গঙ্গাং পাপপ্রণাশিনীম্ ॥ ১১ ॥

সমর্থাঃ যে পাপপ্রণাশিনীং গঙ্গাং পশ্যন্তি ন তে জাত্যন্ধাঃ মৃগৈঃ পশুভিঃ এব চ তুল্যাঃ খলু ॥ ১১ ॥

ইত্যেবং বিচার্য্য বারাণসীং গতো বিশ্বেশ্বরং দৃষ্ট্বা প্রয়াগে পুনর্মাঘস্নানং বিধায় স্বনগরাভিমুখমগচ্ছৎ। মার্গে নগরমেকমাসীৎ। তত্র নগরে শাপভ্রষ্টা সুরাঙ্গনা কাচিৎ রাজ্যং করোতি। তস্যা ভর্ত্তা নাস্তি। তত্র লক্ষ্মীনারায়ণস্য মহান্ প্রাসাদোঽস্তি। তত্র বিবাহমণ্ডপঃ কৃতোঽস্তি। তত্র দেবতাপ্রাসাদদ্বারে লৌহপাত্রে তৈলং

গঙ্গাসলিলে নিত্য অবগাহন করিলে, ঊর্দ্ধতন সপ্ত ও অধস্তন সপ্ত পিতৃপুরুষের নিশ্চয়ই উদ্ধার করিতে পারা যায়॥ ৯ ॥

গঙ্গার দর্শন, স্পর্শন, মনন ও নাম সংকীর্ত্তন করিবামাত্র, পুরুষ শতশঃ ও সহস্রশঃ পুণ্য লাভ করে॥ ১০ ॥

যাহারা পাপপ্রণাশিনী গঙ্গারে দর্শন না করে, তাহারা জাত্যন্ধ এবং তাহারা মৃগ ও পশুর সমান ॥ ১১ ॥

এইপ্রকার বিচার করিয়া, তিনি বারাণসীতে গিয়া, বিশ্বেশ্বর দর্শন ও পুনরায় মাঘমাসীয় স্নান বিধান পূর্ব্বক স্বনগরাভিমুখে গমন করিতে লাগিলেন। পথিমধ্যে একনগর ছিল। সেই নগরে শাপভ্রষ্টা কোন সুরাঙ্গনা রাজ্য করিতেছিলেন। তাঁহার স্বামী নাই। সেখানে লক্ষ্মী নারায়ণের বৃহৎ প্রাসাদ আছে। তথায় বিবাহমণ্ডপ নির্ম্মাণ করা হইয়াছে। ঐ দেবপ্রাসাদের দ্বারদেশে বিশাল লৌহপাত্রে তৈল তপ্ত করা হইতেছে। তথায়

তপ্যতে। তত্র নিযুক্তাঃ পুরুষাঃ দেশান্তরাদাগতানেবং বদন্তি যদি কশ্চিৎ স্বত্ত্বাধিকোঽস্মিন্ সন্তপ্ততৈলমধ্যে পতিষ্যতি তস্যেয়ং মন্মথ-সঞ্জীবনীনাম্নী অপ্সরা কণ্ঠে মালামর্পয়িষ্যতি। বসুমিত্রোঽপি সর্ব্বং পশ্যন্ স্বনগরং যযৌ সর্ব্বৈর্বন্ধুভিঃ সহ সন্দর্শনং জাতম্। ক্ষেমেণ আগত ইতি সর্ব্বেষাং আনন্দোঽভূৎ। প্রভাতে রাজমন্দিরং গতঃ। রাজানং দৃষ্ট্বা রাজ্ঞে গঙ্গোদকং বিশ্বেশ্বরপ্রসাদঞ্চ দত্ত্বোপবিষ্টঃ। ততঃ রাজ্ঞা পৃষ্টঃ ভো বসুমিত্র ক্ষেমেণ তীর্থযাত্রা কৃতা। তেনোক্তং ভো স্বামিন্ তব প্রসাদাত্তীর্থযাত্রাং বিধায় ক্ষেমেণ সমাগতোঽস্মি। রাজ্ঞোক্তং তত্র দেশান্তরে গতেন কিমপূর্ব্বং দৃষ্টম্। বসুমিত্রেণ সুরাঙ্গনাতপ্ততৈলবৃত্তান্তঃ কথিতঃ।

ততঃ রাজা তেন সহ তত্র স্থানে গতঃ। তত্র স্নানং বিধায় লক্ষ্মীনারায়ণং নত্বা চ তপ্ততৈলমধ্যে পপাত। তত্রত্যৈস্তৈর্জনৈ-

---

নিযুক্ত পুরুষেরা দেশান্তর হইতে আগত লোক সকলকে এইরূপ বলিতেছে, যদি তোমাদের মধ্যে কোন ব্যক্তি সমধিক-সত্ত্ব-সম্পন্ন থাকে, তাহা হইলে, এই সন্তপ্ত তৈল মধ্যে পতিত হইলে, এই মন্মথসঞ্জীবনীনাম্নী অপ্সরা তাহার কণ্ঠে মাল্য অর্পণ করিবেন।

বসুমিত্র এই সকল দর্শন করিয়া, স্বনগরে গিয়া, সমুদায় বন্ধুজনের সহিত সাক্ষাৎ করিলেন। তিনি সর্ব্বথা নিরাপদে সমাগত হইয়াছেন, এই কারণে সকলেরই আনন্দ উদ্ভূত হইল। প্রভাতে রাজমন্দিরে গমন করিয়া, রাজার সহিত সাক্ষাৎ করত, তাঁহাকে গঙ্গোদক ও বিশ্বেশ্বরের প্রসাদ প্রদানান্তে উপবিষ্ট হইলেন।

তখন রাজা তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, বসুমিত্র! নিরাপদে তীর্থযাত্রা করিয়াছেন?

তিনি কহিলেন, স্বামিন্! ভবদীয় প্রসাদে তীর্থযাত্রা করিয়া, নিরাপদে প্রত্যাগত হইয়াছি।

রাজা কহিলেন, দেশান্তরে গমন করিয়া, কি অপূর্ব্ব দর্শন করিলেন?

বসুমিত্র সুরাঙ্গনার তপ্ততৈলবৃত্তান্ত কীর্ত্তন করিলেন। তখন রাজা তাঁহার সহিত তথায় গিয়া, সেইস্থানে স্নান করিয়া, লক্ষ্মীনারায়ণকে প্রণাম

হাহাকারঃ কৃতঃ। তদা রাজশরীরং মাংসপিণ্ডাকারমভূৎ। তচ্ছ্রুত্বা মন্মথসঞ্জীবনী অমৃতমানীয় মাংসপিণ্ডস্যাভিষেকমকরোৎ।

ততঃ রাজা দিব্যরূপধরঃ পুরুষো জাতঃ। ততো মন্মথসঞ্জীবনী যাবদ্রাজকণ্ঠে মালামর্পয়তি তাবদ্রাজ্ঞা ভণিতা. ভো মন্মথসঞ্জীবনি যদি ত্বং মদীয়া ভবসি তর্হি মদ্বচঃ শৃণু। তয়োক্তং ভো স্বামিন্ নিরূপ্যতাম্। সর্ব্বথা ভবদ্বচনং করিষ্যাম্যেব। রাজ্ঞোক্তং যদি মদুক্তং করিষ্যসি তর্হি মৎপুরোহিতং বৃণীষ। তয়াপি তথাস্ত্বিত্যুক্ত্বা পুরোহিতকণ্ঠে মালাং নিক্ষিপ্য বিবাহমকরোৎ অথ রাজা স্বনগরং গতঃ।

ইমাং কথাং কথয়িত্বা পুত্তলিকা ভোজমবদৎ ত্বয্যেবং ধৈর্য্যং বিদ্যতে চেৎ তর্হ্যস্মিন্ সিংহাসনে সমুপবিশ।

ইতি পঞ্চদশোপাখ্যানম্।

করত, তপ্ত তৈলমধ্যে পতিত হইলেন। তত্রত্য লোকেরা তদ্দর্শনে হাহাকার করিতে লাগিল। তৎকালে রাজার শরীর মাংসপিণ্ডাকার হইল। এই ঘটনা শ্রবণ করিয়া, মন্মথসঞ্জীবনী অমৃত আনিয়া, মাংসপিণ্ডের অভিষেক করিলেন। তখন রাজা দিব্যরূপধারী পুরুষ রূপে প্রাদুর্ভূত হইলেন। অনন্তর মন্মথসঞ্জীবনী রাজার কণ্ঠে মালা অর্পণ করিতে উদ্যত হইলে, তিনি কহিলেন, অয়ি মন্মথসঞ্জীবনি! যদি তুমি আমার হও, তাহা হইলে আমার কথা শুন।

সে কহিল, স্বামিন্! বলুন, কি করিতে হইবে। সর্ব্বথা আপনার আজ্ঞা পালন করিব।

রাজা কহিলেন, যদি আমার বাক্য পালন কর, তবে আমার পুরোহিতকে বরণ কর। সে তাহাতে সম্মতা হইয়া, পুরোহিতের কণ্ঠে মালা অর্পণ করিয়া, বিবাহ করিল। অনন্তর রাজা স্বনগরে গেলেন।

এই উপাখ্যান শেষ করিয়া, পুত্তলিকা কহিল, আপনাতে যদি এইরূপ ধৈর্য্য থাকে, তাহা হইলে, এই সিংহাসনে উপবেশন করুন।

পঞ্চদশ উপাখ্যান সমাপ্ত।

অথ ষোড়শোপাখ্যানম্।

পুনরন্যা পুত্তলিকাব্রবীৎ শৃণু রাজন্ বিক্রমার্কো রাজা দিগ্বিজয়ার্থং নির্গত্য পূর্ব্বদক্ষিণপশ্চিমোত্তরদিশো বিদিশশ্চ পরিভ্রম্য তত্রত্যান্ নৃপতীন্ পাদতলাক্রান্তান্ বিধায় তৈঃ সমর্পিতমন্যৈরনাস্বাদিতবস্তুজাতং গৃহীত্বা পুনস্তান্ স্বপদে সংস্থাপ্য নিজনগরং প্রতি সমাগতঃ। অথ নগরপ্রবেশসময়ে দৈবজ্ঞেনোক্তং ভো দেব দিনচতুষ্টয়ং নগরপ্রবেশে মুহূর্ত্তো নাস্তি। তস্য বচনং শ্রুত্বা রাজা গ্রামাদ্বহিরেব স্থিতঃ। উদ্যানবনে পটমণ্ডপান্ কারয়িত্বা তত্রৈব দিনচতুষ্টয়ং নেতুমুপক্রান্তবান্। তস্মিন্ সময়ে ঋতুরাজো বসন্তঃ সমাগতঃ।

অথ বসন্তবিলাসং দৃষ্ট্বা সুমন্ত্রিঃ মন্ত্রী রাজসমীপমাগত্যোক্তবান্ ভো রাজন্ ঋতুরাজো বসন্তঃ সমায়াতঃ অদ্য বসন্তপূজা কর্ত্তব্যা। তস্মিন্ পূজিতে সর্ব্বেঽপি তব প্রসন্না ভবিষ্যন্তি। সর্ব্বোঽপি লোকঃ

পুনরায় অপর পুত্তলিকা কহিল, রাজন্! শ্রবণ করুন। রাজা বিক্রমাদিত্য দিগ্বিজয়ার্থ বিনির্গত হইয়া, পূর্ব্ব, দক্ষিণ, পশ্চিম ও উত্তর দিক্ ও বিদিক্ সমুদায় পরিভ্রমণ, তত্রত্য নৃপতিদিগকে পাদাবনতীকৃত ও তাহাদের সমর্পিত অন্যের অনাস্বাদিত বস্তুজাত সংগৃহীত করিয়া, পুনরায় তাহাদিগকে স্বপদে সংস্থাপিত করত, নিজনগর প্রতি সমাগত হইলেন। নগরপ্রবেশসময়ে দৈবজ্ঞ কহিল, দেব! চারি দিন নগরপ্রবেশমুহূর্ত্তের অভাব।

তাহার কথা শুনিয়া, রাজা গ্রামের বাহিরেই থাকিলেন। উদ্যানবনে পটমণ্ডপ নির্ম্মাণ করাইয়া, তাহাতেই দিনচতুষ্টয় যাপন করিতে উপক্রম করিলেন। ঐ সময়ে ঋতুরাজ বসন্ত সমাগত হইল। বসন্তোদয়দর্শনে সুমন্ত্রি মন্ত্রী রাজসমীপে আসিয়া কহিলেন, রাজন্! ঋতুরাজ বসন্ত সমাগত হইয়াছে। অদ্য বসন্তপূজা করা কর্ত্তব্য। তাহার পূজা করিলে, সকলেই আপনার প্রতি প্রসন্ন হইবে, সকল লোকই সুখী হইবে এবং

সুখী ভবিষ্যতি সর্ব্বস্যাপ্যরিষ্টস্য শান্তির্ভবিষ্যতি। তস্য বচনং শ্রুত্বা রাজা তথাস্ত্বিত্যঙ্গীকৃত্য বসন্তপূজাসম্পাদনে তমেব সমাদিদেশ। তদনন্তরং স মন্ত্রী সুমনোহরং সভামণ্ডপং কারয়িত্বা বেদশাস্ত্রসম্পন্নান্ ব্রাহ্মণান্ গীতবাদ্যাভিজ্ঞান্ ভরতান্ ইতরকলাকুশলা নর্ত্তকীঃ সমাহূয়ত। তথা দীনান্ধবধিরপঙ্গুকুব্জাদয়শ্চ স্বয়মেবাগতাঃ। তত্র সভামণ্ডপে নবরত্নখচিতং সিংহাসনং স্থাপিতম্। তত্র লক্ষ্মীনারায়ণপ্রতিমাদ্বয়ং প্রতিষ্ঠিতম্। পূজার্থং কুঙ্কুমকর্পূরকস্তূরিকাচন্দনাগুরুপ্রভৃতীনি সুগন্ধদ্রব্যাণি পুষ্পাণি জাতীযূথিকামল্লিকাকুন্দশতপত্রমদনচম্পককেতকীপ্রভৃতীনি সমানীতানি। এবং বিধানেন রাজা স্বয়ং নারায়ণস্য স্নপনাদি ষোড়শোপচারং কারয়িত্বা ব্রাহ্মণাদিকলাকুশলজনান্ বস্ত্রাদিনা সম্ভাবিতবান্। তদনন্তরং গায়কাঃ বসন্তরাগালাপং কৃত্বা বসন্তং জগুঃ। ততো রাজা তেষাং বীটিকাং দদৌ। ততঃ কশ্চিদ্‌ব্রাহ্মণঃ সমাগত্য

সকলেরই অরিষ্টশান্তি হইবে। তাঁহার কথা শুনিয়া, রাজা তাহাই হইবে, বলিয়া, অঙ্গীকার করিয়া, বসন্তের পূজাসম্পাদনে তাঁহারেই আদেশ দিলেন। তদনন্তর সেই মন্ত্রী সুমনোহর সভামণ্ডপ নির্ম্মাণ করাইয়া, বেদশাস্ত্রসম্পন্ন ব্রাহ্মণগণ, গীতবাদ্যাভিজ্ঞ ভরতগণ এবং ইতরকলাকুশল নর্ত্তকীগণ, ইহাদিগকে আহ্বান করিলেন। দীন, অন্ধ, বধির, পঙ্গু ও কুব্জাদিরা স্বয়ংই সমাগত হইল। সেই সভামণ্ডপে নবরত্নখচিত সিংহাসন স্থাপন করা হইল। তাহাতে লক্ষ্মীনারায়ণ উভয়ের দুই প্রতিমাও প্রতিষ্ঠিত হইল। পূজার্থ কুঙ্কুম, কর্পূর, কস্তূরিকা, চন্দন ও অগুরু প্রভৃতি সুগন্ধ দ্রব্য এবং জাতী, যূথি, মল্লিকা, কুন্দ, শতপত্র, মদনচম্পক ও কেতকী প্রভৃতি পুষ্প সকল আনয়ন করা হইল। এবংবিধানে রাজা স্বয়ং নারায়ণের স্নপনাদি ষোড়শ উপচার সমাহিত করিয়া, ব্রাহ্মণাদি কলাকুশল লোক সকলকে বস্ত্রাদি দ্বারা সংবর্দ্ধিত করিলেন। তদনন্তর গায়ক সকল বসন্তরাগ আলাপ করিয়া, বসন্তের গান করিতে লাগিল।

অনন্তর রাজা তাহাদিগকে বীটিকাপ্রদান করিলে, কোন ব্রাহ্মণ আসিয়া তাঁহারে আশীর্ব্বাদ করিলেন,

কল্যাণদায়ি ভবতোঽস্তু পিণাকপাণেঃ
পাণিগ্রহে ভুজগকঙ্কণভূষিতায়াঃ।
সংভ্রান্তদৃষ্টি সহসৈব নমঃ শিবায়ে-
ত্যর্দ্ধোক্তলজ্জিতনতং মুখমম্বিকায়াঃ ॥ ১ ॥

পিণাকপাণেঃ পাণিগ্রহে ভুজগকঙ্কণভূষিতায়াঃ অম্বিকায়াঃ সংভ্রান্তদৃষ্টি সহসা এব নমঃ শিবায় ইতি অর্দ্ধোক্তলজ্জিতনতং মুখং ভবতঃ কল্যাণদায়ি অস্তু ॥ ১ ॥

ইত্যাশিষঃ প্রযুজ্য বদতি ভো রাজন্ বিজ্ঞপ্তিরস্তি। রাজ্ঞোক্তং নিবেদয়। ব্রাহ্মণেনোক্তং অহং নন্দিবর্দ্ধননগরবাসী ব্রাহ্মণঃ। মমাষ্টৌ পুত্রা এব জাতাঃ কন্যা নাস্তি। ততঃ সভার্য্যেণ ময়া জগদম্বিকায়াঃ পুরত এবং সংকল্পঃ কৃতঃ ভো অম্বিকে মম কন্যা যদি ভবিষ্যতি তদা তাং তব নাম ধারয়িষ্যামি। অন্যচ্চ কন্যয়া তুলিতং সুবর্ণং দাস্যামি কন্যাং চ কস্মৈচিদ্বৈদিকবরায় দাস্যামীতি। তর্হি তস্যা বিবাহকালো বর্ত্ততে একাদশ স্থানে গুরুর্ব্বর্ত্ততে পুনরাগামি বৎসরে কর্তুং নায়াতি। অতো ময়া কন্যয়া তুলিতং সুবর্ণং দাতুং

রাজন্! পিণাকপাণি পাণিগ্রহণ করিতে উদ্যত হইলে, ভুজগরূপ-কঙ্কণ-ভূষিত অম্বিকার যে মুখমণ্ডল সংভ্রান্ত-দৃষ্টিবিক্ষেপসহকারে, শিবকে নমস্কার, এইপ্রকার অর্দ্ধোক্তি করিয়াই, তৎক্ষণে লজ্জায় অবনত হইয়াছিল, তাহা আপনার কল্যাণ বিধান করুন ॥ ১ ॥

ব্রাহ্মণ এইপ্রকার আশীঃপ্রয়োগপুরঃসর বলিতে লাগিলেন, রাজন্! আমার কিছু জানাইবার আছে।

রাজা কহিলেন, নির্দ্দেশ করুন।

ব্রাহ্মণ বলিলেন, আমি নন্দিবর্দ্ধন-নগরবাসী ব্রাহ্মণ। আমার আট পুত্র উৎপন্ন হইয়াছে। কন্যা নাই। তজ্জন্য জগদম্বিকার নিকট স্ত্রীর সহিত সংকল্প করি, অম্বিকে! আমার যদি কন্যা হয়, তাহা হইলে, তাহাকে তোমার নাম ধারণ করাইব। আর কন্যার সমান সুবর্ণ দান ও কন্যাকে কোন বৈদিক বরের হস্তে সম্প্রদান করিব। অধুনা সেই কন্যার বিবাহকাল উপস্থিত। একাদশ স্থানে গুরু আছেন। কিন্তু আগামী বৎসরে থাকিবেন না। এইজন্য আমি কন্যার সমান সুবর্ণ দান করিতে ইচ্ছা করি। বিক্রম

ইচ্ছামি। অন্যঃ কশ্চিৎ বিক্রমং বিনা রাজা ভূমণ্ডলে নাস্তি ইতি ত্বদন্তিকং সমাগতোঽস্মি। রাজ্ঞোক্তং ভো ব্রাহ্মণ সাধু সমনুষ্ঠিতং ত্বয়া তব যাবতা ধনেন কার্য্যং ভবতি তাবদ্ধনং গৃহাণেতি ভাণ্ডারিকমাহূয়োক্তবান্ ভো ভাণ্ডারিক অস্মৈ ব্রাহ্মণায় এতৎকন্যাতুলিতং সুবর্ণং দেহি পুনরপ্যষ্টবর্গার্দ্ধমষ্টকোটি সুবর্ণং পৃথগ্দীয়তাম্। ততস্তেনাজ্ঞপ্তো ভাণ্ডারিকস্তস্মৈ ব্রাহ্মণায় তাবৎ সুবর্ণং দদৌ। ব্রাহ্মণোঽপ্যতিসন্তুষ্টঃ সন্ কন্যয়া সহ নিজস্থানমগাৎ। রাজাপি শুভে মুহূর্ত্তে পুরং প্রবিবেশ।

অথ পুত্তলিকাব্রবীৎ দেব ত্বয়ি ঔদার্য্যং এবং চেৎ তর্হি অস্মিন্ সিংহাসনে সমুপবিশ।

রাজা তূষ্ণীমাসীৎ।

ইতি ষোড়শোপাখ্যানম্।

বিনা ভূমণ্ডলে আর কোন রাজাই নাই। এই হেতু আপনার অন্তিকে আসিয়াছি।

রাজা কহিলেন, ব্রাহ্মণ! আপনি ভালই করিয়াছেন। আপনার যে পরিমাণ ধনের প্রয়োজন, তাবৎ ধন গ্রহণ করুন। এইপ্রকার কহিয়া, ভাণ্ডারিককে আহ্বান করিয়া বলিলেন, ভাণ্ডারিক! এই ব্রাহ্মণকে এতৎ-কন্যার সমপরিমাণ স্বর্ণ দান কর। পুনরায় অষ্ট কোটি স্বর্ণ পৃথক্ রূপে প্রদান কর।

ভাণ্ডারিক তাঁহার আদেশে সেই ব্রাহ্মণকে তাবৎপরিমাণ স্বর্ণ প্রদান করিল। ব্রাহ্মণও সন্তুষ্ট হইয়া, কন্যার সহিত নিজস্থানে গমন করিলেন। এদিকে, রাজা শুভমুহূর্ত্তে পুরে প্রবিষ্ট হইলেন।

অনন্তর পুত্তলিকা ভোজরাজকে কহিল, দেব! আপনাতে যদি এইরূপ ঔদার্য্য থাকে, তাহা হইলে, এই সিংহাসনে সমুপবেশন করুন। রাজা মৌনী হইয়া রহিলেন।

ষোড়শ উপাখ্যান সমাপ্ত।

অথ সপ্তদশোপাখ্যানম্ ।

পুনরন্যা পুত্তলিকাবদৎ শৃণু রাজন্ ঔদার্য্যে বিক্রমসদৃশো নাসীৎ। তেন ঔদার্য্যগুণেন ত্রিভুবনে তস্য কীর্ত্তিঃ বিস্তারং গতা। সর্ব্বোঽপ্যর্থিজনস্তমেব রাজানং স্তৌতি। সর্ব্বদা স্বস্তিবচনং দাতৃণামেব প্রীত্যৈ ভবতি ন তু শূরাণাং

উক্তঞ্চ

দাতৃণামেব সংপ্রীত্যৈ স্বস্তিবাচো ধনার্থিনাম্।
শূরাণাং হি প্রহারায় রসিতং রণদুন্দুভেঃ॥ ১ ॥

ধনার্থিনাং স্বস্তিবাচঃ দাতৃণাং এব সংপ্রীত্যৈ রণদুন্দুভেঃ রসিতং শূরাণাং হি প্রহারায় ॥১॥

বীর্য্যধৈর্য্যজ্ঞানানুষ্ঠানাদয়ো গুণাঃ সর্ব্বেষামেব ভবন্তি। ন তু ত্যাগগুণঃ।

মুহ্যন্তি পশবঃ সর্ব্বে পঠন্তি চ শুকাদয়ঃ।
দদাতি কোঽপি দানং যঃ স শূরঃ স চ পণ্ডিতঃ॥ ২ ॥

সর্ব্বে পশবঃ মুহ্যন্তি শুকাদয়ঃ পঠন্তি যঃ কঃ অপি দানং দদাতি স শূরঃ স চ পণ্ডিতঃ ॥২॥

পুনরায় অন্য পুত্তলিকা কহিল, রাজন্! শ্রবণ করুন। ঔদার্য্যে বিক্রম সদৃশ কেহই নাই। সেই ঔদার্য্যগুণেই তদীয় কীর্ত্তি ত্রিভুবনে সঞ্চারিণী হইয়া উঠিয়াছে। সমুদায় অর্থিজনই তাঁহার প্রশংসা করিয়া থাকে। সর্ব্বদা ঐরূপ স্তুতিবচন দাতাদিগেরই প্রীতির জন্য কল্পিত হয়; শূরদিগের নহে। তথাহি,

ধনার্থিরা দাতৃগণের সম্প্রীতির জন্য স্বস্তিবাক্য প্রয়োগ করে। আর, শূরগণের প্রহার জন্য রণদুন্দুভির শব্দ করা হইয়া থাকে ॥ ১ ॥

বীর্য্য, ধৈর্য্য, জ্ঞান ও অনুষ্ঠানাদি গুণ সকলেরই থাকিতে পারে। কিন্তু ত্যাগগুণ সকলেতে সম্ভবিত হয় না।

পশুমাত্রেই মুগ্ধ হইয়া থাকে; শুকাদিমাত্রেই পাঠ করে; যে কেহ দান করে, সেই শূর, সেই পণ্ডিত ॥ ২ ॥

কেচিৎ স্বভাববীরা হি দয়াবীরাশ্চ কেচন।
তে সর্ব্বে দানবীরস্য কলাং নার্হন্তি ষোড়শীম্ ॥ ৩ ॥

কেচিৎ স্বভাববীরাঃ হি কেচন দয়াবীরাঃ চ তে সর্ব্বে দানবীরস্য ষোড়শীং কলাং ন অর্হন্তি ॥ ৩॥

ত্যাগ একো গুণঃ শ্লাঘ্যঃ কিমন্যৈর্গুণরাশিভিঃ।
ত্যাগাদেব হি পূজ্যন্তে পশুপাষাণপাদপাঃ ॥ ৪ ॥

একঃ ত্যাগঃ গুণঃ শ্লাঘ্যঃ অন্যৈঃ গুণরাশিভিঃ কিং পশুপাষাণপাদপাঃ ত্যাগাৎ এব হি পূজ্যন্তে ॥ ৪ ॥

ত্যাগো গুণো গুণশতাধিকো হি মতো মে
বিদ্যাপি ভূষয়তি তং যদি কিং ব্রবীমি।
শৌর্য্যঞ্চ নাম যদি তত্র নমোঽস্তু তস্মৈ
তচ্চ ত্রয়ং ন চ মদোঽপ্যতি বিক্রমে যৎ ॥ ৫ ॥

ত্যাগঃ গুণঃ গুণশতাধিকঃ হি মতঃ মে বিদ্যা অপি তং যদি ভূষয়তি কিং ব্রবীমি শৌর্য্যং চ নাম যদি তত্র তস্মৈ নমঃ অস্তু বিক্রমে তৎ ত্রয়ং ন চ অপি অতিমদঃ ॥ ৫ ॥

এতচ্চতুষ্টয়ং তস্মিন্ বিক্রমার্কে সদা আসীৎ। একদা পরমণ্ডলস্থস্য কস্যচিদ্রাজ্ঞঃ পুরতঃ কেনচিৎ স্তুতিপাঠকেন বিক্রমার্কস্য গুণাবলী পঠিতা। তেন রাজ্ঞা তাং শ্রুত্বা মনসি স্পর্দ্ধাং বিধায়

কেহ স্বভাববীর ও কেহ বা দয়াবীর; কিন্তু তাহারা সকলে দানবীরের ষোড়শকলারও যোগ্য হইতে পারে না। ॥ ৩ ॥

একমাত্র ত্যাগগুণই শ্লাঘনীয়, অন্যান্য গুণরাশিতে প্রয়োজন নাই। পশু, পাষাণ, পাদপ সকলেই একমাত্র ত্যাগগুণে পূজনীয় হইয়া থাকে ॥ ৪ ॥

আমার মতে ত্যাগগুণই অন্য শত শত গুণ অপেক্ষা অধিক। বিদ্যা দ্বারা সেই ত্যাগগুণ যদি ভূষিত হয়, তাহা হইলে, আর কি বলিব? আবার, যদি তাহাতে শৌর্য্যগুণের যোগ হয়, তাহা হইলে, তাহাকে নমস্কার করি। রাজা বিক্রমে এই তিনগুণই ছিল। তাঁহাতে মদের লেশমাত্র ছিল না ॥ ৫ ॥

এই চারি গুণই সর্ব্বদা সেই বিক্রমার্কে বিরাজমান ছিল।

একদা পররাষ্ট্রস্থ কোন রাজার সমক্ষে কোন স্তুতিপাঠক বিক্রমার্কের গুণাবলী পাঠ করিলে, সেই রাজা তাহা শুনিয়া, মনে মনে স্পর্দ্ধিত হইয়া,

স্তুতিপাঠকং প্রতি উক্তং ভো বন্দিন্ কিমর্থমেতে সর্ব্বে স্তুতিপাঠকা বিক্রমমেব রাজানং স্তুবন্তি কিমন্যো রাজা নাস্তি।

বন্দিনোক্তং ভো রাজন্ ত্যাগে উপকারে সাহসে শৌর্য্যে ধৈর্য্যে তেন সদৃশো রাজা ত্রিভুবনেঽপি নাস্তি। পরোপকারকরণে স্বদেহেঽপি মমত্বং নাসীৎ।

তস্য তদ্বচনং শ্রুত্বা স রাজা অহমপি পরোপকারং করিষ্যামীতি মনসি বিচার্য্য কঞ্চন যোগিনমাহূয় অবাদীৎ ভো যোগিন্ পরোপকারকরণার্থং প্রতিদিনং নবং নবং দ্রব্যং যথা ভবতি তথা কশ্চিদুপায়োঽস্তি ন বা। যোগিনোক্তং ভো রাজন্ কিমপি নাস্তি। রাজ্ঞোক্তং অস্তি চেত্তমুপায়ং মমাগ্রে নিবেদয় অহং তং সাধয়ামি। যোগিনোক্তং কৃষ্ণচতুর্দ্দশীদিবসে চতুঃষষ্টিযোগিনীচক্রং পূজনীয়ম্। তৎপুরতো মন্ত্রপুরশ্চরণং বিধায় দশাংশহোমঃ কর্ত্তব্যঃ। হোমাবসানে পূর্ণাহুতিনিমিত্তং স্বশরীরমেবাগ্নৌ হোতব্যং।

স্তুতিপাঠককে কহিলেন, অহে বন্দিন্! কিজন্য এই সকল স্তুতিপাঠক রাজা বিক্রমাদিত্যেরই স্তব করিয়া থাকে? আর কি কেহ রাজা নাই?

বন্দী কহিল, রাজন্! ত্যাগে, উপকারে, সাহসে, শৌর্য্যে ও ধৈর্য্যে তাঁহার সদৃশ রাজা ত্রিভুবনেও নাই। তিনি স্বদেহেও মমতা ত্যাগ করিয়া, পরের উপকার করিতেন।

তাহার এই কথা শুনিয়া, রাজা, আমিও পরের উপকার করিব, এইপ্রকার মনে বিচার করিয়া, কোন যোগীকে আহ্বান করিয়া, কহিলেন, যোগিন্! পরোপকার করিবার জন্য প্রতিদিন যাহাতে নূতন নূতন দ্রব্য সঞ্চয় হইতে পারে, তাদৃশ কোন উপায় আছে কি না?

যোগী কহিলেন, রাজন্! তাদৃশ উপায় কিছুই নাই।

রাজা কহিলেন, যদি থাকে, আমার সমক্ষে নিবেদন করুন। আমি তাহার সাধন করিব।

যোগী কহিলেন, কৃষ্ণপক্ষীয় চতুর্দ্দশী দিবসে চতুঃষষ্টি যোগিনীচক্রের পূজা ও তাঁহাদের সম্মুখে মন্ত্রপুরশ্চরণ বিধান করিয়া, দশাংশ হোম করিতে হইবে। হোমাবসানে পূর্ণাহুতিনিমিত্ত স্বশরীর অগ্নিতে আহুতি দিবে।

ততো রাজ্ঞাপি তথৈবানুষ্ঠিতম্। যোগিনীচক্রং প্রসন্নং ভূত্বা রাজ্ঞে নবং শরীরং দত্ত্বা ভণতি ভো রাজন্ বরং বৃণীষ। রাজ্ঞোক্তং ভো মাতরঃ যদি প্রসন্না ভবন্তি তর্হি মম গৃহে সপ্ত মহাঘটাঃ সন্তি তান্ প্রতিদিনং সুবর্ণপূর্ণান্ কুর্ব্বন্তু। তাভিরেবমুক্তং ত্বং এবং মাসত্রয়ং প্রতিদিনং স্বশরীরমগ্নৌ হোষ্যসি চেৎ তথা বয়ং করিষ্যামঃ। রাজাপি তথাস্ত্বিত্যুক্ত্বা প্রতিদিনং স্বশরীরমগ্নৌ জুহোতি।

একদা বিক্রমার্কো রাজা ইমাং বার্ত্তাং শ্রুত্বা তৎ স্থানং সমাগত্য পূর্ণাহুতিসময়ে স্বয়মেবাগ্নৌ পপাত। ততো যোগিনীভিঃ পরস্পরং ভণিতং অদ্য তস্যান্তরং মাংসং অতীব স্বাদুতরং বিদ্যতে অস্য হৃদয়ং মহাসারমস্তি। ইতি পুনস্তমুজ্জীব্য ভণিতং ভো মহাসত্ত্ব কো ভবান্। তব শরীরত্যাগে কিং প্রয়োজনং। তেনোক্তং

অনন্তর সেই রাজা যোগীর আদেশমত অনুষ্ঠান করিলে, যোগিনীচক্র প্রসন্ন হইয়া, তাঁহারে নব-কলেবর-প্রদান-পুরঃসর বলিতে লাগিলেন, রাজন্! বর গ্রহণ কর।

রাজা কহিলেন, মাতৃগণ! যদি প্রসন্না হইয়া থাকেন, তাহা হইলে, মদীয় গৃহে যে সপ্ত মহাঘট আছে, প্রতিদিন তৎসমস্ত স্বর্ণে পূর্ণ করিতে হইবে।

তাঁহারা কহিলেন, তুমি যদি তিন মাস প্রতিদিন এই রূপে আপনার দেহ অগ্নিতে আহুতি দাও, তাহা হইলে, আমরা তদনুরূপ বিধান করিব।

রাজা তাহাতে সম্মত হইয়া, প্রতিদিন স্বকীয় দেহ হুতাশনে আহুতি দিতে লাগিলেন।

একদা রাজা বিক্রমার্ক এই কথা কর্ণগোচর করিয়া, সেই স্থানে আসিয়া, পূর্ণাহুতিপ্রদানসময়ে স্বয়ংই অগ্নিতে পতিত হইলেন। তখন যোগিনীরা পরস্পর বলিতে লাগিলেন, অদ্য অন্যশরীরস্থ মাংস অতীব সুস্বাদু হইয়াছে। ইহার হৃদয়ে মহাসার আছে।

এইপ্রকার কহিয়া, তাঁহারা পুনরায় তাঁহারে উজ্জীবিত করিয়া, বলিতে লাগিলেন, অয়ি মহাসত্ত্ব! তুমি কে? তোমার শরীরত্যাগে প্রয়োজনই বা কি?

ময়া পরোপকারার্থং শরীরমগ্নৌ হুতং। যোগিনীভির্ভণিতং তর্হি বয়ং প্রসন্নাঃ স্মঃ বরং বৃণীষ্ব। রাজ্ঞোক্তং যদি মম প্রসন্না ভবন্তি অতস্তর্হি অয়ং রাজা মরণাৎ প্রতিদিনং মহৎকষ্টং প্রাপ্নোতি তৎ নিবারণীয়ম্। অন্য সপ্ত মহাঘটাঃ নিত্যং সুবর্ণেন পূরণীয়াঃ। যোগিনীভির্ভণিতং তথা করিষ্যাম ইতি অঙ্গীকৃত্য রাজ্ঞঃ মরণং নিবারিতম্। ঘটাশ্চ সুবর্ণেন পূরিতাঃ। অথ রাজা নিজনগরং প্রত্যাগতঃ।

ইমাং কথাং কথয়িত্বা পুত্তলিকা ভোজমবদৎ ভো রাজন্ ত্বয়ি এবং পরোপকারো ধৈর্য্যং দয়া চ বিদ্যতে চেৎ তর্হি অস্মিন্ সিংহাসনে সমুপবিশ।

ইতি সপ্তদশোপাখ্যানম্।

তিনি কহিলেন, আমি পরোপকারার্থ অগ্নিতে নিজ দেহ আহুতি দিয়াছি।

যোগিনীরা কহিলেন, সেই কারণেই আমরা প্রসন্ন হইয়াছি। বর গ্রহণ কর।

রাজা কহিলেন, যদি আমার প্রতি প্রসন্ন হইয়া থাকেন, তাহা হইলে, এই রাজা প্রতিদিন মরণজন্য যে মহাক্লেশ প্রাপ্ত হইতেছেন, তাহা নিবারণ করিতে হইবে।

যোগিনীরা কহিলেন, তাহাই করিব। এইরূপ অঙ্গীকার করিয়া, তাহাঁরা রাজার মৃত্যু নিবারণ করিলেন। তাহাঁর ঘট সকলও সুবর্ণে পূর্ণ করিয়া দিলেন। তখন রাজা বিক্রম নিজনগরে প্রত্যাবৃত্ত হইলেন।

এই কথা কহিয়া, পুত্তলিকা ভোজরাজকে কহিতে লাগিল, রাজন্! আপনাতে যদি এইপ্রকার পরোপকার, ধৈর্য্য ও দয়া থাকে, তাহা হইলে, এই সিংহাসনে উপবেশন করুন।

সপ্তদশ উপাখ্যান সমাপ্ত।

অথ অষ্টাদশোপাখ্যানম্।

পুনরপি ভোজো যাবৎ সিংহাসনে সমুপবিশতি তাবদন্যা পুত্তলিকা ভণতি ভো রাজন্ বিক্রমস্যৌদার্য্যাদয়ো গুণা ভবন্তি চেৎ তর্হি অস্মিন্ সিংহাসন অধ্যাসিতব্যম্। রাজ্ঞোক্তং নীতিমার্গং কথং কথ্যতাম্। ভো রাজন্ শ্রূয়তাং মণিপুরে গোবিন্দশর্ম্মা ব্রাহ্মণঃ সকলনীতিশাস্ত্রজ্ঞঃ স্বপুত্রায় নীতিশাস্ত্রং কথয়তি তদা ময়াপি নীতিশাস্ত্রং শ্রুতং তৎ তুভ্যং নিবেদয়ামি। রাজ্ঞোক্তং নিরূপয়। পুত্তলিকয়োক্তং শ্রূয়তাং রাজন্ বুদ্ধিমতা পুরুষেণ দুর্জ্জনৈঃ সহ সঙ্গো ন কর্ত্তব্যঃ। যতোঽনর্থপরম্পরায়া হেতুর্ভবতি।

উক্তঞ্চ

দুর্জ্জনসঙ্গতিরনর্থপরম্পরায়া
হেতুঃ সতামধিগতং বচনীয়মত্র।

দুর্জ্জনসঙ্গতিঃ অনর্থপরম্পরায়াঃ হেতুঃ অত্র সতাং বচনীয়ং অধিগতং লঙ্কেশ্বরঃ দাশরথেঃ কলত্রং হরতি অথ দক্ষিণসিন্ধুরাজঃ বন্ধং প্রাপ্নোতি॥ ১॥

পুনরায় ভোজরাজ সিংহাসনে উপবেশন করিতে উদ্যত হইলে, অপর পুত্তলিকা কহিতে লাগিল, রাজন্! বিক্রমার্কের ঔদার্য্যাদি যে সকল গুণ ছিল, আপনার যদি তৎসমস্ত থাকে, তাহা হইলে, এই সিংহাসনে বসিতে পারেন।

রাজা কহিলেন, নীতিমার্গ কিরূপ, কীর্ত্তন কর।

পুত্তলিকা কহিল, রাজন্! শ্রবণ করুন। সমুদায় নীতিশাস্ত্রের অভিজ্ঞ মণিপুরবাসী গোবিন্দশর্ম্মানামক ব্রাহ্মণ পুত্রকে যে নীতিশাস্ত্র উপদেশ করেন, তাহা আমি শুনিয়াছি। সেই নীতিশাস্ত্র আপনাকে বলিব।

রাজা কহিলেন, বর্ণন কর।

পুত্তলিকা কহিল, রাজন্! শ্রবণ করুন। বুদ্ধিমান্ পুরুষ দুর্জ্জনের সঙ্গ সর্ব্বথা ত্যাগ করিবেন। যেহেতু, দুর্জ্জনসঙ্গ অনর্থপরম্পরা সমুদ্ভাবন করিয়া থাকে। শাস্ত্রে বলিয়াছেন,

দুর্জ্জনসঙ্গ অনর্থপরম্পরার হেতু। সেইজন্য সাধুগণ উহার নিন্দা

লঙ্কেশ্বরো হরতি দাশরথেঃ কলত্রং
প্রাপ্নোতি বন্ধমথ দক্ষিণসিন্ধুরাজঃ ॥ ১ ॥

অপিচ

অপনয়তি বিনয়মনয়ং
জনয়তি ক্ষয়ং সততং যশসঃ।
নিরয়ঞ্চয়তি তরসা পুংসা-
মসতঃ সমাগমো জগতি ॥ ২ ॥

অসতঃ সমাগমঃ জগতি পুংসাং বিনয়ং অপনয়তি অনয়ং সততং যশসঃ ক্ষয়ং জনয়তি তরসা নিরয়ং চয়তি ॥ ২ ॥

সজ্জনানাং সঙ্গো বিধেয়ঃ। লোকে সৎসঙ্গাৎ পরো লাভো নাস্তি যতো মহানন্দাদয়ো গুণা জায়ন্তে।

উক্তঞ্চ

কন্দলয়ত্যানন্দং নিন্দতি মন্দানিলেন্দুচন্দনম্।
দময়তি মন্দভাবং সঙ্কতে সম্পদোঽপি সৎসঙ্গঃ ॥ ৩ ॥

সৎসঙ্গঃ আনন্দং কন্দলয়তি মন্দানিলেন্দুচন্দনং নিন্দতি মন্দভাবং দময়তি সম্পদঃ অপি সঙ্কতে ॥ ৩ ॥

অন্যচ্চ। কেনাপি বৈরং ন কর্ত্তব্যম্। পরেষাং সন্তাপো ন কর-

করেন। দেখ, লঙ্কেশ্বর দাশরথির কলত্র হরণ করিল। দক্ষিণ সাগর বন্ধনগ্রস্ত হইল ॥ ১ ॥

অপিচ, অসতের সঙ্গে থাকিলে, বিনয়ের অপনয় হয়, অনয়ের উদয় হয়, যশের ক্ষয় হয় এবং নিরয়ের সঞ্চয় হইয়া থাকে ॥ ২ ॥

সজ্জনগণের সঙ্গে থাকা বিধেয়। কেননা, সৎসঙ্গ অপেক্ষা পরমলাভ আর নাই। উহা দ্বারা মহানন্দাদি গুণ সকল সমুৎপন্ন হইয়া থাকে। তথাহি,

সৎসঙ্গ আনন্দ কন্দলিত, মন্দ গন্ধবহ ইন্দু ও চন্দন বিনিন্দিত, মন্দভাব দূরীভূত এবং সম্পদ সঙ্কিত করে ॥ ৩ ॥

অপিচ, কাহারও সহিত শত্রুতা করিবে না। পরের সন্তাপ সংঘটন

নীয়ঃ। অনপরাধতো ভৃত্যা ন দণ্ডনীয়াঃ। মহাদোষং বিনা স্ত্রী ন ত্যাজ্যা যতো নরকভাক্ ভবতি।

উক্তঞ্চ

আজ্ঞাসম্পাদিনীং দক্ষাং সুরূপাং শীলমণ্ডনাম্।
যোঽদৃষ্টদোষাং ত্যজতি সোঽক্ষয়ং নরকং ব্রজেৎ॥ ৪॥

যঃ আজ্ঞাসম্পাদিনীং দক্ষাং সুরূপাং শীলমণ্ডনাং অদৃষ্টদোষাং ত্যজতি সঃ অক্ষয়ং নরকং ব্রজেৎ॥ ৪॥

লক্ষ্মী স্থিরেতি ন মন্তব্যা বারীব চঞ্চলা।

উক্তঞ্চ

অনুভব দদতু বিত্তং মান্যান্মানয় সজ্জনান্ ভজত।
অতিপরুষপবনবিলুলিতদীপশিখেব চঞ্চলা লক্ষ্মীঃ॥ ৫॥

বিত্তং অনুভব দদতু মান্যান্মানয় সজ্জনান্ ভজত লক্ষ্মীঃ অতিপরুষপবনবিলুলিত দীপশিখা ইব চঞ্চলা॥ ৫॥

ন স্ত্রিয়ৈ গুহ্যং বচনং নিবেদনীয়ম্। ভবিষ্যচ্চিন্তা ন কার্য্যা। বৈরিণামপি হিতমেব কথনীয়ম্। নিত্যং দানাধ্যয়নাদি বিনা দিবসং ন যাপয়েৎ। পিত্রোঃ সেবা কর্ত্তব্যা। চোরৈঃ সহ সম্ভাষণং ন

করিবে না। বিনাপরাধে ভৃত্যের দণ্ড করিবে না। মহাদোষ ব্যতিরেকে স্ত্রীকে ত্যাগ করিবে না। কেননা, তাহাতে নরকভাগী হইতে হয়।

শাস্ত্রে বলিয়াছেন,

যে ব্যক্তি আজ্ঞাকারিণী, গৃহকার্য্যে দক্ষা, সুরূপা, শীল[illegible]ণা এবং অদৃষ্ট-দোষা পত্নীরে পরিত্যাগ করে, তাহার অক্ষয় নরক লাভ হইয়া থাকে॥ ৪॥

লক্ষ্মী বারি স্থিতের ন্যায় চঞ্চলা। উহাকে কখনই স্থায়িনী ভাবিবে না। শাস্ত্রে বলিয়াছেন,

ধন দান কর ও ভোগ কর; মান্যদিগকে সম্মানিত কর; সাধুগণের সেবা কর; প্রচণ্ড পবনবেগে বিলুলিত দীপশিখার ন্যায়, লক্ষ্মী অতীব-চঞ্চলভাবাপন্না॥ ৫॥

স্ত্রীলোকের নিকট গুহ্যবিষয় প্রকাশ করিবে না, ভবিষ্যবিষয়ের চিন্তা করিবে না, বৈরিদিগকেও হিতোপদেশ করিবে, নিত্য দান ও অধ্য-য়নাদি বিনা দিবস অতিবাহিত করিবে না, পিতা মাতার সেবা করিবে,

কর্ত্তব্যম্। সর্ব্বদা নিষ্ঠুরমুত্তরং ন বাচ্যম্। অল্প নিমিত্তং ন বহুকরণীয়ম্।

উক্তঞ্চ

ন স্বল্পস্য কৃতে ভূরি নাশয়েন্মতিমান্নরঃ।
এতদেব হি পাণ্ডিত্যং যৎ স্বল্পাদ্ভূরিরক্ষণম্ ॥ ৬ ॥

মতিমান্ নরঃ স্বল্পস্য কৃতে ভূরি নাশয়েৎ ন এতৎ এব হি পাণ্ডিত্যং যৎ স্বল্পাৎ ভূরিরক্ষণম্ ॥৬॥

আর্ত্তায় দানং দাতব্যং ধর্ম্মস্থানে মনসা কর্ম্মণা বাচা পরোপকারঃ কর্ত্তব্যঃ। এতৎ সামান্যং পুরুষাণাং নীতিশাস্ত্রমুপদিষ্টম্। স বিক্রমো রাজা স্বভাবত এব নীতিশাস্ত্রজ্ঞঃ।

এবং কালে গচ্ছতি একদা কশ্চিৎ বৈদেশিকো রাজানং দৃষ্ট্বা উপবিষ্টঃ। ততো রাজ্ঞা ভণিতং ভো দেবদত্ত তব নিবাসঃ কুত্র। তেনোক্তং ভো রাজন্ অহং বৈদেশিকঃ মম কোঽপি নিবাসো নাস্তি সর্ব্বদা পরিভ্রমণমেব করোমি। রাজ্ঞোক্তং পৃথিবীং ভ্রমতা ত্বয়া কিং কিং অপূর্ব্বং দৃষ্টম্। ভো রাজন্ মহদেকং আশ্চর্য্যং

চোরের সহিত সম্ভাষণ করিবে না, সর্ব্বদা নিষ্ঠুর উত্তর প্রদান করিবে না, অল্পের জন্য বিস্তর করিবে না। তথাহি বলিয়াছেন,

মতিমান্ ব্যক্তি স্বল্পের জন্য ভূরিনাশ করিবে না। স্বল্প হইতে ভূরিরক্ষণ করাই পাণ্ডিত্য ॥ ৬ ॥

আর্ত্তকে দান করিবে, ধর্ম্মস্থানে মন বাক্য ও শরীর দ্বারা পরোপকার করিবে। সামান্যতঃ পুরুষগণের শুশ্রূষণীয় এই নীতিশাস্ত্র উপদিষ্ট হইল। সেই রাজা বিক্রমাদিত্য স্বভাবতই নীতিশাস্ত্রের অভিজ্ঞ ছিলেন।

এইরূপে কাল অতীত হইলে, কোন বৈদেশিক রাজার সহিত সাক্ষাৎ করিয়া, উপবিষ্ট হইলে, তিনি তাহারে কহিলেন, দেবদত্ত! তোমার নিবাস কোথায়?

বৈদেশিক কহিল, রাজন্! আমি বৈদেশিক। আমার কোথাও নিবাস নাই। সর্ব্বদা পরিভ্রমণ করিয়া থাকি।

রাজা কহিলেন, পৃথিবী ভ্রমণ করিতে করিতে তুমি কি কি অপূর্ব্ব দর্শন করিয়াছ?

দৃষ্টম্। রাজ্ঞোক্তং কিং দৃষ্টং তেনোক্তং উদয়াচলপর্ব্বতে আদিত্যস্য মহান্ প্রাসাদোঽস্তি। তত্র গঙ্গা বহতি। গঙ্গাতটাকে পাপ-বিনাশনং নাম শিবালয়মস্তি। তত্র গঙ্গাপ্রবাহাৎ কশ্চিৎ সুবর্ণ-স্তম্ভো নির্গচ্ছতি। তস্য উপরি নবরত্নখচিতং সিংহাসনমস্তি। স সুবর্ণস্তম্ভঃ সূর্য্যোদয়াদুপরি পূর্ণবৃদ্ধিং প্রাপ্নোতিং মধ্যাহ্নে সূর্য্য-মণ্ডলং প্রাপ্নোতি। ততঃ সূর্য্যো যাবদস্তং প্রাপ্নোতি তাবৎ স্বয়মেব উত্তীর্ণো গঙ্গাপ্রবাহে মজ্জতি। প্রতিদিনমেবং তত্র ভবতি। এতন্মহদাশ্চর্য্যং ময়া দৃষ্টম্। রাজা বিক্রমোঽপি তচ্ছ্রুত্বা তেন সহ তৎ স্থানং গতো রাত্রৌ নিদ্রাঙ্গতঃ। প্রভাতসময়ে যাবদুদয়ো ভবতি তাবৎ গঙ্গাপ্রবাহাৎ রত্নসিংহাসনযুক্তো হেমস্তম্ভো নির্গতঃ। তস্মিন্ সময়ে স্তম্ভে রাজা স্বয়মুপবিষ্টঃ। স্তম্ভোঽপি সূর্য্যমণ্ডলং প্রতি গন্তুং প্রবৃত্তঃ। যাবৎ সূর্য্যসমীপং গচ্ছতি তাবদগ্নিকণাসদৃশৈঃ

সে কহিল, রাজন! আমি এক মহা আশ্চর্য্য দর্শন করিয়াছি।

রাজা কহিলেন, কি দেখিয়াছ?

সে কহিল, উদয়াচলপর্ব্বতে আদিত্যের বিপুল প্রাসাদ আছে। তথায় গঙ্গা প্রবাহিত হইতেছেন। তাহার তটাকে পাপবিনাশননামক শিবা-লয় আছে। তথায় গঙ্গাপ্রবাহ হইতে কোন সুবর্ণস্তম্ভ নির্গত হইয়াছে। তাহার উপরি নবরত্নখচিত সিংহাসন আছে। সেই সুবর্ণস্তম্ভ সূর্য্যের উদয় হইতে উপরিভাগে পূর্ণ বৃদ্ধি প্রাপ্ত হইয়া, মধ্যাহ্নে সূর্য্যমণ্ডলে উপনীত হইয়া থাকে। অনন্তর সূর্য্য অস্ত যাইলে, ঐ স্তম্ভ স্বয়ং উত্তরণপূর্ব্বক গঙ্গাপ্রবাহে মগ্ন হয়। প্রতিদিনই তথায় এইরূপ ঘটিয়া থাকে। আমি এইরূপ মহা আশ্চর্য্য দর্শন করিয়াছি।

রাজা বিক্রম এই কথা শুনিয়া, তাহার সহিত সেই স্থানে গমন করিয়া, রাত্রিতে নিদ্রা গেলেন। প্রভাতসময়ে যেমন উদয় হইল, তেমনি গঙ্গা-প্রবাহ হইতে রত্নসিংহাসনযুক্ত হেমস্তম্ভ বিনির্গত হইল। রাজা বিক্রম সেই সময়ে সেই স্তম্ভে উপবেশন করিলেন। স্তম্ভও সূর্য্যমণ্ডলের উদ্দেশে গমন করিতে লাগিল। সূর্য্য সমীপস্থ হইবামাত্র, অগ্নিকণাসদৃশ সূর্য্য-

সূর্য্যকিরণৈঃ রাজশরীরং মাংসপিণ্ডাকারমভূৎ। ততঃ পিণ্ডরূপেণ সূর্য্যমণ্ডলং প্রাপ্য

নমঃ সবিত্রে জগদেকচক্ষুষে
জগৎপ্রসূতিস্থিতিনাশহেতবে।
ত্রয়ীময়ায় ত্রিগুণাত্মধারিণে
বিরিঞ্চিনারায়ণশঙ্করাত্মনে ॥ ৭ ॥

জগদেকচক্ষুষে জগৎপ্রসূতিস্থিতিনাশহেতবে ত্রয়ীময়ায় ত্রিগুণাত্মধারিণে বিরিঞ্চিনারায়ণ-শঙ্করাত্মনে সবিত্রে নমঃ ॥ ৭ ॥

ইত্যেবং নমশ্চকার। সূর্য্যঃ স্তম্ভং অমৃতেনাভ্যসিঞ্চত। রাজা দিব্যশরীরো জাতঃ। সূর্য্যেণোক্তং ভো রাজন্ ত্বং মহাসত্ত্বাধিকোঽসি এতন্মণ্ডলং কস্যাপি ন গম্যম্। তত্র ত্বং প্রাপ্তোঽসি। তর্হ্যহং প্রসন্নোঽস্মি বরং বৃণীষ্ব।

রাজা বদতি কিং মত্তোঽধিকঃ পরোঽস্তি যন্মুনীনামপ্যগম্যং তব স্থানং তদহং প্রাপ্তঃ। তব প্রসাদাৎ সর্ব্বমপ্যর্থজাতমস্তি।

কিরণে রাজার শরীর মাংসপিণ্ডাকার হইয়া গেল। তখন তিনি সেই পিণ্ডরূপেই সূর্য্যমণ্ডল প্রাপ্ত হইয়া,

যিনি জগতের একমাত্র চক্ষু, যিনি উৎপত্তি স্থিতি ও প্রলয়ের হেতু, যিনি ত্রয়ীময়, যিনি ত্রিগুণাত্মধারী এবং যিনি বিরিঞ্চি, নারায়ণ ও শঙ্করস্বরূপ, সেই সবিতাকে নমস্কার ॥ ৭ ॥

এই বলিয়া, সূর্য্যকে নমস্কার করিলেন। তখন সূর্য্য অমৃত দ্বারা সেই স্তম্ভের অভিষেক করিলে, রাজা দিব্য শরীর প্রাপ্ত হইলেন।

অনন্তর সূর্য্য কহিলেন, রাজন্! তুমি সমধিক-মহাসত্ত্ব-সম্পন্ন। সেই-জন্য সকল লোকেরই অগম্য এই মণ্ডলে সমাগত হইয়াছ। আমি এই কারণে প্রসন্ন হইয়াছি। বর গ্রহণ কর।

রাজা কহিলেন, আমা অপেক্ষাও শ্রেষ্ঠ আর কেহ কি আছে? দেখুন, আমি মুনিগণেরও অগম্য ভবদীয় স্থান প্রাপ্ত হইয়াছি। আপনার প্রসাদে সমুদায় অভিলষিতই আমার সিদ্ধ হইয়াছে।

তদ্বচনেনাপ্যতিসন্তুষ্টঃ সূর্য্যো নবরত্নখচিতে স্বকীয়কুণ্ডলে দত্ত্বা ভণতি ভো রাজন্ এতৎ কুণ্ডলদ্বয়ং প্রতিদিনমেকং স্ুবর্ণভারং প্রযচ্ছতি।

ততো রাজা কুণ্ডলদ্বয়ং গৃহীত্বা পুনঃ সূর্য্যং নমস্কৃত্য তস্মাদুত্তীর্য্য যাবদুজ্জয়িনীং প্রতি আগচ্ছতি তাবৎ কশ্চিৎ ব্রাহ্মণো মার্গে সমাগত্য

বেদান্তেষু যমাহুরেকপুরুষং ব্যাপ্য স্থিতং রোদসী
যস্মিনীশ্বর ইত্যনন্যবিষয়ঃ শব্দো যথার্থাক্ষরঃ।
অন্তর্যশ্চ মুমুক্ষুভির্নিয়মিতপ্রাণাদিভির্মৃগ্যতে
স স্থাণুঃ স্থিরভক্তিযোগসুলভো নিঃশ্রেয়সায়াস্তু বঃ ॥৮॥

বেদান্তেষু যং রোদসী ব্যাপ্য স্থিতং একপুরুষং আহুঃ যস্মিন্ ঈশ্বর ইতি অনন্যবিষয়ঃ শব্দঃ যথার্থাক্ষরঃ যঃ চ মুমুক্ষুভিঃ নিয়মিতপ্রাণাদিভিঃ অন্তঃ মৃগ্যতে স্থিরভক্তিযোগসুলভঃ স স্থাণুঃ বঃ নিঃশ্রেয়সায় অস্তু ॥ ৮ ॥

ইত্যাশীর্ব্বাদমুচ্চার্য্য ভণতি ভো যজমান অহং কুটুম্বী ব্রাহ্মণঃ পরং দরিদ্রঃ সর্ব্বত্র ভিক্ষাটনং করোমি তথাপি উদরং ন পূরয়ামি।

সূর্য্য তাঁহার এই কথায় অতীব সন্তুষ্ট হইয়া, নবরত্নখচিত স্বকীয় কুণ্ডলযুগল দান করিয়া, তাঁহারে কহিলেন, রাজন্! এই কুণ্ডলযুগল প্রতিদিন একভার স্বর্ণ প্রদান করে।

অনন্তর রাজা কুণ্ডলযুগল গ্রহণ ও পুনরায় সূর্য্যকে নমস্কার করিয়া, তথা হইতে উত্তরণপূর্ব্বক উজ্জয়িনীতে আগমন করিতে লাগিলেন। ঐ সময়ে কোন ব্রাহ্মণ পথিমধ্যে সমাগত হইয়া, আশীর্ব্বাদ করিলেন,

বেদান্তে যাঁহাকে অদ্বিতীয় পুরুষ বলিয়া থাকে; যিনি স্বর্গ ও পৃথিবী ব্যাপ্ত করিয়া আছেন; যাঁহাতে, ঈশ্বর, এই অনন্যসাধারণ শব্দ চিরকালই যথার্থ প্রযোজিত হইয়া থাকে; মুমুক্ষুগণ প্রাণাদি নিয়মিত করিয়া, অন্তর্হৃদয়ে যাঁহারে অন্বেষণ করেন; অবিচলিত ভক্তিযোগসহায়ে যাঁহারে পাওয়া যায়, সেই মহাদেব আপনার মঙ্গল করুন ॥ ৮ ॥

এইপ্রকার আশীর্ব্বাদ করিয়া, ব্রাহ্মণ বলিতে লাগিলেন, যজমান্! আমি কুটুম্বী ব্রাহ্মণ। অত্যন্ত দরিদ্র। সর্ব্বত্র ভিক্ষা করিয়া, ভ্রমণ করি। তথাপি, উদরপূরণ করিতে পারি না।

তচ্ছ্রুত্বা রাজা কুণ্ডলদ্বয়ং তস্মৈ দত্ত্বা ভণতি ভো ব্রাহ্মণ এতৎ কুণ্ডলযুগলং নিত্যং সুবর্ণভারমেকং তুভ্যং দাস্যতি। তৎ শ্রুত্বা ব্রাহ্মণোঽতিসন্তুষ্টো রাজানং স্তুত্বা নিজস্থানং জগাম। রাজাপ্যুজ্জয়িনীমগাৎ।

ইতি কথাং কথয়িত্বা পুত্তলিকা অব্রবীৎ ভো রাজন্ ত্বয়ি এবং ঔদার্য্যং ধৈর্য্যং বিদ্যতে চেৎ তর্হি অস্মিন্ সিংহাসনে সমুপবিশ। রাজা তূষ্ণীংবভূব।

ইতি অষ্টাদশোপাখ্যানম্।

অথ ঊনবিংশোপাখ্যানম্।

পুনরপি রাজা যাবৎ সিংহাসনে সমুপবিশতি তাবদন্যা পুত্তলিকাবদৎ ভো রাজন্ তব বিক্রমস্যৌদার্য্যাদিগুণা ভবন্তি তর্হি অস্মিন্ সিংহাসনে সমুপবিশ।

রাজা এই কথা শুনিয়া, তাঁহারে কুণ্ডলদ্বয় প্রদান করিয়া, বলিতে লাগিলেন, ব্রাহ্মণ! এই কুণ্ডলযুগল নিত্য আপনাকে একভার স্বুবর্ণ প্রদান করিবে।

তাহা শুনিয়া ব্রাহ্মণ অতি সন্তুষ্ট হইয়া, রাজার স্তব করিয়া, নিজ স্থানে গমন করিলেন। রাজাও উজ্জয়িনীতে আসিলেন।

এই কথা কহিয়া পুত্তলিকা ভোজকে বলিল, রাজন্! আপনাতে যদি এইপ্রকার ধৈর্য্য ও ঔদার্য্য থাকে, তাহা হইলে, এই সিংহাসনে বসুন।

রাজা চুপ করিয়া রহিলেন।

অষ্টাদশ উপাখ্যান সমাপ্ত।

পুনরায় রাজা ভোজ সিংহাসনে উপবেশন করিতে উদ্যত হইলে, অপর পুত্তলিকা কহিতে লাগিল, রাজন্! আপনার যদি বিক্রমাদিত্যের ন্যায়, ঔদার্য্যাদি গুণ থাকে, তাহা হইলে, এই সিংহাসনে উপবেশন করুন।

রাজ্ঞোক্তং ভো পুত্তলিকে কথয় তস্য বিক্রমস্যৌদার্য্যাদিগুণ-বৃত্তান্তম্।

সা কথয়তি শ্রূয়তাং রাজন্ বিক্রমে শাসতি সুমহতি ভূমণ্ডলে সর্ব্বোঽপি লোকঃ আনন্দপরিপূর্ণঃ আসীৎ। ব্রাহ্মণাঃ ষট্কর্ম্ম-নিরতাঃ স্ত্রিয়ঃ পতিব্রতাঃ শতায়ুষঃ পুরুষাঃ সদাফলা বৃক্ষাঃ কাম-বর্ষী পর্জন্যঃ মহী সর্ব্বদা সম্পূর্ণশস্যবতী লোকানাং পাপাৎ ভয়ং অতিথীনাং পূজা জীবেষু দয়া গুরূণাং সেবা সর্ব্বদা দানং এবং প্রজাসু বৃত্তিরাসীৎ।

অথ বিক্রম একদা সিংহাসনে উপবিষ্টোঽভূৎ। তত্র সভায়া-মুপবিষ্টাঃ কীদৃগ্বিধাঃ সামন্তরাজকুমারাঃ কেচিৎ স্তুতিপাঠকৈঃ স্ববংশাবলীঃ পাঠয়ন্তি কেচনোদ্ধতাঃ স্বভুজবলং স্বয়মেব স্তুবন্তি কেচন ষড়্বিংশদণ্ডায়ুধসাধনাভিজ্ঞাঃ শ্মশ্রুলা যুবানঃ অন্যোঽন্যং হসন্তি। কেচন শরণাগতপরিপালনপ্রবণাঃ একে পরত্রবিষয়ে

ভোজরাজ কহিলেন, অয়ি পুত্তলিকে! সেই বিক্রমার্কের ঔদার্য্যাদি গুণবৃত্তান্ত কীর্ত্তন কর।

পুত্তলিকা বলিল, রাজন্! শ্রবণ করুন। বিক্রমাদিত্য রাজ্যশাসনে প্রবৃত্ত হইলে, এই সুবিশাল ভূমণ্ডলমধ্যে সকল লোকই আনন্দে পরিপূর্ণ হইয়া উঠিল। ব্রাহ্মণেরা ষট্কর্ম্মনিরত, স্ত্রীসকল পতিব্রতা পুরুষগণ শত-বর্ষজীবী, বৃক্ষসকল সর্ব্বদা ফলশালী, মেঘ কামবর্ষী, পৃথিবী সর্ব্বদা সম্পূর্ণ-শস্যশালিনী, লোক সকল পাপ হইতে ভীত এবং প্রজাবর্গ অতিথিপূজা, সর্ব্বজীবে দয়া, গুরুগণের সেবা এবং সর্ব্বদা দান, ইত্যাদি বৃত্তিবিশিষ্ট হইল।

একদা বিক্রমার্ক সিংহাসনে আসীন হইলে, ভিন্নভিন্নপ্রকৃতি-বিশিষ্ট সামন্ত-রাজকুমারগণ সেই সভায় উপবেশন করিলেন। তাঁহাদের মধ্যে কেহ স্তুতি-পাঠক দ্বারা আপনার বংশাবলীর গুণগান করাইতে লাগিলেন; কেহ উদ্ধত হইয়া, আপনিই আপনার ভুজবলের গুণব্যাখ্যানে প্রবৃত্ত হইলেন; এবং ষড়্বিংশ দণ্ডায়ুধ ও সাধনবিষয়ে অভিজ্ঞ শ্মশ্রুধারী কোন কোন যুবক পর-স্পর হাস্য করিতে লাগিলেন। তাঁহাদের মধ্যে কেহ কেহ শরণাগত প্রতি-

সাধনাঃ কেচন ধর্ম্মসংগ্রহকারিণঃ এবংবিধা রাজকুমারাঃ। তদা কশ্চিৎ পাপর্দ্ধিঃ সমাগত্য রাজানং প্রণম্যাবদৎ ভো দেব অরণ্যমধ্যে অঞ্জনপর্ব্বতাকারো বরাহঃ সমাগতোঽস্তি তং দেবঃ সমাগত্য পশ্যতু। তস্য বচনং শ্রুত্বা রাজা তৈরেব রাজকুমারৈঃ সহ বনঙ্গত্বা নদীতটাকে স্থিতনিকুঞ্জান্তর্গতং বরাহমপশ্যৎ। ততঃ স বরাহো বীরাণাং কোলাহলং শ্রুত্বা তস্মান্নিকুঞ্জান্নির্গতঃ। তদনন্তরং সর্ব্বৈঃ রাজকুমারৈঃ সহ মহৎ স্বহস্তকৌশলং দর্শয়তঃ বিক্রমস্য ষড়্‌বিংশায়ুধানি তস্যোপরি নিপেতুঃ। বরাহস্তান্যায়ুধানি অগণয়ন্ পর্ব্বতান্তর্গতং কন্দরং বিবেশ। রাজাপি তস্য পৃষ্ঠতো লগ্নঃ পর্ব্বতমগমৎ। তত্র কাঞ্চন বিলদ্বারং দৃষ্ট্বা স্বয়মেব বিলদ্বারং প্রবিষ্টো মহত্যন্ধকারে কিয়ন্তং দূরঙ্গতঃ উত্তরত্র মহান্ প্রকাশোঽভূৎ। ততঃ কিয়দ্দূরে সুবর্ণময়প্রাকারং শুভ্রাভ্রংলিহপ্রাসাদবিশিষ্টং দেবালয়োপ-

---

পালনে প্রবৃত্ত; কেহ পারলৌকিক-বিষয়সাধনে নিরত; কেহ ধর্ম্মসংগ্রহে তৎপর। এবম্বিধ রাজকুমারগণ সেই সভায় আসীন হইলেন।

ঐ সময়ে কোন চণ্ডাল সমাগত হইয়া, রাজাকে প্রণাম করিয়া, কহিতে লাগিল, দেব! অরণ্যমধ্যে অঞ্জনপর্ব্বতের ন্যায় আকারসম্পন্ন মহাবরাহ সমাগত হইয়াছে। আপনি আসিয়া তাহাকে দেখুন।

তাঁহার কথা শুনিয়া, রাজা ঐ সকল রাজকুমারগণের সহিত বনে গমন করিয়া, নদীতটাকে অবস্থিত নিকুঞ্জমধ্যে বরাহকে অবলোকন করিলেন। সেই বরাহ বীরবর্গের কোলাহল শ্রবণ করিয়া, সেই নিকুঞ্জ হইতে নির্গত হইল। তদনন্তর সমুদায় রাজকুমারের সহিত রাজা বিক্রমার্ক আপনার মহাহস্তকৌশল প্রদর্শন করিয়া, তাহার উপরি ষড়্‌বিংশ আয়ুধ পাতিত করিলেন। বরাহ সে সকল আয়ুধ তুচ্ছীকৃত করিয়াই, পর্ব্বতান্তর্গত কন্দরমধ্যে প্রবেশ করিল। রাজাও তাহার অনুসরণে প্রবৃত্ত হইয়া, পর্ব্বতে সমাগত হইলেন। তথায় এক বিলদ্বার দর্শন করিয়া, স্বয়ংই উহাতে প্রবেশপূর্ব্বক ঘোর অন্ধকারমধ্যে কিয়দ্দূর গমন করিলে, পরে উত্তর দিকে বিলক্ষণ আলোক প্রকটিত হইল। অনন্তর কিয়দ্দূরে গমন করিয়া, সুবর্ণময়প্রাকারবিশিষ্ট, সুধাধৌত অভ্রভেদী প্রাসাদপরম্পরায় পরিশোভিত,

বনাদিভিরলঙ্কৃতং সমস্তবস্তুপরিপূর্ণবিপণিভিভূষিতং ধনিকলোক-সমাকীর্ণং নানাবিলাসিজনসেব্যমানং বিলাসিনীজনমতিমনোহরং নগরমেকমপশ্যৎ। তত্র প্রবিশ্য বিপণিমধ্যে যাবৎ প্রবিশতি তাব-দতীবমনোহরমণ্ডপযুতং রাজভবনমপশ্যৎ। তত্র বিরোচনসুতো বলিঃ রাজ্যং করোতি। রাজা রাজভবনে প্রবিষ্ট এব বলিনা ঝটিতি সমাগত্য আলিঙ্গিতঃ অতিরমণীয়ে সিংহাসনে চ সমুপ-বেশিতঃ পৃষ্টশ্চ ভো স্বামিন্ ভবতঃ কুতঃ সমাগতিঃ। বিক্রমে-ণোক্তং অহং ভবৎসন্দর্শনার্থং সমাগতোঽস্মি। বলিঃ রাজানং ভণতি অদ্য মম সন্ততিঃ পবিত্রীভূতা সফলা চ জাতা। বহুনা পুণ্যোদয়েন ভবতোঽস্মাকং গৃহে আগতিঃ সংবৃত্তা।

অদ্য মে বহুকালেন শ্লাঘনীয়মভূদিদম্।
যুষ্মৎপাদাম্বুজস্পর্শসম্পন্নানুগ্রহং গৃহম্॥ ১॥

অদ্য মে বহুকালেন ইদং গৃহং যুষ্মৎপাদাম্বুজস্পর্শসম্পন্নানুগ্রহং শ্লাঘনীয়ং অভূৎ॥ ১॥

বিক্রমেণোক্তং ভো রাজন্ ত্বং পবিত্রীভূতান্তঃকরণঃ তবৈব

দেবালয় ও উপবনাদি দ্বারা অলঙ্কৃত, সমস্তবস্তুপরিপূর্ণ বিপণিসমূহে ভূষিত, ধনিক লোকে পরিব্যাপ্ত, বিবিধ বিলাসিজনে সেব্যমান ও বিলা-সিনীগণের অতীব মনোহর এক নগর অবলোকন করিলেন। সেই নগরে প্রবেশ করিয়া, বিপণিমধ্যে যেমন গমন করিলেন, তেমনি অতীবমনো-হর-মণ্ডপবিশিষ্ট রাজভবন দেখিতে পাইলেন। তথায় বিরোচনপুত্র বলি রাজ্য করিয়া থাকেন। রাজা রাজভবনে প্রবেশ করিয়াই, বলির সহিত ঝটিতি মিলিত হইলেন।

অনন্তর বলি আলিঙ্গনসহকারে তাঁহারে অতিরমণীয় সিংহাসনে সমুপবিষ্ট করিয়া, জিজ্ঞাসা করিলেন, স্বামিন্! আপনি কোথা হইতে আসিলেন?

রাজা কহিলেন, আমি আপনাকে দেখিবার জন্য আসিয়াছি।

বলি কহিলেন, অদ্য আমার বংশ পবিত্র ও সফল হইল। বহু পুণ্যবলে আপনি আমাদের গৃহে পদার্পণ করিলেন।

অদ্য আমার এই গৃহ বহুকালের পর শ্লাঘনীয় হইল। যেহেতু, আপনি পাদাম্বুজ দ্বারা স্পর্শ করিয়া, ইহাকে অনুগৃহীত করিলেন॥ ১॥

বিক্রম কহিলেন, রাজন্! আপনার অন্তঃকরণ পবিত্র; আপনারই

জন্ম শ্লাঘ্যং যতঃ সাক্ষাদ্বৈকুণ্ঠাধিপো নারায়ণস্তব মন্দিরে সদা বিরাজতি

অথ বলিনোক্তং স্বামিন্ কিমাগমনকারণম্।

বিক্রমেণোক্তং ভো দানবেন্দ্র অহং ভবদ্দর্শনার্থং এব সমাগতোঽস্মি নান্যং কারণম্।

অথ বলিনোক্তং যদি ময়ি মৈত্রীং বিধায় স্বামিনা সমাগতং তর্হি ময়ি কৃপাং কৃত্বা কিমপি বস্তু ত্বয়া যাচনীয়ম্।

বিক্রমেণোক্তং মম কিমপি ন্যূনং নাস্তি অহমপি তব প্রসাদাৎ সর্ব্বত্র সম্পূর্ণোঽস্মি।

বলিনোক্তং ভো স্বামিন্ ভবতো ন্যূনমিতি ন ময়োচ্যতে কিন্তু মৈত্রীং উদ্দিশ্য দদামি যতো বুধা এবং মিত্রলক্ষণং বদন্তি। উক্তঞ্চ

দদাতি প্রতিগৃহ্লাতি গুহ্যমাখ্যাতি পৃচ্ছতি।
ভুঙ্‌ক্তে ভোজয়তে চৈব ষড়্‌বিধং প্রীতিলক্ষণম্॥ ২॥

দদাতি প্রতিগৃহ্লাতি গুহ্যং আখ্যাতি পৃচ্ছতি ভুঙ্‌ক্তে ভোজয়ন্তে এব ষড়্‌বিধং প্রীতিলক্ষণম্॥২॥

জন্ম শ্লাঘ্য। যেহেতু, সাক্ষাৎ বৈকুণ্ঠের অধিপতি নারায়ণ আপনার মন্দিরে সর্ব্বদা বিরাজ করিতেছেন।

বলি কহিলেন, স্বামিন্! এখানে আগমনের কারণ কি?

বিক্রম কহিলেন, দানবরাজ! আমি আপনাকেই দেখিবার জন্য আসিয়াছি। নতুবা, অন্য কোন কারণ নাই।

বলি কহিলেন, যদি আমাতে মৈত্রীবিধানপূর্ব্বক আপনার পদার্পণ হইয়া থাকে, তাহা হইলে, আমার প্রতি কৃপা করিয়া, আপনাকে কোন বস্তু গ্রহণ করিতে হইবে।

বিক্রম কহিলেন, আমার কোন বিষয়েই কোনরূপ অভাব নাই। আমি আপনার প্রসাদে সর্ব্বত্র সম্পূর্ণতা প্রাপ্ত হইয়াছি।

বলি কহিলেন, স্বামিন্! আপনার অভাব আছে, আমি এ কথা বলিতেছি না। কিন্তু মৈত্রী উদ্দেশ করিয়াই, দান করিতে উদ্যত হইয়াছি। যেহেতু, পণ্ডিতেরা মিত্রের এইরূপ লক্ষণ বলিয়াছেন। তথাহি,

দান করে ও প্রতিগ্রহ করে, গুহ্যবিষয় প্রকাশ করে ও জিজ্ঞাসা করে, ভোজন করে ও ভোজন করায়, এই ছয়টী প্রীতির লক্ষণ॥ ২॥

নোপকারং বিনা প্রীতিঃ কদাচিৎ কস্য জায়তে।
উপযাচিতদানেন যথা দেবা হ্যভীষ্টদাঃ ॥ ৩ ॥

উপকারং বিনা কস্য প্রীতিঃ কদাচিৎ ন জায়তে যথা দেবাঃ উপযাচিতদানেন হি অভীষ্টদাঃ ॥ ৩ ॥

এবং ভণিত্বা তেন বিক্রমায় রাজ্ঞে রসায়নং রসশ্চ দত্তঃ। ততঃ রাজা তস্মাদনুজ্ঞাং প্রাপ্য বিলনির্গতোঽশ্বমারুহ্য যাবদ্রাজ-মার্গে সমায়াতি তাবৎ মহদ্দৈন্যযুতো দরিদ্রঃ পীড়িতঃ সপুত্রঃ কশ্চিৎ বৃদ্ধব্রাহ্মণঃ সমাগত্য

কঠিনতরদামবেষ্টনরেখাসন্দেহদায়িনো যস্য।
বিলসন্তি বলিবিভাগাঃ স পাতু দামোদরো ভবন্তম্ ॥ ৪ ॥

যস্য কঠিনতরদামবেষ্টনরেখাসন্দেহদায়িনঃ বলিবিভাগাঃ বিলসন্তি স দামোদরো ভবন্তং পাতু ॥ ৪ ॥

ইত্যাশিষমুক্ত্বা ভণতি ভো যজমান অহং অত্যন্তদরিদ্রঃ পীড়িতঃ বহুকুটুম্বী ব্রাহ্মণঃ। অদ্য সকুটুম্বস্য মম কিমপি ভোজনপর্য্যাপ্তং ধনং

উপকার ব্যতিরেকে কদাচ কাহার প্রীতি জন্মে না। দেখুন, দেবগণ উপযাচিত দান দ্বারা অভীষ্ট প্রদান করিয়া থাকেন ॥ ৩ ॥

এইপ্রকার কহিয়া, রাজা বলি বিক্রমকে রসায়ন ও রস প্রদান করিলেন। তখন রাজা তদীয় অনুজ্ঞাগ্রহণান্তে বিল হইতে [illegible]র্গত ও অশ্বে আরূঢ় হইয়া, রাজপথে সমাগত হইলে, মহাদৈন্যযুক্ত, দরিদ্র ও পীড়াগ্রস্ত কোন বৃদ্ধ ব্রাহ্মণ পুত্রের সহিত সমাগত হইয়া তাঁহা[illegible] আশীর্ব্বাদ করিলেন।

যাঁহার উদরস্থ ত্রিবলি অতীবকঠিন রজ্জুবেষ্টনরেখার সন্দেহ সমুদ্ভাবন করিয়া থাকে, সেই দামোদর আপনারে রক্ষা করুন ॥ ৪ ॥ *

এইপ্রকার আশীর্ব্বাদপ্রয়োগপুরঃসর ব্রাহ্মণ বলিতে লাগিলেন, ভো যজমান! আমি অত্যন্ত দরিদ্র, রুগ্ন ও বহুপরিবারে বেষ্টিত। ব্রাহ্মণবংশে জন্ম গ্রহণ করিয়াছি। অদ্য কুটুম্বের সহিত সংমিলিত আমাকে ভোজন-

---

* ইহার ভাবার্থ এই, ভগবানের উদরে যে ত্রিবলি আছে, তাহা দেখিলে সন্দেহ হয়, যশোদা কঠিন রজ্জু দিয়া, তাঁহার উদর যে বন্ধন করিয়াছিলেন, তাহারই যেন তিনটী রেখা রহিয়াছে।

দেহি মহত্যা ক্ষুধা পীড়িতা বয়ম্। রাজ্ঞা ভণিতং ভো ব্রাহ্মণ ইদানীং মম হস্তে কিমপি ধনং নাস্তি পরং রসশ্চ রসায়নঞ্চেতি বস্তুদ্বয়মস্তি অনেন রসসম্পর্কেণ সপ্ত ধাতবঃ সুবর্ণাদয়ো ভবন্তি ইদং রসায়নং যস্তু সেবতে জরামরণরহিতো ভবিষ্যতি উভয়োর্ম্মধ্যে একং গৃহাণ।

তদা পিত্রা উক্তং যেন রসায়নসেবনেন জরামরণরহিতো ভবিষ্যামি তদ্দীয়তাম্। পুত্রেণোক্তং কিং ক্রিয়তে রসায়নেন জরামরণরহিতেনাপি পুনর্দ্দারিদ্র্যমেবানুভবিতব্যম্। যেন রসেন সম্পর্কে সতি সুবর্ণো ভবতি স গ্রাহ্যঃ। ইত্যুভয়োর্ব্বিবাদো জাতঃ। রাজা উভয়োর্ব্বিবাদং শ্রুত্বা রসং রসায়নঞ্চ তাভ্যাং দদৌ। ততো ব্রাহ্মণঃ রাজানং স্তুত্বা নিজনিলয়ঙ্গতঃ। রাজাপি নিজ ভবনমগমৎ।

পর্য্যাপ্ত কিছু ধন দান করুন। বলবতী ক্ষুধায় আমরা সকলেই অভিভূত হইয়াছি।

রাজা কহিলেন, ব্রাহ্মণ! ইদানীং আমার হস্তে কিছুই ধন নাই। তবে, রস ও রসায়ন নামে দুইটী বস্তু আছে। এই রসসম্পর্কে সুবর্ণাদি সপ্তধাতু সমুদ্ভূত হইয়া থাকে। আর, এই রসায়ন যে ব্যক্তি সেবা করে, সে জরা-মরণরহিত হইয়া থাকে। আপনি এই উভয়ের মধ্যে একতর গ্রহণ করুন।

তখন পিতা কহিলেন, যে রসায়ন সেবন করিলে, জরামরণরহিত হইতে পারিব, তাহা প্রদান করুন।

পুত্র কহিলেন, রসায়ন লইয়া কি হইবে? কেননা, জরামরণরহিত হইলেও, পুনরায় দারিদ্র্য অনুভব করিতে হইবে। অতএব যে রসায়নের সম্পর্কমাত্রে সুবর্ণ সমুদ্ভূত হইয়া থাকে, তাহাই গ্রহণ করা কর্ত্তব্য।

এই বলিয়া, পিতাপুত্রে বিবাদ করিতে লাগিলে, রাজা তাহা শ্রবণ করিয়া, রস ও রসায়ন উভয়ই তাঁহাদের হস্তে ন্যস্ত করিলেন। তখন ব্রাহ্মণ রাজার স্তব করিয়া, নিজনিলয়ে গমন করিলেন। রাজাও স্বভবনে সমাগত হইলেন।

ইমাং কথাং কথয়িত্বা পুত্তলিকা অব্রবীৎ ভো রাজন্ ত্বয়ি এবং ধৈর্য্যং ঔদার্য্যং বিদ্যতে চেৎ তর্হি অস্মিন্ সিংহাসনে উপবিশ।

ইতি ঊনবিংশোপাখ্যানম্।

অথ বিংশোপাখ্যানম্।

পুনরপি রাজা সিংহাসনে যাবৎ সমুপবেষ্টুং উপক্রমতে তাবদন্যা পুত্তলিকাব্রবীৎ ভো রাজন্ যদি ত্বয়ি বিক্রমস্যৌদার্য্যগুণবৃত্তান্তাদয়ঃ সন্তি তদা সিংহাসনে সমুপবিশ।

রাজা অবদৎ ভো পুত্তলিকে কথয় তস্য বিক্রমস্যৌদার্য্যগুণবৃত্তান্তাদীন্। পুত্তলিকা বদতি শ্রূয়তাং রাজন্ বিক্রমো রাজা ষণ্মাসং রাজ্যং করোতি ষণ্মাসং দেশান্তরে গচ্ছতি। একদা দেশান্তরগতো নানাদেশান্ পরিভ্রম্য পদ্মালয়ং নাম নগরমগমৎ। তস্য

এই কথা কহিয়া, পুত্তলিকা বলিতে লাগিল, রাজন্! আপনার যদি এইপ্রকার ধৈর্য্য ও ঔদার্য্য থাকে, এই সিংহাসনে উপবেশন করুন।

ঊনবিংশ উপাখ্যান সমাপ্ত।

অনন্তর পুনরায় ভোজরাজ সিংহাসনে বসিবার উপক্রম করিলে, পুত্তলিকা তাঁহারে কহিল, রাজন্! আপনাতে যদি বিক্রমার্কের ঔদার্য্যগুণবৃত্তান্তাদি থাকে, তাহা হইলে, এই সিংহাসনে উপবেশন করুন।

ভোজরাজ কহিলেন, পুত্তলিকে! সেই বিক্রমাদিত্যের ঔদার্য্যগুণবৃত্তান্তাদি কীর্ত্তন কর।

পুত্তলিকা কহিল, রাজন্! শ্রবণ করুন। রাজা বিক্রম ছয় মাস রাজ্য করেন; আর ছয় মাস দেশান্তরে গমন করিয়া থাকেন। একদা দেশান্তরে গমন করিয়া, নানাদেশভ্রমণপুরঃসর পদ্মালয়নামক নগরে সমাগত

নগরস্য বহিরুদ্যানে অতিবিমলোদকং সরোবরং দৃষ্ট্বা তত্রোদক-পানং কৃত্বা উপবিষ্টঃ। ততোঽন্যতঃ অন্যেঽপি কেচন বৈদেশিকাঃ সমাগত্য জলপানং বিধায়োপবিষ্টাঃ পরস্পরং গোষ্ঠীঃ কুর্ব্বন্তি অহো অস্মাভিরনেকা দেশা দৃষ্ট্বা বহূনি তীর্থস্থানানি দৃষ্টানি অতি-দুর্গমাঃ কৈরপ্যনধিগম্যাঃ পর্ব্বতা আরূঢ়াঃ পরমেকত্রাপি মহা-পুরুষদর্শনং নাভূৎ। অন্যেন ভণিতং কথং মহাপুরুষদর্শনং ভবি-ষ্যতি অত্র মহাসিদ্ধোঽস্তি তত্র গন্তুং অশক্যম্। যতঃ মার্গোঽতি-দুর্গমঃ মধ্যে অনেকবিঘ্নাঃ সম্ভবন্তি দেহস্য নাশো ভবতি। যেনো-দ্যমেন প্রথমমাত্রৈব বিনাশনং প্রাপ্নোতি তস্য ফলং কো বা অনু-ভবিষ্যতি অতঃ কারণাৎ বুদ্ধিমতা প্রথমমেব আত্মা রক্ষণীয়ঃ।

উক্তঞ্চ

পুনর্দারা পুনর্ব্বিত্তং পুনঃ ক্ষেত্রং তথৈবচ।
পুনঃ শুভাশুভং কর্ম্ম শরীরং ন পুনঃ পুনঃ॥ ১॥

পুনঃ দারা পুনঃ বিত্তং পুনঃ ক্ষেত্রং তথা এবচ পুনঃ শুভাশুভং কর্ম্ম শরীরং পুনঃ পুনঃ ন॥১॥

হইলেন। সেই নগরের বহিস্থ উদ্যানে অতীবনির্ম্মল-জলসম্পন্ন জলাশয় দর্শন করিয়া, তাহাতে জলপানপুরঃসর উপবেশন করিলেন।

অনন্তর অন্য স্থান হইতে অন্যান্য কতিপয় বৈদেশিক সমাগত হইয়া, জলপানবিধানপূর্ব্বক উপবেশন করিয়া, পরস্পর কথোপকথনে প্রবৃত্ত হইল। বলিতে লাগিল, অহে! আমরা অনেক দেশ দেখিয়াছি; অনেক তীর্থস্থান দর্শন করিয়াছি; অন্যেরও অনধিগম্য অতীবদুর্গম পর্ব্বত সকলে আরূঢ় হইয়াছি; কিন্তু কোথাও মহাপুরুষদর্শন হয় নাই।

এক ব্যক্তি কহিল, কিরূপে মহাপুরুষদর্শন হইবে? এই স্থানে একজন মহাসিদ্ধ পুরুষ আছেন। কিন্তু সেখানে যাওয়া অসাধ্য। যেহেতু, পথ অতি দুর্গম; মধ্যেও অনেক বিঘ্ন ঘটিয়া থাকে; শরীরের বিনাশসম্ভাবনা। যে উদ্যমে প্রথমেই আপনার বিনাশ হইয়া থাকে, তাহার ফল কেইবা অনুভব করিবে? এই কারণে বুদ্ধিমান্ ব্যক্তি প্রথমেই আপনার রক্ষা করিবে। তথাহি,

পুনরায় স্ত্রী হইতে পারে; পুনরায় ধন হইতে পারে; পুনরায় ক্ষেত্র

তস্মাৎ বুদ্ধিমতা পুরুষেণ অকার্য্যাণি ন কর্ত্তব্যানি।

তথাচোক্তং

ব্যসনানি দুরন্তানি সম্যগ্‌ব্যয়ফলানি চ।
অশক্যানি চ কার্য্যাণি নারভেত বিচক্ষণঃ॥ ২॥

বিচক্ষণঃ সম্যগ্‌ব্যয়ফলানি চ দুরন্তানি ব্যসনানি অশক্যানি চ কার্য্যাণি আরভেত ন॥ ২॥

তথাচ

পর্ব্বতং বিষমং ঘোরং বহুব্যালসমাকুলম্।
নারোহেত নরঃ প্রাজ্ঞঃ সংশয়েঽপি কদাচন॥ ৩॥

প্রাজ্ঞঃ নরঃ অপি সংশয়ে কদাচন বিষমং ঘোরং বহুব্যালসমাকুলং পর্ব্বতং আরোহেত ন॥৩॥

রাজাপি তস্য এবং বচনং শ্রুত্বা ভণতি অহো বৈদেশিক কিমেবমুচ্যতে যাবৎ পুরুষেণ পৌরুষং সাহসঞ্চ ক্রিয়তে তাবদেব সকলং কার্য্যং দুর্ল্লভং ন ভবতি।

উক্তঞ্চ

দুষ্প্রাপ্যাণি চ বস্তূনি লভ্যন্তে বাঞ্ছিতানি চ।
পুরুষৈঃ সংশয়ারূঢ়ৈরলসৈর্ন কদাচন॥ ৪॥

পুরুষৈঃ সংশয়ারূঢ়ৈঃ দুষ্প্রাপ্যাণি চ বাঞ্ছিতানি বস্তূনি লভ্যন্তে অলসৈঃ কদাচন ন॥ ৪॥

হইতে পারে; পুনরায় শুভাশুভ কর্ম্মও সংঘটিত হইতে পারে; কিন্তু শরীর কখন পুনঃ পুনঃ হয় না॥ ১॥

সেইজন্য বুদ্ধিমান্ পুরুষ অকার্য্য করিবে না। তথাহি বলিয়াছেন,

সম্যগ্‌রূপ ব্যয়ই যাহার ফল, মদ্যপানাদি তাদৃশ দুরন্ত ব্যাপারপরম্পরা এবং অসাধ্য কার্য্য, এই উভয়ে বিচক্ষণ ব্যক্তি প্রবৃত্ত হইবে না॥ ২॥

পুনশ্চ, প্রাজ্ঞ পুরুষ সন্দেহশিরেও পদার্পণ করিয়া, বহুল-ব্যাল-সঙ্কুল ঘোরবিষম পর্ব্বতে আরোহণ করিবে না॥ ৩॥

রাজা তাহার এই কথা শুনিয়া, বলিতে লাগিলেন, অহে বৈদেশিক! কিজন্য এরূপ বলিতেছ? যাবৎ পুরুষ পৌরুষ ও সাহস অবলম্বন না করে, তাবৎ তাহার কার্য্যমাত্রই দুর্লভ হইয়া থাকে। তথাহি, বলিয়াছেন,

সংশয়ারূঢ় পুরুষগণই বাঞ্ছিত দুষ্প্রাপ্য বস্তু সকল লাভ করিয়া থাকে। অলসেরা কদাচ লাভ করিতে সমর্থ হয় না॥ ৪॥

তথাচ

কদাচিদেতি নভসঃ খাতে জলন্তু পাতালাৎ।
দৈবমচিন্ত্যবলবৎ বলবানিহ সাহসী ॥ ৫ ॥

জলং তু কদাচিৎ নভসঃ খাতে পাতালাৎ এতি দৈবং অচিন্ত্যবলবৎ বলবান্ ইহ সাহসী ॥৫॥

ক্লেশস্যাগমমদত্ত্বা ন লভ্যতে সুখস্থানম্।
মধুভিন্মথনায়াসৈর্লব্ধা চিরেণ সা লক্ষ্মীঃ ॥ ৬ ॥

ক্লেশস্য অগমং অদত্ত্বা সুখস্থানং লভ্যতে ন মধুভিন্মথনায়াসৈঃ চিরেণ সা লক্ষ্মীঃ লব্ধা ॥ ৬ ॥

তস্য ন হি কিমপি স্যাৎ বিষ্ণোর্নৃসিংহকরস্য।
নিদ্রাং যো ভজতে মাসাংশ্চতুর উদধৌ স্থিতঃ ॥ ৭ ॥

তস্য নৃসিংহকরস্য বিষ্ণোঃ কিং অপি ন হি স্যাৎ যঃ উদধৌ স্থিতঃ চতুরঃ মাসান্ নিদ্রাং ভজতে ॥ ৭ ॥

দুরধিগমঃ পরভাগো যাবৎ পুরুষেণ পৌরুষং ন কৃতম্।
হরতি তুলামধিরূঢ়ো ভাস্বান্ স্বজলদপটলানি ॥ ৮ ॥

যাবৎ পুরুষেণ পৌরুষং ন কৃতং পরভাগঃ দূরধিগমঃ ভাস্বান্ তুলাং অধিরূঢ়ঃ স্বজলদপটলানি হরতি ॥ ৮ ॥

তথাচ,

জল কখন আকাশ হইতে ও কখন বা পাতাল হইতে খাতে সমাগত হয়। এইরূপে দৈব যেমন অচিন্ত্যবলশালী, সাহসীও তেমন বলবান্ ॥ ৫ ॥

ক্লেশ না করিলে, সুখস্থান প্রাপ্ত হওয়া যায় না। মধুরিপু নারায়ণ সাগরমথনে আয়াস স্বীকার করিয়া, বহুকালপরে লক্ষ্মীলাভ করেন ॥ ৬ ॥

চারিমাস যখন সাগরে শয়ন করিয়া নিদ্রা যান, তখন স্বয়ং ভগবানেরও কোন কার্য্যই সম্পন্ন হয় না ॥ ৭ ॥ *

পুরুষ যাবৎ পৌরুষ প্রকাশ না করে, তাবৎ তাহার উৎকর্ষলাভ সুদূরপরাহত হইয়া থাকে। সূর্য্য তুলায় অধিরোহণ করিয়াই, স্বকীয় জলদপটলকে আহরণ করেন ॥ ৮ ॥

---

* ইহার ফলিতার্থ এই, আলস্য করিলে, মানুষের কথা দূরে থাক্, স্বয়ং নারায়ণকেও বঞ্চিত হইতে হয়। কোন বিষয়ই তাঁহার সিদ্ধ হয় না।

এতদ্রাজবচনং শ্রুত্বা তেন উক্তং মহাসত্ত্ব কিং কার্য্যং কথয়। রাজ্ঞোক্তং অস্মাৎ স্থানাৎ দ্বাদশযোজনপর্য্যন্তং যদি গম্যতে তর্হি তত্র মহারণ্যমধ্যে বিষমঃ কশ্চিৎ পর্ব্বতোঽস্তি ত্রিকালনাথো নাম যোগীশ্বরো বিদ্যতে চ। যদি তস্য দর্শনং ক্রিয়তে তর্হি স সর্ব্বং বাঞ্ছিতমর্থং দাস্যতি অহং তত্র গচ্ছামি। তৈরুক্তং বয়মপি গমিষ্যামঃ। রাজ্ঞোক্তং সুখেন আগচ্ছন্তু ততস্তে রাজ্ঞা সহ নির্গতা মহারণ্যে মার্গমতি বিষমং দৃষ্ট্বা রাজানং প্রোচুঃ ভো মহাসত্ত্ব কিয়দ্দূরে পর্ব্বতোঽস্তি। রাজ্ঞোক্তং ইত অষ্টযোজনাৎ বিদ্যতে। তর্হি বয়ং গমিষ্যামো যদ্যপি মহদ্দূরমস্তি মার্গোঽপ্যতিবিষমঃ ইতি ব্রুবন্তঃ ষড়্যোজনানি গত্বা পুরতো যাবৎ গচ্ছন্তি তাবন্মহাকালবদনঃ বিষাগ্নিমুদ্বমন্ অতিভয়ঙ্করঃ কশ্চিৎ সর্পো মার্গমাবৃত্য

রাজার এই কথা শুনিয়া, সে ব্যক্তি কহিল, মহাসত্ত্ব! কি করিতে হইবে, বলুন।

রাজা কহিলেন, এই স্থান হইতে যদি দ্বাদশযোজন পর্য্যন্ত যাওয়া যায়, তাহা হইলে, সেখানে মহারণ্যমধ্যে কোন পর্ব্বত আছে, দেখিতে পাইবে। সেই পর্ব্বতে ত্রিকালনাথ নামে যোগীশ্বর বিরাজ করিতেছেন। যদি তাঁহার দর্শন করা যায়, তাহা হইলে, তিনি সমুদায় বাঞ্ছিত বিষয় প্রদান করেন। আমি সেখানে গমন করিব।

তাহারা কহিল, আমরাও যাইব।

রাজা কহিলেন, সুখে আগমন কর।

অনন্তর সকলে রাজার সহিত বহির্গত হইয়া, মহারণ্যমধ্যে অতিবিষম পথ দর্শন করিয়া, রাজাকে কহিতে লাগিল, অয়ি মহাসত্ত্ব! আর কত দূরে পর্ব্বত আছে?

রাজা কহিলেন, আটযোজন দূরে।

তাহারা কহিল, অধিক দূর এবং পথও অতি বিষম হইলেও, আমরা গমন করিব।

এই বলিয়া, ছয় যোজন অতিক্রম করিয়া, পুরোভাগে যাবৎ গমন করিতে লাগিল, তাবৎ অতিশয়-কৃষ্ণবর্ণ-বদন-বিশিষ্ট অতিভয়ঙ্কর কোন

তিষ্ঠতি। তেঽপি তং সর্পং দৃষ্ট্বা সভয়াঃ পলায়াঞ্চক্রুঃ। রাজা পুনরপি মার্গে গন্তুং প্রবৃত্তঃ। অথ সর্পঃ সমাগত্য রাজানং বেষ্টয়িত্বা সন্দশং। ততঃ স বিষবৎ শরীরং বস্ত্রখণ্ডেন আবেষ্ট্য দুর্গমং পর্ব্বতমারুহ্য ত্রিকালনাথং যোগিনং দৃষ্ট্বা নমশ্চকার। যোগিসন্দর্শনমাত্রেণ সর্পস্তং ত্যক্ত্বা গতঃ রাজাপি নির্ব্বিষো বভূব।

যোগিনোক্তং ভো মহাসত্ত্ব মহাপ্রমাদভূয়িষ্ঠমেবমমানুষং স্থানং অতিকষ্টেন কিমর্থমাগতোঽসি। রাজ্ঞোক্তং ভো স্বামিন্ অহং তব সন্দর্শনার্থং আগতোঽস্মি। যোগিনোক্তং মহৎ কষ্টং অনুভূতং খলু ত্বয়া। রাজ্ঞোক্তং কিমপি নাস্তি ভবৎসন্দর্শনমাত্রেণ সকলমপি পাতকং গতং কষ্টং কৃত্বা অদ্যাহং ধন্যোঽস্মি যতো মহতাং দর্শনমতীব দুর্ল্লভম্।

সর্প বিষাগ্নি বমন করত, তাহাদের পথ আবরণ করিয়া রহিল। তাহারা সকলে সেই সর্প দর্শনে তৎক্ষণে পলায়ন করিল। রাজা পুনরায় পথে যাইতে লাগিলেন। তখন সর্প সমাগত হইয়া, রাজাকে বেষ্টন করিয়া, দংশন করিল। তিনি আপনার সেই বিষবৎ শরীর বস্ত্রখণ্ডে আবেষ্টিত করিয়া, দুর্গম পর্ব্বতে অধিরূঢ় হইয়া, ত্রিকালনাথ যোগীকে দর্শন করত, নমস্কার করিলেন। যোগীর সন্দর্শনমাত্রে সর্প তাঁহাকে ত্যাগ করিয়া গেল। রাজাও বিষশূন্য হইলেন।

অনন্তর যোগী তাঁহারে কহিলেন, অয়ি মহাসত্ত্ব! এই অমানুষ প্রদেশ কেবল মহাপ্রমাদে পরিপূর্ণ। এখানে অতি কষ্ট করিয়া, আসিবার কারণ কি?

রাজা কহিলেন, স্বামিন্! আমি আপনারে দর্শন করিবার জন্যই আসিয়াছি।

যোগী কহিলেন, এজন্য তোমাকে অতীব কষ্ট অনুভব করিতে হইয়াছে।

রাজা কহিলেন, কিছুই না। আপনার সন্দর্শনমাত্রেই আমার সমুদয় পাতক দূর হইয়াছে। সুতরাং, কষ্ট স্বীকার করিয়া, অদ্য আমি ধন্য হইলাম। যেহেতু, মহাপুরুষগণের দর্শন অতীব দুর্লভ। আরও, দেখুন,

অন্যচ্চ

যাবৎ শরীরং সুদৃঢ়ং যাবৎ সন্তীন্দ্রিয়াণি চ।
তাবদেব চ কর্ত্তব্যং পুরুষৈর্হি হিতং সদা ॥ ৯ ॥

যাবৎ শরীরং সুদৃঢ়ং যাবৎ ইন্দ্রিয়াণি চ সন্তি তাবৎ এব পুরুষৈঃ সদা হিতং চ কর্ত্তব্যম্ ॥৯॥

তথাচোক্তং

যাবৎ স্বস্থমিদং শরীরমখিলং যাবজ্জরা দূরতো
যাবচ্চেন্দ্রিয়শক্তিরপ্রতিহতা যাবৎ ক্ষয়ো নায়ুষঃ।
আত্মশ্রেয়সি তাবদেব বিদুষা কার্য্যঃ প্রযত্নো মহান্
উদ্দীপ্তে ভবনে চ কূপখননে প্রত্যুদ্যমঃ কীদৃশঃ ॥ ১০ ॥

যাবৎ ইদং শরীরং অখিলং স্বস্থং যাবৎ জরা দূরতঃ যাবৎ চ ইন্দ্রিয়শক্তিঃ অপ্রতিহতা যাবৎ আয়ুষঃ ক্ষয়ঃ ন তাবৎ এব বিদুষা আত্মশ্রেয়সি মহান্ প্রযত্নঃ কার্য্যঃ ভবনে উদ্দীপ্তে কূপখননে প্রত্যুদ্যমঃ কীদৃশঃ ॥ ১০ ॥

ততঃ প্রসন্নেন যোগিনা ঘুটিকা যোগদণ্ডঃ কন্থা চ দত্তা উক্তঞ্চ ভো রাজন্ অনয়া ঘুটিকয়া ভূমৌ যাবত্যঃ রেখা লিখ্যন্তে তাবন্তি যোজনানি একস্মিন্ দিনে গন্তুং শক্যন্তে এবং যোগদণ্ডং দক্ষিণহস্তে ধৃত্বা স্পর্শতে যদি তর্হি মৃতসৈন্যং সঞ্জীবিতং ভূত্বা

যাবৎ শরীর সুদৃঢ় ও যাবৎ ইন্দ্রিয় সকল স্ব স্ব বিষ পটু থাকিবে, পুরুষ তাবৎ সর্ব্বদা হিতবিষয়েই প্রবৃত্ত হইবে ॥ ৯ ॥

তথাচ বলিয়াছেন,

যাবৎ এই দেহ সর্ব্বতোভাবে সুস্থ থাকে, যাবৎ জরা নিকটস্থ না হয়, যাবৎ ইন্দ্রিয়গণের শক্তি অপ্রতিহত থাকে এবং যাবৎ আয়ুর ক্ষয় না হয়, তাবৎ বিদ্বান্ পুরুষ আপনার শ্রেয়োবিধানে পরম প্রযত্ন প্রদর্শন করিবে। গৃহ দহ্যমান হইলে, কূপখননে উদ্যম করিয়া, আর কি হইবে? ॥ ১০ ॥

যোগী এই কথা শুনিয়া, রাজার প্রতি প্রসন্ন হইয়া, তাঁহারে ঘুটিকা, যোগদণ্ড ও কন্থা প্রদান পূর্ব্বক কহিলেন, রাজন্! এই ঘুঁটি দ্বারা ভূমিতে যাবৎ রেখাপাত করিবে, তাবৎ যোজন একদিনেই গমন করিতে পারিবে। এই যোগদণ্ড দক্ষিণ হস্তে ধারণ করিয়া, স্পর্শ করিলে, তৎক্ষণাৎ মৃত সৈন্য

উত্তিষ্ঠতি বাম হস্তে ধৃত্বা স্পর্শতে যদি তদা সর্ব্বস্যাপি বিপক্ষস্য সৈন্যনাশো ভবতি। ইয়ং কন্থাপি ঈপ্সিতবস্তূনি প্রযচ্ছতি। রাজাপি তৎ ত্রয়ং গৃহীত্বা যোগিনং নমস্কৃত্য অনুজ্ঞাং লব্ধ্বা যাবদ্‌গম্যতে তাবদ্রাজমার্গে কশ্চিদ্রাজকুমারঃ সম্মুখে অগ্নিং সংস্থাপ্য কাষ্ঠানি সঞ্চিনোতি। রাজা তমপৃচ্ছৎ ভো সৌম্য কিমেবং ক্রিয়তে। তেনোক্তং অহং কশ্চিদ্রাজকুমারঃ মম রাজ্যং দায়াদৈরপহৃতং দরিদ্রোঽহং জীবনং ধারয়িতুমক্ষমঃ সন্ অগ্নৌ প্রবেশং কর্তুং কাষ্ঠানি সঞ্চিনোমি। ততো রাজা তস্মাভয়ং দত্ত্বা ঘুটিকাং যোগদণ্ডং কন্থাঞ্চ দদৌ। তেষাং গুণানপি অকথয়ৎ। তদনন্তরং অতিসন্তুষ্টো রাজকুমারো রাজানং প্রণম্য স্বদেশমগমৎ। বিক্রমোঽপি উজ্জয়িনীমগাৎ।

ইমাং কথাং কথয়িত্বা পুত্তলিকা ভোজরাজানমবদৎ ভো রাজন্

জীবিত হইয়া, সুস্থদেহে উত্থান করিয়া থাকে এবং বাম হস্তে স্পর্শ করিলে, সমুদায় বিপক্ষের সেনা বিনষ্ট হয়। আর, এই কন্থাও অভিলষিত বস্তু দান করিয়া থাকে।

তখন রাজা সেই দ্রব্যত্রয় গ্রহণ করিয়া, যোগীকে প্রণাম ও তদীয় অনুজ্ঞা লাভ করত, গমন করিতে লাগিলেন। পথিমধ্যে দেখিলেন, কোন রাজকুমার সম্মুখে অগ্নি স্থাপন করিয়া, কাষ্ঠসঞ্চয়ে প্রবৃত্ত হইয়াছেন।

রাজা তাঁহারে কহিলেন, সৌম্য! কিজন্য এরূপ করিতেছ?

রাজকুমার কহিলেন, আমি কোন রাজকুমার। আমার রাজ্য দায়াদগণ হরণ করিয়া লইয়াছে। আমি দরিদ্র হইয়া পড়িয়াছি। তজ্জন্য আর জীবন ধারণ করিতে না পারিয়া, অগ্নিতে প্রবেশ করিবার আশয়ে কাষ্ঠসঞ্চয়ে প্রবৃত্ত হইয়াছি।

তখন রাজা তাঁহাকে অভয় দিয়া, ঘুটিকা, যোগদণ্ড ও কন্থা তিন দ্রব্যই প্রদান করিলেন। এবং তাহাদের গুণও তাঁহার নিকট ব্যাখ্যা করিলেন। তদনন্তর রাজকুমার অতীব সন্তুষ্ট হইয়া, রাজাকে প্রণাম করিয়া, স্বদেশে গমন করিলেন। রাজা বিক্রমও উজ্জয়িনীতে সমাগত হইলেন।

এই কথা কহিয়া, পুত্তলিকা ভোজরাজকে বলিল, রাজন্! আপনাতে

ত্বয়ি যদি এবং ঔদার্য্যং বিদ্যতে তর্হি অস্মিন্ সিংহাসনে সমুপবিশ।

রাজা তূষ্ণীং স্থিতঃ।

ইতি বিংশোপাখ্যানম্।

অথ একবিংশোপাখ্যানম্।

পুনরপি রাজা যাবৎ সিংহাসনে সমুপবিশতি তাবদন্যা পুত্তলিকা ভণতি তেন সিংহাসনে উপবেষ্টব্যং যস্য বিক্রমস্যৌদার্য্যং ভবতি। রাজা অবদৎ কথয় তস্য বিক্রমস্যৌদার্য্যবৃত্তান্তম্। সা অব্রবীৎ শ্রূয়তাং রাজন্ বিক্রমে রাজ্যং শাসতি বুদ্ধিসিন্ধুনামা মন্ত্রী সমভবৎ। তস্য পুত্রঃ অনর্গলো নাম সঘৃতৌদনং ভুক্ত্বা কুমারবৃত্ত্যা তিষ্ঠতি। কিমপি বিদ্যাভ্যাসনং ন করোতি। একদা পিত্রা ভণিতং হে অনর্গল ত্বং মদোদরাজ্জাতোঽপি পরমতীব দুর্ব্বিদগ্ধঃ বিদ্যা-

---

যদি এইরূপ ঔদার্য্য থাকে, তাহা হইলে, এই সিংহাসনে উপবেশন করুন।

রাজা এই কথায় মৌনী হইয়া রহিলেন।

বিংশ উপাখ্যান সমাপ্ত।

পুনরায় ভোজরাজ যাবৎ সিংহাসনে বসিবার উপক্রম করিলেন, তাবৎ অন্য পুত্তলিকা কহিল, যে ব্যক্তি বিক্রমার্কের ন্যায়, ঔদার্য্যবিশিষ্ট, সেই এই সিংহাসনে বসিতে পারে।

রাজা কহিলেন, সেই রাজা বিক্রমার্কের ঔদার্য্যবৃত্তান্ত কীর্ত্তন কর।

পুত্তলিকা কহিল, রাজন্! শ্রবণ করুন। বিক্রমার্ক রাজ্যশাসনে প্রবৃত্ত হইলে, বুদ্ধিসিন্ধুনামক কোন ব্যক্তি তাঁহার মন্ত্রী হইয়াছিল। তাঁহার পুত্রের নাম অনর্গল। অনর্গল সঘৃত অন্ন ভোজন করিয়া, রাজকুমারের ন্যায়, অবস্থিতি করিত। কোনরূপ বিদ্যাভ্যাস করিত না।

একদা তদীয় পিতা তাহারে কহিতে লাগিল, অনর্গল! তুমি আমার ঔরসে জন্মিয়াও, যারপর নাই দুর্ব্বিদগ্ধ হইলে। বিদ্যাভ্যাস করিতেছ না।

ভ্যাসনং ন করোষি হৃদয়শূন্যো মূর্খঃ সন্ তিষ্ঠসি। যস্তু হৃদয়শূন্যঃ স এব মূর্খঃ।

উক্তঞ্চ

অপুত্রস্য গৃহং শূন্যং শূন্যো দেশো হ্যবান্ধবঃ।
মূর্খস্য হৃদয়ং শূন্যং সর্ব্বশূন্যা দরিদ্রতা ॥ ১ ॥ *

অপুত্রস্য গৃহং শূন্যং অবান্ধবঃ দেশঃ শূন্যঃ মূর্খস্য হৃদয়ং শূন্যং দরিদ্রতা সর্ব্বশূন্যা হি ॥ ১ ॥

মম তব সম্বন্ধে কোঽপ্যর্থো নাস্তি তথা হি।

কোঽর্থঃ পুত্রেণ জাতেন যো ন বিদ্বান্নধার্ম্মিকঃ।
তয়া গবা কিং ক্রিয়তে যা ন দোগ্ধ্রী ন গর্ভিণী ॥ ২ ॥

পুত্রেণ জাতেন কঃ অর্থঃ যঃ ন বিদ্বান্ ন ধার্ম্মিকঃ তয়া গবা কিং ক্রিয়তে যা ন দোগ্ধ্রী ন গর্ভিণী ॥ ২ ॥

অন্যচ্চ

অজাতমৃতমূর্খেভ্যো মৃতাজাতৌ বরৌ সুতৌ।
যতস্তৌ স্বল্পদুঃখায় যাবজ্জীবং জড়ো দহেৎ ॥ ৩ ॥ †

অজাতমৃতমূর্খেভ্যঃ মৃতাজাতৌ সুতৌ বরৌ যতঃ তৌ স্বল্পদুঃখায় জড়ঃ যাবজ্জীবং দহেৎ ॥৩॥

হৃদয়শূন্য মূর্খ হইয়া, কালযাপনে প্রবৃত্ত হইয়াছ। যে ব্যক্তি হৃদয়শূন্য, তাহাকেই মূর্খ বলে। তথাহি,

যাহার পুত্র নাই, তাহারই গৃহ শূন্য; যেখানে বান্ধব নাই, সেই দেশই শূন্য; যে ব্যক্তি মূর্খ, তাহারই হৃদয় শূন্য এবং দরিদ্রতাই সর্ব্বশূন্য ॥ ১ ॥

দেখ, তোমার দ্বারা আমার কোনরূপ অভীষ্টসিদ্ধিরই সম্ভাবনা নাই।

যাহার বিদ্যা নাই এবং ধর্ম্ম নাই, তাদৃশ পুত্রের জননে ফল কি? যে গাভী দুগ্ধহীন এবং বন্ধ্যা হয়, তাহাকে লইয়া কি হইতে পারে? ॥ ২ ॥

আরও দেখ, অজাত, মৃত ও মূর্খ এই তিনের মধ্যে অজাত ও মৃতই শ্রেষ্ঠ। অর্থাৎ পুত্র না জন্মানই ভাল এবং জন্মিয়া মরিয়া যাওয়াই ভাল; তথাপি মূর্খ হওয়া কিছুই নহে। কেননা, অজাত ও মৃত, এই উভয় স্বল্প দুঃখের হেতু; কিন্তু মূর্খ যাবজ্জীবন দগ্ধ করিয়া থাকে ॥ ৩ ॥

---

* অবিদ্যং জীবনং শূন্যং দিক্ শূন্যা চ হ্যবান্ধবা।
পুত্রহীনং গৃহং শূন্যং সর্ব্বশূন্যা দরিদ্রতা ॥ ইতি পাঠো বা।

† অজাতমৃতমূর্খাণাং বরমাদ্যৌ ন চান্তিমঃ। ইতি পাঠো বা।

অন্যচ্চ

কিং তেন জাতু জাতেন মাতুর্যৌবনহারিণা।
নারোহতি কুলং যস্য বংশস্যাগ্রে ধ্বজো যথা॥ ৪॥

মাতুঃ যৌবনহারিণা তেন জাতেন কিং যস্য কুলং বংশস্য অগ্রে ধ্বজঃ যথা ন জাতু আরোহতি॥৪॥

এতৎ পিতৃবচনং শ্রুত্বা পশ্চাত্তাপযুক্তো অনর্গলো বৈরাগ্যং প্রাপ্য দেশান্তরং জগাম। তত্র দেশান্তরে একস্মিন্নগরে কস্যচিদুপাধ্যায়স্য সকাশাৎ সকলং নীতিশাস্ত্রং পঠিত্বা নিজনগরং প্রতি সমাগচ্ছৎ। মার্গে অরণ্যমধ্যে দেবালয়মপশ্যৎ। তদ্দেবালয়সমীপে পদ্মিনীষণ্ডমণ্ডিতং চক্রবাকযুগযুতং অতিবিমলোদকং সরঃ আসীৎ। তত্র সরোবরস্য একদেশে অতিসন্তপ্তমুদকং অস্তি। এতৎ সর্ব্বং দৃষ্ট্বা তত্রোপবিষ্টে সূর্য্যোঽস্তং গতঃ। তদনন্তরং রাত্রিসময়ে তস্মাৎ সন্তপ্তোদকমধ্যাৎ অষ্টৌ দিব্যাঃ স্ত্রিয়ঃ নির্গতা দেবালয়ং গত্বা চ দেবস্যাভিষেকাদি ষোড়শোপচারং কৃত্বা নৃত্যগীতাদি কলয়া

অপিচ, বংশের অগ্রে ধ্বজের ন্যায়, যাহার কুল কখন আরোহণ অর্থাৎ উচ্চভাব অবলম্বন করে না, তাহার জন্মিয়াই বা ফল কি? সে কেবল জননীর যৌবন হরণ করিয়া থাকে॥ ৪॥

পিতার এই কথা শ্রবণ করিয়া, অনর্গল পশ্চাত্তাপযুক্ত হইয়া, বৈরাগ্য অবলম্বন পূর্ব্বক, দেশান্তর গমন করিল। সেই দেশান্তরে কোন নগরে এক উপাধ্যায়ের গোচরে সমুদায় নীতিশাস্ত্র পাঠ করিয়া, নিজনগরে প্রত্যাগত হইল। পথিমধ্যে কোন অরণ্যে এক দেবালয় দর্শন করিল। সেই দেবালয়-সমীপে পদ্মিনীষণ্ডমণ্ডিত, চক্রবাকযুগযুক্ত, অতি-বিমল-জল-সম্পন্ন এক সরোবর এবং সেই সরোবরের এক দেশে অতিসন্তপ্ত উদক আছে। এই সকল দর্শন করিয়া, তথায় উপবেশন করিল। ঐ সময়ে সূর্য্য অস্ত গমন করিল। তদনন্তর রাত্রি উপস্থিত হইলে, সেই সন্তপ্ত উদকমধ্য হইতে আটজন দিব্য স্ত্রী নির্গত হইয়া, দেবালয়ে গমন ও দেবতার অভিষেক প্রভৃতি ষোড়শোপচার সমাধান করিয়া, নৃত্য-গীতাদি কলা সহকারে

দেবং তোষয়ামাসুঃ। ততো দেবঃ প্রসন্নো ভূত্বা তাভ্যঃ প্রসাদমদাৎ। এতৎ সর্ব্বমনর্গলোঽপি পশ্যতি। প্রভাতে নির্গমনসময়ে তাভিরনর্গলো দৃষ্টঃ। তাসাং মধ্যে একয়া দিব্যাঙ্গনয়া ভণিতং ভো সৌম্য এহি অস্মাকং নগরং প্রতি। ইত্যুক্ত্বা সন্তপ্তোদকমধ্যে প্রবিষ্টা। সোঽপি তয়া সহ গন্তুং ইয়েষ। পরং সন্তপ্তোদকমধ্যে তস্যাং প্রবিষ্টায়াং অনর্গলো ভয়ান্ন প্রবিষ্টঃ।

অথ স্বনগরমাগত্য পিত্রাদিসর্ব্ববন্ধুজনান্ অপশ্যৎ তেষাং মহানুৎসাহো জাতঃ। দ্বিতীয়দিবসে রাজসন্দর্শনার্থং রাজসভাং গত্বা রাজানং প্রণম্য উপবিষ্টঃ। রাজ্ঞা কুশলং পৃষ্ট্বোক্তং ভো অনর্গল এতাবতি দিনানি ব্যাপ্য কুত্র স্থিতোঽসি। তেনোক্তং বিদ্যাভ্যাসং কর্ত্তুং দেশান্তরং গতোঽস্মি। রাজ্ঞোক্তং তত্র দেশান্তরে কিং কিমপূর্ব্বং দৃষ্টম্। অনর্গলেন রাজ্ঞঃ সন্তপ্তোদকবৃত্তান্তঃ কথিতঃ। তৎ

দেবতারে সন্তুষ্ট করিলেন। তখন দেবতা প্রসন্ন হইয়া, তাঁহাদিগকে প্রসাদ বিতরণ করিলেন। অনর্গল এই সকল ব্যাপার দেখিতে লাগিল।

অনন্তর প্রভাত হইলে, ঐ সকল রমণী নির্গমনসময়ে অনর্গলকে অবলোকন করিলেন। তখন তাঁহাদের মধ্যে একজন দিব্যাঙ্গনা কহিলেন, সৌম্য! আমাদের নগরে আগমন কর। এই বলিয়া, তিনি সেই সন্তপ্ত সলিলমধ্যে প্রবেশ করিলেন। অনর্গলও তাঁহার সহিত গমন করিতে কৃতসঙ্কল্প হইল। কিন্তু সন্তপ্ত সলিলমধ্যে ভয়বশতঃ প্রবেশ করিতে পারিল না। অনন্তর স্বনগরে সমাগত হইয়া, পিত্রাদি যাবতীয় বন্ধুজনকে দর্শন করিল। তাঁহাদের অতিমাত্র আহ্লাদ সঞ্চরিত হইল।

দ্বিতীয় দিবসে রাজসন্দর্শনার্থ রাজসভায় গমন করিয়া, রাজাকে প্রণাম পূর্ব্বক উপবেশন করিলে, তিনি কুশল জিজ্ঞাসা করিয়া কহিলেন, অনর্গল! এতদিন তুমি কোথায় ছিলে?

অনর্গল কহিল, বিদ্যা অভ্যাস করিবার জন্য দেশান্তরে গিয়াছিলাম।

রাজা কহিলেন, সেই দেশান্তরে কি কি অপূর্ব্ব দেখিলে?

তখন অনর্গল রাজার সকাশে সেই সন্তপ্ত সলিলবৃত্তান্তবর্ণন করিলে,

শ্রুত্বা রাজা তেন সহ তৎ স্থানং গতঃ। সূর্য্যোঽপ্যস্তং গতঃ। মধ্যরাত্রিসময়ে তাঃ দিব্যস্ত্রিয়ঃ সমাগত্য দেবস্য ষোড়শোপচারান্ বিধায় নৃত্যাদিনা দেবমুপস্থায় প্রভাতে যদা অগচ্ছন্ তদা তাসাং মধ্যে কাচিদেকা রাজানং দৃষ্ট্বা সমবদৎ ভো সৌম্য এহি অস্মাকং নগরং প্রতি। ইতি তৎ শ্রুত্বা রাজাপি তয়া সহ নির্গতঃ। সর্ব্বাঃ স্ত্রিয়ঃ তপ্তোদকমধ্যে প্রবিষ্টাঃ সপ্তপাতালে নিজনগরে গতাঃ রাজাপি তপ্তোদকমধ্যে নিমগ্নস্তাভিঃ সহ গতঃ। ততঃ সর্ব্বাঃ স্ত্রিয়ঃ তস্য নীরাজনাদ্যুপচারং কৃত্বা প্রোচুঃ ভো মহাসত্ত্ব তব সদৃশঃ শৌর্য্যাদিগুণসম্পন্নঃ কশ্চিৎ নাস্তি তর্হি অস্য রাজ্যস্যাধিপতির্ভব বয়ং সর্ব্বাঃ স্ত্রিয়স্তব সেবাং করিষ্যামঃ। রাজ্ঞোক্তং মম অনেন রাজ্যেন প্রয়োজনং নাস্তি। অহমেতৎ কৌতূহলং দ্রষ্টুং সমাগতো-ঽস্মি। মমাপি রাজ্যমস্তি। তাভিরুক্তং ভো মহাপুরুষ বয়ং প্রসন্নাঃ

তিনি শুনিয়া, তাঁহার সহিত নির্দ্দিষ্ট স্থানে গমন করিলেন। ঐ সময়ে সূর্য্যও অস্তাচলে সমাগত হইলেন। মধ্যরাত্রিসময়ে সেই দিব্যাঙ্গনা সকল আগমন করিয়া, দেবতার ষোড়শ উপচার বিধান ও নৃত্যাদি দ্বারা তদীয় উপস্থান সমাধান পূর্ব্বক, প্রভাতে যেমন স্বস্থানে প্রত্যাগমন করিবে, সেই সময়ে উহাদের মধ্যে একজন রাজাকে দেখিয়া বলিতে লাগিল, সৌম্য! আইস, আমাদের নগরে যাইবে। রাজা তাহার কথা শুনিয়া, তৎক্ষণাৎ তাহার সহিত নির্গত হইলেন। তখন সমুদায় দিব্যাঙ্গনা তপ্তো-দকমধ্যে প্রবেশপূর্ব্বক সপ্ত পাতালে নিজনগরে গমন করিল। রাজাও তপ্ত উদকমধ্যে নিমগ্ন হইয়া, তাহাদের সহিত গমন করিলেন।

অনন্তর সেই সকল রমণী তাঁহার নীরাজনাদি উপচার বিধান করিয়া, কহিতে লাগিলেন, অয়ি মহাসত্ত্ব! তোমার সদৃশ শৌর্য্যাদিগুণসম্পন্ন কেহ নাই। অতএব তুমি এই রাজ্যের অধিপতি হও। আমরা সকলে তোমার সেবা করিব।

রাজা কহিলেন, আমার এই রাজ্যে প্রয়োজন নাই। আমি কেবল এই কৌতূহল দেখিবার জন্য আসিয়াছি। আমারও রাজ্য আছে।

তাহারা কহিল, মহাপুরুষ! আমরা প্রসন্না হইয়াছি। বর গ্রহণ কর।

স্ম বরং বৃণীষ। রাজ্ঞোক্তং ভবত্যঃ কাঃ। তাভিরুক্তং বয়মষ্টৌ মহাসিদ্ধয়ঃ। তর্হি মহ্যং অষ্টমহাসিদ্ধয়ো দাতব্যাঃ। ততো রাজ্ঞে তাঃ স্ত্রিয়ঃ অষ্টৌ রত্নানি দদুঃ। তান্যেব অণিমাদ্যষ্টগুণযুক্তানি। ততো রাজা তানি রত্নানি গৃহীত্বা যাবদাগচ্ছতি তাবন্মার্গে কশ্চিৎ বৃদ্ধো ব্রাহ্মণঃ সমাগত্য

উষিতো নাভিকমলে হরের্যশ্চতুরাননঃ।
স পাতু সততং যুষ্মান্ বেদানামাদিপাঠকঃ॥ ৫ ॥

যঃ চতুরাননঃ হরেঃ নাভিকমলে উষিতঃ বেদানাং আদিপাঠকঃ স সততং যুষ্মান্ পাতু ॥৫॥

ইত্যাশিষং প্রযুক্তবান্।

ততো রাজ্ঞা পৃষ্টঃ ভো ব্রাহ্মণ কুতঃ সমাগম্যতে। তেন ব্রাহ্মণেনোক্তং অহং চম্পাপুরনিবাসী ব্রাহ্মণঃ বহুকুটুম্বী পরং অত্যন্তদরিদ্রঃ ভার্য্যয়া নির্ভর্ৎসিতো দেশান্তরসমাগতঃ ভো রাজন্ লোকোক্তৌ নীতৌ চ প্রসিদ্ধিঃ যৎ নির্দ্ধনং নরং ভার্য্যাদয়ো পরিত্যজন্তি।

রাজা কহিলেন, আপনারা কে?

তাহারা কহিল, আমরা অষ্ট মহাসিদ্ধি।

রাজা কহিলেন, তবে আমাকে অষ্ট মহাসিদ্ধি দান করুন।

তখন তাহারা তাঁহারে অষ্ট রত্ন দান করিল। সেই রত্ন সকল অণিমাদি অষ্ট গুণ যুক্ত। রাজা সেই রত্নপরম্পরা গ্রহণ করিয়া, আগমন করিতে লাগিলে, পথিমধ্যে কোন বৃদ্ধ ব্রাহ্মণ সমাগত হইয়া, তাঁহারে আশীর্ব্বাদ করিল,

যে চতুরানন হরির নাভিকমলে বাস করিয়াছিলেন, এবং যিনি বেদ সকলের আদিপাঠক, তিনি আপনাকে সতত পালন করুন॥ ৫ ॥

রাজা তাঁহারে জিজ্ঞাসিলেন, বিপ্র! কোথা হইতে আসিতেছেন?

ব্রাহ্মণ কহিলেন, আমি চম্পানগরনিবাসী ব্রাহ্মণ। আমার অনেক পরিবার। কিন্তু আমি অত্যন্ত দরিদ্র। ভার্য্যার নির্ভর্ৎসনায় দেশান্তরে আগমন করিয়াছি। রাজন্! লোকপ্রবাদ ও নীতিশাস্ত্র, উভয়ত্রই প্রসিদ্ধি আছে, ধনহীন হইলে, ভার্য্যাদিরা তাহারে বর্জ্জন করিয়া থাকে।

উক্তঞ্চ

স্বামী বেশসুবেশিতোপি বহুশঃ প্রোক্তোতি সদ্বান্ধবৈ-
র্দ্যোতন্তং সগুণাস্ত্যজন্তি মনুজং স্ফারীভবন্ত্যাপদঃ।
ভার্য্যা সাধু সুবংশজা ন ভজতে নো যান্তি মিত্রাণি চ
ন্যায়ারোপিতবিক্রমানপি নরান্ যেষাং ন হি স্যাদ্ধনম্ ॥৬॥

যেষাং ধনং ন হি স্যাৎ স্বামী বেশসুবেশিতঃ অপি সৎবান্ধবৈঃ বহুশঃ অতি প্রোক্তঃ সগুণাঃ দ্যোতন্তং মনুজং ত্যজন্তি আপদঃ স্ফারীভবন্তি ন্যায়ারোপিতবিক্রমান্ অপি নরান্ সুবংশজা ভার্য্যা সাধু ন ভজতে মিত্রাণি চ ন যান্তি ॥ ৬ ॥

তথাচ

গুরুঃ সুরূপঃ সুভগস্তু বাগ্মী
শাস্ত্রাণি চাস্ত্রাণি বিদাংবরস্তু।
অর্থং বিনা নৈব কলাকলাপং
প্রাপ্নোতি মর্ত্ত্যো হি মনুষ্যলোকে ॥ ৭ ॥

গুরুঃ সুরূপঃ সুভগঃ তু বাগ্মী শাস্ত্রাণি চ অস্ত্রাণি বিদাংবরঃ তু মর্ত্ত্যঃ হি মনুষ্যলোকে অর্থং বিনা কলাকলাপং এব ন প্রাপ্নোতি ॥ ৭ ॥

তথাহি, নির্দ্দিষ্ট হইয়াছে,

যাহাদের ধন নাই, তাহারা বেশভূষায় ভূষিত ও ভূপদে অধিষ্ঠিত হইলেও, সৎবান্ধবগণ তাহাদের অনুযোগ করে। অধিক কি, তাহারা গুণবান্ হইলেও, সগুণ ব্যক্তিগণ তাহাদিগকে ত্যাগ করে এবং তাহাদের বিপদ সংবর্দ্ধিত হইয়া থাকে। এবং তাহারা ন্যায়তঃ বিক্রমসম্পন্ন হইলেও, তাহাদিগকে সুবংশজা পত্নীও সম্যক্ আলিঙ্গনাদি করে না এবং মিত্রেরাও তাহাদের ত্রিসীমায় যায় না ॥ ৬ ॥

পুনশ্চ, গুরু ও সুরূপ, সুভগ ও বাগ্মী, অস্ত্র ও শস্ত্রবিদ্গণের বরিষ্ঠ, এরূপ ব্যক্তিও অর্থহীন হইলে, মনুষ্যলোকে কখনই কলাকলাপ প্রাপ্ত হয় না ॥ ৭ ॥

কিঞ্চ

তানীন্দ্রিয়াণ্যবিকলানি তদেব নাম
সা বুদ্ধিরপ্রতিহতা বচনং তদেব।
অর্থোষ্মণা বিরহিতঃ পুরুষঃ স এব
সোঽপ্যন্য এব ভবতীতি কিমত্র চিত্রম্ ॥ ৮ ॥

অবিকলানি তানি ইন্দ্রিয়াণি তৎ এব নাম অপ্রতিহতা সা বুদ্ধিঃ তৎ এব বচনং স এব পুরুষঃ অর্থোষ্মণা বিরহিতঃ সঃ অপি অন্যঃ এব ভবতি ইতি অত্র কিং চিত্রম্ ॥ ৮ ॥

রাজা তস্য বচনং শ্রুত্বা অতিসন্তুষ্টঃ অষ্টৌ রত্নানি দদৌ। স চ রাজানং স্তুত্বা নিজনগরং জগাম। রাজাপ্যুজ্জয়িনীং প্রতি সমাগতঃ।

ইমাং কথাং কথয়িত্বা পুত্তলিকা রাজানমবদৎ ভো রাজন্ তবেদৃশং ধৈর্য্যং শৌর্য্যাদিকং অস্তি চেৎ তর্হি অস্মিন্ সিংহাসনে সমুপবিশ।

তৎ শ্রুত্বা রাজা তূষ্ণীং স্থিতঃ।

ইতি একবিংশোপাখ্যানম্।

অপিচ, স্বকার্য্যপটু সেই সকল ইন্দ্রিয়, সেই নাম, সেই অপ্রতিহত বুদ্ধি এবং সেই বাক্য, ইত্যাদি সমস্ত সত্বেও, যদি ধনের উষ্মা (গরমী) না থাকে, তাহা হইলে, সেই পুরুষই আর-একরূপ হইয়া যায়। এ বিষয়ে আর বিচিত্রতা কি? ॥ ৮ ॥

রাজা তাঁহার কথা শুনিয়া, অতিসন্তুষ্ট হইয়া, উল্লিখিত অষ্ট রত্ন দান করিলেন। ব্রাহ্মণ তাঁহার স্তব করিয়া, নিজ নগরে গেলেন। রাজাও উজ্জয়িনীর প্রতি সমাগত হইলেন।

পুত্তলিকা এই কথা কহিয়া, রাজারে বলিল, রাজন্! আপনার যদি এইপ্রকার ধৈর্য্য ও শৌর্য্যাদি থাকে, তাহা হইলে, এই সিংহাসনে উপবেশন করুন। তাহা শুনিয়া, ভোজরাজ মৌনী হইয়া রহিলেন।

একবিংশ উপাখ্যান সমাপ্ত।

অথ দ্বাবিংশোপাখ্যানম্।

পুনরপি রাজা সিংহাসনে যদা সমুপবিশতি তাবদন্যয়া পুত্তলিকয়োক্তঃ ভো রাজন্ অস্মিন্ সিংহাসনে তেনোপবেষ্টব্যং যস্য বিক্রমস্যেবৌদার্য্যাদয়ো গুণা ভবন্তি।

রাজ্ঞোক্তং ভো পুত্তলিকে কথয় তস্য বিক্রমস্যৌদার্য্যবৃত্তান্তম্।

সা অব্রবীৎ ভো রাজন শৃণু বিক্রমাদিত্যো রাজা রাজ্যং প্রতিপালয়ন্ একদা পৃথিবীপর্য্যটনার্থং নির্গত্য নানাবিধাঃ তীর্থযাত্রা দেবালয়ং পুরপর্ব্বতাদিকং দৃষ্ট্বা কদাচিন্মহারত্নপ্রাকারপরিবৃতমভ্রংলিহপ্রাসাদোপশোভিতমনেকশিবালয়হরিমন্দিরসহিতমেকং নগরমপশ্যৎ। তত্র নগরবাহ্যস্থিতং বিষ্ণুগৃহং গত্বা তত্র স্থিতে সরোবরে স্নাত্বা নমস্কৃত্য

ময়া কিং জ্ঞায়তে নাথ মাহাত্ম্যং পরমং তব।
ন জানাতি পরো ব্রহ্মা হরিং বাচামগোচরম্ ॥ ১ ॥

নাথ ময়া তব পরমং মাহাত্ম্যং কিং জ্ঞায়তে পরঃ ব্রহ্মা বাচাং অগোচরং হরিং ন জানাতি ॥ ১ ॥

পুনরায় রাজা সিংহাসনে সমুপবেশন করিতে উদ্যত হইলে, অপর পুত্তলিকা কহিতে লাগিল, রাজন্! যে ব্যক্তি রাজা বিক্রমের ন্যায়, ঔদার্য্যাদিগুণবিশিষ্ট, তিনিই এই সিংহাসনে বসিবার উপযুক্ত।

রাজা কহিলেন, পুত্তলিকে! সেই বিক্রমের ঔদার্য্য...ন্ত কীর্ত্তন কর।

পুত্তলিকা কহিল, রাজন্! শ্রবণ করুন। রাজা বিক্রমাদিত্য রাজ্য করিতে করিতে, একদা পৃথিবীপর্য্যটনার্থ নির্গত হইয়া, নানাবিধ তীর্থযাত্রা, দেবালয়, পুর ও পর্ব্বতাদি দর্শন করিয়া, কদাচিৎ বিশাল-রত্নময়-প্রাচীর-পরিবৃত, অভ্রভেদী-প্রাসাদ-শোভিত, অনেকবিধ শিবালয় ও হরিমন্দির সহিত, এক নগর নয়নগোচর করিলেন। সেই নগরের বাহ্যস্থিত বিষ্ণুমন্দিরে গমন করিয়া, তত্রস্থ সরোবরে স্নান ও বিষ্ণুকে নমস্কার করত, বলিতে লাগিলেন,

নাথ! আপনি বাক্যের অগোচর ও চরাচরের সংহারকর্ত্তা। স্বয়ং ব্রহ্মাও আপনারে জানেন না। অতএব আমি কিরূপে আপনার পরম মাহাত্ম্য অবগত হইব ॥ ১ ॥

নান্যং ভজামি ন বদামি ন চাশ্রয়ামি
নান্যং শৃণোমি ন পঠামি ন চিন্তয়ামি।
ভক্ত্যা ত্বদীয়চরণাম্বুজমাদরেণ
শ্রীশ্রীনিবাসপুরুষোত্তম দেহি দাস্যম্॥ ২॥

ন অন্যং ভজামি ন বদামি ন চ আশ্রয়ামি ন অন্যং শৃণোমি ন পঠামি ন চিন্তয়ামি আদরেণ ভক্ত্যা ত্বদীয়চরণাম্বুজং ভজামি শ্রীশ্রীনিবাস পুরুষোত্তম দাস্যং দেহি॥ ২॥

ইত্যাদি বাক্যৈঃ স্তুত্বা রঙ্গমণ্ডপে উপবিষ্টং ব্রাহ্মণং রাজা অবদৎ ভো ব্রাহ্মণ কুতঃ সমাগতোঽসি। ব্রাহ্মণোঽবদৎ অহং কশ্চিৎ তীর্থযাত্রিকঃ পৃথ্বীবিপর্য্যটনং করোমি। ভবান্ কুতঃ সমাগতঃ। রাজ্ঞা ভণিতং অহং ভবাদৃশঃ কশ্চিৎ তীর্থযাত্রিকঃ। ব্রাহ্মণেন সম্যক্ বিলোক্য ভণিতং ভো নৈবং অতীবতেজস্বী দৃশ্যসে রাজলক্ষণানি সর্ব্বাণ্যপি ত্বয়ি দৃশ্যন্তে ত্বং রাজরাজঃ সিংহাসনযোগ্যঃ পৃথিবীপর্য্যটনং কিমর্থং করোষি। অথবা শিরসি লিখিতং কো বা লঙ্ঘয়তি।

হে শ্রীশ্রীনিবাস! হে পুরুষোত্তম! আমি আপনারই পাদপদ্ম ভক্তিভরে ও আদরসহকারে ভজনা করিয়া থাকি। তদ্ব্যতীত, আর কাহারও ভজনা করি না, কীর্ত্তন করি না, আশ্রয় করি না, শ্রবণ করি না, পাঠ করি না এবং মনেও করি না। অতএব আমারে দাস্য প্রদান করুন॥ ২॥

ইত্যাদি বাক্যপ্রয়োগপুরঃসর স্তব করিয়া, রঙ্গমণ্ডপে উপবিষ্ট ব্রাহ্মণকে কহিলেন, বিপ্র! আপনি কোথা হইতে আসিতেছেন?

ব্রাহ্মণ বলিলেন, আমি কোন তীর্থযাত্রিক। পৃথ্বীপর্য্যটন করিয়া থাকি। আপনি কোথা হইতে আসিলেন?

রাজা কহিলেন, আমিও আপনার ন্যায়, কোন তীর্থযাত্রিক।

ব্রাহ্মণ এই কথায় সম্যক্ রূপে তাঁহারে দর্শন করিয়া, কহিলেন, না, আপনি তীর্থযাত্রিক নহেন। কেননা, আপনাকে অতীবতেজস্বী দেখিতেছি। এবং আপনাতে সমস্ত রাজলক্ষণও লক্ষিত হইতেছে। আপনি রাজার রাজা এবং তদনুরূপ সিংহাসনে বসিবার যোগ্যপাত্র। কিজন্য পৃথিবী পর্য্যটন করিবেন? অথবা কপালের লিখন কেইবা খণ্ডন করিতে পারে?

তথাহি

হরিণাপি হরেণাপি ব্রহ্মণাপি সুরৈরপি।
ললাটে লিখিতা রেখা ন শক্যা পরিমার্জ্জিতুম্ ॥ ৩ ॥

ললাটে লিখিতা রেখা হরিণা অপি হরেণ অপি ব্রহ্মণা অপি সুরৈঃ অপি পরিমার্জ্জিতুং ন শক্যা ॥ ৩ ॥

তস্য বচনং রাজ্ঞাপ্যঙ্গীকৃতং কুতঃ যুক্তিযুক্তবিশিষ্টং হি তৎ।

যুক্তিযুক্তং উপাদেয়ং বচনং বালকাদপি।
বিভুনাপি সদা গ্রাহ্যং বৃদ্ধাদপি ন দুর্ব্বচঃ ॥ ৪ ॥

বিভুনা অপি বালকাৎ অপি যুক্তিযুক্তং বচনং সদা উপাদেয়ং বৃদ্ধাৎ অপি দুর্ব্বচঃ ন গ্রাহ্যম্ ॥৪॥

ভো ব্রাহ্মণ কিমর্থং অতিশ্রান্ত ইব দৃশ্যতে। তেনোক্তং শ্রমকারণং কিং কথয়ামি। রাজা অবদৎ কথ্যতাং কষ্টস্য কারণং। ব্রাহ্মণঃ কথয়তি শ্রূয়তাং ভো রাজন্ অত্র সমীপে নীলো নাম পর্ব্বতোঽস্তি। তত্র কামাক্ষী নাম দেবতাস্তি। তত্র পাতালবিবরদ্বারং পিনদ্ধমস্তি। তৎ কামাক্ষীমন্ত্রজপেন সমুদ্ঘাট্যতে। মন্ত্রমধ্যে রসস্য কুণ্ডমস্তি।

তথাহি, কপালের লিখিত রেখা পরিমার্জ্জন করিতে, হরিরও, হরেরও, ব্রহ্মারও ও সুরগণেরও শক্তি নাই ॥ ৩ ॥

তাঁহার এই কথা রাজাও স্বীকার করিলেন। কেননা ঐ কথা সর্ব্বথা যুক্তিযুক্ত ও প্রকৃষ্টভাবাপন্ন। তথাহি,

বালক হইতেও যুক্তিযুক্ত বাক্য গ্রহণ করিবে। আর বৃদ্ধও যদি অযৌক্তিক কথা বলে, তাহা কখনই গ্রাহ্য করিবে না ॥ ৪ ॥

রাজা বলিলেন, ব্রাহ্মণ! কিজন্য আপনাকে অতিশ্রান্তের ন্যায়, দেখা যাইতেছে।

তিনি কহিলেন, শ্রান্তির কারণ আর কি বলিব?

রাজা কহিলেন, কষ্টের কারণ কীর্ত্তন করুন।

ব্রাহ্মণ বলিতে লাগিলেন, রাজন্! শ্রবণ করুন। ইহারই সমীপে নীলনামক পর্ব্বত আছে। তথায় কামাক্ষীনামে দেবতা বিরাজ করিতেছেন। ঐ স্থানে পাতালবিবরের দ্বার আবৃত আছে। সেই কামাক্ষীর মন্ত্র জপ করিবামাত্র, ঐ দ্বার সমুদ্ঘাটিত হইয়া থাকে। মন্ত্রমধ্যে রসের কুণ্ড

তেন রসেন অষ্টৌ ধাতবঃ সুবর্ণাদয়ঃ ভবন্তি। ময়া দ্বাদশবর্ষপর্য্যন্তং কামাক্ষীমন্ত্রজপঃ কৃতঃ পরং বিবরদ্বারং নোদ্ঘাট্যতে ইতি। তাবদেব তদ্বচনং শ্রুত্বা রাজা যাবৎ কণ্ঠে খড়্গাং নিক্ষিপতি তাবদ্-দেবতয়োক্তং তবাহং প্রসন্নাস্মি বরং বৃণীষ্ব।

রাজ্ঞোক্তং ভো দেবি যদি প্রসন্নাসি তর্হি অস্মৈ ব্রাহ্মণায় রসং প্রযচ্ছ। দেবতাপি তথাস্ত্বিত্যুক্ত্বা বিলদ্বারং সমুদ্ঘাট্য ব্রাহ্মণায় রসং দদৌ। সোঽপি ব্রাহ্মণো রাজানং স্তুত্বা নিজনগরং জগাম। রাজা চ নিজনগরীমগাৎ।

ইতি কথাং কথয়িত্বা পুত্তলিকা ভোজরাজানমবদৎ ভো রাজন্ ত্বয়ি এবং ধৈর্য্যং ঔদার্য্যং বিদ্যতে যদি তর্হি অস্মিন্ সিংহাসনে সমুপবিশ।

রাজা তূষ্ণীম্বভূব।

ইতি দ্বাবিংশোপাখ্যানম্।

আছে। সেই রস হইতে অষ্ট সুবর্ণাদি ধাতু প্রাদুর্ভূত হয়। আমি দ্বাদশ-বর্ষ পর্য্যন্ত কামাক্ষী-মন্ত্র জপ করিয়াছি। কিন্তু বিবরদ্বার উদ্ঘাটন করিতে পারি নাই।

রাজা তাঁহার কথা শ্রবণমাত্র তৎক্ষণে কণ্ঠে খড়্গ নিক্ষেপ করিতে উদ্যত হইলে, দেবতা কহিলেন, আমি তোমার প্রতি প্রসন্না হইয়াছি। বর লও।

রাজা কহিলেন, দেবি! যদি প্রসন্না হইয়া থাকেন, তাহা হইলে, এই ব্রাহ্মণকে রস প্রদান করুন।

দেবতা, তথাস্তু, বলিয়া, বিলদ্বার সমুদ্ঘাটিত করিয়া, ব্রাহ্মণকে রস দান করিলেন। তখন ব্রাহ্মণ রাজার স্তব করিয়া, নিজ নগরে গমন করিলেন। রাজাও আপনার নগরীতে সমাগত হইলেন।

পুত্তলিকা এই উপাখ্যান সমাপন করিয়া, ভোজরাজকে কহিল, রাজন্! আপনাতে যদি এইরূপ ধৈর্য্য ও ঔদার্য্য থাকে, তাহা হইলে, এই সিংহাসনে উপবেশন করুন।

রাজা তূষ্ণীম্ভাব অবলম্বন করিলেন।

দ্বাবিংশ উপাখ্যান সমাপ্ত।

অথ ত্রয়োবিংশোপাখ্যানম্।

পুনরপি রাজা সিংহাসনে যাবৎ উপবেষ্টুং প্রযততে তাবৎ পুত্তলিকা ভণতি ভো রাজন্ এতৎ সিংহাসনমধিরোঢ়ুং স এব যোগ্যো ভবতি যস্য বিক্রমবদৌদার্য্যং অস্তি।

রাজ্ঞোক্তং ভো পুত্তলিকে কথয় তস্য বিক্রমস্যৌদার্য্যবৃত্তান্তম্। পুত্তলিকা কথয়তি শ্রূয়তাং রাজন্ একদা রাজা বিক্রমার্কো মহীং পরিভ্রম্য নিজনগরং সমাগতঃ। নগরবাসিনাং সর্ব্বেষাং জনানাং মহানন্দোঽভূৎ। রাজা স্বভবনং প্রবিশ্য মধ্যাহ্নসময়ে অভ্যঙ্গ-স্নানাদিকং কৃত্বা চন্দনবস্ত্রাদিভিরলঙ্কৃতঃ সন্ দেবভবনং প্রবিষ্টঃ। দেবস্য ষোড়শোপচারং বিধায় চ স্তুতিং করোতি

ত্বমেব মাতা চ পিতা ত্বমেব ত্বমেব বন্ধুশ্চ সখা ত্বমেব।
ত্বমেব বিদ্যা দ্রবিণং ত্বমেব ত্বমেব সর্ব্বং মম দেবদেব ॥১॥

দেবদেব ত্বং এব মাতা চ ত্বং এব পিতা ত্বং এব বন্ধুঃ চ ত্বং এব সখা ত্বং এব বিদ্যা ত্বং এব দ্রবিণং ত্বং এব মম সর্ব্বম্ ॥ ১ ॥

পুনরপি ভোজরাজ সিংহাসনে বসিতে যত্নপর হইলে, অন্য পুত্তলিকা কহিতে লাগিল, রাজন্! এই সিংহাসনে তাঁহারই কেবল বসিবার যোগ্যতা আছে, যিনি বিক্রমাদিত্যের ন্যায়, ঔদার্য্যবিশিষ্ট

ভোজরাজ কহিলেন, পুত্তলিকে! সেই বিক্রমাদিত্যের ঔদার্য্যবৃত্তান্ত কীর্ত্তন কর।

পুত্তলিকা বলিল, রাজন্! শ্রবণ করুন। একদা রাজা বিক্রমার্ক পৃথিবী পর্য্যটন করিয়া, নিজনগরে সমাগত হইলেন। নগরবাসী ব্যক্তি-মাত্রেরই পরম আহ্লাদ উপজাত হইল। রাজা স্বভবনে প্রবেশ করিয়া, মধ্যাহ্নসময়ে অভ্যঙ্গস্নানাদি করত, চন্দন ও বস্ত্রাদিতে অলঙ্কৃত হইয়া, দেব-ভবনে প্রবেশ করিলেন। এবং দেবতার ষোড়শ উপচার বিধান করিয়া, তাঁহার স্তব করিতে লাগিলেন,

হে দেবদেব! আপনিই মাতা, আপনিই পিতা, আপনিই বন্ধু, আপনিই সখা, আপনিই বিদ্যা, আপনিই ধন; এইরূপে আপনিই আমার সমুদায় ॥ ১ ॥

ইতি দেবং স্তুত্বা নমস্কৃত্য ব্রাহ্মণেভ্যঃ কপিলাভূতিলাদিদানানি দত্ত্বা তদনন্তরং দীনান্ধবধিরকুব্জপঙ্গ্বনাথাদিভ্যো ভূরি দানং দত্ত্বা ভোজনগৃহং প্রবিষ্টো বালস্ববাসিনীবৃদ্ধাদীন্ সম্ভোজ্য স্বয়মন্যৈর্ব্বন্ধুভিঃ সহ ভুক্তবান্।

তথাচ উচ্যতে

বালস্ববাসিনীবৃদ্ধান্ গর্ভিণ্যাতুরকন্যকাম্।
সম্ভোজ্যাতিথিভৃত্যাংশ্চ দম্পত্যোঃ শেষভোজনম্ ॥ ২ ॥

বালস্ববাসিনীবৃদ্ধান্ গর্ভিণ্যাতুরকন্যকাং অতিথিভৃত্যান্ চ সম্ভোজ্য দম্পত্যোঃ শেষভোজনম্ ॥ ২ ॥

এক এব ন ভুঞ্জীত য ইচ্ছেৎ সিদ্ধিমাত্মনঃ।
দ্বাত্রিভির্ব্বহুভিঃ সার্দ্ধং ভোজনং কারয়েন্নরঃ ॥ ৩ ॥

যঃ নরঃ আত্মনঃ সিদ্ধিং ইচ্ছেৎ এক এব ন ভুঞ্জীত দ্বাত্রিভিঃ বহুভিঃ সার্দ্ধং ভোজনং কারয়েৎ ॥ ৩ ॥

অভীষ্টফলসংসিদ্ধিস্তুষ্টিঃ কাম্যং সুসম্পদঃ।
দ্বাত্রিভির্ব্বহুভিঃ সার্দ্ধং ভোজনে তু প্রজায়তে ॥ ৪ ॥

দ্বাত্রিভিঃ বহুভিঃ সার্দ্ধং ভোজনে অভীষ্টফলসংসিদ্ধিঃ তুষ্টিঃ কাম্যং সুসম্পদঃ প্রজায়তে তু ॥ ৪ ॥

এইরূপে দেবতার স্তব ও প্রণাম করিয়া, ব্রাহ্মণদিগকে কপিলা, ভূমি ও তিলাদি দান করত, পরে দীন, অন্ধ, বধির, কুব্জ, পঙ্গু ও অনাথ প্রভৃতিকে প্রচুর দান করিলেন। অনন্তর ভোজনগৃহে প্রবিষ্ট হইয়া, বালক, পিতৃগৃহবাসিনী বালিকা ও বৃদ্ধাদিকে সম্যগ্রূপে ভোজন করাইয়া, স্বয়ং অন্যান্য বন্ধুবর্গের সহিত ভোজন করিলেন। তথাহি,

বালক, পিতৃগৃহস্থ বালিকা, বৃদ্ধ, গর্ভিণী, আতুর, অতিথি ও ভৃত্যদিগকে সম্যক্ রূপে ভোজন করাইয়া, দম্পতী শেষ ভোজন করিবে ॥ ২ ॥

যে ব্যক্তি আপনার সিদ্ধি কামনা করেন, তিনি একাকী ভোজন করিবেন না। দুই, তিন বা বহু ব্যক্তির সহিত ভোজন করিবেন ॥ ৩ ॥

ঐরূপে দুই, তিন বা বহুর সহিত ভোজন করিলে, অভীষ্ট ফল সম্যক্ রূপে সিদ্ধ, সন্তোষলাভ, কামনার বিষয় হস্তগত এবং পরমসমৃদ্ধিসংগ্রহ হইয়া থাকে ॥ ৪ ॥

ততো ভোজনানন্তরং কিঞ্চিৎকালং বিশ্রাম্য সমুপবিষ্টঃ।

উক্তঞ্চ

ভুক্ত্বোপবিশতো হ্যেবং ভুক্ত্বা সংবিশতঃ সুখম্।
আয়ুষ্যং ক্রমমাণস্য মৃত্যুর্দ্ধাবতি ধাবতঃ ॥ ৫ ॥

ভুক্ত্বা উপবিশতঃ এবং ভুক্ত্বা সংবিশতঃ সুখং ক্রমমাণস্য আয়ুষ্যং ধাবতঃ মৃত্যুঃ ধাবতি ॥ ৫ ॥

অন্যচ্চ

অত্যম্বুপানাদ্বিষমাশনাচ্চ দিবাশয়াজ্জাগরণাচ্চ রাত্রৌ।
সংরোধনান্মূত্রপুরীষয়োশ্চ ষড়্‌বিপ্রকারেণ ভবন্তি রোগাঃ ॥৬॥

অত্যম্বুপানাৎ বিষমাশনাৎ চ দিবাশয়াৎ রাত্রৌ জাগরণাৎ চ মূত্রপুরীষয়োঃ সংরোধনাৎ চ ষড়্‌বিপ্রকারেণ রোগাঃ ভবন্তি ॥ ৬ ॥

তদনন্তরং সন্ধ্যাকালে তাৎকালিকং কর্ম্ম বিধায় ভোজনং কৃত্বা শয়নস্থানমাগতঃ। তত্র শশিকরনিকরশুক্লপ্রভপ্রচ্ছদপরিস্তীর্ণে কুন্দমল্লিকাশতপত্রাদিকুসুমবিকীর্ণে মঞ্চকে স্থিত্বা সুপ্তঃ। প্রভাত-সময়ে স্বপ্নে রাজা স্বয়মাত্মানং মহিষারূঢ়ং দক্ষিণাং দিশং গচ্ছন্তং

অনন্তর রাজা ভোজনানন্তর কিঞ্চিৎকাল বিশ্রাম করিয়া, সমুপবেশন করিলেন। তথাহি, বলিয়াছেন,

ভোজন করিয়া, উপবেশন করিলে, যেমন সুখসংঘটন হয়, সংবেশন করিলেও, সেইরূপ হইয়া থাকে। আবার, ভোজন করিয়া, দুই এক পদ গমন করিলেও, স্বাস্থ্যলাভ হয়। কিন্তু ধাবন করিলে, মৃত্যু তাহার অগ্রে অগ্রে ধাবমান হইয়া থাকে ॥ ৫ ॥

অপিচ, অতিমাত্র জলপান, বিষম আহার, দিবসে শয়ন, রাত্রিতে জাগরণ এবং মলমূত্রের সংরোধন, এই ছয়প্রকার বিরুদ্ধ ব্যবহার দ্বারা রোগ সকল সমুৎপন্ন হয় ॥ ৬ ॥

তদনন্তর রাজা সন্ধ্যাকালে তাৎকালিক কর্ম্ম বিধান ও ভোজন সমাধান করিয়া, শয়নস্থানে সমাগত হইলেন। তথায় শশিকর-নিকরের ন্যায়, বিশুদ্ধ-প্রভাবিশিষ্ট আচ্ছাদনবস্ত্র দ্বারা আস্তীর্ণ, কুন্দ, মল্লিকা ও শতপত্রাদি কুসুমসমূহে বিকীর্ণ মঞ্চকে শয়ন করিয়া, নিদ্রা গেলেন। প্রভাতসময়ে স্বপ্নে রাজা স্বয়ং আত্মাকে মহিষারোহণে দক্ষিণ দিকে গমন করিতে

দৃষ্ট্বা সহসা বিষ্ণুং স্মরন্ সমুপবিষ্টঃ। প্রভাতসময়ে সন্ধ্যাকর্ম্ম সমনুষ্ঠায় সিংহাসনে সমুপবিষ্টো ব্রাহ্মণানাং পুরতঃ স্বপ্নবৃত্তান্তং অকথয়ৎ। তৎ শ্রুত্বা সর্ব্বজ্ঞেনোক্তং ভো রাজন্ স্বপ্নাস্তু দ্বিবিধাঃ সন্তি কেচন শুভাশুভং ফলং প্রযচ্ছন্তি কেচন অশুভাঃ অরিষ্টং প্রযচ্ছন্তি। তত্র শুভাঃ স্বপ্নাঃ গজারোহণং প্রাসাদারোহণং রোদনং মরণং অগম্যাগমনং ছত্রচামরসমুদ্রব্রাহ্মণগঙ্গাপতিব্রতাশঙ্খসুবর্ণসন্দর্শনাদয়শ্চ।

উক্তঞ্চ

আরোহণং গোবৃষকুঞ্জরাণাং প্রাসাদশৈলাগ্রবনস্পতীনাম্।
বিষ্ঠানুলেপো রুদিতং মৃতঞ্চ স্বপ্নে হ্যগম্যাগমনঞ্চ ধন্যম্ ॥৭॥

স্বপ্নে গোবৃষকুঞ্জরাণাং প্রাসাদশৈলাগ্রবনস্পতীনাং আরোহণং বিষ্ঠানুলেপঃ রুদিতং মৃতং চ অগম্যাগমনং চ ধন্যম্ ॥ ৭ ॥

অশুভং ফলঞ্চ মহিষারোহণং খরারোহণং কণ্টকবৃক্ষারোহণং ভস্মকার্পাসধূম্রব্যাঘ্রসর্পবরাহবানরাদিসন্দর্শনং।

দেখিয়া, সহসা বিষ্ণু স্মরণ করত, উঠিয়া বসিলেন। অনন্তর প্রভাতকালীন সন্ধ্যাকৃত্য সম্যগ্‌বিধানে বিধান করিয়া, সিংহাসনে উপবিষ্ট হইয়া, ব্রাহ্মণবর্গের সমক্ষে স্বপ্নবৃত্তান্ত কীর্ত্তন করিলেন।

তাহা শুনিয়া সর্ব্বজ্ঞ কহিলেন, রাজন্! স্বপ্ন সকল দুই ভাগে বিভক্ত। তদনুসারে কোন স্বপ্ন শুভাশুভ ফল প্রদান করে এবং কোন কোন স্বপ্ন অরিষ্ট সংঘটন করিয়া থাকে। তন্মধ্যে শুভ স্বপ্ন সকল গজারোহণ, প্রাসাদারোহণ, রোদন, মরণ, অগম্যাগমন এবং ছত্র, চামর, সমুদ্র, ব্রাহ্মণ, গঙ্গা, পতিব্রতা, শঙ্খ ও সুবর্ণ সন্দর্শনাদি, অর্থাৎ যে সকল স্বপ্নে গজারোহণাদি উল্লিখিত ব্যাপারপরম্পরা সংঘটিত হয়, তাহাদের নাম শুভস্বপ্ন। তথাহি,

গোবৃষ, কুঞ্জর, প্রাসাদ, পর্ব্বতশেখর, বনস্পতি এই সকলে আরোহণ, বিষ্ঠানুলেপন, রোদন, মরণ, অগম্যাগমন ইত্যাদি ব্যাপারপরম্পরা স্বপ্নে সংঘটিত হইলে, শুভসঞ্চার হয়॥ ৭ ॥

আর, মহিষারোহণ, গর্দ্দভারোহণ, কণ্টকবৃক্ষারোহণ; ভস্ম, কার্পাস, ধূম্র, ব্যাঘ্র, সর্প, বরাহ, বানরাদি সন্দর্শন ইত্যাদি অশুভ স্বপ্নের ফল।

উক্তঞ্চ

খরোষ্ট্রমহিষব্যাঘ্রান্ স্বপ্নে যস্ত্বধিরোহতি।
যণ্মাসাভ্যন্তরে তস্য মৃত্যুর্ভবতি নিশ্চিতম্ ॥ ৮ ॥

যঃ তু স্বপ্নে খরোষ্ট্রমহিষব্যাঘ্রান্ অধিরোহতি তস্য ষণ্মাসাভ্যন্তরে মৃত্যুঃ ভবতি নিশ্চিতম্ ॥ ৮ ॥

অন্যচ্চ

স্বপ্নেষু প্রথমে যামে সংবৎসরবিপাকভাক্।
দ্বিতীয়ে চাষ্টভির্ম্মাসৈস্ত্রিভির্যামৈস্ত্রিমাসকৈঃ।
গোবিসর্জ্জনবেলায়াং সদ্যস্তু ফলমিষ্যতে ॥ ৯ ॥

প্রথমে যামে স্বপ্নেষু সংবৎসরবিপাকভাক্ দ্বিতীয়ে চ অষ্টভিঃ মাসৈঃ ত্রিভিঃ যামৈঃ ত্রিমাসকৈঃ গোবিসর্জ্জনবেলায়াং সদ্যঃ তু ফলং ইষ্যতে ॥ ৯ ॥

কিং বহুনা ভো রাজন্ অয়ং স্বপ্নঃ তবানিষ্টকারী। রাজ্ঞোক্তং ভো ব্রাহ্মণ অস্য দুঃস্বপ্নস্য উপশমনার্থং কিং করণীয়ম্। সর্ব্বজ্ঞ-ভট্টেনোক্তং ত্বং স্নানং বিধায়েজ্যাবেক্ষণং কৃত্বা সর্ব্বমলঙ্কারজাতং সবস্ত্রাদিযুতং ব্রাহ্মণায় দেহি পুনর্ব্বস্ত্রং পরিধায় দেবস্যাভিষেকং

তথাহি,

যে ব্যক্তি স্বপ্নে গর্দ্দভ, উষ্ট্র, মহিষ ও ব্যাঘ্রে অধিরোহণ করে, তাহার ছয় মাসের ভিতরে অবশ্য মৃত্যু হইয়া থাকে ॥ ৮ ॥

অপিচ, প্রথম যামে স্বপ্ন দেখিলে, সংবৎসরে ফললাভ হয়, দ্বিতীয় যামে অষ্টমাসে, তৃতীয় যামে মাসত্রয়মধ্যে এবং গোবিসর্জ্জনসময়ে স্বপ্নদর্শন হইলে, সদ্যই ফল সংঘটন হইয়া থাকে ॥ ৯ ॥

রাজন্! অধিক বলিয়া আর কি হইবে? এই স্বপ্ন আপনার অনিষ্ট সংঘটন করিবে।

রাজা কহিলেন, ব্রাহ্মণ! এই দুঃস্বপ্নের উপশমনার্থ কি করা কর্ত্তব্য।

সর্ব্বজ্ঞভট্ট কহিলেন, আপনি স্নানবিধান ও যাগপরিদর্শন সমাধান করিয়া, সমুদায় অলঙ্কারজাত বস্ত্রাদিসহিত ব্রাহ্মণকে দান করুন। পরে পুনরায় বস্ত্রপরিধান করিয়া, দেবতার অভিষেক করাইয়া, নবরত্নসহায়ে

কারয়িত্বা নবরত্নৈঃ পূজাং বিধেহি ব্রাহ্মণেভ্যো গবাদিদশধান্যানি দেহি অন্ধবধিরপঙ্গুকুব্জানাথাদীন্ ভূরিদানেন সম্ভাবয়। অনেনানুষ্ঠানেন ব্রাহ্মণাশীর্ব্বচনেন চ তব দুঃস্বপ্নজারিষ্টফলনাশায় স্বস্তি ভবিষ্যতি। রাজা এতৎ সর্ব্বং ভট্টবচনং শ্রুত্বা যথোক্তং অনুষ্ঠায় ভূরিদানার্থং দিনত্রয়ং ভাণ্ডারিকমুক্তবান্। ততো যস্য যাবতা ধনেন তৃপ্তির্ভবতি তেন তাবদ্ধনং নীতম্।

ইতি কথাং কথয়িত্বা পুত্তলিকা রাজানমবদৎ ভো রাজন্ ত্বয়ি এবমৌদার্য্যং ধৈর্য্যং বিদ্যতে চেত্তর্হি অস্মিন্ সিংহাসনে সমুপবিশ।

রাজা তূষ্ণীমাসীৎ।

ইতি ত্রয়োবিংশোপাখ্যানম্।

পূজা সমাধান, ব্রাহ্মণদিগকে গবাদি দশধান্য প্রদান এবং অন্ধ, বধির, পঙ্গু, কুব্জ ও অনাথ প্রভৃতিকে ভূরি দান দ্বারা সম্ভাবিত করুন। এই-প্রকার অনুষ্ঠান ও ব্রাহ্মণবর্গের আশীর্ব্বচন দ্বারা আপনার দুঃস্বপ্নজনিত-অরিষ্টফলনাশার্থ স্বস্তিসংঘটন হইবে।

রাজা ভট্টের এই সমস্ত কথা শুনিয়া, যথোক্ত অনুষ্ঠান করিয়া, ভূরিদানার্থ দিনত্রয় ভাণ্ডারিককে কহিলেন। তখন যাহার যাবৎপ্রমাণ ধনে তৃপ্তি-লাভ হইতে পারে, সে সেইপ্রকার ধনই লইয়া গেল।

এই কথা কহিয়া, পুত্তলিকা রাজাকে বলিল, রাজন্! আপনাতে যদি এইপ্রকার ঔদার্য্য ও ধৈর্য্য থাকে, তাহা হইলে, এই সিংহাসনে উপবেশন করুন।

ভোজরাজ চুপ করিয়া রহিলেন।

ত্রয়োবিংশ উপাখ্যান সমাপ্ত।

অথ চতুর্ব্বিংশোপাখ্যানম্।

পুনরপি রাজা সিংহাসনে যাবৎ সমুপবিশতি তাবদন্যা পুত্তলিকা সমবদৎ ভো রাজন্ যস্য বিক্রমস্যৌদার্য্যাদয়ো গুণা ভবন্তি সোঽস্মিন্ সিংহাসনে উপবেষ্টুং ক্ষমঃ।

ভোজেনোক্তং পুত্তলিকে কথয় তস্য বিক্রমস্যৌদার্য্যবৃত্তান্তম্।

সা অব্রবীৎ শ্রূয়তাং রাজন্ বিক্রমাদিত্যস্য বিষয়ে পুরন্দরপুরী নাম নগরী বভূব। তত্র মহাধনিকঃ কশ্চিদ্বণিগাসীৎ। স চতুরঃ পুত্রান্ আহূয়াবাদীৎ ভোঃ পুত্রা ময়ি মৃতে চতুর্ণামেকত্রাবস্থানং ভবতি বা ন বা পশ্চাদ্বিবাদো ভবিষ্যতি তর্হি জীবন্নেব ভবতাং চতুর্ণাং জ্যেষ্ঠানুক্রমেণ ভাগং করোমি। অথ চতুর্ণাং ভাগং কৃত্বা চ মঞ্চাধস্তাচ্চত্বারো ভাগাঃ ময়া নিক্ষিপ্তাঃ সন্তি জ্যেষ্ঠকনিষ্ঠভাগক্রমেণ গৃহ্নীধ্বম্। তথা চ তৈরঙ্গীকৃতম্। ততস্তস্মিন্ পরলোকং

পুনরায় রাজা ভোজ সিংহাসনে যেমন বসিবেন, তেমনি অন্য পুত্তলিকা তাঁহারে কহিল, রাজন্! যে ব্যক্তি বিক্রমার্কের অধিকৃত ঔদার্য্যাদিগুণে অলঙ্কৃত, তিনিই এই সিংহাসনে বসিবার উপযুক্ত।

ভোজরাজ কহিলেন, পুত্তলিকে! সেই রাজা বিক্রমাদিত্যের ঔদার্য্যবৃত্তান্ত কীর্ত্তন কর।

পুত্তলিকা কহিল, রাজন্! শ্রবণ করুন। বিক্রমাদিত্যের অধিকারে পুরন্দরপুরীনামে নগরী ছিল। তথায় কোন মহাধনিক বণিক বাস করিত। সে আপনার চারি পুত্রকে আহ্বান করিয়া কহিল, পুত্রগণ! আমি মরিলে, তোমরা একত্রে থাকিবে, কি, না, থাকিবে; পশ্চাৎ পরস্পর বিবাদ করিবে, এই কারণে জীবিত থাকিতেই, তোমাদের চারিজনকে জ্যেষ্ঠানুক্রমে ভাগ করিয়া দিতেছি। চারি জনের ভাগ করিয়া, আমি মঞ্চের অধোভাগে চারিভাগ নিক্ষেপ করিয়া রাখিলাম। তোমরা জ্যেষ্ঠ-কনিষ্ঠ-ভাগ-ক্রমে তাহা গ্রহণ করিও।

তাহারা তাহাতেই অঙ্গীকার করিল। অনন্তর বণিকের পরলোক

গতে চত্বারো ভ্রাতরো মাসমেকত্র স্থিতাঃ। ততঃ তেষাং স্ত্রীণাং পরস্পরং কলহো জাতঃ। তদনন্তরং তৈর্ব্বিচারিতং কিমর্থং কোলাহলঃ ক্রিয়তে পিত্রা জীবতৈব পূর্ব্বং চতুর্ণাং বিভাগঃ কৃতোঽস্তি। তন্মঞ্চাধঃস্থিতং বিভাগক্রমং গৃহীত্বা বিভক্তাঃ সন্তঃ সুখেন তিষ্ঠাম ইত্যুক্ত্বা যাবন্মঞ্চাধঃ খনন্তি তাবচ্চতুর্ণাং পাদানাং অধশ্চত্বারি সংপুটানি দৃষ্টানি। তেষাং মধ্যে একত্র সংপুটে মৃত্তিকাভূৎ একত্র অঙ্গারা আসন্ অন্যস্মিন্ সংপুটে অস্থীনি স্থিতানি একত্র পলালপুঞ্জঃ স্থিতঃ। এতৎ চতুষ্টয়ং দৃষ্ট্বা তে চত্বারঃ পরস্পরং বিস্ময়ং গতাঃ প্রোচুঃ অহো অস্মাৎ পিতৃকৃতসম্যগ্বিভাগক্রমাৎ অর্থবিভাগক্রমঃ কেন জ্ঞায়তে ইত্যুক্ত্বা রাজসভামপশ্যন্ তস্যাঃ পুরতো নিবেদিতো বৃত্তান্তঃ সর্ব্বৈর্ব্বিভাগক্রমো ন জ্ঞাতঃ। পুনশ্চত্বারঃ ভ্রাতরো যত্র যত্র জ্ঞাতারঃ সন্তি তেষাং পুরতঃ অমুং বৃত্তান্তং নিবেদয়ন্তিস্ম। পরং কোঽপি নির্ণয়ং কর্ত্তুং ন শশাক।

হইলে, চারি ভ্রাতা একমাস একত্রে থাকিল। পরে তাহাদের পত্নীগণের মধ্যে পরস্পর কলহ উপস্থিত হইল। তদনন্তর তাহারা বিচার করিল, কিজন্য কোলাহল করিতেছি। পিতা জীবিত থাকিতেই, পূর্ব্বে চারি জনের ভাগ করিয়া রাখিয়াছেন। অতএব আমরা মঞ্চের অধঃস্থিত বিভাগক্রম গ্রহণ করিয়া, বিভক্ত হইয়া, সুখে অবস্থিতি করিব।

এই বলিয়া তাহারা মঞ্চের অধোদেশখননে প্রবৃত্ত হইলে, তাহার চারি পাদের নিম্নে চারিটী সংপুট দেখিতে পাইল। তাহাদের মধ্যে একতর সংপুটে মৃত্তিকা রহিয়াছে। অন্যতর সংপুটে অঙ্গার, অপর সংপুটে অস্থি এবং আর এক সংপুটে পলালপুঞ্জ সংস্থাপিত আছে। এই সংপুটচতুষ্টয় দর্শন করিয়া, তাহারা চারি জনে বিস্ময়াবিষ্ট হইয়া, পরস্পর বলিতে লাগিল, অহো, কোন্ ব্যক্তি পিতার কৃত এই সম্যগ্রূপ বিভাগক্রম হইতে অর্থ-বিভাগক্রম অবগত হইবে!

এইপ্রকার কহিয়া, তাহারা রাজসভা দর্শন করিয়া, তাহার গোচরে এই বৃত্তান্ত নিবেদন করিল। কিন্তু কেহই মীমাংসা করিতে পারিল না।

একদা উজ্জয়িনীং সমাগতাঃ। রাজসভামাগত্য রাজ্ঞঃ সভায়াশ্চ পুরতো বিভাগবৃত্তান্তমকথয়ন্। ততো রাজ্ঞঃ সভয়া বিভাগক্রমো ন জ্ঞাতঃ। তদনন্তরং একদা অন্যনগরমগমন্ তত্রত্যানাং মহাজনানাং পুরতো ভণিতুমারব্ধং তৈরপি নির্ণয়ো ন জ্ঞাতঃ। তস্মিন্ সময়ে কুম্ভকারগৃহে স্থিতঃ শালিবাহনো অমুং বৃত্তান্তমাকর্ণ্য তত্রগতান্ মহাজনান্ প্রতি ভণতিস্ম ভোঃ সভ্যাঃ কিমত্র দুর্ব্বোধমস্তি কিমাশ্চর্য্যং চ। কথয়। সোঽবদৎ এতে চত্বারঃ একস্য ধনিকস্য পুত্রাঃ। জীবতা তেষাং পিত্রা জ্যেষ্ঠকনিষ্ঠানুক্রমো বিভাগঃ কৃতঃ তদ্যথা

জ্যেষ্ঠস্য মৃত্তিকা দত্তা তেন যা সমুপার্জ্জিতা ভূমিঃ সা সর্ব্বথা দত্তা। দ্বিতীয়স্য পলালপুঞ্জো দত্তঃ তেন সর্ব্ববিধধান্যানি

একদা তাহারা উজ্জয়িনীতে সমাগত হইয়া, রাজসভায় গমন করিয়া, সেই সভার সমক্ষে বিভাগবৃত্তান্ত কীর্ত্তন করিল। কিন্তু রাজার সভা সেই বিভাগক্রম বুঝিতে পারিলেন না।

তদনন্তর তাহারা একদা অন্য নগরে গমন করিয়া, তত্রত্য মহাজনগণসমক্ষে বলিতে লাগিল। কিন্তু তাহারা নির্ণয় করিতে পারিল না। সেই সময়ে কুম্ভকারগৃহে অবস্থিত শালিবাহন এই বৃত্তান্ত আকর্ণন করিয়া, তত্রগত মহাজনদিগকে বলিতে লাগিলেন, সভ্য সকল। এবিষয়ে এমন কি আছে, যাহা সহজে বুঝিতে পারা যায় না। কি আশ্চর্য্য!

এই কথায় তাহারা সকলে কহিল, তুমিই এবিষয়ের মীমাংসা করিয়া দাও।

তখন শালিবাহন কহিলেন, ইহারা চারি জনে এক বণিকের পুত্র। পিতা জীবিত থাকিতে, জ্যেষ্ঠকনিষ্ঠানুক্রমে বিভাগ করিয়া দিয়াছেন। তাহার মীমাংসা, যথা,

জ্যেষ্ঠকে যে তিনি মৃত্তিকা দিয়া গিয়াছেন, ইহার অর্থ এই, তিনি যে ভূসম্পত্তি অর্জ্জন করিয়াছেন, তাহা সর্ব্বথা দান করিয়াছেন। দ্বিতীয় পুত্রকে পলালপুঞ্জ প্রদান করিয়াছেন। ইহার অর্থ এই, সর্ব্ববিধ ধান্য

দত্তানি। তৃতীয়স্য অস্থীনি দত্তানি তেন সর্ব্বেঽপি পশবো দত্তাঃ। চতুর্থস্যাঙ্গারো দত্তঃ তেন সকলমপি সুবর্ণং দত্তম্। এবং শালিবাহনেন তেষাং বিভাগঃ কৃতঃ। তেঽপি সুখিনো ভূত্বা স্বনগরং জগ্মুঃ।

রাজা বিক্রমোঽপি ইমং বিভাগবৃত্তান্তস্য নির্ণয়ং শ্রুত্বা বিস্ময়ং গতঃ প্রতিষ্ঠানগরীং প্রতি পত্রিকাং প্রেষয়ামাস। স্বস্তি শ্রীযজন-যাজনাধ্যয়নাধ্যাপনদানপ্রতিগ্রহষট্‌কর্ম্মনিষ্ঠান্ যমনিয়মাদিগুণনিষ্ঠান্ প্রতিষ্ঠানগরবাসিনো মহাজনান্ কুশলপ্রশ্নপূর্ব্বকং রাজা বিক্রমঃ কথয়তি ভবতাং গ্রামে এষাং চতুর্ণাং বিভাগনির্ণয়কারী মদন্তিকং প্রেষয়িতব্যঃ। মহাজনা অপি রাজ্ঞা প্রেষিতাং পত্রিকাং বাচয়িত্বা শালিবাহনমাহূয় কথয়ামাসুঃ ভোঃ শালিবাহন ত্বাং রাজাধিরাজঃ পরমেশ্বরঃ আসমুদ্রপৃথিবীপতিঃ বিক্রমো রাজা উজ্জয়িনীবাসী সকলকলার্থশ্লোককল্পদ্রুমঃ সমাহ্বয়তি। ত্বং তত্র গচ্ছ।

তেনোক্তং বিক্রমো রাজা কোঽসৌ তেনাহূতো ন গচ্ছামি যদি

দিয়াছেন। তৃতীয়কে অস্থি অর্থাৎ সমুদায় পশু দান করিয়াছেন। আর চতুর্থকে অঙ্গার, কি না, সমুদায় স্বর্ণ দিয়া গিয়াছেন।

এইরূপে শালিবাহন তাহাদের বিভাগ করিয়া দিলেন। তাহারা সুখী হইয়া, স্বনগরে প্রত্যাগত হইল। রাজা বিক্রম এইরূপ বিভাগনির্ণয়বৃত্তান্ত শ্রবণ করিয়া, বিস্ময়গত হইয়া, প্রতিষ্ঠানগরে এই মর্ম্মে পত্রিকা প্রেরণ করিলেন, স্বস্তি শ্রী যজন, যাজন, অধ্যয়ন, অধ্যাপন, দান, প্রতিগ্রহ ইত্যাদি ষট্‌কর্ম্মনিষ্ঠ, যম ও নিয়মাদি গুণ বিশিষ্ট, প্রতিষ্ঠাপুরপ্রতিষ্ঠ মহাজনদিগকে কুশলপ্রশ্নপূর্ব্বক রাজা বিক্রমাদিত্য বলিতেছেন, আপনাদের গ্রামবাসী যে ব্যক্তি এই চারি জনের বিভাগ মীমাংসা করিয়া দিয়াছে, তাহাকে আমার নিকট পাঠাইবেন। মহাজনেরা রাজার প্রেরিত পত্রিকা পাঠ করিয়া, শালিবাহনকে আহ্বানপূর্ব্বক কহিতে লাগিল, রাজাধিরাজ, পরমেশ্বর, আসমুদ্র পৃথিবীর ঈশ্বর, উজ্জয়িনীনিবাসী রাজা বিক্রম তোমাকে আহ্বান করিয়াছেন। তুমি সেখানে গমন কর।

তিনি কহিলেন, কে সেই রাজা বিক্রম? আমি তাহার আহ্বানে

তস্য প্রয়োজনমস্তি স্বয়মেবাগচ্ছতু মম সমীপে তেন কিমপি প্রয়োজনং নাস্তি মম। তস্য বচনং শ্রুত্বা মহাজনৈঃ স ন যাতীতি পুনঃ পত্রিকা রাজানং প্রতি প্রেষিতা। ততঃ রাজা পত্রিকালিখিতার্থং শ্রুত্বা ক্রোধাগ্নিনা দেদীপ্যমানবিগ্রহোঽষ্টাদশভিরক্ষৌহিণীবলৈঃ সহ নির্গত্য প্রতিষ্ঠানগরমাগত্য শালিবাহনং প্রতি দূতং প্রেষিতবান্। ততস্তেনাগত্য শালিবাহনো ভণিতঃ ভো শালিবাহন রাজাধিরাজো বিক্রমো রাজা ত্বামাহ্বয়তি। তর্হি ত্বং তস্য দর্শনার্থমাগচ্ছ। শালিবাহনেনোক্তং ভো দূতা অহং একাকী সন্ রাজানং ন দ্রক্ষ্যামি ষড়ঙ্গবলোপেতঃ সমরাঙ্গণে বিক্রমস্য দর্শনং করিষ্যামি। রাজ্ঞে এবং নিবেদয়ন্তু ভবন্তঃ। তস্য বচনং শ্রুত্বা দূতা রাজ্ঞে তথৈবাচখ্যুঃ। তং শ্রুত্বা রাজা বিক্রমোঽপি সমরভূমিমাগতঃ। শালিবাহনোঽপি কুম্ভকারগৃহে মৃত্তিকয়া কৃতান্ হস্ত্যশ্বরথপদাতিবলান্ মন্ত্রেণ সমু-

---

যাইব না। যদি তাহার প্রয়োজন থাকে, স্বয়ং আমার সমীপে আসুক। তাহাতে আমার কিছুমাত্র প্রয়োজন নাই।

তাঁহার কথা শুনিয়া, মহাজনেরা, সে যাইবে না, বলিয়া, পুনরায় রাজার নিকট পত্রিকা প্রেরণ করিল। তখন রাজা পত্রিকার লিখিত অর্থ শ্রবণ করিয়া, ক্রোধানলে প্রজ্বলিতকলেবর হইয়া, অষ্টাদশ অক্ষৌহিণী বলের সহিত নির্গত হইলেন এবং প্রতিষ্ঠানগরে আগমন করিয়া, শালিবাহনের প্রতি দূত প্রেরণ করিলেন। দূত আসিয়া, শালিবাহনকে কহিল, রাজাধিরাজ রাজা বিক্রম আপনাকে আহ্বান করিয়াছেন। অতএব আপনি তাঁহার দর্শনার্থ আগমন করুন।

শালিবাহন কহিলেন, দূত! আমি একাকী রাজার সহিত সাক্ষাৎ করিব না। ষড়ঙ্গ সৈন্যে বেষ্টিত হইয়া, সমরাঙ্গনে তাঁহার দর্শন করিব। তোমরা রাজাকে গিয়া এই কথা জানাও।

দূতগণ তাঁহার সেই কথা শুনিয়া, রাজাকে গিয়া, অবিকল নিবেদন করিল। রাজা শুনিয়া সমরভূমিতে সমাগত হইলেন। শালিবাহনও কুম্ভকারগৃহে মৃত্তিকা দ্বারা বিরচিত হস্তী, অশ্ব, রথ ও পদাতি সৈন্য সকলকে

জ্জীব্য তেন ষড়ঙ্গবলেন নগরাৎ নির্গত্য সমরাঙ্গণং প্রতি সমাগতঃ। তদা উভয়দলনির্গমসময়ে

দিক্‌চক্রং চলিতং তদা জলনিধির্জাতো ভৃশং ব্যাকুলঃ
পাতালে চকিতো ভুজঙ্গমপতিঃ পৃথ্বীধরঃ কম্পিতঃ।
সোৎকম্পা পৃথিবী মহাবিষভৃতঃ ক্রোড়ং নমত্যুৎকটং
বৃত্তং সর্ব্বমনেকধা দলপতেরেবং চমূনির্গতৌ ॥ ১ ॥

তদা দিক্‌চক্রং চলিতং জলনিধিঃ ভৃশং ব্যাকুলঃ জাতঃ পাতালে ভুজঙ্গমপতিঃ চকিতঃ পৃথ্বীধরঃ কম্পিতঃ পৃথিবী সোৎকম্পা মহাবিষভৃতঃ ক্রোড়ং উৎকটং নমতি দলপতেঃ চমূনির্গতৌ এবং সর্ব্বং অনেকধা বৃত্তম্ ॥ ১ ॥

পবনগতিসমানৈরশ্বযূথৈরনন্তৈ-
র্ম্মদধরগজযূথৈ রাজতে সৈন্যলক্ষ্মীঃ।
ধ্বজচমরবরাস্ত্রৈরাবৃতং খং সমস্তং
পটুপটহমৃদঙ্গৈর্ভেরিনাদৈস্ত্রিলোকং ॥ ২ ॥

সৈন্যলক্ষ্মীঃ পবনগতিসমানৈঃ অনন্তৈঃ অশ্বযূথৈঃ মদধরগজযূথৈঃ রাজতে সমস্তং খং ধ্বজ-চমরবরাস্ত্রৈঃ ত্রিলোকং পটুপটহমৃদঙ্গৈঃ ভেরিনাদৈঃ আবৃতং ॥ ২ ॥

ততঃ উভয়দলং মিলিতং তস্মিন সময়ে

মন্ত্রবলে সমুজ্জীবিত করিয়া, সেই ষড়ঙ্গ বলের সহিত নগর হইতে নির্গত হইয়া, সমরাঙ্গণে সমাগত হইলেন। তখন উভয় দলের নির্গমনসময়ে,

সমুদায় দিঙ্‌মণ্ডল বিচলিত হইল; জলনিধি অতিমাত্র ক্ষুব্ধ হইয়া উঠিল; পাতালে বাসুকি চকিত ও কম্পিত হইতে লাগিল; ভূকম্প উপস্থিত হইল এবং শেষ নাগের অতিবিসারী ফণমণ্ডল নত হইয়া পড়িল; দলপতির সৈন্য নির্যাণ সময়ে এইরূপ নানাপ্রকার ব্যাপার পরম্পরার আবিষ্কার হইল ॥ ১ ॥

সৈন্যলক্ষ্মী পবনগতিসমান অনন্ত অশ্বযূথে ও মদবর্ষী গজযূথে বিরাজমান হইল। সমস্ত আকাশ ধ্বজ, চামর ও বরাস্ত্রসমূহে এবং পটু পটহ, মৃদঙ্গ ও ভেরীনাদে পূর্ণ হইয়া গেল ॥ ২ ॥

অনন্তর উভয় দল মিলিত হইল। সেই সময়ে,

অশ্বাদেঃ খুররেণুভির্ব্বহুতরৈর্ব্যাপ্তং চ শেষং নভ-
শ্ছত্রৈরাবৃতমন্তরালমনিশং ব্যাপ্তং চ ভেরীরবৈঃ।
নির্ঘোষৈঃ রথজৈঃ গজাশ্বনিনদৈস্তৎকিঙ্কিণীনাং রবৈ-
র্বীরাণাং নিনদৈঃ প্রভূতভয়দৈরন্যোন্যসেনা বভুঃ॥ ৩॥

অশ্বাদেঃ বহুতরৈঃ খুররেণুভিঃ শেষং নভঃ ব্যাপ্তং চ ছত্রৈঃ অন্তরালং অনিশং আবৃতং ভেরীরবৈঃ ব্যাপ্তং চ রথজৈঃ নির্ঘোষৈঃ গজাশ্বনিনদৈঃ তৎকিঙ্কিণীনাং রবৈঃ বীরাণাং প্রভূতভয়দৈঃ নিনদৈঃ অন্যোন্যসেনা বভুঃ॥ ৩॥

খট্বাঙ্গৈর্ভল্লশস্ত্রৈঃ খলখুরণগদামুদ্গরার্দ্ধেন্দুবাণৈ-
র্নারাচৈর্ভিন্দিপালৈর্হলবরমুসলৈঃ শক্তিকুন্তৈঃ কৃপাণৈঃ।
পট্টীশৈঃ শক্তিবজ্রপ্রভৃতিভিরপরৈর্দ্দিব্যশস্ত্রৈঃ সুতীক্ষ্ণৈ-
রন্যোন্যং যুদ্ধমেবং মিলিতদলযুগে বর্ত্ততে সদ্ভটানাম্॥ ৪॥

সদ্ভটানাং মিলিতদলযুগে খট্বাঙ্গৈঃ ভল্লশস্ত্রৈঃ খলখুরণগদামুদ্গরার্দ্ধেন্দুবাণৈঃ নারাচৈঃ ভিন্দিপালৈঃ হলবরমুসলৈঃ শক্তিকুন্তৈঃ কৃপাণৈঃ পট্টীশৈঃ শক্তিবজ্রপ্রভৃতিভিঃ সুতীক্ষ্ণৈঃ অপরৈঃ দিব্যশস্ত্রৈঃ অন্যোন্যং যুদ্ধং এবং বর্ত্ততে॥ ৪॥

তত্র রণে
একে বৈ হন্যমানা রণভুবি সুভটা জীবহীনাঃ পতন্তি
একে মূর্চ্ছাং প্রপন্নাঃ স্যুরপি নিজবলৈরুত্থিতাঃ সম্ভবন্তি।

একে সুভটাঃ রণভুবি হন্যমানাঃ জীবহীনাঃ পতন্তি বৈ একে মূর্চ্ছাং প্রপন্নাঃ স্যুঃ অপি নিজ-

---

অশ্বাদির বিপুল খুররেণুতে অবশিষ্ট গগনবিভাগ ব্যা হইল, ছত্রসমূহে অন্তরাল আবৃত হইয়া গেল ও অনবরত ভেরীরবে পরিবৃত হইল এবং পরস্পরের সেনা সকল রথের ঘর্ঘর নির্ঘোষে, গজ ও অশ্বগণের শব্দে, তাহাদের কিঙ্কিণীরবে এবং বীরগণের অতিমাত্র ভয়ঙ্কর নিনাদে পরম শোভমান হইল॥ ৩॥

উভয় দল ঐরূপে মিলিত হইলে, সদ্ভটগণ খট্বাঙ্গ, ভল্ল, গদা, মুদ্গর, অর্দ্ধচন্দ্র বাণ, নারাচ, ভিন্দিপাল, হলবর, মুসল, শক্তি, কুন্ত, কৃপাণ, পট্টীশ, শক্তি ও বজ্র প্রভৃতি অন্যান্য সুতীক্ষ্ণ দিব্য শস্ত্র প্রহার পুরঃসর পরস্পর যুদ্ধে প্রবৃত্ত হইল॥ ৪॥

সেই যুদ্ধে কোন কোন যোদ্ধা হন্যমান হইয়া, প্রাণপরিহারপূর্ব্বক

মুঞ্চন্তে সাট্টহাসং অরিনিকৃতিপরং মানমাদ্যং প্রসাদং
ভূত্বা ধাবন্তি চাগ্রে জিতমরণভয়াঃ প্রৌঢ়িমঙ্গে হি কৃত্বা ॥৫॥

বলৈঃ উত্থিতাঃ সম্ভবন্তি অরিনিকৃতিপরং আদ্যং মানং সাট্টহাসং মুঞ্চন্তে জিতমরণভয়াঃ প্রসাদং ভূত্বা অঙ্গে প্রৌঢ়িং কৃত্বা চ অগ্রে ধাবন্তি ॥ ৫ ॥

একে বৈ শাত্রবাণাং সমরভয়বশাৎ ত্রাসমুৎপাদয়ন্তি
একে সম্পূর্ণঘাতৈরুপহতবপুষো নাকনারীপ্রিয়াঃ স্যুঃ।
একে বৈ বীরধুর্য্যা রিপুহতজঠরা ভিদ্যমানাশ্চ শস্ত্রৈ-
রস্ত্রৈঃ সম্ভিন্নদেহা অপি ভয়রহিতা বৈরিভির্যান্তি যুদ্ধম্ ॥৬॥

একে সমরভয়বশাৎ শাত্রবাণাং ত্রাসং উৎপাদয়ন্তি বৈ একে সম্পূর্ণঘাতৈঃ উপহতবপুষঃ নাকনারীপ্রিয়াঃ স্যুঃ একে বীরধুর্য্যাঃ রিপুহতজঠরাঃ শস্ত্রৈঃ ভিদ্যমানাঃ চ অস্ত্রৈঃ সংভিন্নদেহাঃ অপি ভয়রহিতাঃ বৈরিভিঃ যুদ্ধং যান্তি বৈ ॥ ৬ ॥

তত্রারেশ্ছুরিকাদিশস্ত্রনিচয়া ভান্তীব মীনাদয়ঃ
কেশস্নায়ুশিরান্ত্রজালনিবহৈঃ শৈবালবদ্দৃশ্যতে।

তত্র অরেঃ ছুরিকাদিশস্ত্রনিচয়াঃ মীনাদয়ঃ ইব ভান্তি কেশস্নায়ুশিরান্ত্রজালনিবহৈঃ শৈবাল-

---

রণভূমিতে পতিত হইতে লাগিল; কেহ মূর্চ্ছাপ্রাপ্ত ও নিজ সেনার সাহায্যে উত্থিত হইয়া, যুদ্ধ আরম্ভ করিল; কেহ শত্রু কর্তৃক পরাভব প্রাপ্ত হইয়া, অট্টহাস্য সহকারে অভিমান পরিহার করিল এবং কেহ বা মরণভয় পরাভূত করিয়া, প্রসন্ন চিত্তে সাহসভরে অগ্রে ধাবমান হইল ॥ ৫ ॥

কেহ সমরভয়বশে শত্রুপক্ষীয়গণের ত্রাস সমুৎপাদন করিল; কেহ সম্পূর্ণ আঘাতে অভিহতকলেবর হইয়া, স্বর্গরমণীগণের প্রিয় হইল; কোন কোন বীরাগ্রগণ্য রিপুগণের শস্ত্রাঘাতে হতজঠর ও ভিদ্যমান এবং অস্ত্রপ্রহারে ক্ষতবিক্ষতদেহ হইয়াও, ভয়পরিহারপুরঃসর প্রতিপক্ষের সহিত যুদ্ধ করিতে লাগিল ॥ ৬ ॥

সেই যুদ্ধে অরিগণের ছুরিকাদি শস্ত্রসমূহ, মীনাদির ন্যায়, শোভা ধারণ করিল; কেশ, স্নায়ু, শিরা ও অন্ত্রজাল সকল, শৈবালের ন্যায়, দৃশ্যমান হইল; গজরাজগণের নিপতিত কলেবর, প্রেতগণের ন্যায়, প্রতিভা ধারণ

যানীভেন্দ্রকলেবরাণি পতিতানীদৃঙ্‌ন শম্ভোর্ম্মৃধে
প্রেতানীব বিভান্তি তানি রুধিরে চাস্থীনি শঙ্খা ইব ॥ ৭ ॥

বৎ দৃশ্যতে যানি ইভেন্দ্রকলেবরাণি পতিতানি ঈদৃঙ্‌ শম্ভোঃ মৃধে ন তানি প্রেতানি ইব বিভান্তি অস্থীনি চ রুধিরে শঙ্খা ইব ॥ ৭ ॥

ততো বিক্রমার্কেণ শালিবাহনস্য সৈন্যং সর্ব্বং পাতিতং শালিবাহনোঽপি শেষনাগেন্দ্রং সস্মার। শেষেণ সর্পাঃ প্রেষিতাঃ। তৈঃ সর্পৈর্দ্দষ্টং বিক্রমাদিত্যসৈন্যং বিশেষেণ মূর্চ্ছিতং রণাঙ্গণে পপাত। তদনন্তরং বিক্রমার্কো রাজা একাকী নিজনগরং জগাম। স্বসৈন্যসঞ্জীবনার্থং অর্দ্ধোদকে স্থিত্বা নববর্ষপর্য্যন্তং বাসুকিমন্ত্রমনুষ্ঠিতবান্। ততো বাসুকিঃ তস্মৈ প্রসন্নো ভূত্বা বভাণ ভো রাজন্ বরং বৃণীষ। বিক্রমেণ ভণিতং ভো সর্পরাজ যদি মম প্রসন্নোঽসি তর্হি সর্পবিষবেগেন মূর্চ্ছিতস্য মম সৈন্যস্য সঞ্জীবনার্থং অমৃতঘটং দেহি। অথ বাসুকিনা অমৃতঘটো দত্তঃ। তমমৃতঘটং গৃহীত্বা রাজা বিক্রমো যাবৎ মার্গে সমায়াতি তাবদ্‌ব্রাহ্মণঃ কশ্চিদাগত্য

করিল এবং অস্থি সকল রুধিরমধ্যে শঙ্খের ন্যায়, শোভা পাইতে লাগিল। সাক্ষাৎ শম্ভুর যুদ্ধেও এরূপ ঘটে নাই ॥ ৭ ॥

অনন্তর বিক্রমার্ক শালিবাহনের সৈন্যসমূহ পাতিত করিলে, তিনি নাগরাজ শেষকে স্মরণ করিলেন। শেষ, সর্প সকলকে পাঠাইয়া দিলেন। তাহাদের দংশনে বিক্রমার্কের যাবতীয় সৈন্য বিশেষরূপে মূর্চ্ছিত ও রণস্থলে পতিত হইল। তদনন্তর রাজা বিক্রমার্ক একাকী আপনার নগরে আসিয়া, স্বকীয় সৈন্যের সঞ্জীবনার্থ অর্দ্ধোদকে অবস্থিতি করিয়া, নববর্ষ পর্য্যন্ত বাসুকিমন্ত্রের অনুষ্ঠান করিলেন।

তখন বাসুকি প্রসন্ন হইয়া, তাঁহারে কহিলেন, রাজন্! বর গ্রহণ কর।

বিক্রম কহিলেন, সর্পরাজ! যদি আমার প্রতি প্রসন্ন হইয়া থাকেন, তাহা হইলে, সর্পবিষবেগে মূর্চ্ছিত মদীয় সেনার সঞ্জীবনার্থ অমৃতঘট প্রদান করুন।

তখন বাসুকি অমৃতঘট দান করিলেন। রাজা বিক্রম তাহা গ্রহণ করিয়া, পথিমধ্যে সমাগত হইলে, তৎক্ষণে কোন ব্রাহ্মণ আসিয়া,

হরের্লীলাবরাহস্য দংষ্ট্রাদণ্ডঃ পুনাতু বঃ।
হিমাদ্রিশিখরস্যেব ধাত্রী যস্য শ্রিয়ং দধৌ ॥ ৮ ॥

লীলাবরাহস্য হরেঃ দংষ্ট্রাদণ্ডঃ বঃ পুনাতু হিমাদ্রিশিখরস্য ইব যস্য ধাত্রী শ্রিয়ং দধৌ ॥ ৮ ॥

ইত্যাশিষমুক্তবান্ ততো রাজ্ঞা ভণিতং ভো ব্রাহ্মণ কুতঃ সমাগতোঽসি। ব্রাহ্মণেনোক্তং অহং প্রতিষ্ঠানগরাদাগতঃ। রাজ্ঞোক্তং কিং বদসি। ব্রাহ্মণো বদতি ভবান্ অর্থিজনচিন্তামণিঃ যতশ্চিন্তিতং বস্তু দাতুং সমর্থঃ অতো মমৈকস্মিন্ বস্তুনি প্রীতিরস্তি তদীয়সে তর্হি বদামি। রাজ্ঞোক্তং যৎ ত্বয়া যাচ্যতে তৎ দাস্যামি। ব্রাহ্মণেনোক্তং মহ্যমমৃতঘটো দাতব্যঃ। রাজ্ঞোক্তং ত্বং কেন প্রেষিতোঽসি। ব্রাহ্মণেনোক্তং অহং শালিবাহনেন প্রেষিতঃ। তৎ শ্রুত্বা রাজ্ঞা বিচারিতং ময়া পূর্ব্বং অস্মৈ দাস্যামি ইতি ভণিতং ইদানীং ন দীয়তে চেৎ অপকীর্ত্তিরধর্ম্মোঽপি ভবিষ্যতি অতঃ সর্ব্বথা

বসুমতী হিমাদ্রিশেখরের ন্যায়, যাহার শোভা বিস্তার করিয়াছিলেন, লীলাবরাহ-বিগ্রহ ভগবান বাসুদেবের সেই দংষ্ট্রাদণ্ড আপনারে পবিত্র করুন ॥ ৮ ॥

এইপ্রকার আশীর্ব্বাদ করিলেন। তখন রাজা তাঁহারে বলিলেন, বিপ্র! আপনি কোথা হইতে আসিতেছেন?

ব্রাহ্মণ কহিলেন, আমি প্রতিষ্ঠানগর হইতে আসিতেছি।

রাজা কহিলেন, কি বলিতেছেন?

ব্রাহ্মণ বলিলেন, আপনি ভিক্ষুকগণের চিন্তামণি-স্বরূপ। যেহেতু, চিন্তিত বস্তুদানে আপনার সামর্থ্য আছে। অতএব, আমার এক বস্তুতে প্রীতি জন্মিয়াছে। যদি তাহা দেন, ত বলি।

রাজা কহিলেন, আপনি যাহা যাচ্ঞা করিবেন, তাহা দিব।

ব্রাহ্মণ বলিলেন, আমারে ঐ অমৃতঘট প্রদান করিতে হইবে।

রাজা কহিলেন, আপনাকে কে পাঠাইয়া দিয়াছে?

ব্রাহ্মণ কহিলেন, আমি শালিবাহন কর্ত্তৃক প্রেরিত হইয়াছি।

রাজা শুনিয়া বিচার করিলেন, আমি পূর্ব্বে ইহাঁকে দিব, বলিয়াছি। ইদানীং যদি না দি, তাহা হইলে, অপকীর্ত্তি ও অধর্ম্মও হইবে। অতএব সর্ব্বথা দেওয়াই কর্ত্তব্য।

দাতব্যমেব। ব্রাহ্মণেন ভণিতং ভো রাজন্ কিং বিচারয়তি ভবান্ সজ্জনঃ। সজ্জনস্য ভাষণে পুনরন্যথা ন ভবতি।

তথাচোক্তং

উদয়তি যদি ভানুঃ পশ্চিমে দিগ্বিভাগে
প্রচলতি যদি মেরুঃ শীতলো যাতি বহ্নিঃ।
বিকসতি যদি পদ্মং পর্ব্বতাগ্রে শিলায়াং
ন ভবতি পুনরন্যদ্ভাষণং সজ্জনানাম্॥ ৯॥

যদি ভানুঃ পশ্চিমে দিগ্বিভাগে উদয়তি যদি মেরুঃ প্রচলতি বহ্নিঃ শীতলঃ যাতি যদি পদ্মং পর্ব্বতাগ্রে শিলায়াং বিকসতি সজ্জনানাং ভাষণং পুনঃ অন্যৎ ন ভবতি॥ ৯॥

রাজ্ঞোক্তং সত্যমুক্তং ভবতা। তথৈব ক্রিয়তে গৃহ্যতাং অমৃত-ঘটঃ। অথ তস্মৈ ঘটং দদৌ। সোঽপি ব্রাহ্মণো রাজানং স্তুত্বা নিজস্থানং গতঃ। রাজাপি উজ্জয়িনীমগাৎ।

ইমাং কথাং কথয়িত্বা পুত্তলিকা ভোজরাজানমবোচৎ ভো

ব্রাহ্মণ কহিলেন, রাজন্! কি ভাবিতেছেন? দেখুন, আপনি সজ্জন। সজ্জনের কথার পুনরায় অন্যথা হয় না।

তথাহি, বলিয়াছেন,

যদি সূর্য্য পশ্চিমদিকে উদিত হন, যদি মেরু স্বস্থান হইতে চলিত হয়, যদি অগ্নি শীতল হয় এবং যদি পদ্ম পর্ব্বতাগ্রে শিলার উপরি বিকসিত হয়, তাহা হইলেও, সজ্জনগণের কথার অন্যথা হয় না॥ ৯॥

রাজা কহিলেন, সত্য বলিয়াছেন। তাহাই করা যাইতেছে। এই অমৃত-ঘট গ্রহণ করুন। এই বলিয়া, তাঁহারে ঘট দিলেন। তখন সেই ব্রাহ্মণ রাজার স্তব করিয়া, নিজস্থানে গমন করিলে, সেই রাজা বিক্রমও উজ্জয়িনীতে আসিলেন।

এই কথা কহিয়া, পুত্তলিকা ভোজরাজকে বলিল, রাজন্! আপনার

রাজন্ ত্বয়ি এবমৌদার্য্যং ধৈর্য্যং বিদ্যতে তর্হি অস্মিন্ সিংহাসনে সমুপবিশ।

ইতি চতুর্ব্বিংশোপাখ্যানম্।

অথ পঞ্চবিংশোপাখ্যানম্।

পুনরপি রাজা সিংহাসনে যাবৎ সমুপবিশতি তাবদন্যয়া পুত্তলিকয়োক্তং ভো রাজন্ যস্য বিক্রমস্যৌদার্য্যাদিগুণাঃ সন্তি তেনৈব উপবেষ্টব্যম্। পুত্তলিকে কথয় বিক্রমস্য ঔদার্য্যবৃত্তান্তম্। সা অব্রবীৎ শ্রূয়তাং রাজন্ বিক্রমাদিত্যে রাজ্যং শাসতি একদা কশ্চিৎ জ্যোতিষিকঃ সমাগত্য

সূর্য্যঃ শৌর্য্যমথেন্দুরিন্দ্রপদবীং সন্মঙ্গলং মঙ্গলঃ
সদ্‌বুদ্ধিঞ্চ বুধো গুরুশ্চ গুরুতাং শুক্রঃ সুতং শং শনিঃ।

সূর্য্যঃ শৌর্য্যং অথ ইন্দুঃ ইন্দ্রপদবীং মঙ্গলঃ সন্মঙ্গলং বুধঃ সদ্‌বুদ্ধিং চ গুরুঃ চ গুরুতাং শুক্রঃ

যদি এইপ্রকার ঔদার্য্য ও ধৈর্য্য থাকে, তাহা হইলে, এই সিংহাসনে উপবেশন করুন। রাজা নিরুত্তর হইয়া রহিলেন।

চতুর্ব্বিংশ উপাখ্যান সমাপ্ত।

পুনরায় রাজা সিংহাসনে বসিবার উপক্রম করিলে, পুনরায় অন্য পুত্তলিকা কহিল, রাজন্! যে ব্যক্তি বিক্রমার্কের ন্যায়, ঔদার্য্যাদি গুণপরম্পরায় অলঙ্কৃত, তিনিই এই সিংহাসনে বসিবার উপযুক্ত পাত্র।

ভোজরাজ কহিলেন, পুত্তলিকে! তুমি সেই বিক্রমার্কের ঔদার্য্যবৃত্তান্ত কীর্ত্তন কর।

সে কহিল, রাজন্! শ্রবণ করুন। বিক্রমাদিত্য রাজ্যশাসনে প্রবৃত্ত হইলে, একদা কোন জ্যোতিষিক আসিয়া, আশীর্ব্বাদ করিল,

সূর্য্য নিয়ত আপনার শৌর্য্য, ইন্দু ইন্দ্রপদবী, মঙ্গল সম্যগ্রূপ মঙ্গল, বুধ সদ্‌বুদ্ধি, গুরু গুরুত্ব, শুক্র পুত্র, শনি সুখ, রাহু বাহুবল এবং কেতু

রাহুর্ব্বাহুবলং করোতু নিয়তং কেতুঃ কুলস্যোন্নতিং
নিত্যং প্রীতিকরা ভবন্তু ভবতাং সর্ব্বেঽনুকূলা গ্রহাঃ ॥১॥

সুতং শনিঃ শং রাহুঃ বাহুবলং কেতুঃ কুলস্য উন্নতিং নিয়তং করোতু সর্ব্বে গ্রহাঃ ভবতাং নিত্যং প্রীতিকরাঃ অনুকূলাঃ ভবন্তু ॥ ১ ॥

ইত্যাশিষমুক্ত্বা পঞ্চাঙ্গানি কথয়ামাস।

অথ ভূপতিনা পৃষ্টো জ্যোতিষিক উবাচ অস্মিন্ সংবৎসরে রাজা রবিঃ মন্ত্রী ভৌমঃ মেঘাধিপো ভৌমঃ শনৈশ্চরো রোহিণী শকটং ভিত্ত্বা যাস্যতি তস্মাৎ সর্ব্বথা অনাবৃষ্টির্ভবিষ্যতি।

উক্তঞ্চ বরাহমিহিরসংহিতায়াং

যদাহ্যর্কসুতো ভক্তে রোহিণী শকটং খলু।
ভিত্ত্বা ন বর্ষতি তদা মেঘো দ্বাদশবর্ষাণি ॥ ২ ॥

যদা হি অর্কসুতঃ রোহিণী শকটং খলু ভক্তে তদা মেঘঃ ভিত্ত্বা দ্বাদশবর্ষাণি ন বর্ষতি ॥ ২ ॥

তথাচ

রোহিণী শকটমর্কনন্দনশ্চেদ্ভিনত্তি রুধিরৌঘভাক্ মহী।
কিং ব্রবীমি ন হি বারিসাগরে সর্ব্বলোক উপযাতি সংক্ষয়ম্॥৩॥

রোহিণী অর্কনন্দনঃ শকটং ভিনত্তি চেৎ মহী রুধিরৌঘভাক্ কিং ব্রবীমি ন হি বারিসাগরে সর্ব্বলোক সংক্ষয়ং উপযাতি ॥ ৩ ॥

আপনার কুলের অবিরত উন্নতি বিধান করুন। এইরূপে সমুদায় গ্রহই সর্ব্বদা অনুকূল থাকিয়া, আপনার প্রীতিকর হউন ॥ ১ ॥

জোতির্ব্বিদ এইপ্রকার আশীঃপ্রয়োগপুরঃসর পঞ্চাঙ্গ কীর্ত্তন করিল। অনন্তর রাজা জিজ্ঞাসিলে দৈবজ্ঞ কহিল, এই সংবৎসরে রবি রাজা, ভৌম মন্ত্রী ও মেঘের অধিপতি এবং শনৈশ্চর ও রোহিণী শকট ভেদ করিয়া, গমন করিবে। তাহা হইলেই, সর্ব্বথা অনাবৃষ্টি হইবে।

তথাহি, বরাহমিহিরসংহিতায় বলিয়াছেন,

শনি ও রোহিণী উভয়ে শকটভেদ করিয়া, গমন করিলে, মেঘ ছিন্ন ভিন্ন হইয়া, দ্বাদশ বর্ষ বর্ষণ করে না ॥ ২ ॥

পুনশ্চ, রোহিণী ও ভানুসুত উভয়ে যদি শকটভেদ করে, তাহা হইলে, পৃথিবী রুধিরে পরিপূর্ণ হয়। কি আর বলিব, জলবিনা সমুদয় লোক বিনষ্ট হইয়া থাকে ॥ ৩ ॥

মতান্তরে চ

যদা ভিনত্তি মন্দোঽয়ং রোহিণ্যা শকটং তদা।
বর্ষাণি দ্বাদশানীহ বারিবাহো ন বর্ষতি ॥ ৪ ॥

অয়ং মন্দঃ রোহিণ্যা শকটং যদা ভিনত্তি তদা বারিবাহঃ দ্বাদশানি বর্ষাণি ইহ ন বর্ষতি ॥৪॥

এতদ্দৈবজ্ঞবচনং শ্রুত্বা রাজা অব্রবীৎ তস্যাবর্ষণস্য কোঽপ্যুপায়োঽস্তি। দৈবজ্ঞেনোক্তং কুতো নাস্তি। কিমপি গ্রহহোমাদিকং ক্রিয়তে চেৎ বৃষ্টির্ভবিষ্যতি। ততো বিক্রমো রাজা শ্রোত্রিয়ান্ ব্রাহ্মণান্ আহূয় তেষাং পুরতঃ পূর্ব্ববৃত্তান্তং উক্ত্বা তৈর্হোমং কারয়িতুমারব্ধবান্। ততঃ সর্ব্বাপি হোমসামগ্রী সম্পাদিতা। রাজ্ঞা দ্রব্যান্নবস্ত্রাদিনা ব্রাহ্মণাঃ সন্তোষিতাঃ দশ দানানি দত্তানি। তদনন্তরং ভূরিদানেন দীনান্ধবধিরপঙ্গ্বনাথাদয়ঃ সন্তোষিতাঃ। পরং বৃষ্টির্ন ভবতি তদভাবেন সর্ব্বা লোকাঃ বুভুক্ষিতাঃ পরং ক্লেশমগমন্। রাজাপি তেষাং দুঃখেন স্বয়ং দুঃখিতঃ সন্ একদা যজ্ঞ-

---

মতান্তরে বলিয়াছেন,

রোহিণীর সহিত শনি শকটভেদ করিলে, মেঘ দ্বাদশ বৎসর বর্ষণ করে না ॥ ৪ ॥

দৈবজ্ঞের এই কথা শুনিয়া, রাজা বলিলেন, সেই অনাবৃষ্টির কোনরূপ উপায় আছে কি?

দৈবজ্ঞ কহিল, না থাকিবে কেন? যদি কোনরূপ গ্রহহোমাদি করা যায়, তাহা হইলে, বৃষ্টি হইবে।

অনন্তর রাজা বিক্রম শ্রোত্রিয় ব্রাহ্মণদিগকে আহ্বান করিয়া, তাঁহাদের সমক্ষে পূর্ব্ববৃত্তান্ত বলিয়া, তাহাঁদের দ্বারা হোম করিতে প্রবৃত্ত হইলেন। যাবতীয় হোমসামগ্রী সম্পাদিত হইলে, রাজা দ্রব্য ও অন্ন বস্ত্রাদি দ্বারা ব্রাহ্মণদিগকে সন্তুষ্ট ও দশবিধ দান প্রদান করিলেন। তদনন্তর প্রচুর দান সহকারে দীন, অন্ধ, বধির, পঙ্গু ও অনাথ প্রভৃতিকে সন্তুষ্ট করিলেন। তথাপি, বৃষ্টি হইল না। বৃষ্টির অভাবে সমুদায় লোক ক্ষুধাতুর ও নিরতিশয় কষ্টে নিপতিত হইল। রাজাও তাহাদের দুঃখে স্বয়ং দুঃখিত হইয়া,

শালায়াং সমুপবিষ্টো যাবচ্চিন্তয়তি তাবদশরীরিণী বাগাসীৎ ভো রাজন্ পুরস্থিতদেবালয়নিবাসিনী দেবী তে আশাং পূরয়িষ্যতি। দেবতায়াঃ পুরতো দ্বাত্রিংশল্লক্ষণযুক্তস্য পুরুষস্য শিরঃ ছিত্ত্বা বলিঃ দীয়তে চেৎ বৃষ্টির্ভবিষ্যতি। তৎ শ্রুত্বা রাজা দেবালয়ং গত্বা দেবীং নত্বা যাবৎ খড়্গং শিরসি দধাতি তাবদ্দেবতয়া ধৃতো ভণিতশ্চ ভো রাজন্ তব ধৈর্য্যেণ প্রসন্নাস্মি বরং বৃণীষ্ব। রাজা বদতি ভো দেবি যদি মম প্রসন্নাসি তর্হি অনাবৃষ্টিং নিবারয়। দেবতয়োক্তং তথা করিষ্যামি। ততো রাজা নিজসভামাগতঃ।

ইমাং কথাং কথয়িত্বা পুত্তলিকা ভণতি ভো রাজন্ যদি ত্বয়ি এবং ধৈর্য্যং পরোপকারবাসনা চ বিদ্যতে তর্হি অস্মিন্ সিংহাসনে সমুপবিশ।

ইতি পঞ্চবিংশোপাখ্যানম্।

একদা যজ্ঞশালায় উপবেশন করিয়া, চিন্তাপরায়ণ হইলেন। ঐ সময়ে দৈববাণী হইল, রাজন্! পুরস্থিত-দেবালয়-নিবাসিনী দেবী তোমার আশা পূরণ করিবেন। দেবতার সমক্ষে দ্বাত্রিংশল্লক্ষণযুক্ত পুরুষের শির ছেদন করিয়া, বলি প্রদান করিলে, বৃষ্টি হইবে।

রাজা শুনিয়া, দেবালয়ে গিয়া, দেবীরে প্রণাম করিয়া, স্বকীয় শিরে খড়্গ নিক্ষেপ করিতে উদ্যত হইলে, দেবতা তাঁহারে ধারণ করিয়া কহিলেন, রাজন্! তোমার এই ধৈর্য্য দর্শনে প্রসন্না হইয়াছি। বর প্রার্থনা কর।

রাজা কহিলেন, যদি আমার প্রতি প্রসন্না হইয়া থাকেন, তাহা হইলে, অনাবৃষ্টি নিবারণ করুন।

দেবতা কহিলেন, তাহাই করিব।

তখন রাজা নিজসভায় আগত হইলেন।

এই কথা কহিয়া, পুত্তলিকা বলিতে লাগিল, রাজন্! যদি আপনাতে এইপ্রকার ধৈর্য্য ও পরোপকারবাসনা থাকে, তাহা হইলে, এই সিংহাসনে আরোহণ করুন।

পঞ্চবিংশ উপাখ্যান সমাপ্ত।

অথ ষড়্বিংশোপাখ্যানম্।

পুনরপি রাজা সিংহাসনে যাবৎ সমুপবিশতি তাবদন্যয়া পুত্ত-লিকয়োক্তং ভো রাজন্ অস্মিন্ সিংহাসনে স এব উপবেষ্টুং যোগ্যঃ যস্য বিক্রমস্যেবৌদার্য্যাদয়ো গুণা ভবন্তি।

ভোজেনোক্তং পুত্তলিকে কথয় তস্য বিক্রমস্যৌদার্য্যবৃত্তান্তং। সা অব্রবীৎ ভো রাজন্ শ্রূয়তাং ঔদার্য্যদয়াবিবেকধৈর্য্যাদিগুণৈঃ অন্যো বিক্রমসদৃশো রাজা নাস্তি। অন্যচ্চ যদুক্তং তদন্যথা ন করোতি যচ্চিত্তে স্থিতং তৎ তথৈব বদতি যদ্বচনে স্থিতং তৎ তদেব করোতি অতঃ সজ্জনোঽয়ম্।

উক্তঞ্চ

যথা চিত্তং তথা বাক্যং যথা বাক্যং তথা ক্রিয়া।
চিত্তে বাচি ক্রিয়ায়াঞ্চ সাধূনামেকরূপতা॥ ১॥

যথা চিত্তং তথা বাক্যং যথা বাক্যং তথা ক্রিয়া চিত্তে বাচি ক্রিয়ায়াং সাধূনাং একরূপতা॥ ১॥

পুনরায় রাজা সিংহাসনে উপবেশন করিতে উদ্যত হইলে, অন্য পুত্ত-লিকা কহিল, রাজন্! এই সিংহাসনে সেই ব্যক্তিই উপবেশন করিতে পারেন, যাঁহার বিক্রমার্কের ন্যায়, ঔদার্য্যাদি গুণপরম্পরা আছে।

ভোজ কহিলেন, পুত্তলিকে! সেই বিক্রমের ঔদার্য্যবৃত্তান্ত কীর্ত্তন কর।

পুত্তলিকা কহিল, রাজন্! শ্রবণ করুন। ঔদার্য্য, ধৈর্য্য, দয়া ও বিবে-কাদি গুণে বিক্রমাদিত্যের সদৃশ অন্য রাজা নাই। তিনি যাহা বলিতেন, তাহার অন্যথা করিতেন না। তাঁহার মনে এক, বাক্যে আর এক ছিল না। আবার, বাক্যে এক, কার্য্যে অন্যরূপ করিতেন না। এইজন্য তিনি সজ্জন নামে পরিগণিত।

তথাহি, চিত্তের অনুরূপ বাক্য, বাক্যের অনুরূপ কার্য্য, এইরূপে চিত্ত, বাক্য ও ক্রিয়া, সর্ব্বত্রই সাধুগণের একরূপতা॥ ১॥

একদা সুরনগর্য্যাং ইন্দ্রঃ সিংহাসনে উপবিষ্টোঽভূৎ তস্য সভায়ামষ্টাশীতিসহস্রাণি ঋষীণাং আসন্। ত্রয়স্ত্রিংশৎকোট্যঃ দেবতা উপবিষ্টা আসন্। অষ্টৌ লোকপালাঃ একোনপঞ্চাশন্মরুদ্গণাঃ দ্বাদশাদিত্যাশ্চ নারদঃ তুম্বুরুশ্চ উর্ব্বশীমেনকারম্ভাতিলোত্তমামিশ্র-কেশীঘৃতাচীমঞ্জুঘোষাপ্রিয়দর্শনাপ্রভৃতিদিব্যস্ত্রিয় উপবিষ্টা বভূবুঃ। সর্ব্বোঽপি গন্ধর্ব্বাণাং গণঃ উপবিষ্টোঽভূৎ। তস্মিন্নবসরে নারদেন উক্তং ভূমণ্ডলে বিক্রমার্কসদৃশঃ কীর্ত্তিমান্ পরোপকারী মহাসত্ত্ব-সম্পন্নো রাজা নাস্তি তদ্বচনমাকর্ণ্য সর্ব্বে দেবসভাস্থিতাঃ পরং বিস্ময়ং জগ্মুঃ। কামধেনুরপি ভণতি কোঽত্র সন্দেহঃ বিস্ময়োঽপি ন কার্য্যঃ।

উক্তঞ্চ

দানে তপসি শৌর্য্যে চ বিজ্ঞানে বিনয়ে নয়ে।
বিস্ময়ো ন চ কর্ত্তব্যো বহুরত্না বসুন্ধরা ॥ ২ ॥

বসুন্ধরা বহুরত্না দানে তপসি শৌর্য্যে চ বিজ্ঞানে বিনয়ে নয়ে বিস্ময়ঃ ন চ কর্ত্তব্যঃ। ২ ॥

একদা সুরনগরীতে ইন্দ্র সিংহাসনে আসীন আছেন; তাঁহার সভায় অষ্টাশীতি সহস্র ঋষি, ত্রয়স্ত্রিংশৎ কোটি দেবতা, অষ্ট লোকপাল, একোন-পঞ্চাশৎ মরুদ্গণ, দ্বাদশ আদিত্য, নারদ, তুম্বুরু, উর্ব্বশী, মেনকা, রম্ভা, তিলোত্তমা, মিশ্রকেশী, ঘৃতাচী, মঞ্জুঘোষা, প্রিয়দর্শনা প্রভৃতি দিব্য স্ত্রী সকল এবং সমুদায় গন্ধর্ব্বগণ, উপবেশন করিয়া আছেন, এমন সময়ে নারদ কহিলেন, ভূমণ্ডলে বিক্রমার্কসদৃশ কীর্ত্তিমান্, পরোপকারী, মহাসত্ত্ব-সম্পন্ন রাজা নাই। তাঁহার কথা শুনিয়া, দেবসভাস্থিত সকলেই অতিমাত্র বিস্ময়াবিষ্ট হইলেন।

কামধেনুও বলিতে লাগিল, এ বিষয়ে আর সন্দেহ কি? বিস্ময় প্রকাশ করাও কর্ত্তব্য নহে। কেন না,

দান, তপস্যা, শৌর্য্য, বিজ্ঞান, বিনয় ও নীতি, এই সকল বিষয়ে বিস্ময় প্রদর্শন করা কর্ত্তব্য নহে। যেহেতু, বসুমতী বহু রত্নের আকর ॥ ২ ॥

তথাচ

বাজিবারণলোহানাং কাষ্ঠপাষাণবাসসাম্।
নারীপুরুষতোয়ানা অন্তরং মহদন্তরম্॥ ৩॥

বাজিবারণলোহানাং কাষ্ঠপাষাণবাসসাং নারীপুরুষতোয়ানাং অন্তরং মহৎ অন্তরম্। ৩।

তদনন্তরং ইন্দ্রেণ সুরভিঃ ভণিতা ত্বং মর্ত্ত্যলোকং গত্বা বিক্রমস্য দয়াপরোপকারাদীন্ গুণান্নিশ্চিত্য মম নিবেদয় ইতি। ততঃ সুরভিরত্যন্তদুর্ব্বলং গোরূপং ধৃত্বা মর্ত্ত্যলোকং গতা। যাবৎ বিক্রমার্কো মার্গে সমায়াতি তাবৎ স্বয়ং অত্যন্তদুস্তরে পঙ্কে নিমগ্না আসীৎ। রাজানং দৃষ্ট্বা চ কাতরং শব্দং চকার। রাজাপি তৎসমীপমাগত্য যদা পশ্যতি তদা অতিসংকীর্ণে দুস্তরে পঙ্কে নিমগ্না আসীৎ তৎসমীপে ব্যাঘ্রঃ কশ্চিৎ সমুপবিষ্টো অস্তি। রাজনি তাঙ্গাং উত্থাপয়িতুং প্রযত্নং ক্রিয়মাণে সূর্য্যোঽপ্যস্তং গতঃ। অথ রাত্রিরাগতা। সোঽপি অনাথাং তাঙ্গাং রক্ষন্ তত্রৈব স্থিতঃ। ততঃ সূর্য্যোদয়ো জাতঃ। গৌরপি রাজ্ঞো দয়াধৈর্য্যাদিগুণান্নিরীক্ষ্য

তথাচ, হস্তী, অশ্ব ও লৌহ; কাষ্ঠ, পাষাণ ও বস্ত্র এবং স্ত্রী, পুরুষ ও জল এই সকলে পরস্পর অতিমাত্র প্রভেদ বা পার্থক্য॥ ৩॥

তদনন্তর ইন্দ্র সুরভিকে কহিলেন, তুমি মর্ত্ত্যলোকে গিয়া, বিক্রমার্কের দয়া ও পরোপকারাদি গুণ সকল নির্ণয় করিয়া, আমারে বিজ্ঞাপিত কর।

তখন সুরভি অত্যন্ত দুর্ব্বল গোরূপ ধারণ করিয়া, মর্ত্ত্যলোকে গমন করিল এবং বিক্রমার্ক পথিমধ্যে সমাগত হইলে, স্বয়ং অতিদুস্তর পঙ্কে মগ্ন হইয়া রহিল। এবং রাজাকে দেখিয়া, কাতর স্বরে শব্দ করিতে লাগিল। রাজা তাহার সমীপে আসিয়া, যেমাত্র দেখিলেন, তৎক্ষণাৎ সে আরও অতিসংকীর্ণ দুস্তর পঙ্কে নিমগ্ন হইল। রাজা আরও দেখিলেন, তাহার সমীপে এক ব্যাঘ্র উপবেশন করিয়া আছে। রাজা সেই গোকে উত্থাপিত করিবার জন্য প্রযত্নপরায়ণ হইলেন। ঐ সময়ে সূর্য্য অস্তগত হইল। রাত্রি আগমন করিল। তিনি সেই অনাথা গোকে রক্ষা করত, সেই স্থানেই থাকিলেন। অনন্তর সূর্য্যোদয় হইল। তখন গো রাজার দয়া ধর্ম্মাদি গুণসমূহ দর্শন

স্বয়মেবোত্থিতা রাজানমবদৎ ভো রাজন্ অহং সুরভিধেনুঃ তব দয়াদিগুণানবলোকয়িতুং স্বর্গাৎ সমাগতা তত্র প্রত্যয়ো দৃষ্টঃ ত্বৎসদৃশো রাজা দয়াপরো ভূতলে নাস্তি অহং প্রসন্নাস্মি বরং বৃণীষ্ব। রাজ্ঞা ভণিতং ত্বৎপ্রসাদাৎ ময়ি ন্যূনতা নাস্তি। কিং ময়া প্রার্থ্যতে। তয়োক্তং মম বাক্যং কথমপি নিষ্ফলং ন ভবতি তর্হি অহং তব সমীপে এব তিষ্ঠামি ইতি রাজ্ঞা সহ নির্গতা। ততো রাজা যাবৎ তয়া সহ মার্গে গচ্ছতি তাবৎ ব্রাহ্মণঃ কশ্চিদাগত্য

সানন্দং নন্দিহস্তাহতমুরজরবাহূতকৌমারবর্হি-
ত্রাসান্নাসাগ্ররন্ধ্রং বিশতি ফণিপতৌ ভোগসঙ্কোচভাজি।
গণ্ডোড্ডীনালিমালামুখরিতককুভস্তাণ্ডবে শূলপাণে-
র্বৈনায়ক্যশ্চিরং বো বদনবিধুতয়ঃ পান্তু চীৎকারবত্যঃ ॥৪॥

শূলপাণেঃ তাণ্ডবে ফণিপতৌ সানন্দং নন্দিহস্তাহতমুরজরবাহূতকৌমারবর্হিত্রাসাৎ ভোগসঙ্কোচভাজি নাসাগ্ররন্ধ্রং বিশতি গণ্ডোড্ডীনালিমালামুখরিতককুভঃ চীৎকারবত্যঃ বৈনায়ক্যঃ বদনবিধুতয়ঃ বঃ চিরং পান্তু ॥ ৪ ॥

করিয়া, স্বয়ংই উত্থিত হইয়া, তাঁহারে কহিল, রাজন্! আমি কামধেনু। তোমার দয়াদি গুণ দর্শন করিবার জন্য স্বর্গ হইতে সমাগত হইয়াছি। প্রত্যক্ষে তাহা পরীক্ষা করিলাম। তোমার সদৃশ দয়াপর রাজা ভূমণ্ডলে দ্বিতীয় নাই। আমি প্রসন্না হইয়াছি। বর লও।

রাজা কহিলেন, আপনার প্রসাদে আমার ন্যূনতা নাই অতএব কি প্রার্থনা করিব?

সুরভি কহিল, আমার বাক্য কোন প্রকারেই নিষ্ফল হয় না। অতএব আমি তোমার সমীপে থাকিব। এই বলিয়া সুরভি রাজার সহিত নির্গত হইল।

অনন্তর রাজা তাহার সহিত পথিমধ্যে গমন করিতে লাগিলে, কোন ব্রাহ্মণ আগমন করিয়া, আশীর্ব্বাদ করিলেন,

শূলপাণি তাণ্ডবে * প্রবৃত্ত হইলে, গণপতি চীৎকারসহকারে বারম্বার যে বদন কম্পিত করেন, তাহা আপনারে পালন করুক। তৎকালে নন্দী স্বহস্তে আনন্দসহকারে মুরজ বাদিত করিলে, কার্ত্তিকেয়ের ময়ূর তাহার রবে আহূত

---

* নৃত্যবিশেষ।

ইত্যাশিষং প্রযুজ্যাব্রবীৎ ভো রাজন্ অহং দরিদ্রঃ কৃতঃ অতোঽহং সর্ব্বান্ জনান্ পশ্যামি মাং কেচন ন পশ্যন্তি।

দারিদ্র্যায় নমস্তুভ্যং সিদ্ধোঽহং ত্বৎপ্রসাদতঃ।
জগৎ পশ্যামি যেনাহং ন মাং পশ্যন্তি কেচন ॥ ৫ ॥

দারিদ্র্যায় তুভ্যং নমঃ ত্বৎপ্রসাদতঃ অহং সিদ্ধঃ যেন অহং জগৎ পশ্যামি কেচন মাং ন পশ্যন্তি ॥ ৫ ॥

যস্তু দারিদ্র্যমুদ্রিতস্তস্য গৃহে সর্ব্বদা সূতকমেব ভবতি।

স্বগ্রাসং পথিকায় দেহি সুভগে নো নো গিরো নিষ্ফলাঃ
কস্মাৎ ব্রূহি সখে নু সূতকমিদং কালাবধির্নাস্তি কিং।
যাবজ্জীবমিদং ন যাতি বিষমং পুত্রোদ্ভবং সূতকং
কো জাতো ময়ি সর্ব্ববিত্তরহিতে দারিদ্র্যনামা সুতঃ ॥৬॥

সুভগে পথিকায় স্বগ্রাসং দেহি নো নো গিরঃ নিষ্ফলাঃ কস্মাৎ ব্রূহি নু সখে ইদং সূতকং কালাবধিঃ নাস্তি কিং ইদং বিষমং পুত্রোদ্ভবং সূতকং যাবজ্জীবং ন যাতি কঃ জাতঃ সর্ব্ববিত্তরহিতে ময়ি দারিদ্র্যনামা সুতঃ ॥ ৬ ॥

হইয়া থাকে; ফণিপতি তাহার ভয়ে আপনার ফণমণ্ডল সংকুচিত করিয়া, গণেশের নাসাগ্ররন্ধ্রে প্রবেশ করিতে উদ্যত হয় এবং তদীয় গণ্ডোপরি উড্ডীয়মান মধুকরমালার শব্দে দশদিক্ মুখরিত হইয়া উঠে ॥ ৪ ॥

এইপ্রকার আশীর্ব্বাদ করিয়া, কহিতে লাগিলেন, রাজন্! বিধাতা আমায় দরিদ্র করিয়াছেন। এইজন্য আমি সকলকে দেখিয়া থাকি; কিন্তু আমায় কেহই দেখে না।

দরিদ্রতা, তোমাকে নমস্কার। কেন না, আমি তোমার প্রসাদে সিদ্ধ হইয়াছি। আমি সমুদায় সংসারকে দর্শন করি। কিন্তু আমাকে কেহই দেখে না ॥ ৫ ॥

যে ব্যক্তি দারিদ্র্যদোষে সংস্পৃষ্ট, তাহার গৃহে সর্ব্বদাই সূতক অর্থাৎ অশৌচ।

অয়ি সুভগে! পথিককে আপনার গ্রাস প্রদান কর। না না, নিষ্ফল বাক্য প্রয়োগ করিও না। কিজন্য, সখে! এরূপ বলিতেছ, বল? আমার সূতক অর্থাৎ অশৌচ হইয়াছে। কত কাল হইয়াছে, তাহার কি স্থিরতা নাই? না, আমার এই পুত্রজন্মজনিত সূতক অতিনিয়ম, যতদিন বাঁচিব,

রাজ্ঞোক্তং ভো ব্রাহ্মণ কিং যাচসে। ব্রাহ্মণেন ভণিতং ভো রাজন্ ভবান্ আশ্রিতকল্পবৃক্ষঃ যাবজ্জীবং মম দারিদ্র্যবিচ্ছিত্তির্যথা ভবতি তথা বিধেয়ম্। রাজ্ঞোক্তং তর্হি ইয়ং কামধেনুস্তবেপ্সিতং দাস্যতি ইমাং গৃহাণ ইতি তস্মৈ কামধেনুং প্রাদাৎ। ব্রাহ্মণঃ স্বর্গ-সুখং গত ইব কামধেনুং গৃহীত্বা নিজস্থানং জগাম। রাজাপি নিজনগরীমগাৎ।

ইমাং কথাং কথয়িত্বা পুত্তলিকা ভোজরাজানং জগাদ ভো রাজন্ ত্বয়ি এবমৌদার্য্যং যদি বিদ্যতে তর্হি অস্মিন্ সিংহাসনে সমুপবিশ।

রাজা তূষ্ণীং অভূৎ।

ইতি ষড়্‌বিংশোপাখ্যানম্।

তত দিন থাকিবে। তোমার কে জন্মিয়াছে? সর্ব্ববিত্তবিরহিত আমাতে দারিদ্র্যনামক পুত্র জন্মিয়াছে॥ ৬॥

রাজা কহিলেন, ব্রাহ্মণ! আপনি কি প্রার্থনা করেন?

ব্রাহ্মণ কহিলেন, রাজন্! আপনি আশ্রিতগণের কল্পতরু। যাহাতে আমার যাবজ্জীবন দারিদ্র্যবিরহ সংঘটিত হইতে পারে, তাহার উপায় করিয়া দিন।

রাজা কহিলেন, তবে এই কামধেনু আপনার অভিলষি[illegible]ান করিবেন। ইহাঁরেই গ্রহণ করুন। এই বলিয়া তাহাঁরে কামধেনু প্রদান করিলেন।

তখন ব্রাহ্মণ যেন স্বর্গসুখ প্রাপ্ত হইয়া, কামধেনুকে লইয়া, নিজ স্থানে গমন করিলেন। এদিকে, রাজাও আপনার নগরে আসিলেন।

পুত্তলিকা এই কথা কহিয়া, ভোজরাজকে বলিতে লাগিল, রাজন্! আপনাতে যদি এইপ্রকার উদারতা থাকে, তাহা হইলে, এই সিংহাসনে বসুন। রাজা মৌনভাব অবলম্বন করিলেন।

ষড়্‌বিংশ উপাখ্যান সমাপ্ত।

অথ সপ্তবিংশোপাখ্যানম্।

পুনরপি রাজা সিংহাসনে উপবেষ্টুং যাবৎ প্রযততে তাবদন্যা পুত্তলিকা ভণতি ভো রাজন্ যস্য বিক্রমস্যেব ঔদার্য্যাদয়ো গুণা ভবন্তি সোঽস্মিন্ সিংহাসনে উপবেষ্টুং ক্ষমঃ। ভোঃ পুত্তলিকে কথয় তস্য বিক্রমস্যৌদার্য্যাদিগুণবৃত্তান্তম্। সা অব্রবীৎ শ্রূয়তাং রাজন্ বিক্রমো রাজা পৃথিব্যাং পর্য্যটন্ নগরমেকমগমৎ। তত্রান্যো রাজা অতীবধার্ম্মিকঃ শ্রুতিস্মৃতিবিহিতানুষ্ঠানপরঃ তত্র স্থিতান্ ব্রাহ্মণাদিচতুর্ব্বর্ণান্ সম্যক্ প্রতিপালয়তি স্ম। সর্ব্বো লোকঃ সদাচার-রতঃ অতিথিপ্রিয়ো দয়াপরশ্চ। রাজা বিক্রমোঽপি দিনত্রয়ং দিন-পঞ্চকং বা তত্র স্থাস্যামি ইতি কৃতনিশ্চয়ঃ কঞ্চন অতিমনোহরং দেবালয়ং গত্বা দেবং নমস্কৃত্য রঙ্গমণ্ডপে উপবিষ্টঃ। অত্রান্তরে কশ্চিদ্রাজকুমার ইব অতিমনোহররূপো দুকূলবস্ত্রধারী নানাভরণা-

---

পুনরায় রাজা সিংহাসনে উপবেশন করিতে উদ্যত হইলে, অন্য পুত্ত-লিকা কহিতে লাগিল, রাজন্! বিক্রমার্কের ন্যায়, যাহার ঔদার্য্যাদি গুণ-পরম্পরা আছে, তিনিই এই সিংহাসনে বসিতে পারেন।

ভোজরাজ কহিলেন, পুত্তলিকে! সেই বিক্রমার্কের ঔদার্য্যাদি গুণ-বৃত্তান্ত কীর্ত্তন কর।

পুত্তলিকা কহিল, রাজন্! শ্রবণ করুন। বিক্রমার্ক পৃথিবীপর্য্যটনে প্রবৃত্ত হইয়া, এক নগরে গমন করিলেন। তথায় আর এক রাজা ছিলেন। তিনি অতীবধার্ম্মিক ও শ্রুতিস্মৃতিবিহিত-অনুষ্ঠান-পরায়ণ এবং তথায় স্থিত ব্রাহ্মণাদি চারি বর্ণকে সম্যক্ রূপে প্রতিপালন করিতেন। তাঁহার অধি-কারে সমুদয় লোকই সদাচাররত, অতিথিপ্রিয় ও দয়াপর ছিল। রাজা বিক্রমার্ক তথায় তিন বা পাঁচ দিন থাকিতে সংকল্প করিয়া, অতিমনোহর কোন দেবালয়ে গমন ও দেবতাকে প্রণাম পূর্ব্বক রঙ্গমণ্ডপে উপবিষ্ট হইলেন। এই অবসরে এক ব্যক্তি যাহাদের সহিত তথায় আগমন করিল, তাহাদের সহিত নানাবিধ কামকথাপ্রস্তাবসহকারে বিনোদবিধান পূর্ব্বক পুনরায় তাহাদেরই সমভিব্যাহারে তথা হইতে নির্গত হইল। ঐ ব্যক্তি রাজকুমারের ন্যায়, অতিমনোহর-রূপ-সম্পন্ন, দুকূল বস্ত্র ও বিবিধ

লঙ্কৃতশরীরঃ কুঙ্কুমকর্পূরকস্তূরীমৃগমদমিশ্রিতৈঃ চন্দনৈর্ব্বিলিপ্ত-তনুঃ যৈঃ সহ তত্রাগতঃ তৈঃ সহ নানাবিধকামকথাপ্রস্তাব-বিনোদাদিকং বিধায় পুনস্তৈঃ সহ নির্গতঃ। রাজাপি তং দৃষ্ট্বা কোঽয়মিতি বিচারয়ন্ স্থিতঃ। ততো দ্বিতীয়দিনে স এব একাকী বস্ত্রাদিরহিতঃ কৌপীনমাত্রশেষঃ সন্ সমাগত্য দেবালয়স্য রঙ্গমণ্ডপে পপাত। রাজা তং দৃষ্ট্বা ভণতি ভো দেবদত্ত পূর্ব্বেদ্যুঃ অলঙ্কৃত-শরীরো রাজকুমার ইব বয়স্যৈঃ সংসেব্যমানোঽত্র সমাগতঃ অদ্য কিমীদৃশীং কষ্টাং দশাং প্রাপ্তোঽসি।

তেনোক্তং স্বামিন্ কিমেবমুচ্যতে অহং পূর্ব্বেদ্যুস্তদা তথৈব স্থিতঃ ইদানীং দৈবযোগাৎ এবং তিষ্ঠামি।

তথাহি

যে বর্দ্ধিতাঃ করিকপোলমদেন ভৃঙ্গাঃ
প্রোৎফুল্লপঙ্কজরজঃসুরভীকৃতাঙ্গাঃ।

প্রোৎফুল্লপঙ্কজরজঃসুরভীকৃতাঙ্গাঃ যে ভৃঙ্গাঃ করিকপোলমদেন বর্দ্ধিতাঃ তে সাম্প্রতং বিধিবশাৎ নিম্বেষু চ অর্ককুসুমেষু চ চম্বরেষু কালং ক্ষপয়ন্তি॥ ১॥

আভরণে অলঙ্কৃতদেহ এবং তাহার কলেবর কুঙ্কুম, কর্পূর, কস্তূরী ও মৃগ-মদমিশ্রিত চন্দনে বিলিপ্ত। রাজা তাহাকে দেখিয়া, বিচার করিতে লাগিলেন, এ ব্যক্তি কে? অনন্তর দ্বিতীয় দিনে সেই ব্যক্তিই একাকী, বস্ত্রাদিরহিত ও কৌপীনমাত্রাবশিষ্ট আগমন করিয়া, দেবালয়ের রঙ্গ-মণ্ডপে পতিত হইল।

রাজা তাহাকে দেখিয়া বলিতে লাগিলেন, দেবদত্ত! পূর্ব্বদিন আপনি রাজকুমারের ন্যায়, অলঙ্কৃত কলেবরে বয়স্যবর্গে বেষ্টিত হইয়া, এখানে আসিয়াছিলেন। অদ্য কিকারণে ঈদৃশী কৃচ্ছ্র দশা প্রাপ্ত হইয়াছেন।

ঐ ব্যক্তি কহিল, স্বামিন্! কিজন্য এরূপ বলিতেছেন? আমি পূর্ব্বদিন তৎকালে তদবস্থায় ছিলাম। ইদানীং দৈবযোগে এইরূপ অবস্থায় অবস্থিত হইয়াছি। তথাহি,

যে সকল ভৃঙ্গ হস্তীর গণ্ডবিনির্গলিত মদ উপযোগ করিয়া, বর্দ্ধিত এবং যাহাদের অঙ্গ প্রোৎফুল্ল পদ্মপরাগে সুরভিত হইয়াছে, তাহারা

তে সাম্প্রতং বিধিবশাৎ ক্ষপয়ন্তি কালং
নিম্বেষু চার্ককুসুমেষু চ চত্বরেষু ॥ ১ ॥

তথাচ

রসসহকারতালীপরিমলকেলিপরায়ণোয়ং মধুপঃ।
অধুনা হতবিধিবশাদর্কবনে শরভসঙ্কুলে ভ্রমতি ॥ ২ ॥

রসসহকারতালীপরিমলকেলিপরায়ণঃ অয়ং মধুপঃ অধুনা হতবিধিবশাৎ শরভসঙ্কুলে অর্ক-বনে ভ্রমতি ॥ ২ ॥

তথাচ

যে বর্দ্ধিতাঃ কনকপঙ্কজরেণুমধ্যে
মন্দাকিনীবিমলনীরজরঙ্গভঙ্গে।
তে সাম্প্রতং বিধিবশাৎ কলহংসপোতাঃ
শৈবালমালজটিলং জলমাবিশন্তি ॥ ৩ ॥

যে কলহংসপোতাঃ কনকপঙ্কজরেণুমধ্যে মন্দাকিনীবিমলনীরজরঙ্গভঙ্গে বর্দ্ধিতাঃ তে সাম্প্রতং বিধিবশাৎ শৈবালমালজটিলং জলং আবিশন্তি ॥ ৩ ॥

অপিচ

বাতান্দোলিতপঙ্কজচ্যুতরজঃপীঠাঙ্গরাগোজ্জ্বলো
যঃ শ্রুত্বোৎকলকূজিতং মধুলিহাং সঞ্জাতহর্ষোৎসবঃ।

বাতান্দোলিতপঙ্কজচ্যুতরজঃপীঠাঙ্গরাগোজ্জ্বলঃ যঃ হংসকঃ মধুলিহাং উৎকলকূজিতং শ্রুত্বা

এক্ষণে বিধিবশে নিম্বে, অর্কপুষ্পে ও চত্বরে থাকিয়া, কালক্ষেপ করি-তেছে ॥ ১ ॥

তথাচ,

যে মধুকর রসপূর্ণ সহকার ও তালীপরিমলে কেলিপরায়ণ হইয়াছিল, অধুনা হতবিধিবশে তাহাকে শরভ-সঙ্কুল অর্কবনে ঘুরিয়া বেড়াইতে হইতেছে ॥ ২ ॥

তথাচ,

যে কলহংসশাবকসকল কনকপদ্মের পরাগমধ্যে এবং মন্দাকিনীর নির্ম্মল নীরজে রঙ্গভঙ্গে বর্দ্ধিত হইয়াছে, তাহারা সম্প্রতি বিধিবশে শৈবাল-দলজটিল সলিলমধ্যে প্রবেশ করিতেছে ॥ ৩ ॥

অপিচ,

যে হংস বায়ুভরে আন্দোলিত পঙ্কজ হইতে পরিচ্যুত পরাগরূপ অঙ্গ-

কান্তাচঞ্চুপুটাঞ্চলস্থিতবিসগ্রাসগ্রহেঽপ্যক্ষমঃ
সোঽয়ং সম্প্রতি হংসকো বিধিবশাৎ কাষ্ঠং তৃণং যাচতে ॥৪॥

সঞ্জাতহর্ষোৎসবঃ কান্তাচঞ্চুপুটাঞ্চলস্থিতবিসগ্রাসগ্রহে অপি অক্ষমঃ সঃ অয়ং সম্প্রতি বিধিবশাৎ কাষ্ঠং তৃণং যাচতে ॥ ৪ ॥

অন্যচ্চ কর্ম্মণা নিয়মিতো জনঃ কিং কষ্টং ন প্রাপ্নোতি। তথাচোক্তং

ব্রহ্মা যেন কুলালবৎ নিয়মিতো ব্রহ্মাণ্ডভাণ্ডোদরে
বিষ্ণুর্যেন দশাবতারগহনে ক্ষিপ্তো মহাসঙ্কটে।
রুদ্রো যেন কপালপাণিপুটকো ভিক্ষাটনং কারিতঃ
সূর্য্যো ভ্রাম্যতি নিত্যমেব গগনে তস্মৈ নমঃ কর্ম্মণে ॥ ৫ ॥

ব্রহ্মা যেন কুলালবৎ ব্রহ্মাণ্ডভাণ্ডোদরে নিয়মিতঃ বিষ্ণুঃ যেন মহাসঙ্কটে দশাবতারগহনে ক্ষিপ্তঃ রুদ্রঃ যেন কপালপাণিপুটকঃ ভিক্ষাটনং কারিতঃ সূর্য্যঃ নিত্যং এব গগনে ভ্রাম্যতি তস্মৈ কর্ম্মণে নমঃ ॥ ৫ ॥

রাজ্ঞা ভণিতং কো ভবান্। তেনোক্তং অহং দ্যূতকারঃ। রাজ্ঞোক্তং দ্যূতক্রীড়াং জানাসি কিং।

রাগে বিদ্যোতিত ও মধুকরগণের কল কূজিত শ্রবণ করিয়া, যাহার হর্ষোৎসব সমুদ্ভূত হইত এবং কান্তার চঞ্চুপুটের প্রান্তস্থিত মৃণালকবল গ্রহণ করিতেও যাহার ক্ষমতা হইত না, সেই হংস সম্প্রতি বিধিবশে কাষ্ঠ ও তৃণ যাচ্ঞা করিতেছে ॥ ৪ ॥

আরও দেখুন, লোকে কর্ম্মবশে নিয়মিত হইয়া, কি কষ্ট না প্রাপ্ত হয়? তথাহি, বলিয়াছেন,

যাহা ব্রহ্মাকেও ব্রহ্মাণ্ডভাণ্ডোদরে কুলালের ন্যায়, নিয়মিত করিয়া রাখিয়াছে; যাহা বিষ্ণুকেও মহাসংকটপূর্ণ দশাবতাররূপ গহনে বিনিক্ষিপ্ত করিয়াছে; যাহা রুদ্রকেও কপালহস্তে ভিক্ষার্থ পর্য্যটন করাইয়া থাকে, এবং যাহা সূর্য্যকেও নিত্য গগনপথে ভ্রমণ করাইতেছে, সেই কর্ম্মকে নমস্কার ॥ ৫ ॥

রাজা কহিলেন, আপনি কে?

সে কহিল, আমি দ্যূতকার।

রাজা বলিলেন, তুমি কি দ্যূতক্রীড়া অবগত আছ?

তেনোক্তং দ্যূতবিদ্যাবিষয়ে অহং বিচক্ষণঃ। অন্যচ্চ শারীক্রীড়াং জানামি বুদ্ধিবলং জানামি পরং সর্ব্বমেব তদনর্থকং দৈবমেব বলবদিতি।

উক্তঞ্চ

গজভুজঙ্গবিহঙ্গমবন্ধনং
শশিদিবাকরয়োর্গ্রহপীড়নম্।
মতিমতাঞ্চ নিরীক্ষ্য দরিদ্রতাং
বিধিরহো বলবানিতি মে মতিঃ॥ ৬॥

গজভুজঙ্গবিহঙ্গমবন্ধনং শশিদিবাকরয়োঃ গ্রহপীড়নং মতিমতাং চ দরিদ্রতাং নিরীক্ষ্য অহো বিধিঃ বলবান্ ইতি মে মতিঃ॥ ৬॥

তথাচ

নৈবাকৃতিঃ ফলতি নৈব কুলং ন শীলং
বিদ্যাপি নৈব ন চ যত্নকৃতাপি সেবা।
ভাগ্যানি পূর্ব্বতপসা খলু সঞ্চিতানি
কালে ফলন্তি পুরুষস্য যথৈব বৃক্ষাঃ॥ ৭॥

পুরুষস্য আকৃতিঃ ন এব ফলতি কুলং এব ন শীলং ন বিদ্যা অপি এব ন চ যত্নকৃতা সেবা অপি ন পূর্ব্বতপসা সঞ্চিতানি ভাগ্যানি খলু যথা বৃক্ষাঃ কালে ফলন্তি এব॥ ৭॥

সে বলিল, দ্যূতবিদ্যাবিষয়ে আমি বিশেষ পারদর্শী। আরও, আমি শারীক্রীড়া জানি এবং বুদ্ধিবলও বিদিত আছি। কিন্তু এ সমস্তই অনর্থক; দৈবই কেবল বলবান্। তথাহি, বলিয়াছেন,

মাতঙ্গ, ভুজঙ্গ ও বিহঙ্গগণের বন্ধন, চন্দ্র ও সূর্য্যের রাহু কর্তৃক পীড়ন এবং মতিমান্ ব্যক্তিগণেরও দরিদ্রতা দর্শন করিয়া, আমার স্পষ্টই প্রতীতি জন্মিয়াছে, বিধিই বলবান্॥ ৬॥

তথাচ,

পুরুষের আকৃতি, বা কুল, বা শীল, বা বিদ্যা, অথবা যত্নকৃত সেবা, কিছুরই ফল নাই বা হয় না; একমাত্র পূর্ব্বকৃত তপোবলে সঞ্চিত ভাগ্য-পরম্পরাই, বৃক্ষের ন্যায়, কালে ফলিত হইয়া থাকে॥ ৭॥

রাজ্ঞোক্তং ভো দেবদত্ত ত্বমেবং অতিপ্রাজ্ঞোঽপি কথমেবং অতিপাপে দ্যূতকর্ম্মণি রতোঽসি।

তেনোক্তং প্রাজ্ঞোঽপি পুরুষঃ কর্ম্মণা প্রের্য্যমাণঃ কিং কিং ন করোতি।

উক্তঞ্চ

কিং করোতি নবা প্রাজ্ঞঃ প্রের্য্যমাণঃ স্বকর্ম্মভিঃ।
প্রায়েণ হি মনুষ্যাণাং বুদ্ধিঃ কর্ম্মানুসারিণী ॥ ৮ ॥

প্রাজ্ঞঃ স্বকর্ম্মভিঃ প্রের্য্যমাণঃ কিং বা ন করোতি মনুষ্যাণাং বুদ্ধিঃ প্রায়েণ হি কর্ম্মানুসারিণী ॥ ৮ ॥

রাজ্ঞা ভণিতং ভো দেবদত্ত দ্যূতং মহদাপন্মূলং সর্ব্বেষাং ব্যসনানামাশ্রয়ো দ্যূতমেব চ।

উক্তঞ্চ

ভবনমিদমকীর্ত্তেশ্চোরবেশ্যাঙ্গনানাং
প্রিয়মতিশয়মাহুঃ সন্নিধিঃ পাতকানাং।
বিষমনরকমার্গং প্রজ্ঞয়া হ্যত্র কো হি
বিমলবিশদবুদ্ধির্দ্যূতমঙ্গীকরোতি ॥ ৯ ॥

ইদং দ্যূতং বিষমনরকমার্গং অকীর্ত্তেঃ ভবনং চোরবেশ্যাঙ্গনানাং অতিশয়ং প্রিয়ং পাতকানাং সন্নিধিঃ হি অত্র আহুঃ বিমলবিশদবুদ্ধিঃ প্রজ্ঞয়া উপলক্ষিতঃ কঃ হি অঙ্গীকরোতি ॥ ৯ ॥

রাজা কহিলেন, দেবদত্ত! তুমি এইরূপ অতীবপ্রজ্ঞাসম্পন্ন হইয়াও, কিরূপে এবংবিধ অতিপাপবিশিষ্ট দ্যূতকার্য্যে প্রবৃত্ত হইয়াছ?

সে কহিল, প্রাজ্ঞ পুরুষও কর্ম্মকর্ত্তৃক প্রেরিত হইয়া, কি কি না করে? শাস্ত্রে বলিয়াছেন,

প্রাজ্ঞ পুরুষ স্বকৃতকর্ম্মবশে চালিত হইয়া, কি না করিয়া থাকে। মনুষ্যগণের বুদ্ধি প্রায়ই কর্ম্মের অনুসরণ করে ॥ ৮ ॥

রাজা কহিলেন, দেবদত্ত! দ্যূতক্রীড়া মহা আপদের মূল ও সমুদায় ব্যসনের আশ্রয়। শাস্ত্রে বলিয়াছেন,

দ্যূতক্রীড়া অকীর্ত্তির নিলয়, চোর ও বেশ্যাগণের অতিমাত্র প্রিয় ও পাতক সকলের অধিষ্ঠান এবং বিষম নরকমার্গ-স্বরূপ। অতএব বিমল-বিশদ-বুদ্ধিবিশিষ্ট, প্রজ্ঞাবান্ কোন পুরুষ ইহাতে প্রবৃত্ত হইতে পারেন? ॥৯॥

তথাচ

ক্বাকীর্ত্তিঃ ক্ব দরিদ্রতা ক্ব বিপদঃ ক্ব ক্রোধলোভাদয়-
শ্চৌর্য্যাদি ব্যসনং ক্ব বা হি নরকে দুঃখং মৃতানাং নৃণাম্।
যদ্দ্যূতৈর্গুরুমোহতো হি মনুজো দুঃখেষু নিক্ষিপ্যতে
প্রাজ্ঞো বা ভুবি দুর্জ্জনেষু সকলৈর্নষ্টেষু চ স্মর্য্যতে ॥ ১০ ॥

ক্ব অকীর্ত্তিঃ ক্ব দরিদ্রতা ক্ব বিপদঃ ক্ব ক্রোধলোভাদয়ঃ ক্ব চৌর্য্যাদি ব্যসনং ক্ব বা নরকে মৃতানাং নৃণাং দুঃখং প্রাজ্ঞঃ মনুজঃ গুরুমোহতঃ দ্যূতৈঃ যৎ দুঃখেষু নিক্ষিপ্যতে ভুবি দুর্জ্জনেষু নষ্টেষু সকলৈঃ স্মর্য্যতে ॥ ১০ ॥

তস্মাৎ কারণাৎ মহাপাপানি সপ্ত ব্যসনানি ত্যাজ্যানি।

উক্তঞ্চ

দ্যূতমাংসসুরাবেশ্যাখেটচৌর্য্যপরাঙ্গনাঃ।
মহাপাপানি সপ্তৈব ব্যসনানি ত্যজেদ্বুধঃ ॥ ১১ ॥

দ্যূতমাংসসুরাবেশ্যাখেটচৌর্য্যপরাঙ্গনাঃ মহাপাপানি সপ্ত এব ব্যসনানি বুধঃ ত্যজেৎ ॥ ১১ ॥

অন্যচ্চ

যস্ত্বেকব্যসনাসক্তো নির্গমে চ ন পশ্যতি।
কিং পুনঃ সপ্তভির্যুক্তো ব্যসনৈঃ সঙ্কুলঃ পুমান্ ॥১২॥

যঃ তু একব্যসনাসক্তঃ নির্গমে চ ন পশ্যতি সপ্তভিঃ ব্যসনৈঃ যুক্তঃ সঙ্কুলঃ পুমান্ কিং পুনঃ ॥১২॥

তথাচ,

প্রাজ্ঞই হউক, আর যেই বা হউক, গুরুতর মোহবশে দ্যূতে আসক্ত হইয়া, লোকে যে দুঃখ ভোগ করে, তাহার তুলনায় অকীর্ত্তি, দরিদ্রতা, বিপদ্পরম্পরা, ক্রোধ ও লোভাদি রিপুগণ, চৌর্য্যাদি ব্যসন এবং নরকে মৃতগণের দুঃখ, এ সকল অতি সামান্যই বোধ হয়। সংসারে দুর্জ্জন সকল বিনষ্ট হইলেই, সকলের একথা স্মরণ হইয়া থাকে ॥ ১০ ॥

এই কারণে মহাপাপে পরিপূর্ণ সপ্তবিধ ব্যসন পরিত্যাগ করিবে। তথাহি, বলিয়াছেন,

দ্যূত, মাংস, সুরা, বেশ্যা, মৃগয়া, চৌর্য্য, পরাঙ্গনা, এই সপ্তবিধ মহাপাপ ব্যসন পণ্ডিত ব্যক্তি পরিত্যাগ করিবেন ॥ ১১ ॥

আরও বলিয়াছেন,

ঐ সকলের মধ্যে একমাত্র ব্যসনে আসক্ত হইলেও, লোকে যখন উদ্ধারের

তথাহি

দ্যূতাদ্ধর্ম্মসুতঃ পলাদিহ বকো মদ্যাদ্‌যদোর্নন্দনা-
শ্চোরঃ কামবশাৎ মৃগান্তকরণাৎ স ব্রহ্মদত্তো নৃপঃ।
চৌরত্বাচ্ছিবভূতিরন্যবনিতাসঙ্গাদ্‌দশাস্যো হঠা-
দেকৈকব্যসনাহতা ইতি নরাঃ সর্ব্বৈর্ন কো নশ্যতি ॥১৩॥

ইহ দ্যূতাৎ ধর্ম্মসুতঃ পলাৎ বকঃ মদ্যাৎ যদোঃ নন্দনাঃ চোরঃ কামবশাৎ স ব্রহ্মদত্তঃ নৃপঃ মৃগান্তকরণাৎ চৌরত্বাৎ শিবভূতিঃ অন্যবনিতাসঙ্গাৎ দশাস্যঃ ইতি নরাঃ হঠাৎ একৈকব্যসনাহতাঃ সর্ব্বৈঃ কঃ ন নশ্যতি ॥ ১৩ ॥

অতস্ত্বয়া এতানি পরিত্যাজ্যানি। দ্যূতকারেণোক্তং ভো স্বামিন্ মম তদেব জীবনং কথং পরিত্যজ্যতে যদি ত্বং মমোপরি কৃপাং বিধায় কমপি ধনার্জ্জনোপায়ং কথয়িষ্যসি তর্হি অহং দ্যূতং ত্যক্ষ্যামি।

অস্মিন্নবসরে বিদেশবাসিনৌ দ্বৌ ব্রাহ্মণাবাগত্য দেবালয়স্য একদেশে সমুপবিষ্টৌ পরস্পরং মন্ত্রয়তঃ। তত্র একেনোক্তং

পথ দেখিতে পায় না, তখন সপ্তবিধ ব্যসনে একবারে জড়িত হইলে, আর কি বলিব? ॥ ১২ ॥

তথাহি, যুধিষ্ঠির দ্যূতক্রীড়া করিয়া, বক মাংসলোভে, যদুনন্দনগণ মদ্যপান করিয়া, সুন্দর কামবশে, ব্রহ্মদত্ত মৃগহত্যা করিয়া, শিবভূতি চৌর্য্যবৃত্তির পরতন্ত্রতা প্রযুক্ত এবং দশানন পরকীয় বনিতা সঙ্গদোষে, এইরূপে লোক সকল এক এক ব্যসনবশে হঠাৎ বিনষ্ট হইয়াছে। অতএব সর্ব্ববিধ ব্যসনাসক্ত হইলে, কেই বা বিনষ্ট না হয়? ॥ ১৩ ॥

এই কারণে তোমার ঐ সকল পরিত্যাগ করা অবশ্য কর্ত্তব্য।

দ্যূতকার কহিল, স্বামিন্! আমার উহাই জীবিকা। কিরূপে পরিত্যাগ করিতে পারি? যদি আপনি আমার উপরি কৃপা বিধান করিয়া, কোনরূপ ধনার্জ্জনের উপায় বলিয়া দেন, তাহা হইলে, আমি দ্যূতক্রীড়া ত্যাগ করি।

উভয়ের এইরূপ কথোপকথন হইতেছে, এমন সময়ে, বিদেশবাসী দুই ব্রাহ্মণ আগমন ও দেবালয়ের একদেশে উপবেশন করিয়া, পরস্পর মন্ত্রণা

ময়া চ সর্ব্বোঽপি পিশাচলিপিকল্পোঽবলোকিতঃ। তত্র এবং লিখিতমস্তি অস্য দেবালয়স্য ঈশানভাগে পঞ্চধনুঃপ্রমাণে দীনারপূরিতং ঘটত্রয়ং স্থাপিতমস্তি তৎসমীপে ভৈরবস্য প্রতিমাস্তি ভৈরবং স্বরক্তেন সেচয়িত্বা গ্রাহ্যমিতি।

রাজাপি তস্য বচনমাকর্ণ্য তত্র গত্বা স্বদেহরক্তেন ভৈরবং যাবৎ সিঞ্চতি তাবৎ প্রসন্নেন ভৈরবেণ ভণিতং ভো রাজন্ বরং বৃণীষ্ব।

রাজ্ঞোক্তং অস্মৈ দ্যূতকারায় দীনারপূরিতং ঘটত্রয়ং দেহি। ততো ভৈরবেণ তদ্ধনং দ্যূতকারায় দত্তম্। দ্যূতকারো রাজানং স্তুত্বা নিজনগরং গতঃ। রাজাপি নিজনগরমাগতঃ।

ইমাং কথাং কথয়িত্বা পুত্তলিকা রাজানমভণৎ ভো রাজন্ ত্বয়ি এবমৌদার্য্যং ধৈর্য্যং পরোপকারাদিগুণাঃ চেৎ বিদ্যন্তে তর্হি অস্মিন্ সিংহাসনে সমুপবিশ।

রাজা তূষ্ণীমাসীৎ।

ইতি সপ্তবিংশোপাখ্যানম্।

করিতে লাগিলেন। তন্মধ্যে একজন বলিলেন, আমি সমুদায় পিশাচলিপিকল্পই অবলোকন করিয়াছি। তাহাতে এইরূপ লিখিত আছে, এই দেবালয়ের ঈশান অংশে পঞ্চধনুঃপ্রমাণে সুবর্ণপূরিত ঘটত্রয় স্থাপিত আছে। তাহার সমীপে ভৈরবকে আপনার রক্তে অভিষিক্ত করিয়া, ঐ ঘটত্রয় গ্রহণ করিতে হয়।

রাজা তাঁহার কথা শুনিয়া, তথায় গমন করিয়া, আপনার দেহরক্তে ভৈরবের অভিষেক করিতে প্রবৃত্ত হইলেন। তখন ভৈরব প্রসন্ন হইয়া, কহিলেন, রাজন্! বরগ্রহণ কর।

রাজা কহিলেন, এই দ্যূতকারকে সুবর্ণপূরিত ঘটত্রয় প্রদান করুন।

তখন ভৈরব দ্যূতকারকে সেই ধন দিলেন। দ্যূতকার রাজার স্তব করিয়া, নিজনগরে গমন করিল। রাজা বিক্রমও আপনার নগরে আসিলেন।

পুত্তলিকা এই কথা কহিয়া, ভোজরাজকে বলিল, রাজন্! আপনাতে যদি এইরূপ ধৈর্য্য, ঔদার্য্য ও পরোপকারিতা প্রভৃতি গুণ সকল থাকে, তাহা হইলে, এই সিংহাসনে উপবেশন করুন।

রাজা মৌনী হইয়া রহিলেন।

সপ্তবিংশ উপাখ্যান সমাপ্ত।

অথ অষ্টাবিংশোপাখ্যানম্।

পুনরপি রাজা যদা সিংহাসনে সমুপবিশতি তাবদন্যা পুত্তলিকা বদতি ভো রাজন্ অস্মিন্ সিংহাসনে ধৈর্য্যাদিগুণযুক্তো বিক্রম এব উপবেষ্টুং ক্ষমঃ নান্যঃ।

ভোজেনোক্তং ভো পুত্তলিকে কথয় তস্য বিক্রমস্যৌদার্য্যগুণ-বৃত্তান্তম্। সা কথয়তি শ্রূয়তাং রাজন্ বিক্রমাদিত্যো রাজা পৃথিব্যাং পর্য্যটন্ নগরমেকমগমৎ। তত্র নগরসমীপে বিমলোদকা নদী প্রবহতি। নানাবিধতরুকুসুমফলোপশোভিতং বনমাসীৎ। তন্মধ্যে অতিমনোহরঃ দেবালয়ঃ আসীৎ। রাজা তত্র নদীজলে স্নাত্বা দেবং নমস্কৃত্য দেবালয়ে উপবিষ্টঃ। অত্রান্তরে চত্বারো বৈদেশিকাঃ সমাগত্য রাজ্ঞঃ সমীপে উপবিষ্টাঃ। ততো রাজা তান্ অপ্রাক্ষীৎ ভো যূয়ং কুতঃ সমাগতাঃ।

পুনরায় ভোজরাজ সিংহাসনে বসিবার উপক্রম করিলে, অন্য পুত্তলিকা কহিল, রাজন্! এই সিংহাসনে ধৈর্য্যাদিগুণযুক্ত বিক্রমাদিত্যই বসিবার উপযুক্ত; আর কেহই নহেন।

ভোজ কহিলেন, পুত্তলিকে! সেই বিক্রমের ঔদার্য্য বৃত্তান্ত কীর্ত্তন কর।

পুত্তলিকা কহিল, রাজন্! শ্রবণ করুন। রাজা বিক্রম পৃথিবীপর্য্যটনে প্রবৃত্ত হইয়া, এক নগরে গমন করিলেন। সেই নগরসমীপে বিমলজল-শালিনী তরঙ্গিণী প্রবাহিত হইতেছে। তাহার তীরে নানাবিধ-তরুকুসুম-ফল-শোভিত এক অরণ্য আছে। তন্মধ্যে অতিমনোহর দেবালয় প্রতি-ষ্ঠিত। রাজা ঐ নদীজলে স্নান ও দেবতাকে প্রণাম করিয়া, দেবালয়ে উপবিষ্ট হইলেন।

এই সময়ে চারিজন বৈদেশিক সমাগত হইয়া, রাজার সকাশে উপবেশন করিল। রাজা তাহাদিগকে জিজ্ঞাসিলেন, তোমরা কোথা হইতে আসিতেছ?

দ্বাত্রিংশৎ পুত্তলিকা।

তত্রৈকেনোক্তং অয়ং অপূর্ব্বদেশাদাগতঃ। রাজ্ঞোক্তং তত্র দেশে কিং কিমপি অপূর্ব্বং দৃষ্টম্। তেনোক্তং তত্র দেশে বেতালপুরী নাম পুরী বর্ত্ততে। তত্র শোণিতপ্রিয়া দেবতাস্তি। তত্রত্যো মহাজনো রাজা চ প্রতিবৎসরং স্বমনোরথপূরণার্থং অশুভনিবৃত্ত্যর্থং চ তস্যৈ দেবতায়ৈ পুরুষোপহারং প্রযচ্ছতি। তস্মিন্ দিনে যদি কোঽপি বৈদেশিকঃ সমায়াতি তর্হি তমেব দেবতায়ৈ পশুবৎ সমর্পয়তি। বয়মপি তস্মিন্নেব দিবসে মার্গবশাৎ তৎ নগরং গতাঃ। ততস্তত্রত্যা অস্মান্ সমুৎকর্ষ্টুং সমাগতাঃ। তৎ শ্রুত্বা বয়ং প্রাণান্ গৃহীত্বা পলায্য সমাগতাঃ। এতন্মহদাশ্চর্য্যং অস্মাভির্দৃষ্টম্। তৎ শ্রুত্বা রাজা বিক্রমস্তত্র গত্বা দেবতাং প্রণমতি ভয়ঙ্করাক বিলোক্য দেবতাং স্তৌতি

তাহাদের মধ্যে একজন কহিল, এই ব্যক্তি অপূর্ব্বদেশ হইতে আগমন করিয়াছে।

রাজা কহিলেন, সেই দেশে কি কি অপূর্ব্ব দর্শন করিয়াছ?

সে কহিল, সেই দেশে বেতালপুরী নামে নগরী আছে। তথায় শোণিত-প্রিয়া দেবতা বিরাজ করিতেছেন। তত্রত্য রাজা ও মহাজন সকলে প্রতি-বৎসর স্ব স্ব মনোরথপূরণ ও অশুভনিবৃত্তির মানসে সেই দেবতাকে পুরুষোপহার প্রদান করিয়া থাকেন। সেই দিনে যদি কোন বৈদেশিক তথায় সমাগত হয়, তাহা হইলে, তাহাকেই পশুবৎ দেবতার উদ্দেশে প্রদান করা হইয়া থাকে। আমরা নির্দ্দিষ্ট দিবসেই মার্গবশে সেই নগরে গমন করিয়াছিলাম। তখন তত্রত্য ব্যক্তিরা আমাদিগকে গ্রহণ করিবার নিমিত্ত সমাগত হইল। আমরা ইহা শুনিয়া, প্রাণ লইয়া, পলায়ন করিয়া, এখানে আসিয়াছি। এই মহা আশ্চর্য্যকাণ্ড আমরা দর্শন করিয়াছি।

তাহাদের এই কথা শুনিয়া, রাজা বিক্রম তথায় গমন করিয়া, দেবতাকে প্রণাম করিলেন। অনন্তর সেই ভয়ঙ্কররূপিণীরে দর্শন করিয়া, স্তব করিতে লাগিলেন,

ব্রহ্মাণী কমলেন্দুসৌম্যবদনা মাহেশ্বরী লীলয়া
কৌমারী রিপুদর্পনাশনকরী চক্রায়ুধা বৈষ্ণবী।
বারাহী ঘনঘোরঘর্ঘররবা ঐন্দ্রী চ বজ্রায়ুধা
চামুণ্ডা গণনাথরুদ্রসহিতা রক্ষন্তু মাং মাতরঃ ॥ ১ ॥

ব্রহ্মাণী কমলেন্দুসৌম্যবদনা মাহেশ্বরী লীলয়া কৌমারী রিপুদর্পনাশনকরী চক্রায়ুধা বৈষ্ণবী ঘনঘোরঘর্ঘররবা বারাহী বজ্রায়ুধা ঐন্দ্রী চ চামুণ্ডা গণনাথরুদ্রসহিতাঃ মাতরঃ মাং রক্ষন্তু ॥ ১ ॥

ইতি স্তুতিং বিধায় রঙ্গমণ্ডপে উপবিষ্টঃ। তস্মিন্নবসরে কশ্চিদ্দীনবদনো মহাজনৈঃ সহ বাদ্যং পুরস্কৃত্য সমায়াতঃ। রাজাপি তং দৃষ্ট্বা মনসি বিচারয়তিস্ম অয়মেব দেবতাবলিনিমিত্তং মহাজনৈঃ সমানীতঃ। ততঃ অত্যন্তম্লানবদন ইব দৃশ্যতে। অস্মিন্নবসরে মম শরীরং দত্ত্বা এনং মোচয়িষ্যামি। ইদং শরীরং শতবর্ষাণি স্থিত্বা সর্ব্বথা নাশমেব যাস্যতি। অতঃ শরীরিণাং স্বদেহব্যয়েনাপি ধর্ম্মঃ কীর্ত্তিশ্চোপার্জ্জনীয়া।

কমল ও ইন্দুর ন্যায়, সৌম্যবদনা ব্রহ্মাণী, মাহেশ্বরী, লীলা, কৌমারী, চক্রায়ুধধারিণী বৈষ্ণবী, ঘন-ঘোর-ঘর্ঘর-নির্ঘোষ-কারিণী বারাহী, বজ্রায়ুধধারিণী ইন্দ্রাণী এবং চামুণ্ডা, গণনাথরুদ্রসমভিব্যাহারিণী এই সকল মাতৃকা আমারে রক্ষা করুন ॥ ১ ॥

এইপ্রকার স্তব করিয়া, রঙ্গমণ্ডপে উপবেশন করিলেন। এই অবসরে কোন দীনবদন পুরুষ মহাজনগণের সহিত বাদ্য পুরস্কৃত করিয়া, সমাগত হইল। রাজা তাহাকে দেখিয়াই, মনে মনে বিচার করিতে লাগিলেন, এই ব্যক্তিকে দেবতার বলিনিমিত্ত মহাজনেরা এখানে আনিয়াছে। সেইজন্যই, অত্যন্ত মলিনবদনের ন্যায় দেখা যাইতেছে। এই অবসরে মদীয় দেহ দান করিয়া, ইহাকে মোচন করিব। দেখ, এই শরীর শতবর্ষ থাকিয়াও, সর্ব্বথা বিনাশ প্রাপ্ত হইবে। এইজন্য শরীরিমাত্রেই স্বকীয়-শরীর-সম্প্রদানপুরঃসর ধর্ম্ম ও কীর্ত্তি সঞ্চয় করিবে।

উক্তঞ্চ

চলা লক্ষ্মীশ্চলাঃ প্রাণাশ্চলো দেহোথ যৌবনম্।
চলাচলশ্চ সংসারঃ কীর্ত্তির্ধর্ম্মশ্চ নিশ্চলঃ ॥ ২ ॥

লক্ষ্মীঃ চলা প্রাণাঃ চলাঃ দেহঃ চলঃ অথ যৌবনং সংসারঃ চলাচলঃ চ কীর্ত্তিঃ ধর্ম্মঃ চ নিশ্চলঃ। ২।

অন্যচ্চ

অনিত্যানি শরীরাণি বৈভবং নৈব শাশ্বতম্।
নিত্যং সন্নিহিতো মৃত্যুঃ কর্ত্তব্যো ধর্ম্মসংগ্রহঃ ॥ ৩ ॥

শরীরাণি অনিত্যানি বৈভবং ন এব শাশ্বতং মৃত্যুঃ নিত্যং সন্নিহিতঃ ধর্ম্মসংগ্রহঃ কর্ত্তব্যঃ ॥৩॥

তথাচ

অর্থাঃ পাদরজোপমা গিরিনদীবেগোপমং যৌবনং
আয়ুষ্যং জলবিন্দুচঞ্চলতরং ফেনোপমং জীবিতম্।
ধর্ম্মং যো ন করোতি নিশ্চলমতিঃ স্বর্গার্গলোদ্ঘাটনং
পশ্চাত্তাপহতো জরাপরিণতঃ শোকাগ্নিনা দহ্যতে ॥ ৪ ॥

অর্থাঃ পাদরজোপমাঃ যৌবনং গিরিনদীবেগোপমং আয়ুষ্যং জলবিন্দুচঞ্চলতরং জীবিতং ফেনোপমং যঃ নিশ্চলমতিঃ স্বর্গার্গলোদ্ঘাটনং ধর্ম্মং ন করোতি পশ্চাৎ তাপহতঃ জরাপরিণতঃ শোকাগ্নিনা দহ্যতে ॥ ৪ ॥

তথাহি, বলিয়াছেন,

লক্ষ্মী চঞ্চল, জীবন চঞ্চল, দেহ চঞ্চল, যৌবনও চঞ্চল। এইরূপে সমস্ত সংসারই চলাচল; কেবল কীর্ত্তি ও ধর্ম্মই নিশ্চল ॥ ২ ॥

আরও বলিয়াছেন,

শরীর অনিত্য, বৈভবও অনিত্য এবং মৃত্যু নিত্য সন্নিহিত রহিয়াছে। এই কারণে ধর্ম্ম সঞ্চয় করিবে ॥ ৩ ॥

তথাচ,

ধন, পায়ের ধূলির ন্যায়; যৌবন, গিরিনদীর বেগের ন্যায়; আয়ু, অতিমাত্র চঞ্চল জলবিন্দুর ন্যায় এবং জীবন, ফেনের ন্যায়। অতএব যে ব্যক্তি নিশ্চল চিত্তে স্বর্গদ্বারের অর্গল-সমুদ্ঘাটক ধর্ম্ম সঞ্চয় করে না, তাহাকে পশ্চাত্তাপে অনুবিদ্ধ ও জরাপরিণদ্ধ হইয়া, শোকানলে দগ্ধ হইতে হয় ॥৪॥

এবং বিচার্য্য রাজা তান্মহাজনানুবাচ ভো মহাজনা অয়ং দীনবদনঃ কুত্র নীয়তে। তৈরুক্তং এনং দেবতায়ৈ বলিনিমিত্তং দাস্যামঃ। রাজ্ঞোক্তং কস্মাৎ কারণাৎ। তৈরুক্তং দেবতা অনেন পুরুষোপহারেণ তুষ্টা সতী অস্মাকং মনোরথং পূরয়িষ্যতি। রাজ্ঞোক্তং ভো মহাজনা অয়মত্যন্তাল্পতনুঃ পরং ভীতশ্চ অস্য শরীরোপহারেণ দেবতায়াঃ কা তৃপ্তির্ভবিষ্যতি তস্মাদমুং মুঞ্চত। অহমেব তদর্থং মম শরীরং দাস্যামি। অহং পুষ্টাঙ্গোঽস্মি মম মাংসোপহারেণ দেবতায়াঃ তৃপ্তির্ভবিষ্যতি। অতো মাং মারয়ত। ইতি ভণিত্বা তং মোচয়িত্বা রাজা স্বয়মেব দেবতায়াঃ পুরতো গত্বা খড়্গং যাবৎ কণ্ঠে পাতয়তি তাবদ্দেবতয়া খড়্গং ধৃত্বা ভণিতঃ ভো মহাসত্ত্ব তব ধৈর্য্যেণ পরোপকারকরণেন চ সন্তুষ্টাস্মি বরং বৃণীষ্ব।

রাজ্ঞোক্তং ভো দেবি যদি মম প্রসন্নাসি তর্হি অদ্যপ্রভৃতি পুরুষমাংসোপহারং পরিত্যজ।

রাজা এইপ্রকার বিচার করিয়া, সেই সকল মহাজনকে কহিতে লাগিলেন, হে মহাজনবর্গ! এই ম্লানবদন ব্যক্তিকে কোথায় লইয়া যাইতেছ?

তাহারা কহিল, ইহাকে দেবতার নিকট বলি দিব।

রাজা কহিলেন, কি কারণে?

তাহারা কহিল, দেবতা এই পুরুষোপহার দ্বারা সন্তুষ্ট হইয়া, আমাদের মনোরথ পূরণ করিবেন।

রাজা কহিলেন, মহাজনবর্গ! এই ব্যক্তি অতি-ক্ষুদ্রকলে[illegible]। তাহার উপর ভয় প্রাপ্ত হইয়াছে। ইহার শরীর উপহার দিলে, [illegible]বতার তৃপ্তিই বা কি হইবে? অতএব ইহাকে ছাড়িয়া দেওয়া হউক। আমিই তদর্থ মদীয় দেহ দান করিব। আমি পুষ্টাঙ্গ। অতএব আমার মাংসোপহার দ্বারা দেবতার তৃপ্তি হইবে। অতএব আমাকে মার।

রাজা এই বলিয়া, তাহারে ছাড়াইয়া দিয়া, স্বয়ং দেবতার সম্মুখে গিয়া, আপনার কণ্ঠে খড়্গ নিপাতিত করিতে উদ্যত হইলে, দেবতা খড়্গ ধারণ করিয়া, তাঁহারে বলিলেন, অয়ি মহাসত্ত্ব! তোমার ধৈর্য্য ও পরোপকারকরণ দ্বারা সন্তুষ্ট হইয়াছি, বর গ্রহণ কর।

রাজা কহিলেন, দেবি! যদি আমার প্রতি প্রসন্না হইয়া থাকেন, তাহা হইলে, অদ্য হইতে পুরুষমাংসোপহার পরিহার করুন।

দেবতয়া তথাস্তু ইতি ভণিতম্। মহাজনা রাজানং বদন্তিস্ম ভো রাজন্ ত্বং সুখাভিলাষী সন্ দ্রুম ইব পরার্থমেব খেদং বহসি।

তথাহি

অনুভবতি হি মূর্দ্ধা পাদপস্তীব্রমুষ্ণং
শময়তি পরতাপং ছায়য়া সংশ্রিতানাম্।
স্বসুখবিনিহতাশঃ খিদ্যতে লোকহেতোঃ
প্রতিদিনমথবা তদ্বৃত্তিরেবংবিধৈব॥ ৫॥

পাদপঃ তীব্রং উষ্ণং মূর্দ্ধা অনুভবতি হি ছায়য়া সংশ্রিতানাং পরতাপং শময়তি স্বসুখবিনিহতাশঃ লোকহেতোঃ প্রতিদিনং খিদ্যতে অথবা তদ্বৃত্তিঃ এবংবিধা এব॥ ৫॥

অথ রাজা তেষাং অনুজ্ঞাং গৃহীত্বা নিজনগরমগমৎ।

ইতি কথাং কথয়িত্বা পুত্তলিকা ভোজং অবদৎ ভো রাজন্ ত্বয়ি এবং ধৈর্য্যং ঔদার্য্যং পরোপকারাদিগুণা বিদ্যন্তে চেৎ তর্হি অস্মিন্ সিংহাসনে সমুপবিশ।

ইতি অষ্টাবিংশোপাখ্যানম্।

দেবতা কহিলেন, তাহাই হইবে।

তখন মহাজনেরা রাজারে কহিতে লাগিল, রাজন্! আপনি সুখাভিলাষ-পরতন্ত্র হইয়া, বৃক্ষের ন্যায়, পরের জন্য ক্লেশভার স্বীকার করিতেছেন।

তথাহি,

বৃক্ষ মস্তক দ্বারা স্বয়ং তীব্রতাপ অনুভবিয়া, ছায়াবিস্তার দ্বারা আশ্রিতগণের সন্তাপ শমিত করিয়া থাকে এবং স্বকীয় সুখাশায় জলাঞ্জলি দিয়া, লোকের সুখের জন্য ক্লেশভার বহন করে। প্রতিদিনই এইরূপ ব্যবহার করিয়া থাকে। অথবা, ইহাই তাহার বৃত্তি॥ ৫॥

অনন্তর রাজা তাহাদের অনুজ্ঞাগ্রহণ করিয়া, নিজনগরে গমন করিলেন।

এই কথা কহিয়া পুত্তলিকা ভোজরাজকে বলিল, রাজন্! আপনাতে যদি এইরূপ ধৈর্য্য, ঔদার্য্য ও পরোপকারাদি গুণপরম্পরা বিরাজ করে, তাহা হইলে, এই সিংহাসনে উপবেশন করুন।

অষ্টাবিংশ উপাখ্যান সমাপ্ত।

অথ ঊনত্রিংশোপাখ্যানম্।

পুনরপি রাজা যাবৎ সিংহাসনে সমুপবিশতি তাবদন্যয়া পুত্ত-লিকয়োক্তং ভো রাজন্ যস্য বিক্রমস্যেব ঔদার্য্যাদয়ো গুণা বিদ্যন্তে স এবাত্র সিংহাসনে উপবেষ্টুং ক্ষমঃ।

ভোজেনোক্তং পুত্তলিকে কথয় তস্য বিক্রমস্যৌদার্য্যগুণবৃত্তান্তম্।

সা অব্রবীৎ শ্রূয়তাং রাজন্ একদা বিক্রমার্কো রাজকুমারৈরুপাস্য-মানঃ সভায়াং উপবিষ্টোঽস্তি তদা কশ্চিৎ স্তুতিপাঠকঃ সমাগত্য

যাবদ্বীচিতরঙ্গান্ বহতি সুরনদী জাহ্নবী পুণ্যতোয়া
যাবচ্চাকাশমার্গে তপতি হি ভুবনং ভাস্করো লোকপালঃ।
যাবদ্বজ্রেন্দ্রনীলস্ফটিকমণিশিলা বিদ্যতে মেরুশৃঙ্গে
তাবৎ পুত্রৈশ্চ পৌত্রৈঃ স্বজনপরিবৃতো ভুংক্ষ্ব রাজ্যং নৃপালম্॥১

পুণ্যতোয়া সুরনদী জাহ্নবী যাবৎ বীচিতরঙ্গান্ বহতি আকাশমার্গে লোকপালঃ ভাস্করঃ যাবৎ চ ভুবনং তপতি হি বজ্রেন্দ্রনীলস্ফটিকমণিশিলা মেরুশৃঙ্গে যাবৎ বিদ্যতে নৃপ তাবৎ পুত্রৈঃ চ পৌত্রৈঃ স্বজনপরিবৃতঃ রাজ্যং অলং ভুংক্ষ্ব॥১॥

পুনরপি রাজা সিংহাসনে বসিবার উপক্রম করিলে, অন্য পুত্তলিকা কহিল, রাজন্! যাঁহার বিক্রমার্কের ন্যায়, ঔদার্য্যাদি গুণপরম্পরা বিদ্য-মান আছে, তিনিই এই সিংহাসনে বসিতে পারেন।

ভোজরাজ কহিলেন, পুত্তলিকে! সেই রাজা বিক্রমের ঔদার্য্যগুণ-বৃত্তান্ত কীর্ত্তন কর।

পুত্তলিকা কহিল, রাজন্! শ্রবণ করুন। একদা বিক্রমার্ক রাজকুমার-গণে উপাস্যমান হইয়া, সভামধ্যে উপবিষ্ট আছেন, এমন সময়ে কোন স্তুতিপাঠক সমাগত হইয়া, আশীর্ব্বাদ করিল,

রাজন্! পবিত্রসলিলা সুরনদী জাহ্নবী যাবৎ বীচিতরঙ্গ বহন করেন; লোকপাল ভাস্কর যাবৎ আকাশমার্গে অবস্থিতি করিয়া, ভুবনে তাপ বিকিরণ করেন; বজ্র, ইন্দ্রনীল ও স্ফটিক, এই সমস্ত মণিযুক্ত শীলা যাবৎ মেরুশৃঙ্গে বিরাজ করে, তাবৎ আপনি পুত্র, পৌত্র ও স্বজনগণে পরিবৃত হইয়া, সর্ব্বথা রাজ্যভোগ করুন॥১॥

ইত্যাশিষমুক্ত্বা রাজানং স্তৌতি ভো রাজন্

যথা সরতি জীমূতে ময়ূরো গ্রীষ্মপীড়িতঃ।
তৃষিতো যাচতে তোয়ং তথাহং তব দর্শনাৎ॥ ২॥

যথা জীমূতে সরতি গ্রীষ্মপীড়িতঃ তৃষিতঃ ময়ূরঃ তোয়ং যাচতে তথা অহং তব দর্শনাৎ॥ ২॥

অহং হি দূরদেশবাসী তব কীর্ত্তিং সমাকর্ণ্য দূরাদাগতোঽস্মি তব কীর্ত্তিঃ সপ্তার্ণবমেদিনীমণ্ডিতা।

কর্পূরাদপি কৈরবাদপি দলাৎ কুন্দাদপি স্বর্ণদী-
কল্লোলাদপি মৌক্তিকাদপি চলৎকান্তাদৃগন্তাদপি।
নিঃশেষঞ্চ তথা কলঙ্করহিতাৎ শীতাংশুখণ্ডাদপি
শ্বেতাভিস্তব কীর্ত্তিভির্ধবলিতা সপ্তার্ণবা মেদিনী॥ ৩॥

কর্পূরাৎ অপি কৈরবাৎ দলাৎ অপি কুন্দাৎ অপি স্বর্ণদীকল্লোলাৎ অপি মৌক্তিকাৎ অপি চলৎকান্তাদৃগন্তাৎ অপি তথা নিঃশেষং চ কলঙ্করহিতাৎ শীতাংশুখণ্ডাৎ অপি শ্বেতাভিঃ তব কীর্ত্তিভিঃ সপ্তার্ণবা মেদিনী ধবলিতা॥ ৩॥

ভো রাজন্ ত্বাং অর্থিজনকল্পদ্রুমমাগত্য অদ্য দারিদ্র্যব্যাধি-মুক্তোঽস্মি অন্যচ্চ। অস্মিন্ দেশে সকলার্থিকল্পদ্রুমং ভবন্তং

এইপ্রকার আশীঃপ্রয়োগ করিয়া, রাজাকে স্তব করিতে লাগিল,

মেঘ উদিত হইলে, গ্রীষ্মপীড়িত ময়ূর যেমন তৃষ্ণার্ত্ত হইয়া, তাহার নিকট জল যাচ্ঞা করে, আমিও তেমন আপনার দর্শনে যাচ্ঞাপরায়ণ হইয়াছি॥ ২॥

আমি দূরদেশবাসী। আপনার কীর্ত্তি আকর্ণন করিয়া, দূর হইতে সমাগত হইয়াছি। আপনার কীর্ত্তি সপ্তার্ণব মেদিনী মণ্ডিত করিয়াছে।

আপনার কীর্ত্তি কর্পূর অপেক্ষাও, কৈরব অপেক্ষাও, কুন্দ অপেক্ষাও, স্বর্ণদীর কল্লোল অপেক্ষাও, মুক্তা অপেক্ষাও, কান্তার চঞ্চল দৃগন্ত অপেক্ষাও, এবং একবারেই কলঙ্করহিত চন্দ্রখণ্ড অপেক্ষাও শ্বেতবর্ণ। উহা দ্বারা সপ্ত-সাগরমেখলা মেদিনী ধবলিত হইয়াছে॥ ৩॥

রাজন্! আপনি অর্থিগণের কল্পবৃক্ষ স্বরূপ। অদ্য আপনার সমীপে আগমন করিয়া, আমি দারিদ্র্যব্যাধিবিমুক্ত হইয়াছি।

অপিচ, এই দেশে সকল অর্থিজনের কল্পপাদপস্বরূপ আপনাকে

বিলোক্য ধনেশ্বরনামা কশ্চিদ্রাজা অস্মাকং স্মৃতিপথি উদেতি। উত্তরস্যাং দিশি ঈশানভাগে জম্বীরনগরে ধনেশ্বরনামা কশ্চিদ্রাজা অর্থিনাং দারিদ্র্যদুঃখনিবারণার্থং যাচকেভ্যো ধনং বিতরিতবান্।

একদা ধনেশ্বরেণ মাঘশুদ্ধসপ্তমীদিবসে বসন্তপূজায়াং কৃতায়াং সর্ব্বে বিদেশবাসিনঃ যাচকাঃ সমায়াতাঃ। তস্মিন্ সময়ে রাজ্ঞা অষ্টাদশকোটি সুবর্ণং দত্তম্। এবমত্যন্তমৌদার্য্যবরিষ্ঠঃ স রাজা ইব অস্মিন্ দেশে ত্বমেব একো দৃষ্টোঽসি। তস্য বচনং শ্রুত্বা বিক্রমাদিত্যঃ ভাণ্ডারিকমাহূয় অভণৎ ভো ভাণ্ডারিক অমুং স্তুতিপাঠকং ভাণ্ডারগৃহে নীত্বা মহার্হাণি রত্নানি দর্শয় ততোঽয়ং যাবন্তি রত্নানি অন্যান্যপি বস্তূনি গৃহীষ্যন্তি তাবন্তি গৃহ্লাতু। তদনন্তরং ভাণ্ডারিকস্তং ভাণ্ডারে নীত্বা দিব্যানি অনেকানি বস্তূনি অদর্শয়ৎ। স্তুতিপাঠকোঽপি স্বেপ্সিতবস্তূনি রত্নানি চ গৃহীত্বা পরিপূর্ণমনোরথঃ রাজসমীপমাগত্য ভণতি ভো রাজন্ মহেশ্বরস্য তব প্রসাদাদহং

দেখিয়া, ধনেশ্বরনামা কোন রাজা আমাদের মনে পড়িয়া গেলেন। উত্তরদিকে ঈশান ভাগে জম্বীরনগরে ধনেশ্বর নামে কোন রাজা অর্থিগণের দারিদ্র্যদুঃখনিবারণার্থ যাচকদিগকে ধন বিতরণ করিতেন। একদা ধনেশ্বর মাঘমাসীয় শুক্ল সপ্তমীদিবসে বসন্তপূজা করিলে, তথায় বিদেশবাসী সমুদায় যাচক সমাগত হইল। সেই সময়ে রাজা অষ্টাদশ কোটি সুবর্ণ দান করিলেন। এইপ্রকার অত্যন্ত ঔদার্য্যগুণে সকলের অপেক্ষা শ্রেষ্ঠভাবাপন্ন সেই রাজার ন্যায়, আপনিও এই দেশে একজন আছেন, দেখিতেছি।

তদীয় বচন আকর্ণন করিয়া, বিক্রমার্ক ভাণ্ডারিককে আহ্বানপূর্ব্বক কহিলেন, ভাণ্ডারিক! এই স্তুতিপাঠককে ভাণ্ডারগৃহে লইয়া গিয়া, মহামূল্য রত্ন সকল দেখাও। তদ্দর্শনে এই ব্যক্তি যাবৎ রত্ন ও অন্যান্য বস্তুজাত গ্রহণ করিবে, তাবৎ গ্রহণ করিতে দাও।

তখন ভাণ্ডারিক তাহারে ভাণ্ডারে লইয়া গিয়া, অনেকবিধ অলৌকিক বস্তু দেখাইল। স্তুতিপাঠকও আপনার অভীষ্ট বস্তু ও রত্ন সকল গ্রহণ করিয়া, পরিপূর্ণমনোরথ হইয়া, রাজার সমীপে আগমনপূর্ব্বক বলিতে লাগিল, রাজন্! আপনি মহেশ্বর। আপনার প্রসাদে আমি কুবের হইলাম।

ধনপতির্জ্জাতোঽস্মি তব নিধয়ো মম হস্তং প্রাপ্তাঃ। ইদানীং তব চরিত্রং সাদৃশ্যমতিক্রান্তম্। তব সাদৃশ্যং হরিহরব্রহ্মাদয়োঽপি ন বিভ্রতি।

তথাহি

বেধা বেদায়নাবিষ্টো গোবিন্দোঽপি গদাধরঃ।
শম্ভুঃ শূলী বিষাদী ত্বং দেবৈঃ কেনোপমীয়তে॥ ৪॥

বেধাঃ বেদায়নাবিষ্টঃ গোবিন্দঃ অপি গদাধরঃ শম্ভুঃ শূলী বিষাদী ত্বং দেবৈঃ কেন উপমীয়তে। ৪।

এবং স্তুত্বা স্তুতিপাঠকঃ ব্রহ্মায়ুর্ভবেত্যাশিষমুক্ত্বা নিজস্থানং গতঃ।

ইতি কথাং কথয়িত্বা পুত্তলিকা ভোজমবদৎ ভো রাজন্ ত্বয়ি এবমৌদার্য্যং বিদ্যতে চেৎ তর্হি অস্মিন্ সিংহাসনে সমুপবিশ।

রাজা তূষ্ণীমাসীৎ।

ইতি ঊনত্রিংশোপাখ্যানম্।

কেন না, আপনার নিধি সকল আমার হস্তে আসিয়াছে। ইদানীং আপনার চরিত্র সাদৃশ্য অতিক্রম করিয়াছে। বলিতে কি, হরি হর ব্রহ্মাদিও আপনার সাদৃশ্য ধারণ করেন না। দেখুন,

ব্রহ্মা বেদাধ্যয়নে সন্নিবিষ্ট, গোবিন্দ গদাহস্ত এবং মহাদেব শূলধারী। তত্তৎ-কার্য্যযোগ-বশতঃ তাঁহাদের অন্তঃকরণ অবশ্যই বিষাদে আক্রান্ত। আপনার তাহা নাই। সুতরাং দেবগণের সহিত কিরূপে আপনার উপমা হইতে পারে?॥ ৪॥

এইপ্রকার স্তব করিয়া, স্তুতিপাঠক, ব্রহ্মার ন্যায়, আয়ুর্বিশিষ্ট হউন, বলিয়া, নিজ স্থানে গমন করিল।

পুত্তলিকা এই কথা কহিয়া, ভোজরাজকে বলিতে লাগিল, রাজন্! আপনাতে এইপ্রকার উদারতা থাকিলে, এই সিংহাসনে বসিতে পারেন।

রাজা নিরুত্তর অবস্থান করিলেন।

ঊনত্রিংশ উপাখ্যান সমাপ্ত।

অথ ত্রিংশোপাখ্যানম্ ।

পুনরপি যাবৎ রাজা সিংহাসনে সমুপবিশতি তাবদন্যা পুত্তলিকা ভণতি ভো রাজন্ যস্তু বিক্রম ইব ঔদার্য্যাদিগুণযুক্তঃ সোঽস্মিন্ সিংহাসনে উপবেষ্টুং যোগ্যঃ অন্যো ন। রাজাব্রবীৎ ভো পুত্তলিকে কথয় তস্য বিক্রমস্যৌদার্য্যবৃত্তান্তং। সাব্রবীৎ শ্রূয়তাং রাজন্ একদা সকলসামন্তরাজকুমারাদিভিরুপাস্যমানো রাজা সিংহাসনে সমুপবিষ্টোঽভূৎ। তস্মিন্ সময়ে ঐন্দ্রজালিকঃ কশ্চিৎ সমাগত্য ব্রহ্মায়ুর্ভবেত্যাশিষমুক্ত্বা ভণতি ভো দেব ত্বং সকলকলাভিজ্ঞঃ তব সমীপমাগত্য অনেকৈঃ মহেন্দ্রজালিকৈর্লাঘবানি দর্শিতানি তর্হি অদ্য মম একং লাঘবং সুপ্রসন্নেন নিরীক্ষণীয়ং। রাজ্ঞোক্তং নেদানীমবসরোঽস্মাকং স্নানভোজনবেলা জাতা

পুনরায় ভোজরাজ যেমন সিংহাসনে বসিতে যাইবেন, অন্য পুত্তলিকা তৎক্ষণাৎ কহিতে লাগিল, রাজন্! যে ব্যক্তি বিক্রমাদিত্যের ন্যায়, ঔদার্য্যাদিগুণযুক্ত, তিনিই এই সিংহাসনে উপবেশন করিতে সমর্থ হয়েন ; আর কেহই নহেন।

রাজা কহিলেন, পুত্তলিকে! সেই রাজা বিক্রমের ঔদার্য্যবৃত্তান্ত কীর্ত্তন কর।

পুত্তলিকা কহিল, রাজন্! শ্রবণ করুন। একদা রাজা বিক্রম সিংহাসনে আসীন আছেন, সমুদায় সামন্ত রাজকুমারাদি তাঁহার উপাসনা করিতেছেন ; এমন সময়ে কোন ঐন্দ্রজালিক আসিয়া, ব্রহ্মার ন্যায়, আয়ুঃশালী হউন, বলিয়া, আশীর্ব্বাদ করিয়া, বলিতে লাগিল, দেব! আপনি সকলকলাভিজ্ঞ। আপনার সমীপে আগমন করিয়া, অনেক প্রধান ইন্দ্রজালিকই লঘুহস্ততা প্রদর্শন করিয়াছে। অতএব, অদ্য সুপ্রসন্ন হইয়া, আমার এক লঘুহস্ততা দর্শন করিতে হইবে।

রাজা কহিলেন, ইদানীং আমাদের অবসর নাই। স্নান ভোজনের সময় উপস্থিত হইয়াছে। প্রভাতে দর্শন করা যাইবে।

প্রভাতে দ্রক্ষ্যামঃ। ততঃ প্রভাতে মহাকায়ো মহাশ্মশ্রুভির্দেদীপ্যমানবপুঃ বিপুলকন্ধরে দেদীপ্যমানং খড়্গং ধৃত্বা অতিমনোহরয়া স্ত্রিয়া কয়াচিদ্যুক্তো রাজসভায়াং সমুপবিষ্টে রাজ্ঞি নমশ্চকার। তদা তত্রত্যৈরধিকারিভিস্তদকার্য্যং দৃষ্ট্বা সবিস্ময়ৈর্ভণিতং ভো নায়ক ভবান্ কুতঃ সমাগতঃ। তেনোক্তং অহং মহেন্দ্রস্য সেবকঃ কদাচিৎ স্বামিনা শপ্তঃ অধুনা ভূমণ্ডলে তিষ্ঠামি ইয়ং মম ভার্য্যা। অদ্য বৈ দেবদৈত্যয়োর্ম্মহদ্যুদ্ধং প্রারব্ধং তর্হি অহং তত্র গচ্ছামি। অয়ং বিক্রমাদিত্যঃ পরনারীসহোদরঃ ইতি বিচার্য্য অস্য সমীপে ভার্য্যাং নিক্ষিপ্য যুদ্ধার্থং গমিষ্যামি।

তৎ শ্রুত্বা রাজাপি পরং বিস্ময়ং গতঃ। সোঽপি রাজ্ঞঃ সমীপে ভার্য্যাং নিক্ষিপ্য রাজানং নিবেদ্য খড়্গেন যাবৎ গগনে উৎপততি তাবদাকাশে মহান্ ভৈরবরবো জাতঃ রে রে মারয় মারয় ঘাতয়

অনন্তর প্রভাত হইলে, সুবিশালশ্মশ্রু, দেদীপ্যমান দেহ ও প্রকাণ্ড শরীর সম্পন্ন এক ব্যক্তি আপনার বিপুল কন্ধরে দেদীপ্যমান খড়্গ ধারণ করিয়া, অতিমনোহারিণী কোন রমণী সমভিব্যাহারে রাজসভায় সমুপবিষ্ট রাজাকে আসিয়া নমস্কার করিল, তৎকালে তত্রত্য অধিকারিগণ তাদৃশ অকার্য্য দর্শনে সবিস্ময়ে বলিতে লাগিল, অহে নায়ক! তুমি কোথা হইতে আসিলে?

সে কহিল, আমি মহেন্দ্রের সেবক। কদাচিৎ তৎকর্তৃক অভিশপ্ত হইয়া, অধুনা মর্ত্ত্যলোকে অবস্থিতি করিতেছি। এই রমণী আমার ভার্য্যা। অদ্য দেব ও দৈত্যগণের মহাসমর প্রবর্ত্তিত হইয়াছে। সেইজন্য আমি সেখানে যাইব। এই বিক্রমাদিত্য পরনারীসহোদর। ইহাই ভাবিয়া, ইহাঁর সমীপে ভার্য্যাকে রাখিয়া, যুদ্ধার্থ গমন করিব।

রাজা শুনিয়া অতিমাত্র বিস্ময়াবিষ্ট হইলেন। অনন্তর ইন্দ্রজালিক রাজার সমীপে ভার্য্যাকে নিক্ষেপ ও রাজাকে নিবেদন করিয়া, খড়্গগ্রহণপূর্ব্বক আকাশে উৎপতিত হইবামাত্র, সেখানে, রে রে মারয় মারয়, ঘাতয় ইত্যাদি

ইতি সভায়াং উপবিষ্টাঃ সর্ব্বেঽপি লোকাঃ ঊর্দ্ধমুখাঃ সকৌতুকং পশ্যন্তিস্ম। তদনন্তরং মুহূর্ত্তে গতে রাজসভামধ্যে গগনাৎ খড়্গো রক্তলিপ্তঃ তথৈকো বাহুঃ পতিতঃ এবং সর্ব্বৈরবলোক্য ভণিতং অহো এতস্যাঃ স্ত্রিয়া বীরঃ পতিঃ সংগ্রামে প্রতিভটৈর্হতঃ তস্যৈকো বাহুঃ খড়্গশ্চ পতিতঃ। এবং বদতি সভাজনে পুনঃ শিরশ্চ পতিতং তথা কবন্ধঃ পতিতঃ। এতৎ সর্ব্বং দৃষ্ট্বা বীরস্য স্ত্রিয়া ভণিতং ভো দেব মম ভর্ত্তা রণাঙ্গণে যুদ্ধং বিধায় শত্রুভির্নিহতঃ তস্যেদং শিরঃ সখড়্গো বাহুঃ কবন্ধোঽপি পতিতঃ। তর্হি স মে প্রিয়ো ভর্ত্তা দিব্যাঙ্গনাভিঃ হ্রিয়তে তন্নিমিত্তমেতৎ শরীরং স্থিতং স মম স্বামী রণাঙ্গণে প্রতিভটৈর্হতঃ ইদানীং এতচ্ছরীরং কস্য কৃতে রক্ষ্যামি প্রমদাঃ পতিমার্গগা ইতি বিচেতনৈরপি জ্ঞাতং।

অতীব ভয়ঙ্কর শব্দ প্রাদুর্ভূত হইল। সভায় উপবিষ্ট সমুদয় লোকই ঊর্দ্ধ-মুখে সকৌতুকে দেখিতে লাগিল। অনন্তর মুহূর্ত্ত গত হইলে, রাজসভা-মধ্যে গগন হইতে রক্তলিপ্ত খড়্গ ও এক বাহু পতিত হইল।

সকলে দর্শন করিয়া বলিতে লাগিল, অহো! এই রমণীর বীর স্বামী সংগ্রামে প্রতিপক্ষীয় যোদ্ধৃগণ কর্তৃক বিনষ্ট হইয়াছে। তাহারই এক বাহু ও খড়্গ পতিত হইল।

সভাজন এইপ্রকার বলিতে লাগিলে, পুনরায় শির ও কবন্ধ (অর্থাৎ মস্তকহীন দেহ) পতিত হইল।

এই সকল দর্শন করিয়া, বীরের স্ত্রী রাজাকে কহিল, দেব! আমার ভর্ত্তা রণাঙ্গনে যুদ্ধ করিয়া, শত্রুহস্তে প্রাণত্যাগ করিয়াছেন। তাঁহারই এই মস্তক ও খড়্গ সহিত বাহু। তাঁহার কবন্ধও পতিত হইয়াছে। অতএব আমার সেই প্রিয় ভর্ত্তারে দিব্যাঙ্গনাগণ হরণ করিয়াছে। তাঁহারই জন্য আমি এই শরীর রাখিয়াছিলাম। কিন্তু অধুনা আমার স্বামী রণাঙ্গনে প্রতিযোদ্ধৃগণ কর্তৃক নিহত হইয়াছেন। অতএব এই দেহ আর কাহার জন্য রক্ষা করিব? অচেতনগণও ইহা অবগত আছে, যে, প্রমদা পতি পদবীর অনুসরণ করিয়া থাকে।

তথাহি

শশিনা সহ যাতি কৌমুদী সহ মেঘেন তড়িৎ প্রলীয়তে।

প্রমদাঃ পতিমার্গগা ইতি প্রতিপন্নং হি বিচেতনৈরপি ॥১॥

কৌমুদী শশিনা সহ যাতি তড়িৎ মেঘেন সহ প্রলীয়তে প্রমদাঃ পতিমার্গগাঃ ইতি বিচেতনৈঃ অপি প্রতিপন্নং হি। ১।

তথাচ স্মৃতিঃ

মৃতে ভর্ত্তরি যা নারী সমারোহেদ্ধুতাশনম্।

সারুন্ধতীব পূজ্যা স্যাৎ স্বর্গলোকে নিরন্তরম্ ॥ ২ ॥

ভর্ত্তরি মৃতে যা নারী হুতাশনং সমারোহেৎ সা অরুন্ধতী ইব স্বর্গলোকে নিরন্তরং পূজ্যা স্যাৎ। ২।

যাবচ্চাগ্নৌ মৃতে পত্যৌ স্ত্রী নাত্মানং প্রদাহয়েৎ।

তাবন্ন মুচ্যতে সা হি নরকাদ্ধি কথঞ্চন ॥ ৩ ॥

পত্যৌ মৃতে স্ত্রী যাবৎ চ অগ্নৌ আত্মানং ন প্রদাহয়েৎ তাবৎ সা হি নরকাৎ কথঞ্চন ন মুচ্যতে। ৩।

মাতৃকং পৈতৃকং চাপি শ্বশুরস্য কুলং তথা।

কুলত্রয়ং তারয়েদ্ধি ভর্ত্তারং যানুগচ্ছতি ॥ ৪ ॥

যা ভর্ত্তারং অনুগচ্ছতি মাতৃকং পৈতৃকং তথা অপি চ শ্বশুরস্য কুলং কুলত্রয়ং তারয়েৎ হি।৪।

তথাহি,

কৌমুদী চন্দ্রের সহিত গমন করে, সৌদামিনী মেঘের সহিত লীন হয়। এইরূপে, প্রমদামাত্রেই পতির অনুসৃত পথের অনুসারিণী হইয়া থাকে। ইহা চেতনহীনগণেরও বিশেষ বিদিত আছে ॥ ১ ॥

তথাচ,

স্মৃতি বলিয়াছেন, স্বামী মরিলে, যে নারী হুতাশনে আরোহণ করে, সে অরুন্ধতীর ন্যায়, স্বর্গলোকে নিরন্তর পূজিত হইয়া থাকে ॥ ২ ॥

স্বামী মরিলে, যে রমণী অগ্নিতে আত্মাকে যাবৎ দগ্ধ না করে, তাবৎ সে নরক হইতে কোন ক্রমেই মুক্তিলাভে সমর্থ হয় না ॥ ৩ ॥

ভর্ত্তার অনুগামিনী রমণী মাতৃকুল, পিতৃকুল ও শ্বশুরকুল, তিন কুলই উদ্ধার করিয়া থাকে ॥ ৪ ॥

তথাচ

তিস্রঃ কোট্যৰ্দ্ধকোটী চ যানি রোমাণি মানবে।
তাবৎকালং বসেৎ স্বর্গে ভর্ত্তারং যানুগচ্ছতি ॥ ৫ ॥

যা ভর্ত্তারং অনুগচ্ছতি তিস্রঃ কোটার্দ্ধকোটী চ যানি রোমাণি মানবে তাবৎকালং স্বর্গে বসেৎ ॥ ৫ ॥

ব্যালগ্রাহী যথা ব্যালং বলাদুদ্ধরতে বিলাৎ।
তথা স্ত্রী পতিমুদ্ধৃত্য সহ তেনৈব মোদতে ॥ ৬ ॥

ব্যালগ্রাহী যথা ব্যালং বলাৎ বিলাৎ উদ্ধরতে তথা স্ত্রী পতিং উদ্ধৃত্য তেন এব সহ মোদতে ॥ ৬ ॥

দুর্ব্বৃত্তং বা সুবৃত্তং বা সর্ব্বপাপরতং তথা।
ভর্ত্তারং তারয়ত্যেষা ভার্য্যা ধর্ম্মেষু নিষ্ঠিতা ॥ ৭ ॥

ধর্ম্মেষু নিষ্ঠিতা এষা ভার্য্যা দুর্ব্বৃত্তং বা সুবৃত্তং বা তথা সর্ব্বপাপরতং ভর্ত্তারং তারয়তি ॥ ৭ ॥

অন্যচ্চ

জীবিতং পতিহীনায়া নিষ্ফলঞ্চ ভবেৎ ধ্রুবম্।
দীনায়াঃ পতিহীনায়াঃ কিং নার্য্যা জীবিতে ফলম্ ॥ ৮ ॥

পতিহীনায়া জীবিতং ধ্রুবং নিষ্ফলং চ ভবেৎ দীনায়াঃ পতিহীনায়াঃ নার্য্যাঃ জীবিতে কিং ফলম্ ॥ ৮ ॥

তথাচ,

মনুষ্যশরীরে যে সার্দ্ধ তিনকোটি রোম আছে, ভর্ত্তার অনুগামিনী রমণী তাবৎকাল স্বর্গে বাস করে ॥ ৫ ॥

সর্পগ্রাহী যেমন গর্ত্ত হইতে বলপূর্ব্বক সর্পকে উদ্ধৃত করে, স্ত্রী সেইরূপ স্বামীকে উদ্ধার করিয়া, তাহারই সহিত বিহার করিয়া থাকে ॥ ৬ ॥

ভার্য্যা ধর্ম্মনিষ্ঠা হইলে, দুর্ব্বৃত্ত বা সুবৃত্ত, অথবা পাপপ্রবৃত্ত ভর্ত্তাকে পরিত্রাণ করে ॥ ৭ ॥

অপিচ,

পতিহীনা রমণীর জীবন নিশ্চয়ই নিষ্ফল। স্বামিহীন হইলে, তাহাকে নিতান্ত হীনভাবাপন্ন হইতে হয়। এরূপ অবস্থায় তাহার বাঁচিয়াই বা ফল কি ॥ ৮ ॥

মিতং দদাতি হি পিতা মিতং ভ্রাতা মিতং সুতঃ।
অমিতস্য চ দাতারং ভর্ত্তারং কা ন পূজয়েৎ ॥ ৯ ॥

পিতা মিতং দদাতি হি ভ্রাতা মিতং সুতঃ মিতং অমিতস্য চ দাতারং ভর্ত্তারং কা ন পূজয়েৎ। ৯ ॥

কিঞ্চ

অপি বন্ধুশতা নারী বহুপুত্রৈশ্চ সংযুতা।
শোচ্যা ভবতি সা নারী পতিহীনা তপস্বিনী ॥ ১০ ॥

যা নারী বন্ধুশতা বহুপুত্রৈঃ চ সংযুতা সা নারী অপি পতিহীনা তপস্বিনী শোচ্যা ভবতি॥১০॥

তথাচ

গন্ধৈর্ম্মাল্যৈস্তথা ধূপৈর্ব্বিবিধৈর্ভূষণৈরপি।
বাসোভিঃ শয়নৈশ্চৈব বিধবা কিং করিষ্যতি ॥ ১১ ॥

বিধবা বিবিধৈঃ গন্ধৈঃ মাল্যৈঃ তথা ধূপৈঃ ভূষণৈঃ অপি বাসোভিঃ শয়নৈঃ চ এব কিং করিষ্যতি ॥ ১১ ॥

তথাচ

নাতন্ত্রী বিদ্যতে বীণা নাচক্রী বর্ত্ততে রথঃ।
নাপতিঃ সুখমাপ্নোতি নারী বন্ধুশতৈরপি ॥ ১২ ॥

অতন্ত্রী বীণা ন বিদ্যতে অচক্রী রথঃ ন বর্ত্ততে অপতিঃ নারী বন্ধুশতৈঃ অপি ন সুখং আপ্নোতি ॥ ১২ ॥

পিতা পরিমিত দান করেন এবং ভ্রাতা ও পুত্রও পরিমিত প্রদান করিয়া থাকে। কিন্তু ভর্ত্তা যে দান করেন, তাহার পরিমাণ নাই। সুতরাং, কোন্ রমণী তাঁহার পূজা না করিবে? ॥ ৯ ॥

অপিচ,

স্ত্রী যদি শত শত বন্ধুর মধ্যবর্ত্তিনী ও বহুপুত্রের জননী হয়, আর তাহার যদি স্বামী না থাকে, তাহা হইলেও, তাহাকে অতীব হীন দশায় পতিত ও তজ্জন্য সকলেরই শোচনীয় হইতে হয় ॥ ১০ ॥

তথাচ,

স্ত্রী বিধবা হইলে, বিবিধ গন্ধ, মাল্য, ধূপ, ভূষণ, বস্ত্র ও শয্যা, সমস্তই তাহার বিফল হইয়া থাকে ॥ ১১ ॥

পুনশ্চ, তন্ত্রীহীন বীণা থাকিতে পারে না, চক্রহীন রথও চলে না।

দরিদ্রো ব্যসনী বৃদ্ধো ব্যাধিতো বিকলস্তথা।
পতিতঃ কৃপণো বাপি স্ত্রীণাং ভর্ত্তা পরা গতিঃ।
নাস্তি ভর্ত্তৃসমো বন্ধুর্নাস্তি ভর্ত্তৃসমা গতিঃ॥ ১৩॥

দরিদ্রঃ ব্যসনী বৃদ্ধঃ ব্যাধিতঃ বিকলঃ তথা পতিতঃ অপি বা কৃপণঃ ভর্ত্তা স্ত্রীণাং পরা গতিঃ ভর্ত্তৃসমঃ বন্ধুঃ নাস্তি ভর্ত্তৃসমা গতিঃ নাস্তি॥ ১৩॥

কিঞ্চ

বৈধব্যসদৃশং দুঃখং স্ত্রীণাং অন্যৎ ন বিদ্যতে।
ধন্যা সা যোষিতাং মধ্যে ভর্ত্তুগ্রে ম্রিয়তে হি যা॥ ১৪॥

স্ত্রীণাং বৈধব্যসদৃশং অন্যৎ দুঃখং ন বিদ্যতে যা ভর্ত্তুগ্রে ম্রিয়তে সা হি যোষিতাং মধ্যে ধন্যা॥ ১৪॥

ইত্যুক্ত্বা অগ্নিপ্রবেশার্থং রাজ্ঞঃ পাদয়োঃ পপাত। রাজা তস্যা বচনং শ্রুত্বা করুণার্দ্রসসিক্তকর্ণঃ সন্ শ্রীখণ্ডাদিভিশ্চিতাং বিরচয্য তস্যৈ অনুজ্ঞাং দদৌ। সাপি রাজ্ঞঃ সকাশাৎ অনুজ্ঞাং লব্ধ্বা ভর্ত্তুঃ শরীরেণ সমং অগ্নিং বিবেশ।

সেইরূপ নারী পতিহীনা হইলে, শত শত বন্ধুসত্বেও, সুখলাভে সমর্থা হয় না॥ ১২॥

দরিদ্র, বৃদ্ধ, ব্যসনাসক্ত, রুগ্ন, বিকল, পতিত বা কৃপণ, যাহাই হউক, স্বামীই স্ত্রীর পরম গতি। ভর্ত্তার সমান বন্ধু নাই, ভর্ত্তার সমান গতি নাই॥ ১৩॥

কিঞ্চ,

স্ত্রীদিগের বিধবা হওয়ার সমান দ্বিতীয় দুঃখ নাই। অতএব, যে রমণী স্বামীর অগ্রে মৃত্যুমুখে পতিত হয়, সেই যোষিদ্গণের মধ্যে ধন্যবাদের পাত্রী॥ ১৪॥

এই বলিয়া সেই রমণী অগ্নিতে প্রবেশ করিবার জন্য রাজার পদদ্বয়ে পতিত হইল। তাহার কথা শুনিয়া, নরপতির কর্ণযুগল করুণার্দ্র-রসসিক্ত হইল। তখন তিনি চন্দনাদি কাষ্ঠ দ্বারা চিতা বিরচিত করিয়া, সেই রমণীকে অনুজ্ঞা প্রদান করিলেন। সে রাজার নিকট অনুজ্ঞা লইয়া, স্বামীর দেহসহিত অনলে প্রবেশ করিল।

ততঃ সূর্য্যোঽস্তমগাৎ। প্রভাতে রাজা সন্ধ্যাদিকং কর্ম্ম সমনুষ্ঠায় সিংহাসনে সমুপবিষ্টো যাবৎ সকলসামন্তরাজকুমারাদিভিরুপাস্যতে তাবৎ স এব নায়কঃ পূর্ব্ববৎ খড়্গাহস্তঃ অতিদীর্ঘাকারো দেদীপ্যমানবপুঃ সমাগত্য রাজ্ঞঃ কণ্ঠে কল্পতরুকুসুমগ্রথিতাং মালাং পরিমললুব্ধমুগ্ধমধুকরনিকুরম্বনিরন্তরাং নিধায় ততস্তস্মৈ নানাবিধযুদ্ধগোষ্ঠীং বক্তুং প্রবৃত্তঃ। ততঃ তং সমাগতং দৃষ্ট্বা সর্ব্বাপি সভা বিস্ময়ঙ্গতা। পুনস্তেন ভণিতং ভো রাজন্ ময়ি অস্মাৎ স্থানাৎ স্বর্গং গতে তত্র মহেন্দ্রস্য দৈত্যানাং চ মহান্ সংগ্রামোঽভূৎ। তস্মিন্ সমরে বহবো রাক্ষসা নিপাতিতাঃ কেচন পলায্য গতাঃ। যুদ্ধাবসানে দেবেন্দ্রেণ সপ্রসাদমহং ভণিতঃ ভো নায়ক ত্বয়া অদ্যপ্রভৃতি ভূলোকং প্রতি ন গন্তব্যম্। তব শাপস্যাবসানং জাতম্। তবাহং প্রসন্নোঽস্মি

অনন্তর সূর্য্য অস্তমিত হইলেন। প্রভাত হইলে, রাজা সন্ধ্যাদি কার্য্য সম্যক্ বিধানে অনুষ্ঠান করিয়া, সিংহাসনে উপবিষ্ট হইলেন। সকল সামন্তরাজকুমার প্রভৃতিরা তাঁহার উপাসনা করিতে লাগিলেন। ঐ সময়ে সেই নায়কই পূর্ব্ববৎ খড়্গা হস্তে, অতি দীর্ঘাকারে ও দেদীপ্যমান কলেবরে সমাগত হইয়া, রাজার কণ্ঠদেশে কল্পতরুর কুসুমগ্রথিত মালা অর্পণ করিল। পরিমল-লুব্ধ মুগ্ধ মধুকরনিচয় উহাকে এরূপে আচ্ছন্ন করিয়াছে যে, উহাতে কোনরূপ স্থান নাই। সে মালা অর্পণ করিয়া, নানাবিধ যুদ্ধের কথা বলিতে লাগিল। তাহাকে সমাগত দেখিয়া, সমুদায় সভাই বিস্ময়াবিষ্ট হইল।

সে পুনরায় রাজাকে কহিল, রাজন্! আমি এই স্থান হইতে স্বর্গে গমন করিলে, সেখানে মহেন্দ্র ও দৈত্যগণের তুমুল সংগ্রাম সমুপস্থিত হইল। সেই সময়ে অনেক রাক্ষস বিনিপাতিত হইল। কেহ কেহ পলাইয়া গেল। যুদ্ধাবসানে দেবেন্দ্র প্রসন্ন হইয়া, আমারে বলিলেন, নায়ক! তুমি আর আজি হইতে ভূলোকে যাইও না। তোমার শাপের অবসান হইয়াছে। আমি তোমার প্রতি প্রসন্ন হইয়াছি। এই কুবলয় গ্রহণ কর।

গৃহাণেদং কুবলয়মিতি রত্নখচিতং স্বকরাৎ মুক্তাবলয়ং মম হস্তে অদাৎ। পুনর্ম্ময়া ভণিতং ভো স্বামিন্ অত্রাগমনসময়ে ময়া ভার্য্যা বিক্রমার্কসমীপে নিক্ষিপ্তা। তাং গৃহীত্বা ঝটিতি পুনরাগমিষ্যামি ইতি পুরন্দরং উক্ত্বা সমাগতোঽস্মি। ত্বং পরনারীসহোদরঃ। সা মম ভার্য্যা দাতব্যা। তয়া সহ পুনঃ স্বর্লোকং গমিষ্যামি। তদ্বচনং শ্রুত্বা রাজা সর্ব্বৈঃ সহ সভায়াং তটস্থো জাতঃ। পরং বিস্ময়ং গত্বা তূষ্ণীংস্থিতঃ। পুনস্তেন গদিতং ভো রাজন্ কিমিতি জোষমাস্যতে। রাজ্ঞঃ সমীপস্থৈর্ভণিতং তব ভার্য্যা অগ্নিং প্রবিষ্টা। তেনোক্তং কিমর্থং। ততস্তে নিরুত্তরীভূতাঃ আসন্। তদা তেন ভণিতং রাজশিরোমণে পরনারীসহোদর লোককল্পদ্রুম বিক্রম ভূমিপাল ব্রহ্মায়ুর্ভব অহং মহেন্দ্রজালিকঃ তব পুরতঃ ইন্দ্রজালবিদ্যালাঘবং দর্শিতং। রাজাপি বিস্ময়ং গতঃ

এই বলিয়া আপনার হস্ত হইতে রত্নখচিত মুক্তাবলয় উন্মোচিত করিয়া, আমার হস্তে দান করিলেন। আমি পুনরায় কহিলাম, স্বামিন্! আমি এখানে আসিবার সময় পত্নীকে রাজা বিক্রমার্কের সমীপে অর্পণ করিয়াছি। তাহাকে গ্রহণ করিয়া, ঝটিতি পুনরায় আগমন করিব। পুরন্দরকে আমি এই কথা বলিয়াই, এখানে আসিয়াছি। আপনি পরনারীর সহোদর। আমার সেই পত্নীকে প্রদান করুন। তাহার সহিত পুনরায় স্বর্লোকে গমন করি।

তাহার কথা শুনিয়া, রাজা সকলের সহিত সভামধ্যে তটস্থ হইলেন। এবং অতিমাত্র বিস্ময়াবিষ্ট হইয়া, তূষ্ণীম্ভাবে অধিষ্ঠান করিলেন।

পুনরায় সে বলিল, রাজন্! কিজন্য এরূপ নিরুত্তর হইয়া রহিলেন?

রাজার নিকটস্থেরা কহিল, তোমার ভার্য্যা অগ্নি প্রবেশ করিয়াছে।

নায়ক কহিল, কিজন্য?

তাহারা এই কথায় সকলেই নিরুত্তর হইয়া রহিল।

তখন নায়ক কহিল, রাজন্! আপনি রাজগণের শিরোমণি। এবং পরনারীর সহোদর। অধিক কি, আপনি লোকের কল্পবৃক্ষস্বরূপ। ব্রহ্মার ন্যায় আয়ুর্বিশিষ্ট হউন। আমি মহেন্দ্রজালিক। আপনার সমক্ষে ইন্দ্রজালবিদ্যাবিষয়ক লাঘব প্রদর্শন করিলাম।

প্রসন্নোঽভূৎ। তস্মিন্নবসরে ভাণ্ডারিকেণাগত্য উক্তং ভো মহারাজ পাণ্ড্যরাজেন স্বামিনে করঃ প্রেষিতঃ। রাজ্ঞোক্তং কিং কিং প্রেষিতম্। তেনোক্তং স্বামিন্ অবহিতং শৃণু।

অষ্টৌ হাটককোটয়স্ত্রিনবতির্মুক্তাফলানাং তুলাঃ
পঞ্চাশন্মধুগন্ধলুব্ধমধুপৈঃ সংশোভিতাঃ সিন্ধুরাঃ।
অশ্বানাং ত্রিশতং তথাচ চতুরং পণ্যাঙ্গনানাং শতং
শ্রীমদ্বিক্রম ভূমিপাল ভবতঃ শ্রীপাণ্ড্যরাট্ প্রেষিতম্॥ ১৫॥

শ্রীমদ্বিক্রম ভূমিপাল অষ্টৌ হাটককোটয়ঃ ত্রিনবতিঃ মুক্তাফলানাং তুলাঃ পঞ্চাশৎ মধুগন্ধলুব্ধমধুপৈঃ সংশোভিতাঃ সিন্ধুরাঃ অশ্বানাং ত্রিশতং তথাচ পণ্যাঙ্গনানাং চতুরং শতং ভবতঃ শ্রীপাণ্ড্যরাট্প্রেষিতম্। ১৫।

ততো রাজ্ঞা ভণিতং এতৎ সর্ব্বং ঐন্দ্রজালিকায় দেহীতি। তদা তৎ সর্ব্বং তেন দত্তম্।

ইমাং কথাং কথয়িত্বা পুত্তলিকা ভোজরাজমবদৎ ভো রাজন্ ত্বয়ি এবং ঔদার্য্যং বিদ্যতে চেৎ তর্হি অস্মিন্ সিংহাসনে সমুপবিশ।

রাজা অধোমুখো বভূব।

ইতি ত্রিংশোপাখ্যানম্।

রাজা শুনিয়া, বিস্মিত ও প্রসন্ন হইলেন। ঐ সময়ে ভাণ্ডারিক আসিয়া কহিল, মহারাজ! পাণ্ড্যরাজ স্বামীর সকাশে কর প্রেরণ করিয়াছেন।

রাজা কহিলেন, কি কি পাঠাইয়াছেন?

ভাণ্ডারিক কহিল, প্রভো! অবহিত হইয়া শ্রবণ করুন।

আটকোটি হাটক, ত্রিনবতিতুলা * মুক্তাফল, মধুগন্ধলুব্ধ মধুকরবৃন্দে সুশোভিত পঞ্চাশৎ হস্তী, তিনশত অশ্ব, চারিশত পণ্যাঙ্গনা, এই সকল দ্রব্য শ্রীপাণ্ড্যরাজ আপনার সকাশে প্রেরণ করিয়াছেন॥ ১৫॥

তখন রাজা কহিলেন, এই সমস্ত ঐন্দ্রজালিককে দাও।

রাজার এই আদেশে ভাণ্ডারিক তাহাকে তৎসমস্তই দান করিল। এই কথা কহিয়া, পুত্তলিকা ভোজরাজকে বলিতে লাগিল, রাজন্! আপনাতে যদি এইরূপ ঔদার্য্য থাকে, তাহা হইলে, এই সিংহাসনে উপবেশন করুন।

রাজা অধোমুখ হইয়া রহিলেন।

ত্রিংশ উপাখ্যান সমাপ্ত।

---

* চারিশত তোলায় এক তুলা হয়।

অথ একত্রিংশোপাখ্যানম্।

পুনরপি রাজা সিংহাসনে যাবৎ সমুপবিশতি তাবদন্যা পুত্তলিকা বদতিস্ম ভো রাজন্ অস্মিন্ সিংহাসনে স এবোপবেষ্টুং ক্ষমঃ যস্য বিক্রমস্যেব ঔদার্য্যাদয়ো গুণা ভবন্তি। রাজ্ঞোক্তং ভো পুত্তলিকে কথয় তস্য বিক্রমস্যৌদার্য্যবৃত্তান্তম্। সা কথয়তি ভো রাজন্ শ্রূয়তাং বিক্রমার্কে রাজ্যং কুর্ব্বতি একদা কশ্চিদ্দিগম্বরঃ সমাগত্য রাজ্ঞো হস্তে ফলং দত্ত্বা আশিষং প্রযুজ্য ভণতি ভো রাজন্ অহং মার্গশীর্ষকৃষ্ণচতুর্দ্দশীদিবসে শ্মশানে হবনং করিষ্যামি। তর্হি ভবান্ পরোপকারী সত্ত্বাধিকঃ তত্র মমোত্তরসাধকেন ভবিতব্যং। তস্য শ্মশানস্য নাতিদূরে শমীপাদপঃ অস্তি। তত্র কশ্চিদ্বেতালঃ লগ্নস্তিষ্ঠতি। স ত্বয়া মৌনেন নেতব্যঃ। রাজ্ঞা তথা করিষ্যামি ইতি প্রতিজ্ঞাতম্।

পুনরায় রাজা সিংহাসনে উপবেশন করিতে উদ্যত হইলে, অন্য পুত্তলিকা কহিতে লাগিল, রাজন্! এই সিংহাসনে তিনিই বসি[illegible] পারেন, যাঁহার বিক্রমাদিত্যের ন্যায়, ঔদার্য্যাদি গুণসমূহ আছে।

ভোজরাজ কহিলেন, পুত্তলিকে! সেই বিক্রমার্কের ঔদার্য্যাদিগুণবৃত্তান্ত কীর্ত্তন কর।

পুত্তলিকা কহিতে লাগিল, রাজন্! শ্রবণ করুন। বিক্রমার্ক রাজ্য করিতে প্রবৃত্ত হইলে, একদা কোন দিগম্বর সমাগত হইয়া, তাঁহারে একটী ফল দিয়া, আশীর্ব্বাদ করিয়া কহিলেন, রাজন্! আমি মার্গশীর্ষীয় কৃষ্ণচতুর্দ্দশীদিবসে শ্মশানে হোম করিব। আপনি পরোপকারী ও মহাসত্ত্বসম্পন্ন। আপনাকে আমার উত্তরসাধকতা করিতে হইবে। সেই শ্মশানের অনতিদূরে শমীবৃক্ষ আছে। তথায় কোন বেতাল লগ্ন হইয়া অবস্থিতি করিতেছে। আপনি তাহাকে মৌনাবলম্বনপূর্ব্বক আনয়ন করিবেন।

অথ ক্ষপণকঃ কৃষ্ণচতুর্দ্দশীদিবসে শ্মশানে হোমসাধনদ্রব্যাণি গৃহীত্বা স্থিতঃ। অথ তেন দর্শিতং শমীপাদপস্থিতং বেতালং দৃষ্ট্বা স্কন্ধে গৃহীত্বা রাজা যাবৎ মার্গে আগচ্ছতি তাবৎ বেতালেনোক্তং ভো রাজন্ মার্গশ্রমাপনোদনায় কামপি কথাং কথয়। রাজা মৌনভঙ্গভয়াৎ তূষ্ণীং স্থিতঃ। পুনর্ব্বেতালেনোক্তং ত্বং মৌনভঙ্গভয়াৎ কথাং ন কথয়সি অহং তাবৎ কথয়িষ্যামি। কথাবসানে মৌনভঙ্গভয়ান্ন কথয়িষ্যসি চেৎ তব শিরঃ সহস্রধা ভবিষ্যতি। ইতি ভণিত্বা কথাং কথয়তি।

রাজন্ শ্রূয়তাং হিমবতো দক্ষিণপার্শ্বে বিন্ধ্যবতীনাম্নী নগরী আসীৎ। তত্র সুবিচারকো নাম রাজা প্রতিবসতিস্ম। তস্য পুত্রো ময়সেনঃ। স একদা আখেটনার্থং বনং গতঃ। বনে হরিণমেকং দৃষ্ট্বা তদনুগতো মহারণ্যং প্রবিষ্টঃ। তদা কস্মিন্নগরমার্গমাসাদ্য একাকী

রাজা, তাহাই করিব, বলিয়া, প্রতিশ্রুত হইলেন। অনন্তর ঐ দিগম্বর কৃষ্ণচতুর্দ্দশীদিবসে শ্মশানে হোমসাধন দ্রব্যজাত গ্রহণ করিয়া, অবস্থান করিলেন। পরে তিনি শমীপাদপস্থিত বেতালকে দেখাইয়া দিলে, রাজা তাহারে স্কন্ধে করিয়া, মার্গে আগমন করিতে লাগিলেন। বেতাল তাঁহারে কহিল, রাজন্! পথশ্রমনিরাকরণার্থ কোনরূপ কথা কীর্ত্তন কর।

রাজা মৌনভঙ্গভয়ে কোন কথাই বলিলেন না।

পুনরায় বেতাল বলিল, তুমি যদি মৌনভঙ্গভয়ে কথা না বল, তাহা হইলে, আমিই কহিব। তাহাতেও, যদি, আমার কথা শেষ হইলে, কথা না কও, তাহা হইলে, তোমার মস্তক সহস্র খণ্ড হইবে। এই বলিয়া, কথা বলিতে প্রবৃত্ত হইল।

রাজন্! শ্রবণ করুন, হিমালয়ের দক্ষিণপার্শ্বে বিন্ধ্যবতী নামে নগরী আছে। তথায় সুবিচারক নামে রাজা বাস করেন। তাঁহার পুত্রের নাম ময়সেন। ময়সেন একদা মৃগয়ার্থ বনে গমন করিলেন। তথায় এক হরিণকে দর্শন করিয়া, তাহার অনুসরণক্রমে মহাবনে প্রবিষ্ট হইলেন। অনন্তর কোন নগরমার্গে উপনীত হইয়া, একাকী যাবৎ আগমন করিতে

যাবদাগচ্ছতি তাবন্মধ্যে একা নদী দৃষ্টা। তত্র নদীতটাকে কশ্চিদ্‌ব্রাহ্মণঃ অনুষ্ঠানং করোতি। রাজপুত্রঃ তস্য সমীপং গত্বা তমবদৎ ভো ব্রাহ্মণ যাবৎ জলং পাস্যামি তাবৎ মম অশ্বং গৃহাণ। ব্রাহ্মণেনোক্তং অহং কিং তব প্রেষ্যঃ যদশ্বং ধারয়িষ্যামি। ততস্তেন কশয়া তাড়িতঃ ব্রাহ্মণঃ রুদন্‌ রাজসমীপমাগত্য নিবেদয়ামাস। রাজাপি ক্রোধদারুণলোচনঃ সন্‌ পুত্রং স্বদেশাৎ নির্ব্বাসয়িতুমাদিদেশ। তস্মিন্নবসরে মন্ত্রিণা ভণিতং অয়ং রাজ্যভোগে ন যোগ্যঃ কুমারো নতু স্বদেশাৎ নির্ব্বাসনীয়ঃ। এতদুচিতং ন ভবতি। রাজ্ঞোক্তং ভো মন্ত্রিন্‌ তদুচিতং এব যতঃ ব্রাহ্মণশরীরং কশয়া তাড়িতং তস্মাদয়ং সমীচীনদণ্ডো ভবতি। বুদ্ধিমতা ব্রহ্মদ্বেষো ন কর্ত্তব্যঃ।

লাগিলেন, তাবৎ এক নদী দেখিতে পাইলেন। সেই নদীতটাকে কোন ব্রাহ্মণ অনুষ্ঠান করিতেছিলেন। রাজকুমার তাঁহার সমীপে গমন করিয়া, তাঁহারে কহিলেন, বিপ্র! আমি যাবৎ জলপান করিব, তাবৎ আমার এই অশ্ব গ্রহণ করুন।

ব্রাহ্মণ কহিলেন, আমি কি তোমার প্রেষ্য (চাকর) যে, তোমার অশ্ব ধারণ করিব?

তখন তিনি কশাঘাত করিলে, ঐ ব্রাহ্মণ কান্দিতে কান্দিতে, রাজসমীপে আসিয়া নিবেদন করিলেন। রাজা ক্রোধদারুণ লোচনে পুত্রকে স্বদেশ হইতে নিষ্কাশিত করিবার জন্য আদেশ দিলেন।

এই অবসরে মন্ত্রী কহিলেন, ইনি কুমার, রাজ্যভোগের যোগ্য নহেন। সুতরাং, কোন রূপেই ইহাঁকে নির্ব্বাসিত করা বিধেয় হয় না। অতএব যদি নির্ব্বাসিত করেন, তাহা হইলে, নিতান্ত অন্যায় হইবে।

রাজা কহিলেন, মন্ত্রিন্‌! ইহা ন্যায়সঙ্গতই হইতেছে। কেন না, ব্রাহ্মণশরীরে কশাঘাত করিয়াছে। সেইজন্য ইহাই সমীচীন দণ্ড হইতেছে। বুদ্ধিমান্‌ ব্যক্তি ব্রাহ্মণের দ্বেষ করিবেন না।

উক্তঞ্চ

> ন বিষং ভক্ষয়েৎ প্রাজ্ঞো ন ক্রীড়েৎ পন্নগৈঃ সহ।
> ন নিন্দেদ্যোগিবৃন্দানি ব্রহ্মদ্বেষং ন কারয়েৎ ॥ ১ ॥

প্রাজ্ঞঃ ন বিষং ভক্ষয়েৎ পন্নগৈঃ সহ ন ক্রীড়েৎ যোগিবৃন্দানি ন নিন্দেৎ ব্রহ্মদ্বেষং ন কারয়েৎ ॥ ১ ॥

ভো মন্ত্রিন্ কিং ত্বয়া পুরাণানি ন শ্রুতানি পুরা ব্রাহ্মণস্য শাপাৎ ঈশ্বরস্য লিঙ্গপাতো জাতঃ নৃগস্য কৃকলাশত্বং ইন্দ্রস্য দারিদ্র্য-যোগঃ নহুষস্য মহোরগত্বং। স্বয়ং সম্পন্নোঽপি পূজ্যান্ ন তিরস্কুর্য্যাৎ।

> অত্যুন্নতপদং প্রাপ্তঃ পূজ্যান্ নৈবাবমানয়েৎ।
> নহুষঃ সর্পতাং প্রাপ্তশ্চ্যুতোঽগস্ত্যাবমাননাৎ ॥ ২ ॥

অত্যুন্নতপদং প্রাপ্তঃ পূজ্যান্ ন এব অবমানয়েৎ নহুষঃ অগস্ত্যাবমাননাৎ চ্যুতঃ সর্পতাং প্রাপ্তঃ ॥ ২ ॥

অতস্তে ব্রাহ্মণাঃ সর্ব্বে পূজনীয়াশ্চ সর্ব্বদা।

শাস্ত্রে বলিয়াছেন,

প্রাজ্ঞ পুরুষ বিষ ভক্ষণ করিবে না, সর্পের সহিত ক্রীড়া করিবে না, যোগিগণের নিন্দা করিবে না এবং ব্রাহ্মণের দ্বেষ করিবে না ॥ ১ ॥

মন্ত্রিন্! তুমি কি পুরাণ সকল শ্রবণ কর নাই? পূর্ব্বে ব্রাহ্মণের শাপে ঈশ্বরের লিঙ্গপাত হইয়াছিল, রাজা নৃগের কৃকলাশত্ব ঘটিয়াছিল, ইন্দ্রের দারিদ্র্যসংযোগ হইয়াছিল এবং নহুষের অজগরযোনিলাভ হইয়াছিল। অতএব, স্বয়ং বিশিষ্টরূপ-শক্তি-সামর্থ্যাদি-বিশিষ্ট হইলেও, পূজ্য ব্যক্তিগণের তিরস্কার করিবে না।

অত্যুন্নত পদে অধিষ্ঠিত হইলেও, পূজ্যগণের অবমাননা করিবে না। রাজা নহুষ অগস্ত্যের অবমাননা করিয়া, স্বপদভ্রষ্ট ও সর্পযোনিতে পতিত হইয়াছিলেন ॥ ২ ॥

এইজন্য সর্ব্বদা ব্রাহ্মণবর্গের পূজা করা কর্ত্তব্য।

তথাচ

যৈঃ কৃতঃ সর্ব্বভক্ষ্যোঽগ্নিরপেয়শ্চ মহোদধিঃ।

ক্ষয়ৈশ্চাধ্যাসিতশ্চন্দ্রঃ কো ন নশ্যেৎ প্রকোপ্য তান্॥৩॥

যৈঃ অগ্নিঃ সর্ব্বভক্ষ্যঃ মহোদধিঃ অপেয়ঃ চ কৃতঃ চন্দ্রঃ ক্ষয়ৈঃ চ অধ্যাসিতঃ কঃ তান্ প্রকোপ্য ন নশ্যেৎ॥৩॥

কিঞ্চ

যদ্ধস্তেন সদাশ্নন্তি হব্যানি ত্রিদিবৌকসঃ।

কব্যানি চৈব পিতরঃ কো ভবেৎ অধিকস্ততঃ॥৪॥

ত্রিদিবৌকসঃ যদ্ধস্তেন হব্যানি পিতরঃ কব্যানি চ এব সদা অশ্নন্তি কঃ ততঃ অধিকঃ ভবেৎ॥৪॥

তথাচ

যে পূজিতাঃ সুরৈঃ সর্ব্বৈর্ম্মনুষ্যৈশ্চৈব ভারত।

তপোব্রতধরা যে চ তাংস্তান্ বিপ্রান্ সমর্চ্চয়েৎ॥৫॥

ভারত যে সর্ব্বৈঃ সুরৈঃ মনুষ্যৈঃ চ এব পূজিতাঃ যে চ তপোব্রতধরাঃ তান্ তান্ বিপ্রান্ সমর্চ্চয়েৎ॥৫॥

তথাচ

দ্বারাবত্যাং স্বয়ং কৃষ্ণেনাপ্যুক্তং

শতং শপন্তং পরুষং বদন্তং স পাপকৃৎ ব্রহ্মদবাগ্নিমধ্যে।

যো ব্রাহ্মণং নার্চ্চয়তে যথাহং বধ্যশ্চ দণ্ড্যশ্চ সদাস্মদীয়ৈঃ॥৬॥

যঃ শতং শপন্তং পরুষং বদন্তং ব্রাহ্মণং যথা অহং ন অর্চ্চয়তে স পাপকৃৎ ব্রহ্মদবাগ্নিমধ্যে সদা অস্মদীয়ৈঃ বধ্যঃ চ দণ্ড্যঃ চ॥৬॥

তথাচ,

যাঁহারা অগ্নিকে সর্ব্বভক্ষ্য, মহোদধিকে অপেয় ও চন্দ্রকে ক্ষয়রোগগ্রস্ত করিয়াছেন, তাঁহাদিগকে প্রকোপিত করিলে, কেই বা বিনষ্ট না হয়?॥৩॥

অপিচ,

দেবগণ যাঁহাদের হস্তে সর্ব্বদা হব্য ভোজন ও পিতৃগণ কব্য ভক্ষণ করিয়া থাকেন, তাঁহাদের অপেক্ষা আর কে অধিক হইতে পারে?॥৪॥

তথাচ, সুর, নর, সকলেই যাঁহাদের পূজা করেন এবং যাঁহারা তপোব্রতনিরত, সেই সকল বিপ্রকে পূজা করিবে॥৫॥

তথাচ, দ্বারাবতীতে স্বয়ং কৃষ্ণ বলিয়াছেন, ব্রাহ্মণ শতশত শাপ প্রদান

কিঞ্চ

যশ্চ মাং পরয়া ভক্ত্যা আরাধয়িতুমিচ্ছতি।
তেন বিপ্রাঃ সদা পূজ্যা এবং তুষ্টো ভবাম্যহম্ ॥ ৭ ॥

যঃ চ মাং পরয়া ভক্ত্যা আরাধয়িতুং ইচ্ছতি তেন বিপ্রাঃ সদা পূজ্যা এবং অহং তুষ্টঃ ভবামি ॥ ৭ ॥

ভো মন্ত্রিন্ যেন হস্তেন তাড়িতো ব্রাহ্মণঃ তস্য হস্তস্য ছেদঃ কার্য্যঃ ইতি যাবৎ তস্য হস্তং ছেদয়তি তাবৎ স ব্রাহ্মণঃ সমাগত্য ভণতি ভো রাজন্ তদা অজ্ঞানবশাৎ তথা কৃতং অদ্যপ্রভৃতি এবমনুচিতং ন করিষ্যতি। মম কারণাৎ রাজপুত্রো রক্ষণীয়ঃ অহং প্রসন্নো জাতোঽস্মি।

তস্য বচনং শ্রুত্বা স্বপুত্রং বিসসর্জ। ব্রাহ্মণোঽপি নিজনিলয়ং অগাৎ। ইমাং কথাং কথয়িত্বা বেতালো বদতি ভো রাজন্ এতয়োর্ম্মধ্যে গুণাধিকঃ কঃ। রাজ্ঞা বিক্রমেণ ভণিতং রাজা

ও পরুষ বাক্য প্রয়োগ করিলেও, যে ব্যক্তি আমার ন্যায়, তাঁহার পূজা না করে, সেই পাপকারী। সে আমাদের সর্ব্বদা বধ্য ও দণ্ডনীয় ॥ ৬ ॥

অপিচ, যে ব্যক্তি পরম ভক্তি সহকারে আমার আরাধনা করিতে ইচ্ছা করে, তাহার সর্ব্বদা ব্রাহ্মণগণের পূজা করা কর্ত্তব্য। তাহা হইলেই, আমি তুষ্ট হইয়া থাকি ॥ ৭ ॥

মন্ত্রিন্! যে হস্তে ব্রাহ্মণের তাড়না করিয়াছে, সেই হস্তের ছেদ করা কর্ত্তব্য।

এইপ্রকার কহিয়া, রাজকুমারের হস্ত ছেদন করিতে প্রবৃত্ত হইলে, ঐ ব্রাহ্মণ সমাগত হইয়া, বলিতে লাগিলেন, রাজন্! তৎকালে অজ্ঞানবশে ঐরূপ করিয়াছেন। আজি হইতে আর এপ্রকার অন্যায় অনুষ্ঠান করিবেন না। আমার কারণে রাজপুত্রের রক্ষা করিতে হইবে। আমি প্রসন্ন হইয়াছি।

রাজা তাঁহার কথা শুনিয়া, স্বপুত্রকে ছাড়িয়া দিলেন। ব্রাহ্মণও নিজ নিলয়ে গমন করিলেন।

বেতাল এই উপাখ্যান শেষ করিয়া, বলিতে লাগিল, রাজন্! ইহাদের উভয়ের মধ্যে কোন্ ব্যক্তি অধিকতর গুণবান্?

রাজা বিক্রম কহিলেন, রাজাই অধিক গুণবান্।

এব গুণাধিকঃ। তৎ শ্রুত্বা মৌনভঙ্গাৎ বেতালঃ শমীপাদপং জগাম। রাজাপি পুনস্তত্র গত্বা তং স্কন্ধে সমারোপ্য যাবদা-গচ্ছতি তাবৎ পুনরপি কথাং কথয়তি। এবং কথানাং পঞ্চ-বিংশতিঃ কথিতা বেতালেন। তস্য সূক্ষ্মবুদ্ধিবৈদগ্ধ্যেন বেতালঃ প্রসন্নো জাতো বিক্রমং জগাদ ভো রাজন্ অয়ং দিগম্বরঃ ত্বাং নিহন্তুং প্রযত্নং করোতি। রাজ্ঞোক্তং তৎ কথং। বেতালেনোক্তং যদা ত্বং মাং তত্র নেষ্যসি তদা তব পরাভবো ভবিষ্যতি। ত্বং শ্রান্তোঽসি ইদানীমগ্নিকুণ্ডং প্রদক্ষিণীকৃত্য দণ্ডবৎ প্রণম্য নিজ-স্থানং গচ্ছ ইতি দিগম্বরেণ কথিতে যদা ত্বং দণ্ডবৎ প্রণামং কর্তুং নম্রো ভবিষ্যসি তদা দিগম্বরঃ খড়্গেন ত্বাং নিহনিষ্যতি। ততস্তব মাংসেন হোমং করিষ্যতি। এবং ক্রিয়মাণে তস্য অণিমাদ্যষ্টৌ সিদ্ধয়ো ভবিষ্যন্তি। বিক্রমেণোক্তং অধুনা কিং ক্রিয়তে। বেতালে-নোক্তং ত্বমেবং কুরু যদা দিগম্বরঃ ত্বাং নমস্কৃত্য গচ্ছ ইতি বদিষ্যতি

বেতাল এই কথা শুনিয়া, রাজার মৌনভঙ্গ হওয়াতে, শমীপাদপে গমন করিল। রাজাও পুনরায় সেখানে গিয়া, তাহারে স্কন্ধে লইয়া, যেমন আসিতে লাগিলেন, বেতাল তেমনি পুনরায় কথা বলিতে লাগিল। এই রূপে পঞ্চবিংশতি কথা কীর্ত্তন করিল। রাজার সূক্ষ্মবুদ্ধি ও বিচক্ষণতা দর্শনে বেতাল প্রসন্ন হইয়া, তাহাঁরে কহিল, রাজন্! এই দিগম্বর তোমাকে বধ করিবার জন্য প্রযত্ন করিতেছে।

রাজা কহিলেন, সে কিপ্রকার?

বেতাল বলিল, তুমি যখন আমাকে তথায় লইয়া যাইবে, সেই সময়ে তোমাকে বধ করিবে। তুমি শ্রান্ত হইয়াছ। ইদানীং অগ্নিকুণ্ড প্রদক্ষিণ দণ্ডবৎ প্রণাম করিয়া, নিজস্থানে গমন কর, দিগম্বর এইপ্রকার কহিলে তুমি যখন দণ্ডবৎ প্রণাম করিবার জন্য অবনত হইবে, তখন সে খড়্গ দ্বা তোমারে সংহার করিবে। অনন্তর তোমার মাংসে হোম করিবে। এইরূ করিলে, অণিমাদি অষ্ট সিদ্ধি তাহার আয়ত্ত হইবে।

বিক্রম কহিলেন, অধুনা কি করা যাইবে?

বেতাল বলিল, তুমি এইরূপ করিও, যেসময়ে দিগম্বর তোমাকে ন

ত্বয়া এবং তং প্রতি বক্তব্যং অহং সার্ব্বভৌমঃ সর্ব্বে রাজানঃ মাং প্রণামং কুর্ব্বন্তি ময়া কদাপি কস্যাপি প্রণামো ন কৃতঃ। অতোঽহং প্রণামং কর্ত্তুং ন জানামি ত্বং প্রথমং প্রণামং কৃত্বা দর্শয়। তদ্দৃষ্ট্বা পশ্চাদহং প্রণামং করিষ্যামি। ততঃ স যদা প্রণামং কর্ত্তুং নম্রো ভবিষ্যতি তদা ত্বং তস্য শিরঃ ছিন্ধি অহং তব বাধাং ন করিষ্যামি তবাষ্টৌ সিদ্ধয়ো ভবিষ্যন্তি। এবং বেতালেন নিবেদিতে রাজা বিক্রমস্তথৈব অকরোৎ। রাজ্ঞোঽষ্টৌ মহাসিদ্ধয়ঃ জাতাঃ। অথ বেতালেনোক্তং ভো রাজন্ তবাহং প্রসন্নোঽস্মি বরং বৃণীষ। রাজ্ঞোক্তং যদি মম প্রসন্নোঽসি তর্হি যদাহং স্মরিষ্যামি তদা ত্বয়া মৎসমীপে আগন্তব্যং। স তথেতি প্রতিজ্ঞায় নিজস্থানং গতঃ। রাজাপি নিজনগরীং বিবেশ। ইমাং কথাং কথয়িত্বা পুত্তলিকা

স্কার করিয়া, গমন করিতে কহিবে, সেই সময়ে তুমি তাহাকে বলিও, আমি সার্ব্বভৌম। সমুদায় রাজা আমারে প্রণাম করেন। আমি কদাপি কাহারেও প্রণাম করি নাই। এই কারণে আমি প্রণাম করিতে জানি না। তুমিই প্রথমে প্রণাম করিয়া দেখাও। তাহা দেখিয়া পরে আমি প্রণাম করিব। তখন সে যেমন প্রণাম করিবার জন্য অবনত হইবে, সেই সময়ে তুমি তাহার মস্তক ছেদন করিও। আমি তোমারে বাধা দিব না। তোমার অষ্টসিদ্ধি সম্পন্ন হইবে।

বেতাল এইপ্রকার নিবেদন করিলে, রাজা বিক্রম তাহাই করিলেন। তখন তাঁহার অষ্টসিদ্ধি হস্তগত হইল।

অনন্তর বেতাল কহিল, রাজন্! আমি তোমার প্রতি প্রসন্ন হইয়াছি। বর গ্রহণ কর।

রাজা কহিলেন, যদি আমার প্রতি প্রসন্ন হইয়া থাক, তাহা হইলে, আমি স্মরণ করিবামাত্র, তোমাকে আমার সমীপে আগমন করিতে হইবে

বেতাল, তাহাই হইবে, বলিয়া, নিজস্থানে প্রস্থান করিলে, রাজাও আপন নগরে আসিলেন।

অবদৎ ভো রাজন্ ত্বয়ি এবমৌদার্য্যাদয়ো গুণা বিদ্যন্তে চেৎ তর্হি অস্মিন্ সিংহাসনে সমুপবিশ।

রাজা তূষ্ণীমাসীৎ।

ইতি একত্রিংশ উপাখ্যানম্।

অথ দ্বাত্রিংশোপাখ্যানম্।

পুনরপি রাজা সিংহাসনে যাবদুপবিশতি তাবদন্যা পুত্তলিকা ভণতি ভো রাজন্ সিংহাসনে স বিক্রমার্ক এব উপবেষ্টুং ক্ষমঃ নান্যঃ। তস্য বিক্রমস্য সদৃশো রাজা ভূমণ্ডলে নাস্তি যঃ কাষ্ঠময়েন খড়্গেন পৃথিবীমধ্যে ভ্রমন্ সর্ব্বান্ পৃথ্বীধরান্ বিজিত্য একচ্ছত্রেণ রাজ্যমকরোৎ। যোহপি অন্যেষাং শঙ্কাং নিরাকৃত্য আত্মনঃ শঙ্কাং প্রাবর্ত্তয়ৎ ভূমণ্ডলে যাবন্তো রাজানঃ সন্তি তেষাং সর্ব্বেষাং বশীকরণমন্ত্রঃ প্রযুক্তঃ সমস্তান্ দুর্জ্জনজনান্ নিষ্কাশ্য যাচকানাং দারিদ্র্যং

এই কথা কহিয়া পুত্তলিকা ভোজরাজকে বলিল, রাজন্! আপনাতে যদি এইরূপ ঔদার্য্যাদি গুণ থাকে, এই সিংহাসনে আরোহণ করুন।

রাজা বাঙ্‌নিষ্পত্তি করিলেন না।

একত্রিংশ উপাখ্যান সমাপ্ত।

পুনরায় রাজা সিংহাসনে বসিবার উপক্রম করিলে, অন্য পুত্তলিকা কহিল, রাজন্! সেই বিক্রমার্কই সিংহাসনে উপবেশন করিতে ক্ষমবান্; আর কেহই নহে। সেই বিক্রমার্কের সদৃশ রাজা ভূমণ্ডলে দ্বিতীয় নাই। তিনি কাষ্ঠনির্ম্মিত খড়্গ সহায়ে সমুদায় পৃথিবী পর্য্যটন করিয়া, যাবতীয় রাজাকে জয় ও এক ছত্রে রাজ্য করিয়াছিলেন। অধিক কি, তিনি অন্যের শঙ্কা নিরাকরণ করিয়া, নিজের শঙ্কা প্রবর্ত্তিত করিতেন। ভূমণ্ডলে যত রাজা ছিল, তাহাদের সকলেরই উদ্দেশে বশীকরণ মন্ত্র প্রয়োগ করিয়াছিলেন। এইরূপে তিনি সমস্ত দুর্জ্জন জনকে নিষ্কাশিত, যাচকগণের

মোচয়িত্বা দুর্ভিক্ষদুঃখাদীন্ নিবার্য্য চ বিক্রমেণ পৃথিবী পালিতা। অতো বিক্রমসদৃশো রাজা নাস্তি। এবং ঔদার্য্যাদয়ো গুণাস্ত্বয়ি বিদ্যন্তে যদি তর্হি অস্মিন্ সিংহাসনে সমুপবিশ। তৎ শ্রুত্বা রাজা ভোজস্তূষ্ণীমাসীৎ।

পুনরপি দ্বাত্রিংশৎ পুত্তলিকা ভোজরাজমব্রবীৎ ভো ভোজরাজ বিক্রমাদিত্যো রাজা তথাবিধঃ ত্বমপি সামান্যো ন ভবসি যুবাং দ্বৌ নরনারায়ণাবতারধারিণৌ তস্মাৎ ত্বত্তঃ পরমপবিত্রচরিত্রঃ সকলকলাপ্রবীণঃ ঔদার্য্যগুণবিশিষ্টো রাজা বর্ত্তমানসময়ে নাস্তি তব প্রসাদাদস্মাকং দ্বাত্রিংশৎ পুত্তলিকানাং পাপক্ষয়ো জাতঃ। শাপাদ্বিমুক্তিরপি জাতা। ভোজেনোক্তং তৎ কথং শাপস্য বৃত্তান্তং কথয়। পুত্তলিকা অবদৎ শ্রূয়তাং রাজন্ দ্বাত্রিংশৎ সুরাঙ্গনাঃ পার্ব্বত্যাঃ সখ্যঃ তস্যাঃ পরমপ্রেমাস্পদীভূতাশ্চ। প্রত্যেকং নামধেয়ানি শ্রূয়তাং মিশ্রকেশী ১ প্রভাবতী ২ সুপ্রভা ৩ ইন্দ্রসেনা ৪

দারিদ্র্য উন্মোচিত ও দুর্ভিক্ষ দুঃখাদি নিরাকৃত করিয়া, পৃথিবী পরিপালন করেন। এই কারণে তাঁহার সদৃশ রাজা নাই। যদি আপনাতে এইরূপ ঔদার্য্যাদি গুণসমূহ বিদ্যমান থাকে, তাহা হইলে, এই সিংহাসনে উপবেশন করুন।

ভোজরাজ তূষ্ণীম্ভাব অবলম্বন করিলেন।

পুনরায় দ্বাত্রিংশৎ পুত্তলিকা তাঁহারে কহিল, রাজন্! বিক্রমাদিত্য রাজা তথাবিধ ছিলেন, সত্য বটে; কিন্তু আপনিও সামান্য নহেন। আপনারা দুই জনে নর ও নারায়ণের অবতার। সেইজন্য বর্ত্তমান সময়ে আপনার অপেক্ষা পরম-পবিত্র-চরিত্র, সকল-কলা-প্রবীণ ও ঔদার্য্য-গুণ-বিশিষ্ট রাজা নাই। আপনার প্রসাদে আমাদের দ্বাত্রিংশৎ পুত্তলিকার পাপক্ষয় ও শাপ হইতেও মুক্তিলাভ হইল।

ভোজরাজ কহিলেন, তাহা কিপ্রকার? শাপবৃত্তান্ত বর্ণন কর।

পুত্তলিকা কহিল, রাজন্। শ্রবণ করুন। আমরা দ্বাত্রিংশৎ সুরাঙ্গনা পার্ব্বতীর সখী। তাঁহার পরমপ্রেমাস্পদ ছিলাম। প্রত্যেকের নাম শ্রবণ করুন। মিশ্রকেশী, প্রভাবতী, সুপ্রভা, ইন্দ্রসেনা, সুদতী, অনঙ্গনয়না,

সুদন্তী ৫ অনঙ্গনয়না ৬ কুরঙ্গনয়না ৭ লাবণ্যবতী ৮ কামকলিকা ৯ চণ্ডিকা ১০ বিদ্যাধরী ১১ প্রজ্ঞাবতী ১২ জনমোহিনী ১৩ বিদ্যাবতী ১৪ নিরুপমা ১৫ হরিমধ্যা ১৬ মদনসুন্দরী ১৭ বিলাসরসিকা ১৮ শৃঙ্গারকলিকা ১৯ মন্মথসঞ্জীবনী ২০ রতিলীলা ২১ মদনবতী ২২ চিত্ররেখা ২৩ সুরতগহ্বরা ২৪ প্রিয়দর্শনা ২৫ কামোন্মাদিনী ২৬ সুখসাগরা ২৭ শশিকলা ২৮ চন্দ্ররেখা ২৯ হংসগামিনী ৩০ কামরসিকা ৩১ উন্মাদিনী ৩২। একদা সিংহাসনে সমুপবিষ্টঃ পরমেশ্বরঃ প্রেম্ণা বিলাসেন অস্মাসু দৃষ্টিং নিদধৌ। তৎ দৃষ্ট্বা দেবী পার্ব্বতী সকোপমস্মান্ অশপৎ ভবত্যো নির্জীবাঃ পুত্তলিকা ভূত্বা ইন্দ্রস্য সিংহাসনে লগন্তু। ততোঽস্মাভিশ্চ সপ্রণিপাতং শাপাবসানং যাচিতং অথ সা দেবী সমবদৎ যদা তৎ সিংহাসনং বিক্রমেণ অধিষ্ঠিতং ভূত্বা পুনঃ ভোজস্য হস্তগতং ভবিষ্যতি তদা সুরেশ্বরাপ্সরাদীনাং ভোজরাজসংবাদো ভবিষ্যতি। যদা চ বিক্রমচরিতং ভোজরাজ যুষ্মভ্যঃ শ্রোষ্যতি তদৈব শাপাবসানো

কুরঙ্গনয়না, লাবণ্যবতী, কামকলিকা, চণ্ডিকা, বিদ্যাধরী, প্রজ্ঞাবতী, জনমোহিনী, বিদ্যাবতী, নিরুপমা, হরিমধ্যা, মদনসুন্দরী, বিলাসরসিকা, শৃঙ্গারকলিকা, মন্মথসঞ্জীবনী, রতিলীলা, মদনবতী, চিত্রলেখা, সুরতগহ্বরা, প্রিয়দর্শনা, কামোন্মাদিনী, সুখসাগরা, শশিকলা, চন্দ্র[illegible]া, হংসগামিনী, কামরসিকা, উন্মাদিনী।

একদা সিংহাসনে সমুপবিষ্ট পরমেশ্বর প্রেম ও বিলাস সহকারে আমাদের প্রতি দৃষ্টি সঞ্চারিত করিলেন। তদ্দর্শনে দেবী পার্ব্বতী রোষভরে আমাদিগকে শাপ দিলেন, তোমরা নির্জীব পুত্তলিকা হইয়া, ইন্দ্রের সিংহাসনে লগ্ন হও।

অনন্তর আমরা প্রণিপাতপুরঃসর শাপাবসান প্রার্থনা করিলে, তিনি কহিলেন, রাজা বিক্রমাদিত্য সেই সিংহাসনে বসিবার পর, রাজা ভোজ তাহা হস্তগত করিবেন। তৎকালে সুরেশ্বরাপ্সর প্রভৃতির সহিত সেই রাজা ভোজের কথোপকথন হইবে। তৎপ্রসঙ্গে যখন ভোজরাজ তোমাদের মুখে বিক্রমচরিত শ্রবণ করিবেন, তখনই তোমাদের শাপাবসান হইবে।

ভবিষ্যতি। অথ রাজ্ঞঃ সকাশাদনুজ্ঞাং গৃহীত্বা পুত্তলিকাঃ স্বস্থানং জগ্মুঃ। ততো ভোজরাজস্তস্য সিংহাসনস্যোপরি দেবালয়ং কারয়িত্বা তত্র বেদ্যাং অষ্টদলে উমামহেশ্বরমূর্ত্তিং প্রতিষ্ঠাপ্য প্রতিদিনং ষোড়শোপচারৈঃ পূজাং কারয়তিস্ম বর্ণাশ্রমধর্ম্মনিরতান্ লোকান পরিপালয়ন্ উর্ব্বীং শশাস। ততো দেবতাপূজনেন স্তুত্যা চ গৌরী পরমসন্তোষমগমৎ।

ইতি দ্বাত্রিংশোপাখ্যানম্।

অনন্তর পুত্তলিকা সকল রাজা ভোজের অনুজ্ঞা গ্রহণ করিয়া, স্বস্থানে প্রস্থান করিলে, তিনি সেই সিংহাসনের উপরি দেবালয় নির্ম্মাণ করাইয়া, তাহাতে বেদির উপরি অষ্টদলে উমামহেশ্বরমূর্ত্তি প্রতিষ্ঠাপিত করিলেন এবং প্রতিদিন ষোড়শ উপচারে পূজা করাইতে লাগিলেন। তিনি বর্ণাশ্রম-ধর্ম্ম-নিরত লোকদিগকে পরিপালন করত, পৃথিবীশাসনে প্রবৃত্ত হইলেন। অনন্তর দেবতার পূজা ও স্তব করিলে, দেবী গৌরী পরম পরিতোষ লাভ করিলেন।

দ্বাত্রিংশ উপাখ্যান সমাপ্ত।

দ্বাত্রিংশৎ পুত্তলিকা সম্পূর্ণ।